RARE

এ এমমহাপ্রভুর নীলাচল-লীলা।

প্রথম খণ্ড।

প্রথম সংস্করণ।

গপ্রিয়া-চরিত, প্রীপ্রীলক্ষ্মাপ্রিয়া-চরিত, প্রীপ্রীবিষ্ণুপ্রিয়া নাটক, প্রীগোর-গীভিকা, লীর ঠাকুর প্রীগোরাঙ্গ, প্রীবিষ্ণুপ্রিয়া-বিলাপগীতি, প্রীপ্রীগোর-বিষ্ণুপ্রিয়া অফ্টকালীয় লীলা ত্মরণ মনন পদ্ধতি, প্রীপ্রীবিষ্ণুপ্রিয়া সহস্রনাম স্তোত্ত, প্রীমুরারি গুপু প্রতিষ্ঠিত শ্রীমিতাই-গোর-লীলা-কাহিনা, দ্বিজ বলরামদাস ঠাকুরেব জীবনা ও পদাবলী প্রভৃতি ভক্তি-এন্থ-প্রণেতা এবং 'শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া-গোরাঙ্গ"

মাসিক শ্রীপত্রিকার সম্পাদক প্রাক্তিকানিত্যানন্দ পরিকর শ্রীপাদ বিদ্বিদ্বিদ্বানামদাস ঠাকুর বংশীয় শ্রীপাদ হরিদাস গোস্বামী প্রাক্ত কর্তৃক

গ্রন্থিত ও প্রকাশিত।

দীলা দরশর্মে, বাস্থা হয় মনে মনে, ভাষায় লিখিয়া সব রাখি।
মুঞি ত অতি অধম, লিখিতে না জানি ক্রম,
কেমন করিয়া ভাহা লিখি।
কিছু কিছু পদ লিখি, যদি ইহা কেছ দেখি,
প্রকাশ করয়ে প্রভু লীলা।
নরহরি পাবে স্থুখ, স্থান


श्रञ्च-गारन पत्रविदन मिला।

গৌরাব্দ ৪৩৭

সাল ১৩৩০

প্রতি খণ্ডের মূল্য **৸**• বার আনা মাত্র।

ঠাকুর নরহরি



R M IC LIBRARY			
Acc. No. 209700			
Class No.			
Date	29.4 03.		
St. Card	B.M.		
Class.	G_{μ}		
Cat.	V		
Bk. Card	\checkmark		
Checked	Cer.		

Inexented by Smt. Subarnalata Mandal

खीखीविकुथिया-वत्रजाय नमः।

ভূসিকা।

"শ্রীগোরাক্স-মহাভারত" জীবাধম প্রস্থকারের কেশে ধরিয়া শ্রামশ্বহাপ্রভু লিখাইরাছিলেন ১০ লে। সে আজ দল বৎররের কথা। সুদূর মধ্যভারত ভূপালে বসিয়া এই রহাদাকার শ্রীগ্রন্থ লিখিত হন। পানিধি শ্রীমশ্বহাপ্রভুর কুপায় ও কুপাময় গোরভক্তগণের আগ্রহে ও আশীর্বাদে এবং রাজসাহী তালন্দের বিখ্যাত পরম গোরভক্ত জমিদার মোহান্ত মহারাজ শ্রীযুক্ত ললিতমোহন মৈত্রেয় মহালয়ের অর্থামুকুল্যে গোরাক্স-মহাভারতের প্রথমাংশ শ্রীনবদ্বীপ লীলা এতদিনে গ্রন্থাকারে প্রকাশিত হইয়া স্থা গোরভক্ত কর পরমানন্দের সামগ্রী হইয়াছেন। স্থনামধ্য মাধ্বগোড়েখরাচার্য্য শ্রীল মধুসূদন গোস্বামী সার্ব্রভোম এই স্বৃহৎ শ্রাগ্রন্থের নাম শ্রীগোরাক্ষ মহাভারত" যে সার্থক হইয়াছে, একথা সকলেই বলিতেছেন। হা নাই ভারতে, তাহা আছে ভারতে" এই প্রবাদটিও শ্রাগোরাক্ষ-মহাভারতের পক্ষে প্রযুদ্ধা। সমগ্র গ্রেন্যালালা-সমৃদ্র মন্থন করিয়া এই বৃহদাকার ও স্থবিস্তারিত লীলাগ্রন্থ লিখিত ইইয়াছেন। এই রাট লীলাগ্রন্থের প্রথমাংশের নাম শ্রানবদ্বীপ-লীলা এবং অপরাংশের নাম শ্রীনীলাচল-লীলা। প্রথমাংশ তে প্রায় সহস্র পৃষ্ঠায় প্রকাশিত হইয়াছেন, মূল্য প্রতি থণ্ড দেও হিসাবে ৪॥০ টাকা মাতে। এক্ষণে বাংশ প্রকাশ হইলে তবে শ্রীগোরাক্ষ-মহাভারত সম্পূর্ক হইবে। শ্রীনীলাচল লীলার আকার শ্রীনবদ্বীপ লার আকার অগেকার অপেক্ষা কিছু বৃহৎ হইবে বলিয়া বোধ হয়।

পরম শ্রান্ধেয় গৌরভক্তবর শ্রীযুক্ত ললিতমোহন মৈরেয় মহাশয় জীবাধম গ্রন্থকারকে লিখিয়াছেন দ্রীনীলাচল-লীলা" গ্রন্থ প্রকাশের সাহায্য বিষয়ে আপনি আমার অভিমত জানিতে চাহিয়াছেন, এবিষয়েও মার সাহায্য করিবার ইচ্ছা আছে।' ভক্ত মহাজনের এই আশা বাক্যে বুক বাঁধিয়া জীবাধম গ্রন্থকার হ তুরুহ এবং ব্যয়সঙ্গুল কার্য্যক্ষেত্রে অগ্রসর হইতে সাহসী হইয়াছে। ইতিমধ্যে কলিকাতানিবাসী প্রসিদ্ধ লাহাবংশধর সিমলা স্কুকিয়া প্রীটের গৌরভক্তবর শ্রীযুক্ত গোরচরণ লাহা মহোদয় শ্রীমন্মহাপ্রভুর দ্রীপালা পাঠে মুগ্ধ হইয়া স্বতঃপ্রবৃত্ত হইয়া শ্রীপ্রভুর নীলাচল লীলা শ্রীগ্রন্থ প্রকাশের সাহায্যে নগদ টোকা দান করিয়া জীবাধম গ্রন্থকারকে চিরন্ধণে আবদ্ধ করিয়াছেন। এই সময়োচিত অর্থ সাহায্যে নিলাচল লীলা মুদ্রান্ধনের জন্ম প্রেয়ে হইল মাত্র। এই বৃহৎ কার্য্য শেষ করিতে যে ব্যয় হইবে, বা পারমোদার ধনী গৌরভক্তগণই যে বহন করিবেন, সে আশায় নিরাশ হইবার কোন কারণ নাই। রেভক্তপ্রবর দানশীল শ্রীযুক্ত ললিতমোহন মৈত্রেয় ও শ্রীযুক্ত গৌরচরণ লাহা মহাশরের সদাশয়ভা, বিরতা এবং সর্ব্বাপেক্ষা তাঁহাদিগের গৌরাক্ষৈক্রিপ্রতার প্রমাণ তাঁহাদের এই দান কার্য্যেকাণ পাইয়াছে। শ্রীগোরাক্ষপ্রভু তাঁহাদের সর্বাক্ষান মন্ধল বিধান করুন, তাঁহার চরণকমলে জীবাধম স্থকারের ইহাই ঐকান্তিক প্রার্থন। অলমতিবিস্তরেণ।

শ্রীধাম নবদ্বীপ। শ্রীশ্রীগোর-বিষ্ণুপ্রিয়া-কুঞ্জ ১লা মাঘ গোরাব্দ ৪৩৭ ১৩৩০ সাল।

শ্রীবৈষ্ণব কুপাভিখারী দীন হরিদাস গোস্বামী।

সপলাচর বং

আনন্দ লীলাময় বিএহায় হেমাভ দিব্যাচ্ছবি স্থন্দরায়। তথ্য মহা প্রেমরদপ্রদার চৈত্ত চন্দ্রায় নমো নমন্তে॥ যহৈত্ব পাদাস্ক ভক্তিলভা প্রেমাভিধান প্রম পুমর্থ। তথ্য জগনাঙ্গল মঙ্গলায় চৈত্তাচন্দ্রায় নমো নমকে॥

बिवारगोतार्यकर ।*

5

মলয় স্থ্ৰাসিত ভূষিত্-গাত্তং মূৰ্ত্তি মনোহৰ বিশ্ব-গবিত্তং। পদ নথ রাজিত লজ্জিত চল্লে শুদ্ধ কণক জয় গৌৱ নমস্তে॥

ર

প্রগাত্ত-পূলক-জল লোচনপূর্ণং জীব দয়াময় তাপ বিদীর্ণ । সংখ্যা জন্নতি নাম সহত্ত্রে শুদ্ধ কণক জয় গোর নমধ্যে॥

٥

ছক্ত ভৰ্জন গৰ্জন রঞে চঞ্চল কলিযুগ পাপ সশকে। পদ বজ তাড়িত ছুই সমন্তে; শুদ্ধ কণক জয় গৌর নমন্তে॥

8

নিংহ গমন জিতি তাণ্ডব লীল। দীন দয়াময় তারণ-শীলা। অজ ভব বন্দিত পদন্য চন্দে শুদ্ধকণক জয় গৌর নুমস্তে। গৌরাস্কার্ত মালতি মালে মেরু বিলম্বিত গঙ্গাধারে। মন্দমধুর হাদ ভাষ মুখচন্দ্রে গুদ্ধ কণক জয় গৌর নমতে॥

ফল্প বিরাজিত চন্দন ভাল কুপ্পম রাজিত দেহ বিশাল। উমাবতি সেবিত পদন্থ চক্রে ওদ্ধ কণক জয় গৌর নুমুপ্তে॥

٩

ভক্তি পরাধীন শান্তক বেশ, গমন স্থনন্তক ভোগ বিশেষ। মালা বিরাজিত দেহ সমতে শুদ্ধ কণক জয় গৌর নমতে।

ь

ভোগ বিরক্তিক সন্মাসী বেশ শিখা মোচন লোক প্রবেশ। ভক্তি বিরক্তিক প্রবর্ত্তক চিত্ত শুদ্ধ কণক জয় গৌর নমতে॥

ইতি সার্বভৌম বিরচিত শ্রীকৃষ্ণতৈতক্সাষ্টক সমাপ্তং।

পুজাপাদ শ্রীল বাহুদেবের দার্কভৌম বিরচিত এই প্রাচীন শ্রীগৌরাষ্ট্রকটি এই প্রথম প্রকাশিত হ'ইল। নামাদের ঘবের প্রাচীন পুঁথির মধ্যে এই অম্লা শুব-রত্বটি পাওয়া গিয়াছে। দীন গ্রন্থকার।

গ্রী শ্রী বিফুপ্রি য়া-বল্লভায় নমঃ।

ভবকুস্থসাঞ্জলি।

my som

শ্রীমদাদ গোস্বামী রচিত শ্রীশ্রীগোরাঙ্গ শুবকণ্পতরুঃ।

शिष्टः मृहे। यक श्रमनगक्षवासीश्विन कमा মৃগঞ্ এচন্দ্রোপরি দধতি থুৎকারনিবহং। यकासा। यः चर्नाठनमध्यम्बीध्ठ वह छत्रदेक श्रीतारक। इत्य छत्यवाः भन्यकि ॥ ১॥ প্ৰল জনের মন, করিবারে আকর্ষণ, বিধাতা কি পাতিয়াছে ফাঁদ। একবার যেই হেরে, সে মন ফিরাতে নারে. মন-উন্মাদন গোবাটাদ ! ংরিষে গৌরান্ধ-গতি, থৃৎকৃত গজেন্দ্ৰ গতি, গৰ সে সামাত্র মদে মাতা। रगीताण वनन ट्राइ, সকলক চক্রোপরে, ঘুণা করে সকল জনতা। গৌরকান্তি ঝলমল. তার আগে স্বর্ণাচল, ष्यान तम जात्र कि शिव । গৌরাক মধুর বাণী. অমৃত তর্প জিনি, পিলে মন করে পিব পিব। আরে মোর সোনার গৌর প্রভু। कुन्द्र छन्द्र देश्या. মাতাৰ আমার হিয়া. ভূলিতে নারিব আর কভূ॥১॥ অলং কুড্যাত্মানং নববিবিধ রত্মৈরিণ বল ঘিবর্ণৰ অভাক্টবচন কম্পাঞ্চপুলকৈ:। হদন্ বিভানুভান্ শিভিগিরিপতে নির্ভরমুদে भूवः औरगोतारका क्रमय जेमनाः भमयकिः ॥२॥

ওহে মোর গৌর হুন্দর নটরাজ। শ্ৰীল জগদাথ আগে. বাড়াইয়া অমুরাগে, নাচে পরি ভাবরত্বসাজ। বৈৰ্শ ভৰতা আৰু. शन्शन वांदकांकांत, কম্পজ্ঞ পূলক সংশ্ব। এই সপ্ত সাত্তিকভাব, আর হুই অমুভাব, হাস্ত নৃত্য সব প্রেমধর্ম॥ নবরত্ব অলঙ্কার, অঙ্গে শোভে চমৎকার. হেরি জগরাথ প্রমোদিত। দে রস যে নির্থিল, সেহ সে রসে মাতিল, মোর মন করে উন্নাদিত। আরে মোর সোণার গৌর প্রত্ । क्रमट्य केमब देह्या. মাতায় আমার হিয়া, ভূলিতে নারিব কভু॥২॥ রদোলাদৈ তির্যাগ্ গতিভিরভিতে। বাবিভিরলং দৃশোঃ সিঞ্চ লোকারকণ জলযন্ত্রমিতয়ো:। म्ना मरेखर्न है। भधुवमधवः कम्नाहिनरेख নটন্ প্রীগোবাঙ্গো হাদয় উদয়ন্তাং মদয়তি ॥ ৩॥

রসের অবধি মোর গোরা। রসের উল্লাস ভরে, অপরপ নৃত্য করে, গুনম্বনে বহে প্রেমধারা। স্মরণ করিয়া হবি, অপরপ দে মাধুরী, বারি বহে রাকা হুই নেতে। ৰসম্ভ উৎসব কালে. त्महन क्याय ज्लान, (यन পिठकाती कलयद्ध । मकल्ल जानसारवर्ग, मणन अधरत मुश्रान, হেন প্রেম আছিল কোথায়। একবার যাবে হেরে. তাঁর আঁথি মন হরে. মোর মন পতত মাতায়॥ আরে মোর সোণার গৌর প্রভু। अन्त्य छेन्य देश्या, মাভায় আমার হিয়া, ভূলিতে নারিব আর কভু॥ ৩॥

করিমিশাবানে বলপতিমতকোরবিরহাৎ क्षेथछ्ीमसिकान्मनिधक देनचाः पृष्ठभाताः। লুঠন ভূমৌ কাকা বিকলবিকলং গদগদৰচা কদন শ্রীগোরাকে। হ্রনয় উদয়ক্সাং মদয়তি ॥ ৪ ॥ একদিন কাশী মিশ্রালয়ে বিদিয়াছে মহাপ্রভু, ना (मिश्र ना अनि कड़ (इन काव डेमग्र जनरम्। **बीनसमस्य र**ित्र, বিরহ আবেশে ভবি, অঙ্গ দক্ষি সব শ্লথ হৈল। कुष भन नीर्घाकात, গদগদ বচনোজার; ज्रा नुर्फ कारम मटेवकना ॥ আরে মোর দোণার গৌর প্রত্ন। क्षतरय केंत्र देश्या. মাতায আমার হিয়া ভুলিতে নাবিব আর কভু॥ ৪॥ অহুদ্যটো দাবত্রয় মুরচ ভিত্তি তারমগো বিলভেঘাটেচ: কালিঞ্চিক স্থর্ডি মধ্যে নিপ্তিত:। তহুগুৎ সংকোচাৎ কমঠ ইব ক্লোকবিরহাৎ 'বিরাজন গৌরাকো সদয় উদয়ন্সাং মদয়তি। ৫॥ শয়ন মন্দিরে গোরা যাব। কু ষ্ণব বিরহ ভরে, মন্দিরে রহিতে নাবে, বাহিরে যাইতে মন ধায়॥ ক্রফের বিরহে রাধা যেন উৎকণ্ঠিতা সদা कुष्ठ (वर् अनि वरन यान) এই আচৰিতে, বংশী পাইয়া ভনিতে, দে হেতু বাহিরে থেতে চান॥ তিন ধার আছে কন্ধ, তিন ভিত্তি উচ্চ উৰ্দ্ধ. তাহা লজ্যে আবেশের বলে। ভেলেকা গাইর মাঝে, দেখি গোরা রস রাজে, পড়িয়াছে খাস নাহি চলে ॥ ভাব বুঝা নাহি যায়, প্ৰভূ দেখি কুৰ্মপ্ৰায়, অঙ্গ সব সঙ্গৃচিত অংশ। অবেষিয়া ভক্তগণ, मीপ जानि मत्रभन. করে কুর্মার্কাত এগৌরাঙ্গে।

আবে মোর সোণার পৌর প্রভা शमय छेमय देश्या. মাতায় আমার হিয়া, ভূলিতে নারিব আর বভু॥ ৫॥ यकीयक প्राणक्ति न मनुभ श्लाक्षेत्र वित्रहा९ প্রসাপামুমাদাং সভত মতি কুর্বন্ বিক্সধী:। मधिष्ठा भश्रदमनविध्यत्वं क्रिक्षितः ক্ষতোথ গৌরাকো জনম উদম্মাং মনমৃতি ॥ ৬॥ একদিন সে আপন, প্রাণার্ক্দ সমান, ব্রজ লাগি বিরহে বিভোর। কবেন প্রকাপ অতি. ভাপ বিকল মতি, অবিরত উন্নাদে উদ্বোর। বাহিরে যাইতে মন, शाहेर्ड ना त्याय भूनः, ভিতে ঘর্ষে বদন সরোজ গৌর রদ স্থবিলাদী, অপরপ প্রেমরাশি, হেরি মোহে কোটী মনোজ। হেন গৌর রসরাজ, স্বাহ্মভবে নটরাজ, উनय भारत जनय भारतात । জানিনা দেই কেমন. (क्मन क्यर्य मन, উন্মাদে যে হয় সে বিভোর। আরে মোর সোণার গৌর প্রভূ करत्य छेन्य देश्या, মাতায় আমার হিয়া, ভূলিতে নারিব আর কভু॥ ७॥ ক মে কান্তঃ ক্লফন্তরিতমিহতং লোক্য সংখ ष्रायत्वि बात्राधिशम्बितमभू सम्हेत । ক্ষতং গচ্চমাৰ্টুং প্ৰিয়মিতি তত্তকেন ধৃত ত-कुकारका रंगीतारका क्षम छेनम्याः मनम् छ ॥ १ ॥ একদিন গোকুল চাঁদে, मस्यान मन मार्थ, ঠাকুর মন্দিরে চলি যায়। बाद्य प्याट्ड सोवाविक, তারে দেখি সমধিক, ভাবোমাদে মন্ত গোরা রাম ॥ তুমি দে বন্ধু আপন, खोर्द्र करह अरह अन, वन (काथा (यात्र खानरभाविक।

প্রভুর সম্ভাষ ভনি, रहोवादिक रम जानि, কছে বুঝি ভাব অম্বন্ধ। চলহ স্বরিতে দেখ, ভোমার সে প্রাণ-দথ, এত শুনি ধরে তার হাত। রাধিকা-ভাবিতমতি, নিজে গোপী-প্রাণপতি. আপনে বোলয়ে প্রাণনাথ। আরে মোর সোণার গৌর প্রভূ। क्रमरत्र छमत्र देश्या, মাতায় আমার হিয়া, जुमिएक नात्रिय कजू॥१॥ সমীপে নীলাভেক্টকগিরিরাজ্ঞ কলনা দয়ে গোষ্ঠে গোর্গ্ধনগিরিপতিং লোকিতুমিত:। ব্ৰজন্মাতৃকা প্ৰমদ ইব ধাবন্ধতো গগৈ: বৈ: গৌরাকে। হাদয় উদয়নাং মদয়তি ॥ ৮ ॥ নীলাচল নিকটেতে, দেখি চটক পৰ্বতে. ভাবে মন্ত গৌর রসরাজ। शाव (म पामि लाक्रल, लोज खनमनि वल, দেখি গোবর্দ্ধন গিরিরাজ। উন্নাদ বাতৃল হেন. পথাপথ নাহি জ্ঞান, **(इनकारन निष्कशरन धरत ।** হেন গৌর রসরাজ, উनग्र कनग्र भावा. विश्वन क्राय मना भारत ॥ আরে মোর সোণার গৌর গ্রন্থ। कारम खेलम देश्या. মাতার আমার হিয়া, ভূলিতে নারিব আর কভু॥৮॥ অলং দোলা খেলা মহসিবরতন্মোগুপতলে স্বরূপেণ স্বেনাপর নিজগণেনাপিমিলিত:। স্বয়ং কুর্বলায়ামতি মধুরগানং ম্রভিদ:

সরকৌ গৌরকো হৃদ্য উদয়স্মাং মদয়তি। ১।

चक्रभामि निख्याग मद्य ।

পরিপূর্ণ মাধুষ্য তরকে।

विम (मानमक उतन,

নিজ নাম গান গায়,

দোল মহোৎসৰ কালে,

আপনে গৌরান্ত রায়,

সে র**ক্ষ** যে নির্থিল, প্রেমানৃতে সে মঞ্জিল, আর কি তুলিতে পারে কভু। क्षमग्र डेमरग्र करत. সতত মাতায় মোরে. প্রেমিক স্বর্ণগৌর প্রভু॥ २॥ দয়াং যো গোবিন্দে গক্ড ইব লক্ষীপতিবলং পরিদেবে ভক্তিং য ইব গুরুবরো যহুবর:। স্বরূপে যালেহং গিরিধর ইব শ্রীলম্বলে বিধত্তে গৌবাঙ্গো হাণয় উদয়নাং মণয়তি ॥ ১০ ॥ গোবিন্দ নামক ভক্ত, তারে দয়া অনুরক্ত, থেমন গৰুড়ে লক্ষ্মীপতি। পুরী দেব করে ভক্তি, যেন তাঁর অন্ব্রক্তি, যত্নর সন্দীপনি প্রতি। যেমন একই দেহ, স্বরূপে করেন স্বেহ, शिविभावी (यमन अर्वल । সে প্রভু ভাবিয়া মনে, भन ना देधत्रय भरन সদা ভাসে প্রেমামৃত জলে॥ আরে মোর দোণার গৌর গ্রন্থ। মাতায় আমার হিয়া, क्रमस्य छेमग्र देश्या, ভূলিতে নারিব আর কভু॥ ১০॥ মহা সম্পদারাদ্পি পতিতমৃদ্ধ তা রূপয়া স্বরূপে যা খায়ে কুজনমপি মাং ক্রন্স মুদিত:। উরোগুঞ্জা ারং প্রিয়মপি চ গোবর্দ্ধনশিলাং नरनी रम रतीतारका अनम्र छनम्माः भनम् छ ॥ ১১॥ বেষ্ঠিত সম্পদ বন, আমি অভাজন জন, ত্রিতাপ দে বনে দাবানল। কঙ্গণতে উদ্ধারিয়ে, স্বৰূপে আশ্ৰয় দিয়ে, প্রকাশিল আনন্দ প্রবল ॥ গো বৰ্দ্ধন শিলা আর, বংকে ধৃত গুঞ্চাহার, সঁপিলেন দয়া করি মোবে। এহেন দয়ার নিধি, क्रमस्य छेनय यमिः ति व्यानत्म देशका (कवा शदत ॥ আরে মোর সোণার গৌর প্রভূ। क्रमाय छमय देश्या, মাতায় আমার হিয়া, ভূলিতে নারিব আর কভু॥ ১১॥

ইতি শ্রীগোরাকোন্গত বিবিধ সম্ভাবকৃত্বম প্রভারাজং পঞ্চাবলি ললিতশাখং স্থ্রতক্ষং। মূহুর্য্যেইডিশ্রদ্ধোর্ষধিবরবলং পাঠদলিলৈ রলং দিঞ্চেদ্ধিন্দেং সরল গুরুতল্লোক ন ফলং॥১২॥

ন্তবকল্পবৃক্ষ হয় ইহার আখ্যান।
ইহা ঘেই পাঠজবেল দিকে ভাগ্যবান॥
বিদ্যায় করে ঘেই পাঠ অবিরত।
ব্রীপৌরাক্ষের প্রেমে দেই হয় উনমত॥
পঠনে প্রবণে হয় বিল্প বিনাশন।
অচিরাতে পায় দেই চৈতক্ত চরণ॥
দাস গোস্থামী পদ হদে করি আখা।
কল্পবৃক্ষ ভাবে নবধীপচন্দ্র দাস॥ ১২॥

শ্রীমদাস গোস্বামী রচিত শ্রীচৈতক্তপ্রকর বৃফের শ্রীনবদীপচক্র গোস্বামী প্রভূপাদ প্রণীত ভাষামূবাদ।

শ্রীল শ্রীরূপগোস্বামী কৃত শ্রীচৈত্যাফক।

()

ন্দোপান্তঃ শ্রীমান্ ধৃতমহজকাথৈঃ প্রপৃষ্টিতাং বহঙিগীর্কাণৈ গিরিশপরমেটি প্রভৃতিভিঃ। স্বভক্তেত্যঃ শুদ্ধাং নিজ্জজনমূত্রামূপদিশন্ স চৈত্ত্যঃ কিংমে পুনর্পি দুশোর্বান্তি পদং॥"১॥

শিব-বিরিঞ্জি আদি দেবতা নিকর।
নরবপু ধরি বাবে দেবে নিরস্তর॥
অরপ দামোদরাদি ভক্তগণে যিনি।
নিজ ভঙ্কন প্রণালী উপদেশ দানি'—
কৃতার্থ করিলা; দেই সৌন্দর্য্য আধার।
কৰে দিবে দর্শন চৈতক্ত আমার॥১॥
১

স্বেশানাং তুর্গং গতিরতিশ্যেনোপনিষ্দাং
মূণীনাং দর্মস্বং প্রণত পটলীনাং মধ্রিমা।
বিনির্বাস: প্রেমো নিধিল পশুপালামুক দৃশাং
স চৈতক্ত: কিং মে পুনরপি দৃশোর্যান্ততি পদং॥ ২॥

ইব্রাদি স্থরতর ভয়ত্রাত। থিনি।
উপনিষদ বেদাদির লক্ষ্য থারে মানি॥
মূনিঝ্যি সাধু-ছাদি-সরবদ ধন।
ভক্তের সদনে থিনি মধুম্য হ'ন॥
ব্রজ্বালা সকলের যিনি প্রেমসাব।
কবে দিবে দরশন ১৮তন্ত আমার॥ ২॥

শ্বরূপং বিজ্ঞানো জগদতুলমদৈত দয়িত:। প্রপন্ন শ্রীবাদ জনিত প্রমানন্দ-গরিমা। হরিদীনোদ্ধারী গজপতিক্বপোৎদেক তরল: দ চৈতক্ত: কিংমে পুনরপি দুশোর্যান্ততি পদং॥ ০॥

যার ক্বপাপাত্র স্বরূপ মহামতি।

যিনি হ'ন অহৈতের প্রিয়তন অতি ॥
ভক্তবর শ্রীবাস যাহাতে প্রপন্ন।
পরমানন্দের যিনি বাড়াইলা মাশু ॥
মান্নাহারী দীনগতি জগত ঈশ্বর।
উদ্ধারিতে গজপতি কক্ষণা বিত্তর ॥
সর্ব্বগুণনিধি যিনি অবতার সার।
কবে দিবে দরশন চৈতন্ত আ্যারা। ৩ ॥

রসোদ্ধামা কামার্ক্সদু মধুর ধামোজ্জলতমু-র্যতীনামূত্তংসন্তরনিকর-বিজোতি বসন:। হিলণ্যানা লক্ষী ভরমভিভবন্নান্দিকক্ষচা দ চৈত্তেঃ কিং মে পুনর পি দুশোর্যান্ডতি পদং॥ ৪॥

ভক্তিরসানন্দাবেগে উত্নমত যিনি।
অঙ্গ কাস্তি হয় অর্ক্ দ কন্দর্প জিনি।।
মূনিঝবি-শিরোমণি সর্ব্ব অর্থ সার।
প্রভাত অঙ্গণরশ্মি বসনাভা থার।।
কপক কাস্তি জিনি অঙ্গকান্তি থার।
কবে দিবে দরশন চৈত্ত আমাার।। ৪।।

হরেরুফ্ডেত্রাটেচ ক্রিতরসনো নাম গণনা কৃতগ্রন্থিণী স্থতগকটি প্রোজ্জনকর:। বিশালাক্ষো দীর্ঘার্থল বেথলাকিত ভূজো স চৈত্রতঃ কিংমে পুনর্পি দুশোর্যান্ততি পদং॥ ৫।।

উচ্চারিতে হরেক্কফ বাঁহার রদনা।
নৃত্যু করে অবিরত হ'য়ে একমনা।।
গ্রন্থিকত কটিস্তা নাম গণিবারে।
স্থাোভিত স্থান্দর বাম করে ধরে।।
বিশালাক আজামূল্যতি ভূজ বাঁর।
কবে দিবে দ্রশ্ন চৈত্যু আমার।। ৫।।

প্রোরাশেন্ডীরেক্রত্পবন্মালী কলন্যা
মূত্র্কারণ্য স্মরণ জনিত প্রেম বিবশ:।
কচিৎ ক্ষার্ত্তি প্রচলরদনো ভক্তিরসিক:
স হৈতক্ত: কিংমে পুনরপি দুশোর্যান্ত পদং। ৬॥

হেরিয়া সন্ত্র তীরে রম্য উপবন।
হাদয়ে হইও বাঁর খাতি বৃন্দাবন।।
অবৈধ্য হইথা নিত্য প্রেমানন্দ ভরে।
রসনা বাঁহার সদা রুফনাম করে।।
ভকতি রসিক সেই রস-অবতার।
কবে দিবে দরশন চৈতন্ত আমার।। ৬ ॥

রথার চ্নাদ্ধিপদ্ধি নীলাচল পতে-রদ্ভপ্রেমার্মি স্থ্রিতন টনোলাস্বিবশ:। সহর্ষং গায়ন্তি: পরিবৃত তহুবৈঞ্চবজনৈ:। সু চৈতকা: কিং মে পুনর্পি দুশোর্যান্তাতি পদং॥৭॥

রথারত জগরাথদেবের সম্মুখে।

যথন বৈষ্ণব পথে নৃত্য করে স্থাধ ॥

তা' সবার সঙ্গী হ'য়ে নৃত্যোলাদে যিনি।

পুলকে বিবশ অঙ্গ দিবস-যামিনী॥

মনের হরিষে যিঁহো নাচে বছবার।

করে দিবে দরশন হৈতক্য আমার॥ ॥॥

ভূবং সিঞ্চনশ্র শ্রুতিভির্ভিতঃ সাক্র পুলকৈ: পরীতাঙ্গো নীপন্তবক নবকিঞ্ক জয়িভি:।

ঘন স্বেদন্তোম স্তিমিততগ্ৰহণ কীৰ্ত্তন স্থপী স চৈতক্তঃ কিং মে পুনরপি দুশোর্যাশুভি পদং। ধরাতল সিক্ত করি প্রেমাশ্র ধারায়। কীৰ্ত্তন আনন্দে যিঁহো জগত ভাগায়॥ কদম্বকেশর যিনি পুলক শরীরে। সর্কশ্রীর সিক্ত ঘন ঘর্মনীরে॥ নয়নানন্দকর প্রেম মুর্তি থাঁহার। কবে দিবে দর্শন চৈত্তা আমার ॥ ৮ ॥ অধীতে গোরাক স্মরণ পদবী মঙ্গলতরং কৃতী যে। বিশ্রম্ভ ক্ষুরদমলধীর ষ্টকমিদং। প্রানন্দে স্থা ওদমল প্দাভ্যোজ যুগলে পরিস্কারা তম্ম স্কুরত্নিতরাং প্রেমলহরী ॥ বদ্ধিমান স্বধীজন শ্রদাসংকারে। চৈতক্স অষ্টক যদি নিত্য পাঠ করে॥ শ্রীগোরাত্ব প্রেম হৃদে উছলিবে তা'র। রূপগোসাঞির এই প্রার্থনা সার॥ मार उप कति मार कार श्रिमाम। রূপনোসাঞির কথা করহ বিশ্বাস।

শ্রীরপগোস্বামী কৃত শ্রীচৈত্যার্ফক।

(२)

কলৌ যং বিধাংস: ক্টমভিয়ন্ত দ্যভিতরাদক্ষাক্ষং কৃষ্ণ মথ বিধিভিংকংকীর্তনমহাৈ:।
উপাত্মক প্রাহর্ষমধিল চতুর্থাশ্রম জুষাং
ল দেবলৈতে জাক্তিরভিতরাং না ক্রপয়ত্ ॥ ১ ॥
কলিমধ্যে ক্ষীগ্র নাম মজে গাঁবে ।

কলিযুগে স্থাগিণ নাম যজে বাঁরে। ভক্তিভরে নিরবধি উপাসনা করে। কৃষ্ণ হ'য়ে গৌর যিনি রাধাকান্তি ভারে। চতুর্থাশ্রমী পরম হংস নিত্য পুজে বাঁরে। পরম পুরুষ সেই পরমেষ্ঠী গুরু। শ্রীচৈতন্ম দয়ামন্ব মোরে দয়া করু॥ ১॥

চরিত্রং তম্বান: প্রিয়ম্ববদাহলাদ পদং জ্যোদেঘাধ্য: সম্যাধিবচিত শচীশোক্ষরণ:। উদক্ষার্স্তিগুড়াতিষ্র ছুকুলাঞ্চিত কটি: স দেবশৈচতক্মাক্রডিরতিত্রাং ন: ক্রপমৃতু॥ ২॥

হরিনাম সংকীর্ন্তনে ভক্ত গৃহে গৃহে।
স্থনাম ঘোষণা করি ফিরে রাজি দিবে॥
শোকাতুরা জননীর হৃ:খ গেল দ্রে।
অরুণ বসন বার কটিশোভা করে॥
পরম পুরুষ সেই পরমেগ্রী গুরু।
শ্রীটেভক্ত দয়াময় মোরে দ্যা কর॥ ২॥

অপারং কন্সাপি প্রণয়িজনবৃন্দন্ত কুতৃকী বসন্তোমং ক্রা মধ্বমুপভোক্তৃং কমপিয়ং। ক্লচিং স্বামাবত্রে গ্রাভিমিহ তদীয়াং প্রকটয়ন্ স দেবশৈতক্তাক্তিবতিত্বাং নং কৃপয়তু ॥ ॥

ব্রজবালা রূপকান্তি স্থধা অপহরি।
আধাদিতে মধ্বস মনপ্রাণ ভবি'॥
স্করণ গোপন করি' গৌবরূপে ঘিনি।
মাভাইলা চরাচর অথিল মেদিনী॥
পরম পুরুষ সেই পরমেন্সী গুরু।
শীচৈতক্ত দয়ানয় মোরে দ্যা করু॥ ৩॥

নিজপ্রণয় বিক্বয়টনরঙ্গ বিস্মাপিত, ত্রিনেত্রনতমণ্ডল প্রকটিতাহ্বাগামৃত। অহঙ্গতি কস্কিতোদ্ধতজনাদি তুর্বোধহে শচীস্থত ময়ি প্রভোকুফ মুকুন্দ মন্দেকুপাং॥৪॥

সংকীর্ত্তনে নৃত্য করি বিবিধপ্রকার।
বিমোহিত করি যিনি শিব অবতার ।
সঞ্চারিলা অহুরাগামৃত ভক্ত প্রাণে।
অহুরারী মৃচ্জান কে বুঝিবে তানে ॥
মোর প্রভূ শচীস্কৃত সেই বিশ্বস্তর।
মন্দ আমি মহাপ্রভূ! মাের দয়া কর॥ ৪॥

ভবস্থিভূবি যো মরাঃ কলিত্তুক্সোৎ প্ৰথা-স্থমুদ্ধনসি তানপি প্ৰচ্ন চাকু-কাঞ্চণাত:। ইতি প্ৰমুদিতান্তবঃ শরণমাশ্রিতন্তামহং শুচীস্থৃত ময়ি প্রভাে কুকু মুকুন্দ মন্দে কুপাং॥ ৫॥

নীচজাতি নীচজনে দয়া করি যিনি।

কেশে ধরি উদ্ধারিলা মহাপাপী জানি।

যাঁহার করুণা বলে হইলা নিস্তার।

পাপাচারী পাষণ্ডী যত ত্রাচার॥

মোর প্রভৃ! শানীস্কৃত সেই বিশ্বস্তা।

মন্দ আমি মহাপ্রভৃ! মোবে দয়া কব॥

ম্থাস্ক পরিখালমূ তুল বাজাধূলী রস

প্রসঙ্গনাকাল প্রণতভূদবকোংকর:।

সমস্তজনমঙ্গল-প্রভব নাম বজাস্থা
শাচীস্কৃত ময়ি প্রভো কুকু মুকুন্দ মন্দে কুপাং॥ ৬॥

(যাঁর) মুখপদ্ধ-বিনিংহত স্থাংরদ ধারা।
নিরবধি পান করি ভকত-ভ্রমরা।
প্রেমানন্দে বিগলিত নিত্য নিরস্কর।
ভূবন মধল যিনি নাম-রত্ত্বাকর।
মেনর প্রভূ শচীস্থত দেই বিশ্বস্কর।
মন্দ আমি মহাপ্রভূ! মোবে দ্যা কর।
ম্গান্ধমধুরান ক্র্বননিজ্পদ্মেক্ষণ
স্মিত স্তবক স্থান্ধর বিশন্তটোরস্কট।
ভূজোদ্ধতভূজন্মপ্রভ মনোজ কোটছ্যতে
শচীস্থত মযি প্রভো কুক মুক্ক মন্দে কুপাং। ৭॥

পূর্ণচন্দ্র সমতুল বাঁহার বদন।
প্রেতুল্লপস্ক জিনি বিশাল নয়ন॥
অধরোষ্ঠ মধ্হাস্তা কুস্কমে শোভিত।
পরিসর বক্ষংস্থল; আজাঞলস্বিত—
উদ্ধৃত ভূজদ্ব সম বাতর গঠন।
কোটি কন্দর্প জিনি কাস্তি স্থাভান॥
মোর প্রভূ শ্রীস্বৃত সেই বিশ্বস্তার।
মন্দ্র সানি মহাপ্রভূ! মোরে দয়া কর॥ १॥
মন্দ্র সানি মহাপ্রভূ! মোরে দয়া কর॥ १॥

অংং কণককেতকী কুম্ম গৌর তৃষ্টকিতে। ন দোষ লব দর্শিত ৮ বিবিধদোষ পৃণেহপি তে । স্বতঃ প্রবণয়া ধিয়া কুপণবংসল স্বাং ডজে শচীস্থত ময়ি প্রভো কুরু মৃকুন্দ সন্দে কুপাং॥৮॥

কণককেতকী গৌর জীবন আমার।
নানা দোকে ছষ্টমতি মুই পাপাচার ॥
আদোষ দরশী প্রভু দোষ না দেবহ।
সেই ওণে ভজি তোমা ম্ঞি অহরহ॥
মোব প্রভু শচীস্থত তুমি বিশ্বস্তর।
মন্দ আমি মহা প্রভু! মোরে দয়া করে॥ ৮॥

ইদং ধরণিমগুলোৎসব ভবৎপদাক্ষেয়্ যে নিবিষ্ট মনসো নরা পরিপঠস্কি পদাষ্টকং। শচীক্দয়নন্দন ! প্রকটকীর্ষ্টিচক্ত প্রভো নিজপ্রণয়নির্ভর বিতর দেব ! তেভাঃ শুভং॥॥॥

হে ধরণি মণ্ডলোৎসব কীর্ন্তিচন্দ্র।
শচীষ্ঠদয়নন্দন আনন্দকন্দ ॥
এই পুণ্য স্থোত্র যিনি পড়িবেন নিত্য।
প্রোম সম্পতিদানে ক'র তা'রে মন্ত ॥
দক্তে তুণ করি সবে কহে হরিদাদ।
রূপগোসাঞ্জির কথা করহ বিশাদ ॥

শ্রীল শ্রীরূপ গোস্বামীকৃত শ্রীশচীস্থতাফক

(0)

উপাদিত পদাস্থল অমস্ব্রক্ত ক্সাদিভিঃ প্রপাত পুক্ষোত্তমং পদমদত্তম্ম্ত্রাজিভঃ। সমতনতমগুলী ক্রমভীইকল্পজ্মঃ শচীস্থত ময়ি প্রভো কৃষ্ণ মুকুল মলে ক্সপাং॥১॥ ক্সাদি দেবতাগণ নর্ব্রপ ধরি॥ বার পদসেবা কৈলা বৃদ্ধ মৃত্বু করি॥ জগন্নাথকেতে যিনি এমেন আনকে। অভীষ্টফল দেন নিজ ভক্তবৃদে। মোর প্রভূ শচীস্ত সেই বিশ্বস্তর। মন্দ আমি মহাপ্রভূ! মোরে দ্বা কর। ২।

থ বর্ণসিত্মীশতে গুরুতরাবতারায়িতা ভবস্কম্কর্দ্ধয়ো ন্থলু সার্বভৌমাদয়:। পরো ভবতু তত্ত্ব ক: পট্রতোনমন্তে পরং শচীস্থত ময়ি প্রভো কুক মৃকুন্দ মন্দে কুপাং॥২॥

শ্বরূপবর্ণনে যাঁর সমর্থ না হয়।
সার্বভৌমাদি পণ্ডিত নিচয় ॥
ব্যাস বৃহস্পতিসম ক্ষা বৃদ্ধি হয়ী।
গুণাহসন্ধানে যার না পান অবধি ॥
মোর প্রভু শচীস্থত দেই বিশ্বস্তর।
মন্দ আমি মহাপ্রভু ! মোরে দয়া কব ॥ ২ ॥

ন ষৎ কথমপি শুভাবুপনিষদ্ভিরপ্যাহিতং
স্বয়ঞ্চ বিরুতং ন যদ্ গুরুতরাবতারাহুরে।
কিপেএসি রসামুধে তদিহ ভক্তিরত্ব কিতে
শচীস্ত ময়ি প্রভা কুরু মৃকুন্দ মন্দে রুপাং॥ 👁 ॥

যেদ উপনিষদে নাই যে রত্ন ভাগুরে।
কৃষ্ণ অবভারে যাহা না হ'ল বিপ্তার ।
সেই প্রেমভক্তিরত্ব দিয়া অকাতরে।
ধন্য কৈলা ভবে বিহো কলির জীবেরে ॥
মোর প্রভূ শচীহতে সেই বিশ্বস্তর।
মন্দ আমি মহাপ্রভূ মোরে দয়া কর ॥ ৩ ।।

মনারাধ্য প্রীত্যা চিরমস্থর ভাব প্রণয়িণাং প্রপন্নানাং দৈবীং প্রকৃতিমধিদৈবং ত্রিজগতি। . অজস্রং যঃ শ্রীমান্ জয়তি সহজানক মধ্রঃ স দেবশৈতভন্যাকতিরতিত্রাং নঃ কৃপয়তু॥ ৪॥

তামদী দেবতাদেবী বৃদ্ধিজ্ঞানহারা। অফ্রের ভাববৃক্ত আদাণ বাঁহারা॥ (তা'দের) অফুপাস্ত হইয়াও শ্রীগৌরস্কর। শৃদ্ধতি দিজ পুজা নিতা নিরম্ভর॥ সহজ আনন্দময় পরমেষ্ঠা গুরু।

ব্রীচৈত্যা দ্যাময় মোরে দ্যা কক ॥ ৪ ॥
গতির্য: পৃগুনাং প্রকটিত নবদীপ-মহিমা
ভবেনালং কুর্কন্ ভুবন সহিতং প্রোত্তিয়কুলং।
প্রাত্যালী কারাভ্বি পরমহংসাশ্রমপদং
স দেবশৈচভাকতে রভিতরাং না কুপ্যতু॥ ৫ ॥

পুঞ্দেশ ভক্তগণ থিহে। নিন্তারিলা।
নদীয়া-মহিমা রাশি থিহাৈ প্রকাশিলা॥
বৈদিক আন্ধাবংশে জনম লভিয়া।
জগৎপুজা হইলেন বংশ উজ্লিয়া॥
অঙ্গীকার করি পরমহংসাশ্রম।
পবিত্র করিলা ভক্তি শিখাইয়া উত্তম॥
পরম পুরুষ সেই পরমেটা গুরু।
শ্রীচৈতক্ত দ্যাময় মোরে দ্যা করু॥ ৫॥
ম্থেনাগ্রে পীয়া মধ্রমিহনামাম্ভরসং।
দৃর্শোদ্বারা হন্তং বস্তি ঘন বাস্পাদ্বিষ্তঃ।
ভূবি প্রেম্ভরং প্রকট্যিতু ম্ল্লাসিত ভন্:
স দেবকৈতক্তাক্তিরভিত্রাং না ক্রপ্যভুং॥ ৫॥

হরিনা মাম্ভরস পান করি' মুখে।
অঞ্চলেউঘাররে সেই রস আঁথে।
প্রেমেউল্লিসিত তমু প্রেমেডম্বার।
জগন্দনে শিক্ষা দিতে চেষ্টা অনিবাব।
পরম পুরুষ সেই প্রমেঞ্চী গুরু।
শীচিতকা দ্যাময় মোরে দ্যা করু॥ ৬॥

শিতালোক: শোকং হরতি জগতাং তক্ত পরিতো,
গিরান্ত প্রারন্ত: কুশলপটলীং প্রবয়তি।
পদালভঃ কম্বা প্রশ্যতি নহি প্রেমনিবহং
স দেবশৈতভারিতিরতিতরাং ন: কুপয়তু॥৮॥
সর্বশোক হরে যাঁর কটাক্ষরুপায়।
ভ্বনমঙ্গল ভাবে জীবেরে নাচায়॥
পদাশ্রে হয় যাঁর ক্ষেপ্রেমোদয়।
সর্ব ক্ষরতার সার গৌররসময়॥

পরম পুরুর সেই পরমেষ্ঠী শুরু।

ক্রীচৈতক্ত দয়াময় মোরে দয়া করু॥৮॥
শচীসনোঃ কীর্দ্তিগুবক নবসৌরগুনিবিড়ং
পুমান যং প্রীতাত্মা পঠতি কিল পদ্যাইকমিদং।
শলক্ষীবানেতং নিজপদ সরোজে প্রণয়িতাং
দদানঃ কল্যানী মনুপদমবাধং স্বধ্যতু॥ ১॥

গোরাগুণগদ্ধবাহী পুস্ত প্রান্তক।
প্রীতমনে যেইজন পাঠ করিবেক॥
পরম কল্যাণ ভার হইবে নিশ্চয়।
দ্যাময় শ্রীগোরাক্ষ দিবে পদাশ্রয়॥
দুস্তে ভূণ করি সবে কহে হরিদাস।
রূপ গোসাঞ্জির কথা করহ বিশাস॥

এ জীনিত্যানন্দাফকং।

()

শ্রীগৌবা**শপ্রেম**রজ্বদ্ধ সর্বাদ। স্থকীর্ত্তনং পাষওপ্রদেওগারী ভব্তিচক্রবর্ত্তনং। স্থন্ত্য গীত হাস্ত বোদনাশ্রুকপ্রশোভকং ন্যামি নিত্য নিত্যানন্দ রোহিনীকুমাবকং॥

(?)

স্বান্ধবীজ গায়জীজ্ঞানন্যান নায়কং অসংখ্য অংশ পাপধ্বংশ যুগ্ধশ্বপালকং। নীচোভামে প্রেমোদগমে নিগৃঢ় প্রেমদায়কং। নমামি নিত্য নিত্যানক বোহিণীকুমারকং।

(0)

স্থাগেষ্ঠ গোপ্যবেশপ্বত্য সিংহ বেণু গৃঢ়কং মধ্ব পুক্ত গুচ্ছমুজ্জ্মীত চাক্ষচ্ছকং। স্থাহ্য কৌপীন স্বভাব রাসরঙ্গধারকং নমামি নিত্য নিত্যানন্দ বোহিণীকুমারকং॥

(8)

স্থাক মৃক্তাদম্বপংক্তি হাস্ত মোহমারকং স্থান সাজিকাদিভাব সর্বশক্তিকারকং। তুক্ল দ্বীপিচর্মাশ্রয়াবধীত সাধকং নমামি নিত্য নিত্যানন্দ রোহিণীকুমারকং

(()

স্থাংশু ভাতি মঙ্গকান্তি মন্তদিংহগর্জনং আজাত্মবাহলপিতং করীকর ভবর্জনং। স্থলক্ষমপ্প খেদকম্প কীর্তনৈকতারকং নমামি নিতা নিত্যানন্দ রোহিণীকুমারকং। (&)

স্থাতি দাশ্য স্থ্যাদিক স্বভাবে ভাবিতং।
সংগ্রম ছই এই ছই নই নিষ্ঠ আসিতং ॥
কি বিষক্তাস হে যাগযোগসাধকং
ন্যামি নিত্য নিত্যানন্দ বোহিণীকু নাবক ॥
(৭)

জনাদি আদি কারণাঝিশায়ী—স্টেধাবণং অনস্তর্মপ গর্ভোদকশায়ী সর্ব্বকারণং॥ আকাল কাল ভক্তিমৃক্তি তন্ত্রমন্ত্রকারকং নমামি নিত্য নিত্যানন্দ বোহিণীকুমাবকং॥

(6)

অনসম্প্রী স্বরূপ বাধিকাত্মভায়কং
পীযুষবাক্য কৃষ্ণদেব্য বাগতালগায়কং।
গৌরাস সঙ্গে রাঢ় বঙ্গে কীর্ত্তনপ্রকাশং
নুমামি নিত্য নিত্যানন্দ বোহিণীকুমারকং॥
(১০)

য়: পঠেং শ্রীনিত্যানক চিত্ত চিত্তাপ্যথেদকং।
অংকতবাদি প্রেমপ্রাপ্তি জ্ঞানকর্মচ্ছেদ্কং।
অংকত নিত্যানক গৌবতত্ব বস্তুজ্ঞায়কং
অচিবাতাপাকার পাদপ্রাভ্রায়কং॥

ইতি সার্কভৌম ভট্টাচার্য্য বিরচিত শ্রীনিত্যানশচন্দ্রাষ্টকং স্তোত্তং সমাপ্তং।

শ্রীনিত্যানন্দ নামাটোত্তর শতং।

প্রণম্য শ্রীজগদ্দাং নিত্যানন্দ মহাপ্রভং।
নামানটোত্তরশতং প্রবক্ষ্যামি মুণাছিতঃ॥ ১॥
নীলাদরং পট্টবাসা লাকলী ম্বলপ্রিয়ং।
সক্ষর্পশ্চন্দ্রবর্গা ঘদুণাং কুলমকলং॥ ২॥
রোপিকারমণো রামো বুলাবনকলানিধিং।
কাদম্বরী স্থামন্তো গোপগোপীগণাবৃতঃ॥ ৩॥
রোপীমগুলমধ্যম্যে রামতাগুবপ্তিতঃ।
রম্পীরমণং কামী মদ্বৃণিত লোচনং॥ ৪॥
রামোংসব পরিপ্রাস্তো মর্মানীরাবৃতাননং।
কালি দীলেন্দ্রমামান্দ্রমুপ্তুইলং॥ ৫॥
রোরাগ্রহঃ সমং শাস্তো মায়ামান্দ্রমুপ্তুইলং॥ ৫॥
রোরাগ্রহঃ সমং শাস্তো মায়ামান্দ্রমুপ্তুইলং॥ ৫॥
রোরাগ্রহঃ সমং শাস্তো মায়ামান্দ্রমুপ্তুইলং॥ ৫॥
পিতিতপ্রাণদং পৃথীপাবনো ভক্তবংসলং।
রেশ্রানক্রণদোশ্বের ব্লাদীনামগোচরং॥ १॥

বনমালাধরে। হারী রোচনাদি বিভূষিত:। নগেন্দ্রগুণ্ডদোর্দ গুরু স্বর্ণকন্ধণমণ্ডিতঃ ॥ ৮॥ গৌরভক্তিরসোল্লাস্চলচ্চঞ্চলনুপুর:। গজেন্দুগতিলাবণা সম্মোহিতজগজ্জন:॥১॥ সমীতম্বলীলাধুগোমাঞ্চিত কলেবর:। হো হো ধ্বনিস্থাসিঞ্মুখচন্দ্রবিরাজিত:॥ > ॥ সিন্দুরারুণ স্থুস্থিয় স্থৃবিদাধরপল্লবঃ। স্বভক্ত গণমধ্যস্থা রেবতীপ্রাণনায়ক: ॥ ১১॥ লৌহদগুধর: শাঙ্গী বেণুপাণি: প্রতাপবান্। প্রচণ্ডকুতভ্কার-মন্ত্রপাষ ওমন্দ্র: N ১২ II সর্বশক্তিময়োদেব আশ্রমাচার বর্জ্জিত:। গুণাতীতো গুণময়ে। গুণবান্নিগুণপ্রিয়: ॥ ১৩॥ जिखनाचा खनवाशै मखरना खनिनाष्ट्रतः। যোগী যোগবিদাত্মা চ ভক্তিযোগ প্রদর্শক: ॥ ১৪॥ সর্বভক্তিপ্রবাশালী মহানন্দময়ো নট:। সর্বাগমময়ে। বীরো জ্ঞানদোভক্তিদ: প্রভু: ॥ ১৫ ॥ গৌড়দেশপরিত্রাতা প্রেমানন প্রকাশক:। (श्रमाननः त्रभाननी त्राधिकामश्रदमा विजः ॥ ১७ ॥ শ্বিমন্ত্রস্বরূপশ্চ কুষ্ণপ্রাঞ্চ স্থানর:। রণজ্ঞা রসণাতা চ রসভোক্তা রসাশ্রয়: ॥ ১৭ 🛊 সহস্রমস্তকোপেত র্গাতল-স্থাকর:। ক্ষীরোদার্থবসম্পৃতঃ কুণুলীকাবতংসকঃ॥ ১৮॥ রক্তোৎপলধর: শুভো নারারণপরায়ণ:। অপারমহিমানস্ভোহদোষদশী চ সর্বদা ॥ ১৯ ॥ দ্যালতু ৰ্ণতিকাতা কুতান্তে। হুইদেহিনাং। মঞ্জ দাশরথী বীরো লক্ষণ: সর্কবল্লভ: ॥ ২০ ॥ मरमाञ्चलतमाननी जुन्मायनत्रमश्रमः। भृगं ८ श्रम स्थानिक बाढे। नीना विभावनः ॥ २३ ॥ (कांगिन्द्रेव छवः श्रीमान् क्रानाञ्चानकात्रकः। र्शाभानः সর্ব্রপাল• সর্ব্রগোপাবতংসকः ॥ २२ ॥ মাঘে মাসি সিতে পক্ষে ত্রয়োদখান্তিথৌ সদা। উপোষণং পুজনঞ্ শ্রীনিত্যানন্দবাসরে॥ ২০॥ ঘদগৎ প্রকুক্তে কামং তত্তদেব লভেন্নর:। অপুত্র: সাধুপুত্রঞ্চ লভতে নাত্র সংশয়:॥ ২৪।। নিত্যানন্দ স্বরূপক্ত নায়ামষ্টোত্তরং শতং। यः পঠেৎ आवराषाभि म त्थिमि श्रिमालर्क्षवः ॥ २६॥ ইতি শ্রীসার্বভৌগবিরচিতং শ্রীমন্নিতানন্দনামা**রোভর**

শতং সমাপ্তং। ওঁ তৎ সং।

এএ মান্ত্র নীলাচল-লীলা।

প্রথম খণ্ড।

whiten

প্রথম অধ্যায়

-:::-

শ্রীলীলাচলের পথে,—শ্রীকৃষ্ণ চৈতন্য মহাপ্রভূ।

-:0:--

এই মতে মহাপ্রভু চলি যায় পথে। যেখানে যে দেবস্থল দেখিতে দেখিতে॥ রহি রহি যায় প্রভু প্রতি গ্রামে গ্রামে। নর্ত্তন করিয়া দ্ব দেবতার স্থানে॥

শ্রীচৈত শুমকল।

শীক্ষে চৈত্রত মহাপ্রভ্ লীলাচলের পথে চলিয়াছেন। ক্ষেপ্রেমে উন্নত হইয়া তাঁহার আজাফুলম্বিত বাহু যুগল উদ্ধে উত্তোলন করিয়া মধ্যে মধ্যে হুকার গৃজ্জন করিয়া তিনি হরিধ্বনি করিতেছেন। তাঁহার গগনভেদী উদ্ধি কণ্ঠম্বর সর্ব্বাঞ্জ হইতেছে। তাঁহার দেখাদেখি দর্ব্বাঞ্জ কর্মবিলাক হরিনাম করিতেছে। ভ্বনমন্দল হরিনামে চতুর্দিক পূর্ণ ইইতেছে। প্রেমোনত প্রভ্ লোকালয় পরিত্যাগ করিয়া বনপথে চলিয়াছেন। শীনিত্যানলপ্রভূ

এবং সন্যান্য অন্থরস ভক্তবৃন্দ ১) তাঁথার সংক্ষই আছেন।
প্রভু কথন কথন উদ্ধবিত্ত হইয়া প্রেমানন্দে মধুর নয়নরঞ্জন নৃত্য করিতেছেন। প্রেমাবেশে তাঁহার সর্বর অস্প
টলমল করিতেছে। তিনি যেন মার চলিতে পারিতেছেন
না। ঠাকুর লোচনদাদ প্রভুর তাৎকালিক প্রেমবিকাশাবস্থার ভাবটি অতি স্কলের বর্ণনা করিয়াছেন,—যথা
শ্রীচৈতন্য মঞ্লে;—

প্রেমায় বিহবল প্রাকৃ চলি যায় প্রে।

টলমল করে তক্ত্ব না পারে ই।টিতে ।

কলে শীঘ্রগতি ধায় সিংহ পরাক্রমে।

কলে জ্বার দেই ভাকে ঘনে ঘনে ।

কলে নাচে কলে গায় সকরণ কান্দে।

কলে নালসাট মারে প্রেমার উন্নাদে।

অরণ নয়নে জলধারা অবিরল।

প্রেমের আবেশে প্রভূ চলিলা সম্বর ।

কলে অট্ট অট হানে দাড়াইয়া রহে ।

কলে অট্ট অট হানে দাড়াইয়া রহে ।

প্রভূ দোলধাত্রার সময় শীপুরুষোত্তমক্ষেত্রে পৌছিয়া

নিত্যানন্দ গদাধর মুকুল গোবিলা।
 সংহতি জগদানন্দ আর একানন্দ।। চৈঃ ভাঃ

শীজগন্ধাথদেবের পূস্পদোল দর্শন করিবেন, এই তাঁংরর মনের বাসনা,—এই আনন্দে বিভোর হইয়া চলিয়াছেন। তাঁহার আহার নিজার প্রতি কোন লক্ষ্যই নাই,—বিশ্রামের তিনি ধার ধারেন না। যদি কোন আহারীয় জব্য দম্মুধে দেখেন,—অনিবেদিত বলিয়া তাহা গ্রহণ করেন না। ভক্তবৃদ্ধ অতি কটে প্রভূকে হই তিন দিন অন্তর একদিন ভিক্ষা করান। তিনি সমন্ত রাত্রি জাগরণ করিয়া হরিনাম কীর্ত্তন করেন (১)। যখন পথ চলেন তখন শ্রীবদনে এই শ্লোক উচ্চৈংখরে বলিতে বলিতে মন্ত্র দিংহগতিতে চলেন।

"রাম রাঘব রাম রাঘব রাম রাঘব রক্ষ মাম্। কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব পাহি মাম ॥"

প্রভু অনেক দ্র বনপথে আদিয়া পড়িয়াছেন। সঙ্গী ভক্তবৃন্দও অভিকরে তাঁহার দকে চলিয়াছেন। তাঁহাকে ফিরাইয়া লোকাল্যে সইয়া যায় কাহার সাধ্য ? বনের বাাআদি হিংল্র জ্বন্তুকে দেখিয়া হিংসার্ত্তি ত্যাগ করিয়া তাঁহার অপূর্ক জ্যোতিপূর্ণ শ্রীমৃত্তির প্রতি চাহিয়া ভাত্তিত হইয়া দাঁড়াইয়া আছে, তাহাদের দেখিয়া সঙ্গীগণের মনে বড় ভয় হইভেছে। তাঁহারা হিংল্র পশুদ্দিগের এইরূপ আশুর্কা ভাব দেখিয়া মন্ত্রমুক্ষরৎ হইয়াছেন। শ্রীপাদ কবিকর্ণ-শুর গোকামী লিখিয়াছেন:—

আন্তর্যাৎ প্রাগহহ গহনং গ্রাহমানে রখনাং পড়ো দ্বীপিধিরদ মহিষা গগুকাশ্চণ্ডকায়াঃ।

- (>) বদি বা কথন ভক্ষা উপাসর হর।

 নিবেদিত নহে বলি কিছুই না লর।।

 অনেক বতনে ছুই তিনে করে ভিক্ষা।

 লোক অসুগ্রহ সে প্রকাশে লোকশিকা।।

 সব নিশি জাগরণ লয় হরিনাম।
 ভাকিয়া কহরে এই লোক ভাগাম।। চৈঃ সং
- (২) লোকার্থ। পূর্কাকালে রবুপতি শ্রীরামচন্দ্র অরণ্যে ট্রামন করিলে বে সকল সুহৎ বৃহৎ ব্যাজ, হস্তী, মহিব ও গঞার প্রভৃতি হিংল্র জন্তগণ উাহার বিষম কোণও অন্তে তীত হইরা দুরে পলারন করিয়াছিল, তাহারা, এক্সনে শ্রীচৈতভাচন্দ্রের রূপমাধুরীন লোশসাত্র অনুভব করিয়াই ভার ইইরা রহিরাছে, ইহা প্রতীব আশ্চণ্ডের বিষয়।

তৎকোদণ্ড প্রতিভয়হতা চ্চ্জুবুর্যোত এতে যুমাধুর্য্য ক্রবল বলভঃ স্তর্ভামেব দুঞঃ॥ (২)

একণে ইচ্ছাময় স্বতম্বস্তাব প্রীকৃষ্ঠ হতন্যপ্রস্থ বনপথ অতিক্রম করিয়া প্ররায় রাজপথে আদিয়া পড়িলেন। তাহার পক্ষে উভয়ই সমতুলা। দোলধাত্রা উপলক্ষে প্রক্রেদলে দলে যাত্রী যাইতেছে। প্রস্থ প্রীলীলাচলে যাইতেছেন শুনিয়া তাহারা প্রমানন্দে তাঁহার সঙ্গ লইল।

একদিন রিক্সা প্রভু তাঁহার অন্ত্র সঙ্গীদিগের সহিত পথে একটু রঙ্গ করিলেন। সকলকে ডাকিয়া তিনি হাসিয়া জিজ্ঞাসা করিলেন, "তোমাদের সঙ্গে কি আছে, গৃহ হইতে পথের সন্থল কে কি লইয়া আসিয়াছ তাহা অকপটে আমাকে বল"। সকলেই কর্যোড়ে উত্তর করিলেন, "প্রভু হে! তোমার আদেশ ভিন্ন কোন অ্বা সঙ্গে লইতে আমাদের কাহারও কোন শক্তি নাই। আর কাহারও জিছু দিবারও অধিকার নাই। আমাদের সঙ্গের সন্ধল এক মাত্র হোমার চরণক্মল" (১)। প্রভু ইহা শুনিয়া বড়ই আনন্দিত হইলেন। এই উপলক্ষে প্রভু ভক্তবৃদ্ধকে কিছু ভক্তবৃদ্ধকা দিলেন। তিনি হাসিয়া কহিলেন,—

— কাহারো যে কিছু না লইলা।
ইহাতে আমার বড় সস্তোষ করিলা ॥
তেলাক্তব্য অদুষ্টে থাকে যে দিনে লিখন।
অরণ্যেও আদি মিলে, অবশু তথন ॥
প্রত্ যারে যে দিন বা না লিখে আহার।
রাজ প্র হই তভো উপবাস তার॥
থাকিলেও খাইতে না পারে আজ্ঞা বিনে।
অক্সাথ কন্দল কর্মে কারো সনে॥

(২) পথে প্রতু পরীক্ষা করেন সভা প্রতি।

কি সথল আছে কছ কাছার সংহতি।

কেবা কি লিগাছে কারে পথের সখল।

নিচপটে মোর ছানে কহত সকল।

সতে বোলে প্রসু বিনা তোমার আন্দার।

কার ক্রব্য গেতে শক্তি আছে বা কাছার। বিচঃ তাঃ

জোধ করি বোলে মৃত্রি না থাইমু ভাত।
দিব্য করি রহে নিজ শিরে দিয়া হাথ॥
অথবা দকল জব্য হৈল বিদ্যানান।
আচদিতে দেহে জর হৈল অহিষ্ঠান॥
জর বেদনায় কোথা থাকিল ভক্ষণ।
অত্রব ঈশরের ইচ্ছা দে কারণ॥
ত্রিভূবনে কৃষ্ণ দিয়াছেন অন্নসত্র।
ঈশরের ইচ্ছা থাকে মিলিব সর্বত্ত।
উপারের ইচ্ছা থাকে মিলিব সর্বত্ত।

সর্বেশ্বর সর্বাণক্তিমান এীত্রীগৌরচন্দ্র এইরূপে তাঁহার ভক্তবুলকে ঈশ্বরে নির্ভরতা শিক্ষা দিয়া পুনরায় পথে ৰাহির হইলেন। তিনি প্রেমানন্দে মধুর নৃত্যকীর্তন করিতে করিতে আটিদার। গ্রামে আদিয়া উপস্থিত হইলেন। এই গ্রামে শ্রীষনন্ত পণ্ডিত নামে এক সৌভাগ্যবান সাধ বাস করিতেন। তাঁহার গৃহে আসিয়া প্রভু সন্ধ্যাকালে অভিথি হইলেন। শ্রীঅনম্ভ পণ্ডিত ভক্তিপথের পথিক,—পরম উদার প্রকৃতি সাধু। স্বগণসহ প্রভবে অতিথিরপে পাইয়া তিনি পরমানন্দ লাভ করিলেন। সর্ব্যপ্রকার ভিক্ষার দ্রারা সংগ্রহ করিয়া তিনি সঙ্গী গণের সহিত প্রভুকে ভিকা করাইলেন। সমাাসীর ধর্ম যে ভিক্ষালে জীবিকা নির্বাহ করা, প্রভূ তাঁহার এই কার্য্যে সকলকে শিক্ষা দিলেন। সে দিনে সমস্ত রাত্রি প্রভূ ক্লফক্থা প্রসঙ্গে অভিবাহিত করিলেন। (১) পরদিন প্রাতে অনস্ত পণ্ডিতের প্রতি ক্রপানৃষ্টি করিয়া প্রভূ গন্ধার তীরে তীরে অভিযাতা, পাণিহাটী, বরাহনগর হইয়া চলিলেন। তৎকালে পতিতপাবনী গঙ্গাদেবী কলিকাতার দক্ষিণে কালীঘাট হইয়া বাক্ষইপুর প্রভৃতি স্থান দিয়া ভারমণ্ডহারবারের সন্ধিকট মণুরাপুর হুইয়া শতধারারপে

(১) সেই আটিদারা প্রামে মহা তারাবান। আছেন পরম সাধু জীজনত্তনাগ।। স্থিলেন আসি এ-ডু গৌহার আলয়। কি কাইব কার ডার ভাবা দম্দের।। (১৮ ভাঃ সমূত্রে পড়িয়াছিলেন। প্রভূ এইপথে মথ্রাপুরের সন্ধিকট অমুলিক স্থান ছত্তভোগে গিয়াছিলেন। (২)

এই ছত্রভোগ তীর্থের কথা শ্রীচৈতত্ত ভাগ**রতে এইরূপ** লিখিত খাড়ে,—

> সেই ছত্তভোগে গঙ্গা হই শত স্বৰী। বহিতে আছেন সর্ব্ব লোকে করি স্থথী। জলময় শিবলিক আছে দেইস্থানে। অম্বলিঙ্গ ঘাট করি বোলে সর্বা জনে॥ অম্বলিক শহর হইলা যে নিমিত। সেই কথা কহি শুন হই একচিত্ত॥ পুর্বের ভগীরথ করি গঙ্গ। আরাধন। গঙ্গা আনিলেন বংশ উদ্ধার কারণ। গঙ্গার বিরহে শিব বিহবল হইয়া। শিব আইলেন শেযে গঞ্চা স্মঙ্রিয়া॥ গদারে দেখিয়া শিব সেই ছত্তভে:গে। বিহবল হইয়া অতি গঙ্গা অন্ধরাগে ॥ গঙ্গা দেখি মাত্র শিব গঙ্গায় পডিল। জলরূপে শিব জাহবীতে মিশাইল। জগনাতা জাহবীও দেখিয়া শহর। পজা করিলেন ভক্তি করিয়া বিশুর॥ শিব সে জানেন গঙ্গা-ভক্তির মহিমা। গঙ্গাৰ জানেন শিব-ভক্তির যে সীমা॥ গঙ্গাজল স্পর্শে শিব হইলাজলময়। গঙ্গাও পাইয়া শিব করিলা বিনয়॥ জলরূপে শিব রহিলেন সেই স্থানে। व्यञ्चनिक घाँठ दिन दिशस्य मर्द्यकत्न।

⁽২) ছত্রভোগ। ২৪ প্রগ্না জেলার পূর্ববঙ্গ রেলের দক্ষিণ শাগার মধ্যে সগরা প্রেসন হইতে ৬।৭ কোশ দূরে জরনগরের মিকট এই গ্রাম অবস্থিত। ইহাকে কেহ কেহ গাড়ি বলেন। ছত্রভোগে বৈজুকা নাম শিব্যাস আছেন, সেধানে চৈত্র কুকাপতিপদ ভিণিতে মণ্যা দেলা হয়। এখন এখানে গলা শাই।

গঙ্গাশিব প্রভাবে সে ছত্তভোগ গ্রাম। হইলা প্রম ধন্ত মহাতীর্থ নাম॥ তথিমধ্যে বিশেষ মহিমা হইল আরে। পাইয়া চৈত্তভক্ত চরণ বিহার॥

ছত্রভোগের অম্বলিঙ্গ ঘাটে গিয়া প্রভূ শতহুথী গঙ্গাদর্শন করিয়া আনন্দে বিহ্বল হইলেন। তিনি প্রবল প্রেমাবেশে ছঙ্কার গর্জন করিয়া অবিরত হরিহরি ধ্বনি করিতে লাগিলেন। প্রেমানন্দে নৃত্য করিতে করিতে ভূমিতে আছাড় খাইয়া পড়িতে লাগিলেন। খ্রীনিত্যানন্পপ্রভূ चमनि छाँशास्क त्कारफ छेठाहेशा नहेलन। मन्नी ज्कुनन লইয়া প্রভু প্রেমানন্দে অমুলিঙ্গ ঘাটে স্নান করিলেন। তাঁহাদের সঙ্গে ভক্তবংসল প্রভু জলকীড়া-লীলারস করিলেন। তিনি ধখন স্থান করিয়া তীরে উঠিলেন গোবিন্দ বহিবাদ পরিবর্ত্তন করিতে দিলেন। প্রভূ শুক ষদন পরিধান পূর্বক তীরে দাঁড়াইয়া শতমুখী গঙ্গার অপুর্ব্ব শোভা দেখিতে লাগিলেন। তাঁহার প্রেমবিগলিত নম্নধারায় পুনরায় শুক বসন সিক্ত ইইল, পুনরায় গোবিন্দ মুত্র বহির্বাস দিলেন। প্রভুর নয়ন কমল হইতে দরদ্বিত প্রেমাঞ্চধারা পড়িতেছে। যে বস্ত্র তিনি পরিধান করেন তাহাই তাঁহার নম্মজলে আর্দ্র ইয়া যায়।

"ষ্টেই বক্ত পরে সেই ভিতে প্রেম জলে।"

পৃথিবীতে গঙ্গা শতম্থী ইইয়াছেন আর প্রভ্র নয়নের ধারাও শতমুণী ইইয়া তাঁহার প্রদর বক্ষঃস্থল বহিয়া জ্মিতলে পতিত ইইতেছে। ইহা অতীব ক্ষমর দৃশু। প্রভ্র মহাভাগ্যবান সঙ্গীগণ এই অপ্র দৃশু দেখিয়া মৃত্ মৃত্ হাসিতেছেন, আর প্রভ্র শ্রীচন্দ্রবদনের প্রতি নির্মিষ নয়নে চাহিয়া আছেন (১)। প্রভ্ নির্পাদ

(১) স্থান করি মহাপ্রভু উঠিলেন কুলে।

যেই বন্ধ পরে সেই ভিডে প্রেম জলে।।

পৃথিবীতে বহে এক শতমুগী ধার।

প্রভুর নয়নে বহে শত মুখী আরে।।

অপূর্ব দেখিলা হাসে সতে ভক্তগণ।

হেন মহাপ্রভু গৌরচজ্যের কুলন।। তৈঃ ভাঃ

ভাবে জড়বং স্থির হইয়া দাঁড়াইয়া শতমূবী অঞাধারায় দর্মান্স বিভূষিত করিয়া শতমুখী গলার অপূর্ব শোভা দর্শন করিতেছেন। এই সময়ে সেই গ্রামের অধিকারী বা জ্মিদার রামচন্দ্র খান দৈব যোগে দেখানে আদিয়া উপস্থিত इहेलन । जिनि विषशी लाक, लालाग्र चारताहन कतिश যাইতেছিলেন। প্রভুর অপুর্ব জ্যোতির্ময় এীমূর্টি দর্শন করিয়া দোলা হইতে অবতরণ করিয়া তাঁহার নিকটে গিয়া ভূমিবিলুঞ্জিত হইয়া দশুবং প্রণাম করিলেন; প্রভুর কিন্তু বাহুজ্ঞান নাই। তিনি প্রেমানন্দে বিভোর হইয়া গ্রশাদর্শন করিতেছেন, নয়নজ্ঞে বক্ষ ভাগিয় যাইতেছে। মধ্যে মধ্যে "হা জগলাথ! হা নীলাচলপতে!" বলিয়া উচ্চৈঃম্বরে করুণ ক্রন্সন করিতেছেন আর ভূমিতলে পতিত হইয়া ধুলায় গড়াগড়ি দিতেছেন। রামচক্র থানের ভাগা স্থপ্রসয় হইয়াছে। তিনি প্রভুর অপরণ রূপ দেধিয়া একেবারে মন্ত্রমুগ্ধ হইয়া পড়িয়াছেন। প্রভুর **অপূর্ক** আর্ত্তিপূর্ণ দৈত্যোক্তি ভূনিয়া রামচক্র থানের হৃদয় যেন বিদীর্ণ হইয়াগেল। তিনি কান্দিতে কুঁান্দিতে মনে মনে চিস্তা করিতে লাগিলেন-

"কোন মতে এ আঠির হয় দম্বরণ।"

প্রভ্র সমুথে করবোড়ে তিনি দাঁড়াইয়া আছেন;
প্রভ্ আপন ভাবে বিভার আছেন। এইরপে কিছুলণ
অতিবাহিত হইল। সর্ব্বজ্ঞ প্রভ্ রামচক্র থানের প্রতি
শুভদৃষ্টিপাত করিয়া কহিলেন "কে তুমি?" সমন্ত্রমে
করবোড়ে রামচক্র থান উত্তর করিলেন "প্রভূ! এ অধম
আপনার দাসাহদাস।" উপস্থিত সর্ব্বলোকে প্রভূতেক
কহিল "ইনিই দক্ষিণ রাজ্যের অধিকারী।" প্রভূতথন
রামচক্র থানের প্রতি করুণ-রূপাদৃষ্টি করিয়া গদগদম্বরে
কহিলেন "তুমি বড় ভাল অধিকারী। আমি নীলাচলে
যাহাতে শীল্প যাইতে পারি ভাহার বন্দোবন্ত করিতে পার
কি " এই কথা বলিতে বলিতে প্রভ্র কমল নমন দিয়া
দম্মারিত আনন্দাশ্রধারা প্রবাহিত হইল, এবং তিনি "হা
নীলাচলক্র।" বিলয়া ভূমিতলে পত্তিত হইলেন।

(১) রামচক্র ঝান প্রাভ্র চরণতলে নিপতিত হইয়া অতি বিনীতভাবে কর্যোড়ে নিবেদন করিলেন—,

> ——— "⇔ন মহাশ্য । যে আজা ভোমার দেই কর্ত্তব্য নিশ্চয়।। সভে প্রভু হইয়াছে বিষম সময়। বে দেশে এ দেশে কেছে। পথ নাহি বয়।। রাঞ্চারা ত্রিশূল পুতিয়াছে স্থানে স্থানে। পথিক পাইলে জান্ত বলি লয় প্রাণে॥ কোন দিক দিয়া বা পাঠাও লুকাইয়া। তাহাতে ডরাও প্রভু শুন মন দিয়া॥ মুক্তি দে রক্ষক এথাকার মোর ভার। লাগালি পাইলে আগে সংশয় আমার।। তথাপিও যেতে কেন প্রস্ত মোর হয়। যে তোমার আজা তাহা করিমু নিশ্চয়।। যদি মোরে ভূত্য হেন জ্ঞান থাকে মনে। তবে এখা ভিক্ষা আজি কর সর্ববগণে। জাতি প্রাণ ধন কেনে মোহোর না যায়। আজি রাত্তি তোমা পাঠাইমু সর্বাথায়। চৈ: ভা:

প্রভ্রামচন্দ্র থানের কথা শুনিয়া মনে মনে সবিশেষ
আনন্দিত হইলেন! তাঁহার প্রতি শুভ রূপাদৃষ্টিপাত
করিবামাত্র তিনি ভববন্ধন হইতে মৃক্ত হইলেন। প্রভ্রেস
দিন সেখানে একটি আহ্মণের আশ্রমে অতিথি হইলেন।
ভাগ্যবান বিপ্র প্রভুর জন্ত ভক্তিপ্রতিত্তে রন্ধনাদি

(২) কিছু দ্বির হই বৈকুঠের চূড়ামণি।
রামচন্দ্র থানে জিজাদিলেন কে তৃমি।।
সন্ত্রম করিরা দণ্ডবৎ কর্মে।
বোলে প্রভু দাস অমুদাস মৃক্রি ভারে।।
ভবে শেবে সর্কলোক লাগিলা কহিছে।
এই আধিকারী প্রভু বক্ষিণ রাজ্যেতে।।
প্রভু বোলে তুমি অধিকারী বড় ভাল।
লীলাচলে আমি যাই কেমনে সকাল।।
বহুরে আনন্দ্র ধারা কহিছে কহিতে।
লীলাচলক্র বলি পড়িলা ভূমিতে।। ১৪ ভাঃ

করিলেন। প্রভু নামমাত্র ভোজনে বসিলেন। তাঁহার প্রেমানন্দে তিনি আহার করিবার অবসর নাই। দিবানিশি হরিনামায়তরসে মগ্ন,কেবলমাত্র দক্ষী ভক্তরুন্দের মনস্তৃষ্টির জক্ত একবারমাত্র আহারে বদেন। যে দিন হইতে প্রভু শ্রীনীলাচল যাত্রা করিয়াছেন, সে দিন হইতে তিনি নাম্মাত্র ভোজন করেন। এ শ্রীনীলাচলচন্দ্র দর্শনাশায় তিনি প্রেমানলরসে নিশিদিন মগ্ন থাকেন। কিবা রাজি কিবা দিন, কি জল, কি স্থল, কি অরণ্য, কি লোকালয় কিছুই তাঁহার জ্ঞান নাই। প্রভুসর্বদাই প্রেমামৃতরদে ভূবিয়া আছেন। সে দিন রাত্তিতে বিপ্র-গৃহে ভিক্ষা করিতে বসিয়া "জগন্ধাথ আর কতদূর" বলিয়া প্রভু উন্নতের লায় উঠিয়া ভঙ্কার গর্জন করিতে লাগিলেন। তাঁহার শ্রীবদনে কেবলমাত্র ধ্বনি ''জগন্ধাথ আর কতদূর''! প্রভুর ভাব বুঝিয়া মুকুন্দ কীর্তনের হুর ধরিলেন, আর প্রভূ মধুর নৃত্য করিতে আরম্ভ করিলেন(১)। ছত্তভোগবাসী ভাগ্যবান নরনারী প্রভুর অপূর্ব নৃত্যবিলাস দর্শন করিয়া প্রেমানন্দে বিহ্বল হইল। ভাবনিধি প্রভুর ভাবসমূদ্র একেবারে উথলিয়া উঠিল। তাঁহার শ্রীঅঙ্গে অষ্ট্রদাত্তিক ভাবের লক্ষণ সকল দৃষ্ট হইল। ভান্তমাদের গঙ্গার মত তাহার কমল নয়ন হইতে প্রেমাশ্রধারা প্রবাহিত লইতে লাগিল। প্রভুষ্থন পাক দিয়ানুতা করিতে লাগিলেন ठाँहात नग्रनशातात जल्ल प्रकल्लेहे (यन झान कतिल्लान. এরপ বলিয়া বোধ হইল (২)। এ কথা যেন কেহ অবিশাস ना करतन। खैरगीतात्रनीना निशृष् तरुख्यपूर्व। नतीयात्र শ্রীগোরাকফুন্দর বহু অলোকিক লীলারক অবতার

⁽১) আবিই হইল প্রভু করি আচমন।
কতদুর লগমাধ বোলে গনে গন।
মুকুল লাগিলা মাত্র কীর্তন করিতে।
আরম্ভিলা বৈক্ঠের ঈবর নাচিতে।। তৈঃ ভাঃ

⁽২) কিবা অভ্ত নয়নের প্রেমধাব । ভাসুমানে যে হেন গঙ্গার অবভার ।। পাক দিরা নৃত্য করিতে যে ছুটে জল । ভাহাতেই লোক মান করিল সকল ।। ১চঃ ভাঃ

করিয়াছেন। তিনি প্রেমাবতার,—প্রেমাশ্রু তাঁহার অপুর্বন প্রেমতাবের নিদর্শন। অস্তু কোন অবতারে প্রীভগবান তাঁহার নিজ গুগুবিত্ত গোলোকের সম্পত্তি প্রেম প্রকাশ করেন নাই। একমাত্র প্রীগোরাক অবতারে প্রীভগবান কলিহত জীবের অশেষ কল্যাণ হেতু গোলোকের সম্পত্তি অম্লা প্রেমধন বিতরণ করিতে নদীয়ায় শচীগর্বে উদয় হইমাছিলেন। এই জন্তুই তাঁহাকে ঋষিমহাজনগণ প্রেম-অবতার আখ্যা দিয়াছেন।

ইহারে যে কহি প্রেমময় অবভার। এশক্তি চৈত্যুচক্র বিনে নাহি আর ॥ চৈ: ভা:

এইরূপ নৃত্য কীর্ন্তনানন্দে দে দিন রাত্তি তৃতীয় প্রহর অতীত হইল। প্রেমানন্দে সকলেরই বাহজান লপ্ত হইয়াছে। কণকালের মধ্যে যেন রাত্তি তৃতীয় প্রহর অভীত হইয়া গেল.—এরপ সকলের বোধ হইল। এই রাত্রি ততীয়প্রহরের সময় দক্ষিণদেশের অধিকারী রামচক্র ধান আদিয়া প্রভুর চরণে দণ্ডবং প্রণাম হইয়া কর্যোড়ে নিবেদন করিলেন, "প্রভু। ঘাটে নৌকা প্রস্তত"। তৎক্ষণাৎ প্রভু জীহরি শ্বরণ করিয়া একেবারে ছুটিয়া নৌকার উপর উঠিলেন। তাঁহার সঙ্গীগণও তাঁহার সঙ্গে চলিলেন। অক্তান্ত সকলের প্রতি প্রাভু শুভ দৃষ্টিপাত করিয়া ভাহাদিগকে সাহাত বদনে বিদায় দিলেন। বামচন্দ্র খানকে প্রভু প্রেমালিঙ্গনদানে কুতার্থ কবিশেন। তিনি अञ्चल भोकाम छेठाहेम निमा वान कत साम छेटेक: यद কান্দিতে লাগিলেন। যতক্ষণ প্রভুর নৌকা দেখা গেগ ভতকণ ভিনি একদৃষ্টে ভাঁহার প্রতি সভৃষ্ট নয়নে চাহিয়া রহিলেন। রামচন্দ্র থান শ্রীগোরাঙ্গপদে দেই দিন হইতে সম্পূর্ণ আত্মদমপ্র করিলেন।

প্রজুনৌকায় উঠিয়াই মৃকুন্দকে কীর্ত্তন করিতে আজ্ঞা দিলেন। রাত্মিকাল; চতুর্দিক নিস্তন্ধ,—তর্ম্বায়িত নদী-বক্ষে তর্ণী নিঃশব্দে চলিয়াছে। নাধিকগণ সর্কাণ সশক্ষিত, কথন কি হয়; কারণ দে সময় চতুর্দিকে দহ্য ভয়। যবন রাজার সৈক্ষ জলে ফুলে সুর্বত্ত ঘাঁটি বাঁধিয়া আছে। প্রভু এইরূপ সময়ে মুকুন্দকে কীর্ত্তন করিতে আছা দিলেন। অবোধ নাবিক ভবকর্গধারকে চিনিতে না পারিয়া দহ্যভয়ে একান্ত ভীত হইয়া প্রভু ও তাঁহার ভক্তব্নের চবণে কর্যোতে নিবেদন করিল—

নাবিকের এই শহাজনক কথায় সন্ধীগণ সকলেই
শহায়িত হইলেন। সকলেই ভয়ে ভীত হইয়া সর্বভয়হারী
শ্রীগৌরাঙ্গভগবানের শ্রীবদনের প্রতি কাতরনগনে চাহিলেন,
ভক্তবংসল প্রভু তথন কিঞিং ঐশ্বর্গ দেখাইয়া কি
কবিলেন, ভয়ন—

ক্ষণেকে উঠিল। প্রভু করিষা ভর্কাব।
সভাকে বোলেন "কেন ভয় কর কাব।।
এই না সম্মুখে স্থদর্শন চক্র ফিবে।
বৈষ্ণবন্ধনের নিরবধি বিশ্ব হরে।।
কিছু চিস্তা নাই কর কৃষ্ণ-সন্ধার্তন।
বেহারা কি না দেখ হের ফিবে স্থদর্শন।। চৈঃ ভাঃ

প্রান্থর আখাদ বাণী পাইয়া ভকর্ন উচ্চ হরি সংকীর্তন আরম্ভ করিলেন। রাত্রি কালে নদীগর্ভে নৌকার উপর গগনভেদী ভূবনমণ্ডল হরিসংকীর্তন ধ্বনি নৈশ আকাশের চতুদ্দিকে পরিব্যাপ্ত হইল। প্রভূ ভকর্ন্স সহ নৌকার উপরে উদ্ভ নৃত্য করিতে লাগিলেন। তাঁহার হুমারগর্জনশদে আকাশ প্রিপূর্ণ হইল। মধ্যে মধ্যে তিনি হুমার করিয়া ভকর্নদকে কহিতেছেন,—

"নিরবধি স্থদর্শন ভক্তে রক্ষাকরে। যে পাপিষ্ঠ বৈঞ্চবের পক্ষ হিংসাকরে। স্থদর্শন জন্নিতে সে পাপী পুড়ি মরে॥ বিষ্ণুচকে স্থদর্শন রক্ষক থাকিতে।

কার শক্তি আছে ভক্তজনেরে লজিতে।" চৈ: ভা: প্রভুর এখন ভগবানভাব। ভক্তবৃন্দ কীর্ত্তন সমাপ্ত রিয়া ক্রযোড়ে প্রভুর তবে ক্রিতে লাগিলেন। প্রভু াত্ম সম্বরণ ক্রিয়া তাঁহাদিগের সহিত পুনরায় মধ্র নৃত্য ীর্ত্তনরদে মগ্ন ইইলেন।

এইরপে নৌকাযোগে সংক্ষীর্তন যজেবর প্রীশ্রীগোর गर्वान मक्षीर्जनतकत्राम উनाउ रहेशा उरकन अरमरम াসিয়া উপস্থিত হইলেন। কটকের প্রয়াগ ঘাটে গিয়া । ভূর নৌক। লাগিল। দমীর্ত্তন করিতে করিতে প্রভ । জনসহ কটকনগরে প্রবেশ করিলেন। **এ**ইনীলাচল জ্রের উদ্দেশে তিনি সেখানে ভূমিবিল্ঞিত হইয়। পরিকরে দণ্ডবৎ প্রণাম করিলেন। সেধানকার গঙ্গাঘাটে ান করিয়া যুধিষ্ঠির কর্তৃক স্থাপিত মহাদেবের মন্দিরে বেশপুর্বক শিবলিম্বকে দণ্ডবং প্রণাম করিলেন। অপূর্ব প্রমানন্দে বিভোর হ'য়া প্রভু দেখানে কিছকণ নতঃ ীর্ত্তন করিলেন। তাঁহার অপুর্ব নৃত্যভঙ্গী দেখিয়া গরবাসী সকলেই তাঁহার চরণে পতিত হইয়া কুপা ভিকা রিলেন। এথানে প্রভূ দঙ্গীগণকে রাখিয়া গ্রামের মধ্যে कांकी जिकाय वाहित इटेलन: अभी जलकुन महन ইতে চাহিলেন, কিন্তু প্রভু নিষেধ করিলেন। এই ধ্ব্যে জগতগুরু শ্রীকৃষ্ট্রতি প্রতু স্বয়ং আচরণ করিয়া ঢাদীর ভিক্ষধর্ম শিকা দিলেন। ওড়দেশবাসী াগ্যবান গৃহস্থগণের আছে বড় ভড দিন। ত্রিজগতপতি াং ভগবান আজ ভিখারির বেশে তাঁহাদিগের ঘারে কার ঝুলি হত্তে করিয়া শ্রীবদনে "হরেরুফ হরেরুফ ° র নাম করিয়া ভিক্ষা করিতে আসিয়াতেন। সন্ন্যাসীর শে আজ পূর্ণত্রিদানতেন তাঁহাদিগের বারে দণ্ডায়মান। নে রূপের সন্মানী ত কেহ কথন দেখে নাই। যাঁহার হ প্রভু গমন করেন, তিনিই তাঁহাব অপুর্ব জ্যোতিশ্ব রাশি দেখিয়া বিস্মিত ও মুগ্ধ হন। প্রভু নিজ ট্রাসের অঞ্চল পাতিয়া ঘারে ঘারে ভিক্ষা করিতে

লাগিলেন। ততুল এবং উত্তম উত্তম ওক্ষ স্তব্য যাঁহার গৃহে যাতা ছিল সম্বর আনিয়া সকলে প্রভুর অঞ্চলে দিয়া কুতার্থ হইলেন (১)। ঠাকুর বুদাবিন দাস লিথিয়াছেন,—

জগতের অন্নপূর্ণা যে লক্ষীর নাম।

দে লক্ষী মাগেন যাঁর পাদ পদ্মে স্থান।

হেন প্রতু আপনে সকল ঘরে ঘরে।

ক্যাসীরূপে ডিক্ষা ছলে জীব ংক্ত করে।

কলিছত অধম জীবোদ্ধার করিবার জন্মই প্রভুর এই কপট সন্ধাদ বেশ ধারণ। শ্রীগোরাকপ্রভু কলির প্রচন্ধ অবভার। কলির অধম জীব তাঁহার বড় প্রিম। অধম-ভারণ, দীনশরণ শ্রীগোরাকপ্রভু কলিছত জীবের উদ্ধার কর্তা। শ্রীগোরাকপ্রভু ভিন্ন তাঁহাদিগের উদ্ধার করিবার আর কেহ নাই। কলির জীবের একমাত্র উপাশ্র শ্রীগোরাক। ভিনি যুগাবতার এবং যুগধর্ম প্রবর্ত্তক। কলিযুগের অবভার শ্রীশ্রীগোরাক্ষচন্দ্র,—কলিযুগের ধর্ম হরিনাম সন্ধীর্ত্তন। ইহা শান্ত বাক্য (২)।

প্রভূ ভিক্ষা সমাপন করিয় যথায় ভক্তবৃন্দ তাঁহার অপেক্ষায় বসিয়া আছেন,—দেখানে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহার ভিক্ষালয় নানাবিধ ভক্ষান্তব্যাদি দেখিয়া ভক্তবৃন্দ হাসিতে হাসিতে প্রভূকে কহিলেন

^(:) এক দেবস্থানে প্রভূ ধুইরা সভারে।
পাপনে চলিলা প্রভূ ভিক্ষা করিবারে।।
যার খরে বিধা প্রভূ উপসর হয়।
সে বিগ্রাহ দেখিতে কাহার মোহ নয়।।
প্রাচল পাতেন প্রভূ প্রীগোরস্কর।
সভেই ভঙ্গ আনি দেরেন সহর।।
ভক্ষায়বা উৎকৃত্ত বে ধাকে যার ঘরে।
সভেই সন্তোবে আনি দেরেন প্রভ্রা। চৈঃ ভাঃ

 ⁽২) কলি ঘোর তমশ্চরান্ সংকানাচার বাজিঃভান্।
 শচীগান্তে চ সম্ভুর তারিছিয়ামি নারদ।। বাসন প্রান।
 হরের্ণাম হরেন্ মি হরেন্থিয়ে কেবলং।
 কলৌ নাজ্যের নাজ্যের নাজ্যের গতিরক্ষণা।। বুহুৎ নার্দীর পুরান।

"প্রভু হে ! ভূমি আমাদিগকে প্রভিপালন করিতে পারিবে।"

> ভক্ষ্যক্রব্য দেখি সবে লাগিল হাসিতে। সভেই বোলেন প্রভু পারিবা পুষিতে ॥ চৈ: ভা:

করণাময় প্রভূ ইহা শুনিয়া ঈষং হাসিলেন। পণ্ডিত জগদানন্দ প্রভূব অভিশয় প্রিয় অস্তংক ভক্ত। তিনি ভিক্ষালক স্বেয়াদি লইয়া রন্ধনাদি করিয়া প্রভূব ভোগ লাগাইলেন। ভক্তবৃন্দসহ প্রভূ প্রেমানন্দে দেদিন ভোজন করিয়া সর্বরাত্তি দে গ্রামে হরিসন্ধীর্তন করিয়া অভিবাহিত করিলেন।

প্রদিন প্রভাতে প্রভূনিজ্জন সংক পুনরায় সেধান হইতে যাত্রা কবিলেন। প্রেমানন্দে প্রভু বিভোর হইয়া পথ চলিতেছেন। তাঁহার শ্রীবদনে কেবলমাত্র বুলি ''শীলীলাচলধাম আবার কত দূর ?" তিনি হকার গর্জন পুর্বাক মধ্যে মধ্যে উদ্ধাবাছ হইয়া হরিধানি করিতেছেন। পথের লোক তাঁহার অংপুর্ব জ্যোতিপূর্ব শ্রীমঞ্চমাধুরী দেখিয়া প্রেমবিহ্বল চি ত সকলেই প্রভুর অন্তগমন করিতেছে। সংশ্র সহস্র লোক প্রভুর স**ক্ষে গ্রী**নীলাচল ধামে চলিয়াছে। গ্রামের পর গ্রাম, নগরের পর নগর অতিক্রম করিয়া স্থদলবলে প্রভু উচ্চ সংকীর্ত্তন রসবঙ্গে বিহবল হইয়া পথে চলিতেছেন। গ্রামের অধম নীচ পতিত পাষস্তী এবং ত্রাচার অসভ্য পর্বতবাদী পর্যাস্ত করণাময় প্রভুর এীমৃতিদর্শন করিয়া বাষ্পাক্লিত নয়নে তাঁহার চরণতলে নিপতিত হইয়া ভূমিলুঞ্চিত হইতেছে (১)। এইরূপে পথ চলিতে চলিতে এক স্থানে প্রভূ দেখিলেন অনেক যাত্রী একজিত হইয়া বদিয়া রহিয়াছে। তাঁহার। অতিশয় হুঃ খিত ভাবে বসিয়া নীরবে কান্দিতেছে। প্রভু মন্ত্রসিংহগতিতে সেই যাজীদিগের

(>) গ্রামে গ্রামে পটু কপটিনো ঘটপালা য এতে যেহরণ্যানীচর গিরিচরা বাট পাট চরাশ্চ। শক্কাকারা পথি বিচলিতাং তং বিলোক্ত্যেব সাক। দুক্কবাশ্পাঃ খলিত বপুরং কৌপিপুর্টে লুইস্থি।। বৈচ: চঃ বাটক। চলিলেন। তাহাদিগের নিকটে এক হুর্দান্ত দানী (১)
বিসয়া রহিয়াছে। দান না পাইলে যে পথ ছাড়িবে না।
দানী রাজার লোক, বড় হ্রাচার এবং অভ্যাচারী ও
লোভী। দরিক্র নীলাচলযাত্রীদিগের উপর সে বড়
অভ্যাচার করে। প্রভুর অপুর্ব করুণভাবপূর্ণ শ্রীমৃর্টি
দেখিয়া যাত্রীগণ তাঁহার চরণে পড়িয়া উচ্চৈঃখরে কাঁনিতে
লাগিল। করুণাময় আর্ত্তবন্ধু প্রভুর করুণদৃষ্টি তাঁহা।
দিগের উপর পতিত হইল। যাত্রীদিগের মনে বড় সাহস্
হইল। ঠাকুর লোচন দাস লিধিয়াছেন—

প্রভূকে দেখিয়া যাত্রী কান্দে উভরায়।

ত্রাস পাঞা শিশু যেন মায়ের কোল পায়।

দীন বতা জন্ধ সেন দগ্ধ দাবানলে।

সন্তথ্য হইয়া পড়ে জাহুবীর জলে॥

সর্কভিষ্
নারী শ্রীগৌর ভগবানের চরণে তাহারা আ্রান্ত্র গ্রহণ করিল। ককণাময় প্রভু তাঁহাদিগের প্রতি করণ নয়নে চাহিলেন, তৎক্ষণাৎ যেন তাহাদিগের সকল তৃংথ দুর হইল।

প্রভূব সংশ্বও তাঁহার লোকজন আছেন। তাঁহারাও সেখানে দানীর হত্তে পতিত হইলেন। তাঁহারাও নিঃ-সহল। দান না দিলে হুদান্ত দানী কিছুতেই পথ ছাড়িবে না। সকলেই চিন্তিত হইয়া সেখানে বসিগা পড়িলেন। প্রভূব শ্রীঅঙ্গের অপূর্ব তেজ ও জ্যোতি দেখিয়া দানী বিশ্বিত হইয়া তাঁহাকে জিজ্ঞানা করিল 'ঠাকুর। তোমার সঙ্গে কত লোক আছে?" প্রভূ গন্তীর ভাবে উত্তর করিলেন ''লগতে আমার কেইই নাই, আমিও কাহারও নহি,—আমি একা,—আমার হিতীয় নাই একথা তোমাবে

^(:) দানী—রাফাজায় যংহারা রাজপথে যাত্রীদিগের নিকট গুৰ আদায় করে ডাহাদিগকে দানী বলে।

⁽২) জিলাসিল ভোষার কডেক লোক হয়। প্রাভূকহে জগতে আমার কেহো নয়।। আমিহ কাহারো নহি কহিল নিশ্চয়।। এক আমি ছই নাহি স্ক্ৰিণ আমার। ক্ষিতে ন্যনে বহে অবিয়ত ধার।। চৈঃ ভাঃ

মেল নয়ন্ত্য দিয়া দ্রদ্রিত প্রেমাঞ্চ ধারা প্রবাহিত ্ইল। দানী প্রভুর প্রেমময় শ্রীমৃতির প্রতি অনিমেষ য়নে কিছকণ চাহিয়া রহিল। পরে অতিশয় সম্রমের হিত ধীরে ধীরে কহিল ''গোদাঞি ! তুমি যাইতে পার। তামার লোকজনের নিকট দান না পাইলে আমি াড়িয়া দিতে পারিব না'' (১)। প্রভ গোবিন্দ স্মরণ ারিয়া দেখান হইতে যাত্রা করিয়া কিছু দুর গিয়া একস্থানে গৈবেশন করিলেন। ভক্তবুন্দকে ত্যাগ করিয়া প্রভু লিয়া গেলেন দেখিয়া তাঁহাদিগের মনে বড় ভয় ও চিন্তার ট্রাম হইল। স্বতম্ভ প্রভুর এই নিরপেক্ষ ভাব দেখিয়া ম্মাকু যাত্রী সকল তথন হাসিতে লাগিল। ইহা দেখিয়া ডক্রগণের মনে বড় ছঃখ হইল। তাঁহাদের মনে বিষম ঠন্তা হইল পাছে প্রভু তাঁহাদিগকে রাখিয়া চলিয়া যান। । শ্রীনিত্যানন্দপ্রভু দকলকে প্রবোধ দিয়া কহিলেন তোমাদের কোন চিন্তা নাই। প্রভ আমাদিগকে চাডিয়া काथां अयाहेरकम ना।" उथन मकत्म भाख इहेरनन वर्षे. দৈও দানীর দান কি করিয়া দিবেন, এই চিন্তায় তাঁহারা স্থির হইলেন। তুরাচার দানী কিছুতেই ছাড়িবে না। দ তাঁহাদিসের নিকটে আসিয়াদানের জন্ত বিশেষরূপে ভাপিড়ি করিতে লাগিল। দানীবলিল ''ভোমরাত সন্ন্যাদী ঠাকুরের সঙ্গের লোক নহ.--কাবণ তিনি মাকে म्लोहे कतिया विलियाकिन छै। होत (कहहें नाहे. াং তিনিও কাহারও নহেন। অতএব তোমাদের উচিত त मिट्ड हरेट्ट (२)। ङ्कुतून महा विश्रम शिक्साता इ अमिरक किছ मृद्र अकिं निर्द्धन चारन छे परवशन রিয়া **অধো**বদনে অঝোরনয়নে রুরিতেছেন। মধ্যে धा ''रा नीमाहमहस्ता राज्यभाषा'' विषया आर्छिपूर्व র আর্ত্তনাদ করিভেছেন। তাঁহার নয়নজলে নদী

বহিয়া ঘাইতেছে। তর্দান্ত দানীর কঠিন হৃদয় প্রভুর এইরপ নয়নজল দেখিয়া দ্রব হইল। সে ভাবিতে লাগিল ''এমন সন্ন্যাসী ত কথন দেখি নাই। মাফুষের নয়নে এত জল থাকে তাহাও ত শুনি নাই,—ইনি কে ? ইহাঁকে ত মানুষ বলিয়া বোধ হইতেছে না।" দানী তথন প্রভার সন্ধীদিগকে বিনীতভাবে জিজ্ঞানা করিল ''তোমরা কে ? কাহার লোক, সন্নাদী ঠাকুর কে ? এসকল কথা আমাকে থুলিয়া বল দেখি? (২)। ভক্তবৃদ্দ তথন দানীকে কহিলেন—"ঐ সে অপুকা সন্মাদীটিকে দেখিতেছ উনি আমাদের সকলের প্রাণের ঠাকব। উইার নাম শ্রীকৃষ্ণ-চৈত্ত মহাপ্রত। আমরা সকলেই উহার দাসামুদাস।" এইকথা বলিতে বলিতে ভক্তবুন্দ কান্দিয়া আকুল হইলেন। मानी उाँशमिरगत अपूर्व त्थ्रपाव तपिया मुख इहेन, ্রাহার পাধাণ হ্রণ্য প্রেমে জব হইল। গৌরভক্তসঙ্গ ওণে এবং সাক্ষাং শ্রীভগবানের শ্রীমৃতি দর্শন ফলে দানীর সকল পাপ তংক্ষণাৎ বিদ্রিত হইল। প্রভু রূপা করিয়া তাহাকে निवाठक नान कतिरलन। नानी निवाठरक দেখিল তাঁহার সম্থে সাকাৎ শ্রীনীলাচলচক্র জগরাথদেব বিরাজ করিতেছেন। দেখানে আর সল্লাসী ঠাকুর নাই।"

''এই गीलाठलठऋ आगिल व्यवदा''

দানী মোহপ্রাপ্ত হইয়া কিছুক্ষণ জড়বং নিম্পন্দ ভাবে
দাঁড়াইয়া বহিল। তাহার নয়ন্দ্ম দিয়া দর্দরিত প্রেমাঞ্চ
ধারা গ্রবল বেগে প্রবাহিত হইতে লাগিল। তাহার
বাহজান হইলে সে দেখিল সেই সন্ন্যাসী ঠাকুর সেই খানে
বিসিয়া অঝোরনয়নে ঝুরিতেছেন। সে ছুটিয়া সাইয়া
কাঁন্দিতে কাঁন্দিতে পতিতপাবন প্রভুর চরণতলে
নিপতিত হইয়া কাত্র কঠে কহিতে লাগিল—

⁾ দানী বোলে গোলাঞি করহ গুভ তুমি।

এ সভার দান পাইলে ছাড়ি দিব আমি।। চৈঃ ভাঃ

শানী বোলে ভোষার ত সন্নাদীর নহ।
 এতেক আমার বে উচিত দান দেহ।। চৈ: ভা:

⁽২) অভূত দেখিরা দানী গণে মনে মন।
দানী বোলে এ পুরুষ নর কভু নর।
সমুব্যের নরনে কি এভ জল হয়।।
সভাবে জিজাসে দানী এপতি করিয়া।
কে ভোমরা কার লোক কহত ভালিয়া।। ১৮; ড়াঃ

কোটি কোটি জন্মে যত আছিল মঞ্চল।
তোমা দেখি আজি পূর্ণ হইল সকল।
অপরাধ ক্ষমা কর করুণা সাগর।
চল নীলাচল গিয়া দেখহ সহর॥ চৈ: ভা:

প্রভু তাহার প্রতি শুভদৃষ্টিপাত করিয়। শ্রীহরি শ্বরণ করিয়া দেখান হইতে উঠিলেন। দানী কোনরূপ দান গ্রহণ করিয়া না করিয়া সকল যাত্রীদিগকে এবং প্রভুর স্বাগণকে নির্বিবাদে ছাড়িয়া দিল। প্রভু উঠিবার সময় ভাগ্যবান দানীর মন্তকে তাঁহার অজভব বাঞ্চিত শ্রীচরণাব-বিন্দ অর্পণ করিলেন। তুরাচার দানীর ভাগ্য দেখিয়া সকলে হরিধ্বনি করিতে লাগিলেন। দানী প্রভুর শীচরণ-রজ মন্তকে ধারণ করিয়া অঞ্পূর্ণ লোচনে গদদগ কঠে কর্যোড়ে তাঁহার স্তৃতি বন্দনা করিয়া কহিলেন 'প্রভু! ভূমি কঙ্গণাময়। ভোমার কঙ্গণার অৰ্ধি নাই। বিষয়ী বলিয়া আমাকে মুণা করিও না। পদপ্রান্তে একবিন্দু স্থান দিও। আমি আর এ কুকার্য্য,—দান সাধিব না" (১)। প্রভুইহা ভনিয়া ঈবং হাদিলেন। দানীকে রূপা রুরিয়া কুপানিধি প্রভুবে স্থান হইতে প্রস্থান করিলেন। যতদুর পর্যান্ত প্রভুর শ্রীমৃতি দেখা গেল দানী সত্ফনয়নে দেখানে জভবৎ দাঁড়াইয়া দেখিতে লাগিল। তাহার নয়ন জলে বক্ষ:স্থল ভা সিয়া গেল। সেই দিন হইতে আর সে দানীর কার্য্য করিল না। হরেকৃষ্ণ হরিনাম মহামন্ত্র গ্রহণ করিয়া দানী ভল্পনানৰে মগ্ন বহিল। হবিনাম ভিন্ন তাহার মুখে অন্ত কথা কেহ ভূমিতে পাইত না। ঠাকুর লোচন দাস লিখিয়াছেন ভাহার-

বার বার নয়ন পুলক কলেবর। হরে রুফ্নোম সেই বোলে নিরন্তর ॥

ধক্ত কর্মণাময় মহাপ্রভুর কর্মণা কণার অপার মহিমা।
আর ধক্ত তাঁহার দেই অপার কর্মণার মহা দৌভাগ্যবান
প্রেমণাত্র সকল! এই দানীর স্কৃতির অবধি নাই।
উাহার ভাগ্য শিববিরিঞ্চিবাজিত। তাঁহার চরণে কোটি
কোটি প্রনিপাত। প্রমারাধ্য প্রাচীন পদক্তা দিজ
বন্ধাম দাস ঠাকুর জীবাধ্ম গ্রন্থকারের বংশের আদি
পুরুষ। নরাধ্ম গ্রন্থকার সেই পবিত্র বংশের কুলান্ধার।
ঠাকুর বলরাম দাস একটি পদে লিবিয়াছেন—

গোলোকের নাথ হৈয়া. त्तर्भ त्तर्भ छत्रिया, পাত্রা পাত্র না কৈল বিচার। मान देवला जान जन. অঘাচিত প্রেমধন জগজীবে বরল উদ্ধার॥ গোরা গোদাঞি ককণা সাগ্র অবভার। কেবল আনন্দ ধাম. দিয়ে হরেক্ষ নাম, পতিতেরে করিল নিস্তার। অধম তুৰ্গতি দেখি. হয়ে সকরণ আঁথি, মোর মোর বলি করে কোলে। হিয়ার উপরি ভুলি, (लाउ।य ध्रवी धृति नती वरह नग्रत्नत जला। দকাতরে উচ্চৈ: স্বরে, তৃণ ধরি ছই করে, इतिरवान वनि शृंह कास्म । প্রেমানশে অচেতন কালে সব জগগণ বলরাম এড়াইল ফান্দে।

নদীয়ার অবভার শ্রীশ্রীগৌরাঙ্গচক্ত পতিতের বন্ধ্ আর্ত্তবন্ধু, দীনবন্ধু এবং কুপাদিদ্ধ। পতিত অধমনে এক্কপ ভাবে অ্যাতিত কুপা কোন অবভারেই শ্রীভগবা করেন নাই। নদীয়ার অবভার শ্রীগৌরাঙ্গপ্রভু অদোণ দর্গী। ঠাকুর বুলানদাস লিধিয়াছেন,—

> কক্ষণা দাগর গৌরচক্স মহাশয়। দোষ নাহি দেখে প্রভুগুণ মাত্র লয়।

^{(&}gt;) এতেক চিত্তিয়া মনে সেই মহাদানী।
প্রাক্তর চরণে পড়ি কহে কার বাণী।।
হাড়ি দিল ঘাত্রী জার না সাধিব দান।
নিশ্চয় জানিল প্রতু তুমি ভগবান।।
ইহা বলিয়া চরণে পড়িয়া সেই কান্দে।
ভাহায় মাণাতে দিল চয়ণায়বিন্দে।)
কম্প গদ গদ খনে মানা তব করে।
বিষয়ী বলিয়া রুণা না করিছ মোরে। চৈঃ মঃ

প্রভু প্রেমানন্দে বিভার হইয়া পথে চলিয়াছেন। কোনদিকে যাইতেছেন তাহা তাঁহার জ্ঞান নাই ভক্তবুন সঙ্গে আছেন। শ্রীনিত্যানন্দপ্রভু তাঁহাকে পথ দেখাইয়া লইয়া চলিতেচেন। এইরূপে প্রভু স্বর্ণরেখা নদী তীরে আদিয়া উপস্থিত হইলেন। স্থবর্ণরেখা নদীর জল মতীব নির্মান, পর্মানন্দে প্রভু নিজ্ঞানসূহ সেই নদীতে স্থান করিলেন। তাঁহার এচরণ-রজ্বস্পর্শে স্থবর্ণ-রেপা নদী ধক্ত হইণ। স্থান সমাপন করিয়া প্রভু পুনরায় প্রেমাবেশে পথে চলিলেন। তিনি খ্রীনীলাচলচন্দ্রের দর্শনলালসায় প্রেমাবেশে উদ্ধান্তা ছুটিলেন। এনিত্যা-নন্দপ্রভূ তাঁগার সঙ্গে দৌড়িয়া লাগ পাইলেন না। অন্যান্ত সঙ্গীগণও পশ্চাৎ পড়িয়া রহিলেন। পণ্ডিত জগদানন্দ কেবলমাত্র প্রভুর সঙ্গে সঙ্গে দৌড়িয়। ঘাইতে সক্ষম হইলেন। কিছু দরে গিয়া প্রভু এক স্থানে উপবেশন করিলেন। তিনি বিশ্রামলাভের ভান করিয়া অবধৃত শ্রীনিত্যানন্প্রভুর অপেকা করিতে লাগিলেন।

> কতো দূরে গৌরচন্দ্র বসিলেন গিয়া। নিত্যানল স্বরূপের অপেক্ষা করিয়া॥ চৈঃ ভাঃ

শ্রীনিত্যানন্দপ্রত্ গোরান্বপ্রেমে মত হইয়া দর্বনাই উনত্তের স্থায় বিহরল থাকেন। ঠাকুর শ্রীল বুলাবন্দাস লিথিয়াছেন—

বৈহ্ব লের প্রায় ব্যবসায় সর্ব্বগায়॥
কথনো হুকার করে কথনো রোদন।
কণে মহা অট্টহাস কণে বা গর্জ্জন॥
কথে বা নদীর মাঝে এড়েন সাঁতার।
কণে সর্ব্ব অংশ ধুলা মাথেন অপার॥
কণে বা যে আছাড় খায়েন প্রেমবদে।
ছুর্ণ হয় অংশ হেন সর্ব্ব লোক বাসে॥
আপনা আপনি নৃত্যু করে কোন কণে।
টল মল করে পৃথিবী দেই কণে॥

(১) নিজ প্রেমানকে প্রভূপথ নাছি জানে। অহনিশ ফ্ৰিছবল প্রেমরদ পানে।। চৈঃ ভাঃ এসকল কথা তানে কিছু চিত্র নয়। অবতীর্গ আপনে শ্রীঅনস্ত মহাশয়।

জগদানক পণ্ডিত প্রভুর দণ্ড বহন করিয়া তাঁহার সংক্র সংক্রে থাকিতেন। কাজেই তাঁহাকে তাঁহার সংক্রমকে যাইতে হইত। প্রভুকে বিশ্রাম করিতে দেখিয়া জগদানক্র পণ্ডিত তাঁহার ভিন্দার আয়োজনে ব্যস্ত হইলেন। তিনি শ্রীনিত্যানক্রপ্রভুর অপেক্রা করিতেছিলেন। তিনি নিকটে আসিলে প্রভুর দণ্ডটি তাঁহার নিকটে রাখিয়া কহিলেন "আমি শীঘ্র ভিন্দা করিয়া আসিতেছি, আপমি প্রভুর এই দণ্ডটি অতি সাবধানে রাধিবেন।" এই বিলয়া অবধৃত শ্রীনিত্যানক্রপ্রভুর হল্ডে শ্রীগৌরভগবানের দণ্ডটি দিলেন (১)। তিনি হল্ডে দণ্ডটি ধারণ করিলেন দেখিয়া পণ্ডিত জগদানক নিশ্চিন্ত হইয়া ভিন্দায় গমন

জীনিতানন্দপ্রত্ন অবধৃত স্বান্তানী। তাঁহারও দণ্ড ছিল। নবদীপে জীবাসপণ্ডিতেব গৃহে বসিয়া একদিন তিনি নিজ দণ্ডটি ভঙ্গ করিয়া গঙ্গায় সমর্পণ করিয়াছিলেন। তাঁহার দণ্ডভঙ্গলীলা প্রভুর নবদীপ-লীলায় বিস্তারিত বর্ণনা করিয়াছি। এক্ষণে প্রভুর দণ্ডটি হাডে পাইয়া জীনিত্যানন্দ প্রভুর মনে কি যে ভাবতরক উঠিল, তাহাতে তিনি একেবারে বিহ্বেশ হইয়া পড়িলেন। সেইস্থানে বসিয়া তিনি প্রভুর দণ্ডটি হতে ধারণ করিয়া তাহাকে উপলক্ষ্য করিয়া গঙীরভাবে কহিলেন—

"অয়ে দণ্ড! আমি থারে বহিয়ে হাদরে। দে ভোমারে বহিবেক এত যুক্তি নহে।" চৈঃ ডাঃ

এই কথা বলিয়া প্রচণ্ড প্রতাপে বলরাম অবতার শ্রীনিত্যানন্দপ্রভু সেই দণ্ডটি তিন থণ্ড করিয়া ভাঙ্গিয়া ফেলিলেন। দণ্ড ভঙ্গ করিয়া গন্তীরভাবে তিনি বসিয়া

ঠাকুরের দও জীজপদানক বহে।

দও থুই নিজ্যানক স্বর্পেরে ক্ছে।।

"ঠাকুরের দওে মন দেহ সাবধানে।

ভিক্য ক্রি আংসিহ আংসিব এই ক্রেণে।। চৈঃ ভাঃ

আছেন এমন সময়ে জগদানক্ষ পণ্ডিত তিক্ষা করিয়া সেথানে আসিয়া উপস্থিত হইলেন। সন্মুখে ভগ্ন দণ্ড দেখিয়া তিনি বিন্মিত ও চিস্তিত হইয়া জীনিত্যানক্পপ্রভুকে জিজ্ঞাসা করিলেন "প্রভুর দণ্ড কে ভান্দিল?" অবধৃত নিত্যানক্পপ্রভু গজীরভাবে উত্তর করিলেন "প্রভু আপনার দণ্ড আপনিই ভঙ্গ করিয়াছেন, তিনি ভিন্ন তাঁহার দণ্ড অন্যে কে ভান্দিতে পাবে?" (১)। পণ্ডিত জগদানক্ষ একথার কোন উত্তর না করিয়া ছঃখিতাস্তকরণে ভগ্ন দণ্ডটি তুলিয়া লইয়া একেবারে প্রভুর নিকট উপস্থিত হইলেন এবং তাঁহার ভগ্নদণ্ড তাঁহার সন্মুখে ফেলিয়া দিলেন। প্রভু পণ্ডিত জগদানক্ষের মুখের প্রতি কর্মণ নম্বনে চাহিয়া বিন্মিতভাবে কহিলেন,—

———"কহ দণ্ড ভাঙ্গিলে কেমনে।
পথে নাকি কোন্দল করিলা কারো সনে।" চৈ: ভাঃ

অন্তর্গামী সর্বজ্ঞ প্রভু সকলি জানেন। কিন্তু তিনি চতুরত্তামণি। তাঁহার চতুরতার অবধি নাই। তাই পণ্ডিত অগদানককে এরপ প্রশ্ন করিলেন। জগদানক পণ্ডিত প্রভুর অভিশয় প্রিয় অভিমানী অন্তর্গ্গ ভক্ত। তিনি প্রভুকে সকল কথা খুলিয়া বলিলেন, আর বলিলেন "তোমার নিত্যানক তোমার দণ্ড ভঙ্গ করিয়াছেন" (২)। তথন জীনিত্যানক প্রভুপ সেগানে গিয়া উপস্থিত হইয়াছেন। প্রভু জাঁহার মুগেব দিকে চাহিয়া ক্রমণ বচনে কহিলেন,—

- (>) দণ্ড ভাকি মিত্যানন্দ আছেন বসিরা।
 কণেকে জগদানন্দ মিলিলা আদিয়া।
 তয় দণ্ড দেখি মহা হইলা বিশ্বিত।
 অস্তবে জগদানন্দ হইলা চিস্তিত।।
 বার্ত্তা কিজ্ঞানে ''দণ্ড ভাকিলেক কে।''
 মিত্যানন্দ বোলে ''দণ্ড ধরিলেক যে।।''
 আপনার দণ্ড প্রভু ভাকিলা আপনে।
 তাঁর দণ্ড ভাকিতে কে প্রাবে অক্ত জনে। তৈঃ ভাঃ
- (২) কহিলা জগদামন্দ পণ্ডিত সকল। ভাঙ্গিলেশ দণ্ড নিত্যান্দ স্থবিহ্বল।। চৈঃ ভাঃ

" কি লাগি ভাদিলা দণ্ড কহ দেখি ভনি।"

শীনিত্যানন্দপ্রভূ গন্তীরভাবে উত্তর করিলেন ''আমি তোমার সেই বাঁশথান ভাঙ্গিয়াছি। যদি ক্ষমানা কর আমাকে যথাবিধি শান্তি দাও।'' প্রভূ এইকথা শুনিয়া শীনিত্যানন্দপ্রভূর বদনের প্রতি কর্মণনয়নে চাহিয়া অতিশয় কাতরভাবে কহিলেন 'শীপাদ! সন্ন্যাসীর দণ্ডে সর্কদেবের অধিষ্ঠান আছে, আপনি কিরপে উহাকে বাঁশথান বলিলেন?'' (১) শীনিত্যানন্দপ্রভূ আর কোন উত্তর করিলেন না। তিনি অধোবদনে প্রভূর সম্মুথে অপরাধীর ক্রায় দাঁড়াইয়া রহিলেন। প্রভূ তথন কপট ক্রোধ করিয়া কহিলেন.—

———"পবে দণ্ডমাত্র ছিল সঙ্গ।
তাহো আজি কৃষ্ণের ইচ্ছাতে হৈল ভঙ্গ।
এতেক আমার সঙ্গে কারো সঙ্গ নাই।
তোমরা বা আগে চল আমি বা আগাই॥" হৈ: ভাঃ

শীনিত্যানন্দপ্রত্ তখন আর নীরব থাকিতে পারিলেন না। তাঁহার কোমল হৃদয় আলোড়িত হইয়া উঠিল। প্রভু মন্তক মৃত্তন করিয়া যতি সাজিয়াছেন সেই ছু:খেই তিনি মরমে মরিয়া আছেন, তাহার উপর প্রভুর এই দত্তবহনকার্য্য শীনিত্যানন্দপ্রভুর চল্ফে বিষবৎ বোধ

(১) নিত্তানন্দ বোলে ভাঙ্গিলাছি বীশ্পান। না পার ক্ষিতে কয় শাতি যে এদান।। প্রভুবোলে যাহে সর্বদেব অধিঞান। দে তোমার মতে কি হইল বীশ্ধান।। চৈঃ ভাঃ

শীকৃষ্ণটেততা প্রভু কাটোমার শাকর ভারতী সম্প্রদারের একদও সম্যাস গ্রহণ করেন। শীনভাইটান উচার সম্যাস-দও ভালিরা তিনথত করিয়া নদীতে ফেলিয়া দেন। কুটাচক ও বছদক অবস্থার দও
রক্ষণার, হংস ও পরমহংস অবস্থায় দও ত্যাগ করাই বিধি। শীনিতাইটান
শীপোরাক্ষণাস, তিনি প্রভুর বৈধ সম্যাস দওের অকর্মণ্যতা কানিয়া
এই দওবহন কার্য্য হইতে প্রভুকে অব্যাহতি দেন। প্রভুর দওবহনকার্য্য উচ্চে পরমহংসাধিকারে অপ্রোক্তন কানিয়া এবং অক্স গোক
উচাকে নিমাধিকারী জ্ঞান করিয়া অপরাধ সঞ্চয় না করে এই জ্ঞানে,
প্রাপুকে দও ত্যাগ ক্রান।

হইতেছিল। এনিতাইটাদের এগৌরাপথীতির তুলনা নাই। তিনি বদন উঠাইয়া প্রভুর বদনচক্রের প্রতি নি:সঙ্কোচে চাহিয়া কহিলেন "প্রভু হে! তোমার একর-কমলে দণ্ড দেখিলে আমার অন্তর জলিয়া যায়। তুমি স্ম্যাস করিয়া মন্তক মুগুন করিয়াছ, সেই ছঃথেই মরমে মরিয়া আছি, তাহার উপর তোমার হল্তে এই দণ্ডভার আবার আমমি দেখিতে পারি না। তুমি যাহাইচছাকরিতে পার, আমি ভোমার দণ্ড এই জলে ফেলিয়া দিলাম" (১ । এই বলিয়া শ্রীনিত্যানন্পপ্রভু ভগ্নত উঠাইয়া স্থবর্ণরেখার জ্বলে ভাসাইয়া দিলেন। প্রভু সৃত্ঞ্নয়নে দলিলে ভাস-মান ভগ্ন দণ্ডত্রয়ের প্রতি চাহিয়া রহিলেন। কিছুকণ পরে পুনরায় তিনি শ্রীনিত্যানন্দপ্রভূকে অতিশয় হংথিত-ভাবে কহিলেন "শ্ৰীপাদ। আপনাকে ভাল কথা বলিলে রাগ করেন। সন্ন্যাসীর দত্তে সর্ব্ব দেবগণের অধিষ্ঠান। কি প্রয়োজনে আপনি আমার দণ্ডটি ভাজিলেন? দেব-পীড়নে যে কত অনিষ্ট তাহা কি আপনি জানেন না ? (১)। প্রভুর কথা শুনিয়া শ্রীনিত্যানন্দ প্রভু ঈষৎ হাসিলেন। সে হাসি প্রভু দেখিতে পাইলেন না। পরে ধীরে ধীরে তিনি প্রভার চরণে কর্যোডে সজল নয়নে নিবেদন করিলেন,—

"দেবতা আশ্রম পীড়া নাই করি আমি।
ভাল কৈল মন্দ কৈল সব জান তুমি॥
ভোর দণ্ডে বৈসে যদি ভোর দেব গণে।
ক্ষেক্কে করি লঞা ধাহ সহিব কেমনে॥
তুমি তার ভাল কর আমি করি মন্দ।
কি কারণে ভোর সনে করি আর দ্বং॥

(১) মোর দতে বৈসে যত মোর দেবগণ।

হেন দত ভাঙ্গি কি সাধিলে প্রয়োজন।।

দেবতার পীড়াতে না জান কত দোব।

কিছু যদি বলি ত করিবে মহা মোঘ।। হৈ: ভা:

তত্তক্তকোপ ভগবানবধ্ত: ভগাদ চ।

দতে মে সংহিতা দেবা: শিবাদ্যা: সহশক্ষঃ।।

তেবাং পীড়াং বিধায়ত্বং বস্তুল মন দতকং।

মেবারি ক্ষর্পের

।। মুরারি শুপ্তের করচা। অপরাধ কৈছু দোৰ ক্ষম একবার।
তোরে নামে নিজারয়ে সকল সংসার॥
তোরেধিক পতিতপাবন নাম তোর।
এই অপরাধ ক্ষমা করিবেন মোর॥
নামমাত্র নিজারয়ে জগতের লোক।
সন্নাস করিলে ভক্তগণে দিতে শোক॥
তো হেন স্থন্দর বেশে মুগুইলে মাণা।
ভক্তজন হাদয়ে দারুল এই ব্যথা॥
মোর প্রাণ পোড়ে নিরস্তর ইহা দেখি।
হয় নয় পুছ ভক্তগণ ইথে সাখী॥
ভাক্ষিয়া কেলিল দণ্ড ভক্তগণ হথে।
দণ্ড নহে শেল সে আছিল মোর ব্কে॥" চৈ: ম:
প্রভু আর ছিফ্কিনা করিয়া কপট ক্রোধভরে মত্ত
হগতিতে পথে চলিতে লাগিলেন। তাঁহাব পশ্চাৎ

প্রভূ আর বিদ্ধাক না করেয়া কপ্ট জোণভরে মও

সিংহগতিতে পথে চলিতে লাগিলেন। তাঁহাব পশ্চাৎ
পশ্চাৎ শ্রীনিভ্যানন্পগ্রভূ এবং ভক্তবৃন্দ ছুটলেন, কিছ

তাঁহার লাগ পাইলেন না।

প্ৰভূৱ এই দণ্ডভদ্বলীলার গৃঢ় রহন্ত আছে। গ্ৰীনৰদীপ লীলা গ্ৰীগ্ৰন্থে তাহা বিস্তারিত লিখিয়াছি। কুপাময় পাঠক-বুন্দ কুপা ক্রিয়া তাহা পাঠ করিবেন।

শ্রীগৌরভগবান মন্ত্রিগিংহের গতিতে বরাবর অলেশর
গ্রামে আদিয়া উপস্থিত হইলেন। ভক্তবৃন্দ তাঁহার পশ্চাৎ
পড়িয়া রহিলেন। এই জলেশরে প্রাসিদ্ধ শিবলিশ্ব
আছেন; তাঁহার নাম জলেশর। তাঁহার নামেই গ্রামের
নাম জলেশর হইয়াছে। প্রভু কপট ক্রোধভরে সমন্ত পথ
অতি ক্রতগতিতে চলিয়া একেবারে শিবমন্দিরে গিয়া
উঠিলেন। গ্রামবাসী বিপ্রবৃন্দ গর্মপুশ্দ, ধৃপ, দ্বীপ, মাল্য
নৈবেভাদি দ্বারা তথন শিবপুলা করিতেছেন। বছবিধ
বাদ্মভাণ্ড বাজিতেছে। চতুর্দিকে নৃত্যুগীত হইতেছে।
শ্রীগৌরভগবানের প্রিয়ভক্ত শ্লণানির বৈভব দেখিয়া
তাঁহার মনে বড় আনন্দ হইল। তাঁহার সকল ক্রোধ
দ্বীভূত হইল। প্রিয়ভক্ত শক্ষের গৌরব বর্দ্ধনার্থ প্রভু
শ্রীমন্দিরের সম্পুর্ধে দাঁভাইয়া প্রেমানন্দে অপূর্বে নৃত্য করিতে
লাগিলেন।

নিজ্ঞায় শকরের বৈভব দেখিয়া। নুত্য করে গৌরচন্দ্র পরানন্দ হৈয়া॥ চৈঃ ভাঃ

শীভগৰ।ন শহরের গৌরব চিরদিন বাড়াইয়াছেন।
প্রস্তুও তাহাই করিলেন। তিনি "শিবরাম গোবিন্দ"
বলিয়া মধুর কীর্ত্তন ও নৃত্য আরম্ভ করিলেন। প্রেমাবেশে
বিহবল হইয়া শিব-মহিমা গাইতে লাগিলেন এবং স্কলকে
শিবমাহাত্মা র্ঝাইতে লাগিলেন।

"শিবের গৌরব বুঝাযেন গৌরচন্দ্র"।

প্রভুর অপরপ রপরাশি, প্রবল ভংকার গর্জন, আব মধুর নৃত্যভন্ধী দেখিয়া শাক্ত বিপ্রগণ বিস্মিত হইয়া ৰলিতে লাগিলেন, "অভ বুঝি এমহাদেব প্রকট হইলেন।" অধিক-তর উৎসাহের সহিত তাঁহারাও কীর্ত্তনে যোগ দিলেন। প্রভু বাহজান শুক্ত হইয়া নৃত্য করিতেছেন। তাঁহার সঙ্গে সকে শিবভক্ত বিপ্রগণও নিত্যানন্দে মন্ত হইয়াছেন। সকলের মুখেই "শিবরাম গোবিন্দ" ধ্বনি। "হর হর বোম বোম" শব্দে দিগন্ত প্রকম্পিত ইইতেছে। এমন সময়ে প্রভুর সঙ্গীগণ তাঁহার অত্তেষণ করিতে করিতে জলেশরের মন্দিরে আসিয়া উপস্থিত হইলেন। প্রভুকে দর্শন করিয়া তাঁহারা নিক্ষিয় হইলেন। সকলেই প্রভুর সহিত শিবসন্ধীর্ত্তনে যোগদান করিলেন। সেখানে নত্য कीर्स्टानत थ्रम छेठित। वीमिनत श्रीकृत लाक लाकांत्रगा হইল। এরপ অন্তত কীর্ত্তন জলেশরবাসীগণ কেহ কখন भूर्व (मर्थन नार्ड। मन्नीजनरक भारेशा প्रजू कीर्खनानरक একেবারে মত হইয়াছেন। তাঁহার বাহজান নাই। জ্জবৃন্দ প্রভূকে বেষ্টন করিয়া কীর্ত্তন করিতেছেন (১)। শ্রীনি হ্যানন্দপ্রভু তাঁহাকে ধরিয়া নৃত্য করিভেছেন। পাছে প্রভু আছাড় থাইয়া পড়িয়া যান। জলেখরের দেবাইত ভক্তরন্দ ও প্রভুর ভক্তরন্দের সহিত এক্তর মিলিয়া

(১) কভোকৰে ভক্তগৰ আসিয়া মিলিলা। আসিয়াই মুক্লাদি গাইড়ে লাপিলা।। প্রিয়গৰ দেবি প্রভু অধিক আনক্ষে। নাচিতে লাগিলা বেড়ি গায় ভক্তয়ক্ষ।। ১৯: ভা:

নৃত্যকীর্ত্তনানন্দে মন্ত হইয়াছেন। বৈক্ষব ও শাক্ত একজ হইয়া শিবণকীর্ত্তন করিতেছেন। ইহা অতি মধুর মিলন, অপূর্ব দৃষ্য। সকলেরই চিত্ত প্রেমানন্দে বিহবল। প্রভুর নয়নধারায় নদী বহিতেছে। তাঁহার কমল নয়ন্ত্র হইতে যেন পিচকারী দিয়া জল বাহির হইতেছে। সেই कल मर्कालक स्नान कतिरालन। मकलाई (अधानतम বিভোর, সকলেই কান্দিয়া আকুল। শাক্ত-বৈষ্ণবের এই অবাধ মিলনে জলেখর সে দিল আনন্দধামে পরিণত হটল। শাক্ত-বৈষ্ণবে অকপটে প্রেমালিম্বনে বন্ধ হইলেন। শিবমন্দিরের পবিজ্ঞতা বৃদ্ধি হইল। শিবমন্দিরের নাম সার্থক হইল (১)। এগীরভগবান সর্বধর্মের মর্য্যাশ রক্ষক। তাঁহার প্রদর্শিত এই সর্ব্যঙ্গলময় প্রায়গমন না করিয়। বাঁহারা শিবশক্তির অন্যাক্ত করেন জাঁহারা বৈষ্ণব নহেন, তাঁহাদিগের ধর্ম, কর্ম, সাধনা সকলি বার্থ হয়। এ কথা ঠাকুর বুন্দাবনদাদ ম্পষ্ট করিয়া লিখিয়া গিয়াছেন--

> না মানে চৈত্ত্যপথ বোলায় বৈফ্ব। শিবের অমাত্ত করে ব্যর্থ তার স্ব॥

প্রাতৃ একণে স্থান্থির ইইয় মন্দিরাভান্তরে বসিলেন।
কথাগালি লইয়া তিনি প্রেমালিক্সন স্থাথ ময় ইইলেন।
সকলের মন তথন নির্ভায় ইইল। সকলেই তথন ব্ঝিলেন
প্রভায় কপট কোগ (২)। শ্রীনিত্যানন্দপ্রভার ভয়টা কিছু
অধিক ছিল। কারণ তিনিই প্রভার দও ভদ্ধ করিয়াছেন,
আার সেই জন্মই প্রভা একাকী জলেশারে চলিয়া
আং।সিয়াছেন। ভক্তবংসল শ্রীগৌরভগবান শ্রীনিত্যানন্দ
প্রভাকে দেখিয়াই উাহাকে ক্রোড়ে লইয়া বসিলেন।

এবে সে শিবের পুর হইল সফল।
 বাঁহানুত্য করে বৈকুঠের অধীবর ॥ চৈঃ ভাঃ

⁽২) কভোক্ষণে প্রভূপরানক প্রকাশিরা।
হির হই রহিলেন প্রির গোলী লৈকা।
সভা প্রতি করিলেন প্রেম আলিক্র।
সভেই নির্ভির হৈলা প্রানক্ষমন। চৈঃ ভাঃ

শব্দুত শ্রীনিত্যানন্দপ্রভূ বালকের স্থায় প্রভূর ক্রোড়ে বসিয়া হাসিতে লাগিলেন। প্রভূ তাঁহাকে সম্বেহে কহিলেন—

"কোথা তুমি আমারে করিবে সম্বরণ।
যে মতে আমার হয় সন্ন্যাস রক্ষণ॥
আব্রো আমা পাগল করিতে তুমি চাও।
আর যদি কর তবে মোর মাথা খাও॥
যেন কর তুমি আমা তেন আমি হই।
সত্য সতা এই আমি সভা স্থানে ক'॥ চৈ: ভা:

এই বলিয়া ভক্তবংসল প্রভু শ্রীনিতাইটাদের গুণগাইতে আরম্ভ করিলেন; সর্ব ভক্তদিগের প্রতি ক্রণন্যনে চাহিয়া কহিলেন;—

"নিত্যানন্দ প্রতি সবে হও সাবধান।
মোর দেহ হৈতে নিত্যানন্দ দেহ বড়।
সত্য সতা সভারে কহিছু এই দড়॥
নিত্যানন্দে যাহার ভিলেক দ্বেষ রহে।
ভক্ত হইলেও সে আমার প্রিয় নহে॥ চৈঃ ভাঃ

শ্রীনিত্যানন্দপ্রভু আত্মন্ততি শুনিয়া লক্ষায় অধােবদন ইইলেন। ভক্তবৃন্দ পরমানন্দে হরিধ্বনি করিতে লাগিলেন। প্রভু এইরূপে তাঁহার ভক্তবৃন্দকে শ্রীনিত্যানন্দ-মহিমা শিক্ষা দিলেন। তিনি কপট সন্ধাাসা; কপট সন্ধাাসীর দণ্ড ভঙ্গ করিয়া শ্রীনিত্যানন্দপ্রভু দেখাইলেন শ্রীগৌর ভগবানের ইচ্ছাতেই তাঁহার দণ্ডভঙ্গলীলা প্রকটিত হইল, তিনি বিধিনিয়মের অতীত; তাঁহার পক্ষে দণ্ড ধারণ বিদ্যান মাত্র। এই দণ্ডভঙ্গলীলার ঘারা প্রভু আরেও দেখাইলেন শ্রীনিতাইটাদ তাঁহার ইচ্ছাশক্তি ও ক্রিয়াশক্তি

সে রাত্তি প্রভু জলেখরে রহিলেন। প্রাত্তঃকালে ভক্তবৃন্দ সঙ্গে পুনরায় পথে বাহির হইলেন। পথিমণ্যে বাশদহ নামক এক গ্রামে তাঁহার সহিত এক শাক্ত সন্নাদীর সাক্ষাৎ হইল। এই সন্নাদী প্রভুকে নিজ আশ্রমে লইয়া ষাইবার জন্ম বিশেষ অন্তরোধ করিলেন। শ্রীকৈতক্ত

ভাগৰতে শিখিত আছে এই শাক্ত সন্থাসী প্ৰভুকে নিজ-আশ্রমে লইয়া ঘাইবার জঞ্জ "আদেশ" করিলেন (১)। চতুর চড়ামণি প্রভু তাঁহাকে মধুর সম্ভাষণ করিয়া বিজ্ঞাসা করিলেন, "বন্ধুহে! ভোমার আলম কোথায়? ভূমি আমার চিরদিনের বন্ধ। অনেক কালের পর ভোমাকে দেখিয়া আমার মনে বড় আনন্দ হইল" (২)। প্রভূর মিট কুলায় এবং বৈচ্ছবী মায়ায় বিমোহিত হইয়া সন্ন্যাসীঠাকুর নিজকাহিনী এবং শাক্তসম্প্রদায়ের সকল গুহু তত্ত তাঁহাকে অকপটে কহিতে লাগিলেন। সদানন্দ ও সর্বজ্ঞ প্রভ একে একে সকল কথা ভানেন আর মৃহ মধুর হাসেন। সন্ন্যাসীঠাকুর অবশেষে প্রভুকে নিজ মঠে লইয়া যাইবার জ্ঞ জিদ করিয়া কহিলেন, "তোমরা সকলে শীঘ্র আমাদেব মঠে চল, সকলে মিলিয়া আজে আমরা "আনন" ক্রিৰ (৩)। এই যে "আনন্দ" শন্দটি সন্ধাদী ঠাকুর वावशाब क्रिलिन উशाब वर्ष "मिनिवा"। जीलीब-ভগবান শ্রীনিত্যানন্দপ্রভুর মুখের প্রতি চাহিলা ঈষৎ হাসিলেন। অবধৃত এীনিত্যানক এতু তাঁহার হাসির মর্ম বুঝিলেন। এই "আনদ্দ" শব্দের অর্থ তিনিই একদিন প্রভুকে বুঝাইয়া দিয়াছিলেন। সে বছদিনের কথা। শান্তিপুরের পথে ললিতপুর গ্রামে এক বামণচারী গৃহস্থ-স্ম্যাদীর গ্রহে তুই প্রকু অ্যাতিতভাবে আহিথ্য গ্রহণ করেন। সেই সময়ে সেই বামাচারী সন্মাসী জীনিত্যানন্দ প্রভূকে কহিয়াছিলেন—

গুনহ **শ্ৰী**পাদ কিছু "ঝানন্দ^ৰ আনিব। তোমা হেন অতিথি বা কোথায় পাইব॥ চৈঃ ভাঃ

প্রভু এই কথা ভনিয়া শ্রীনিত্যানন্দ প্রভুকে জিজ্ঞাসা করিবেন "শ্রীপান! "মানন্দ কি ?" শ্রীনিভাইটাদ উত্তর

⁽১) বীশদার পথে এক শাক্ত ন্যাসী বেশ। আসিহা প্রভুরে পথে করিলা 'কাদেশ'।। বৈচঃ ভাঃ

⁽২) প্ৰভূ বোলে কহ কৰ কোপা ভূমি সব।
চিন্ন কিলে কালি দেখিলাও যে বাছৰ।। চৈ: ভা:

শাক্ত বোলে চল ঝাট্ মঠেতে আমার।
 সবেই আনল আজি করিব অপার। ঐ

করিলেন ''মদির।'' (১)। প্রভূ স্বমনি "বিষ্ণু বিষ্ণু'' বলিয়া দেখান হইতে উঠিলেন। 209700

এখানেও আবার সেই ''মানন্দের" কথা,—সেই বামাচারী শাক্তসন্মাসীর সঙ্গ। প্রভূত শ্রীনিভাইটাদের শ্রীমুখের প্রতি চাহিয়া ইবং হাসিলেন। (২)

চতুর চূড়ামণি প্রভু তথন শাক্ত সন্ন্যাসীকে মধুর বচনে কহিলেন ''জুমি অত্যে গিয়া সকল উ.ভাগ কর, পরে আমরা ঘাইতেছি।" সংগ্রাসী ঠাকুর ইহা শুনিয়া মহা আনন্দিত হইয়া নিজ মঠে গেলেন। প্রভু গাঁহার প্রতি শুভদৃষ্টিপাত করিয়া মিষ্ট বচনে তাঁহাকে বিদায় দিলেন। শাক্ত-সন্মাসী প্রভুর সক্ত্তণে এবং কুপাবলে কুকার্য্য হইতে বিরত হইয়া প্রকৃত ভজনানন্দ লাভ করিলেন। জাঁহাকে উদার করাই প্রভুর কার্য্য। তাই ভাঁহার সহিত বাক্যালাপ করিয়া প্রভু তাঁহার অস্তর শোধন করিয়া দিলেন। এই কার্য্যে প্রভু সকলকে বুঝাইলেন পাপীকে কদাচ ঘুণা করিতে নাই, পাপকে ঘুণা করিতে হয়। পতিতপাবন নদীয়ার অবতার শ্রীগোণকপ্রভু অধম-তারণ। পতিত পাষঞীদিগের প্রতি তাঁহার বড় রুপা। কারণ তাহাদিগের উদ্ধার সাধনই শ্রীভগবানের একমাত্র উদ্দেশ্য: শ্রীভগবানের রূপা-কণা ভিন্ন তাঁহাদের উদ্ধার সাধন হইতেই পারে না। এই জ্বাই আভিগ্রানের নাম অধ্যতারণ পতিত্বর। শীগোরাঙ্গ-লীলার ব্যুশাবতার লিখিয়াছেন.—

পতিতপাবন কৃষ্ণ সর্কুবেদে কহে। অতএব শাক্ত সহ প্রভু কথা কহে। লোকে বলে এ শাক্তের হইল উদ্ধার। এশাক্ত পরশে অঞ্চ শাক্তের নিস্তার।

এ ইরূপে পথে শাক্ত সন্ন্যাসীকে উদ্ধার করিয়া প্রভু স্থাণসহ রেমুনা গ্রামে স্থাসিয়া উপস্থিত হইলেন।

- (১) প্ৰভূ ৰোলে কি আনন্দ ৰোলয়ে সন্ন্যাসী। নিভ্যানন্দ ৰোলে মদিৱা হেন বাসি।। চৈঃ ভাঃ
- (२) পাণী শাক্ত মদিরাকে বোলরে আনন্দ।
 বুঝিরা হাদেন গৌরচন্দ্র নিভ্যানক।। চৈ: ভা:

রেমুনা বালেশর হইতে তিন কোশ দুরে অবস্থিত। এই বেমুনা গ্রামে প্রসিদ্ধ ক্ষীরচোরা গোপীনাথের শ্রীমৃতি প্রতিষ্ঠিত আছেন। প্রভু শ্রীমন্দিরে গিয়া পরম ফুন্দর শ্রীগোপীনাথ জিউর শ্রীবিগ্রহ দর্শন করিয়া প্রেমানন্দে বিভোর হইয়া সাষ্টাঙ্গে প্রণাম করিলেন। শ্রীবিগ্রহের মন্তকের পুপাচুড়া থসিয়া প্রভুর শ্রীমন্তকে পতিত হইল, ইহা দেথিয়া সর্বলোক আশ্রেষ্য হইল। শ্রীগোপীনাথ জিউর কুপাপ্রসাদ পাইয়া প্রভুমহানন্দে শ্রীবিগ্রহের সম্মুথে ভক্তগণ লইয়া বহুক্ষণ নৃত্য কীর্ত্তন করিলেন (১)। শ্রীগোপীনাথ জিউর সেবাইতগণ প্রস্তুর অপরপ রূপ এবং অপুর্ব্ধ প্রেমভাব দেখিয়া পরম বিশ্বিত হইয়া তাঁহার সৈবাকার্য্যে নিযুক্ত হইলেন। সে রাত্রি প্রভূ প্রীরেমনায় অভিবাহিত করিলেন। সেবাইত ভজ-বন্দের সহিত কৃষ্ণক্রা রঙ্গে সম্প্র রাজি কাটিয়া গেল। শ্রীরেমনার ক্ষীরচোডা গোপীনাথ দেবের অন্তাবধি অতি উত্তম ক্ষীর ভোগ হইয়া থাকে। প্রভুর এই ক্ষীরপ্রসাদে লোভ হইল, তাই তিনি সেদিন দেখানে রহিলেন। কারণ তিনি এপাদ ঈশ্বপুরী গোসাঞিব নিকট প্রীগোপীনাথ **८** एत्र को बहु विश्व की नाकशा अवन क्रिया हिलन। প্রেমাবতার শ্রীপাদ মাধ্বেন্দপুরী গোসাঞি কৃষ্ণভক্ত শিরোমণি ছিলেন। তাঁহার অ্যাচিত বৃত্তি ছিল। আকাশে মেঘ দেখিলে ভাঁহার মনে রুঞ্মতের উদয় হইত. তিনি প্রেমানন্দে ভতলে মচ্ছিত ইহয়া পড়িতন : এই পরুমপূজা মাধবেলপুরী গোদাঞি তীর্থলমণে শ্রীরে ধুনাম গিয়া-ছিলেন,—ইহারই জন্ম শ্রীগোপীনাথ দেব ক্ষীরভাত চরি করিয়াছিলেন। ভক্তবদী প্রভু সেই পরম প্রিক্ত লীল'-

(২) রেম্নাতে গোপীনাথ পরম মোহন।
ভক্তি করি কৈল প্রভু তার দর্শন।।
তার পাদপল নিকট প্রণান করিতে।
তার পৃস্কচ্ছা পড়িল প্রভুর মাণেতে।
চ্ছা পাঞা মহাপ্রভু সানন্দিত মন।
বহু নৃত্যু গীত কৈল লঞা ভক্তগণ।। চৈঃ ভাঃ

স্থলীতে বিষয়া এই কৃষ্ণভক্ত শিরোমণির মধুর চরিতামৃত আসাদন করিতে বিদলেন। প্রভু বক্তা,— শ্রোতা শ্রীনিজ্যানন্পপ্রভু এবং দক্ষী ভক্তবৃদ্দ এবং শ্রীগোপীনা্থ জিউর শ্রীমন্দির, সময় রাত্তি কাল। প্রভু অংবিষ্ঠ হইয়া প্রেমানন্দে এক এক করিয়া শ্রীপাদ মাধ্বেন্দ্রপুরীর পুণ্য চরিত-কাহিনী সকল বলিতে লাগিলেন। ভক্তবৃদ্দ নিবিষ্টিতিতে শ্রবণ করিতে লাগিলেন।

শ্রীপাদ মাধবেন্দ্রী গোসাঞি যথন দক্ষিণ দেশে তীর্থভ্রমণে গিরাছিলেন, দেই সময়ে তিনি শ্রীরেমুনায় আসিয়াছিলেন। শান্তিপুরে শ্রীমন্টেছতার্চার্যকে দীক্ষামন্ত্র দান করিয়া তিনি শ্রীক্ষেরে, গমন করেন। পথে তিনি শ্রীরেমুনায় আসিয়া শ্রীগোপীনাথ দেবের শ্রামন্দিরের জগমোহনে বসিয়া প্রেমবিহলভাবে পরম হ্বলর অপুর্কা শ্রীমৃত্তি দর্শন করিয়া ক্লতক্কভার্থ মনে করিলেন। শ্রীবিগ্রহ-দেবার পবিজ্ঞান, সৌষ্টব ও পারিপাট্য দেপিয়া পুরী গোসাঞ্চির মনে বড় আনন্দ হইল। পুজারী সেবাইত আক্ষাক্কে তিনি ভোগের কথা জিজ্ঞাসা করিলে, তিনি কহিলেন,—

শিক্ষ্যায় ভোগ লাগে ক্ষীর অমৃত কেলি নাম। দাদশ মৃৎপাত্র ভরি অমৃত সমান॥ গোপীনাথের ক্ষীর করি প্রসিদ্ধি যাহার। শৃথিবীতে ক্রিছে ভোগ কাঁহা নাহি আর॥ ১৮: ৮:

এই কথা বলিয়া পুজারী ঠাকুর শ্রীগোপীনাথের দেশ
অপুর্ব্ব ক্ষীর ভোগ দিতে চলিয়া গেলেন। কারণ ভখন
ভোগের সময় উপস্থিত হইয়াছিল। শ্রীমাধবেক্স পুরী
গোসাঞি মনে মনে ভাবিলেন,—

অ্যাচিত ক্ষীর প্রসাদ অল্প যদি পাই। স্থাদ জানি তৈতে ক্ষীর গোপালে লাগাই॥

শ্রীপাদ মাধ্বেদ্ধ পুরী গোসাঞির গোপালের দেবা ছিল। তিনি কিরূপে শ্রীবৃন্দাবনে তাঁহার গোপাল প্রতিষ্ঠা করিয়াছিলেন সে কথা পরে বলিব। তাঁহার অ্যাতিত ইতি, কেহ কিছু যাচিয়া না দিলে তিনি ভিক্ষা করেন না। শ্রীগোপীনাথের ক্ষীরপ্রসাদে তাহার লোভ হওয়ায় তিনি মনে মনে বড়ই লজ্জিত হইয়া ঐবিষ্ণুমরণ করিলেন।
এক্ষণে ঐগোপীনাথ দেবের কীর ভোগের আরতির ঘটা
বাজিল। পুরী গোসাঞি আরতি দর্শন করিয়া ঐবিগ্রহকে
দণ্ডবৎ প্রণাম করিয়া ঐমিক্ষর হইতে বহির্গত হইলেন।
ঐগোপীনাথ ছিউর ক্ষীর প্রসাদে লোভ হওয়ায় আপনাকে
অপরাধী মনে করিয়া তৃঃথিত হদয়ে গ্রামের নির্জ্জন এক
প্রান্তদেশে একটি শৃত্য হাটে বিসিয়া মৃত্ মৃত্ মধুর হরিনাম
কীর্তান করিত্তে লাগিলেন। প্রেমাঞ্চধারায় তাঁহার
বক্ষংস্থল ভাসিয়া ভূমিতল সিক্ত হইল।

এদিকে পুজারীঠাকুর শ্রীবিগ্রহকে ক্ষীরভোগ দিয়া যথাবিধি স্ততি বন্দনা করিয়া রাজিতে শয়ান দিলেন। প্রসাদী ক্ষীরভাণ্ড সকল ভোগের গৃহ হইতে স্থানাস্তরিত করিয়া নিজ কতা সমাপন করিয়া তিনিও শয়ন করিলেন। বাদশ ক্ষীরভাণ্ডের মধ্য হইতে একটি প্রসাদী ক্ষীরভাণ্ডে শ্রীকোণীনাথদেব চুরি করিয়া তাঁহার পীতধড়া দারা আবৃত করিয়া লুকাইয়া রাখিলেন; পুজারী ঠাকুর তাহা আর বুঝিতে পারিলেন না। কারণ তিনি ক্ষীরভাণ্ড সকল এক এক করিয়া গণনা করিয়া লইয়া যান নাই। রাজিতে শয়ন করিয়াছেন, নিশ্রা আসিয়াছে, পুজারীঠাকুর স্বপ্ন দেখিলেন শ্রীগোপীনাথ দেব তাঁহার শিরোভাগে দণ্ডায়মান হইয়া তাঁহাকে সংখাধন করিয়া বলিতেছেন,—

উঠহ পূজারী কর ধার বিমোচন।
ক্ষীর এক রাখিয়াছি সন্মাসী কারণ॥
ধড়ার অঞ্চলে ঢাকা ক্ষীর এক হয়।
তোমরা না জানিলে তাহা আমার মাধায়॥
মাধবপুরী সন্মাসী আছে হাটেতে বসিঞা।
ভাঁহাকে ত এই ক্ষীর শীদ্ধ দেহ লুঞা॥ ঠৈঃ চঃ

স্থা দেখিয়া পূজারী ঠাকুর শাসবাত্তে শায়া হইতে উঠিয়া স্থান করিয়া শ্রীমন্দিরের দ্বার উন্মুক্ত করিলেন। শ্রীগোপীনাথ জিউর পীতধ্ডার নিমে এক ভাগু প্রসাদী ক্ষীর রহিয়াছে দেখিয়া তিনি প্রেমানন্দে গদ গদ হইলেন। তাঁহার নয়ন দ্ব্য দিয়া দরদরিত প্রেমাশ্রামারা নিগত হইল। তিনি প্রসাদী ক্ষীরভাগু লইয়া দে স্থানটি লেশন করিয়া শ্রীমন্দিরের দার কদ্ধ করিয়া পথে বাহির হইলেন (১)।
সেই রাত্রিতে একাকী তিনি গ্রামের হাটে হাটে ভ্রমণ
করিয়া শ্রীমাধবেন্দ্রপুরী গোসাঞির অন্ত্রসদ্ধান করিতে
লাগিলেন। তথন রাত্রি প্রায় শেষ হইয়াছে। পূজারীঠাকুর কাহাকেও দেখিতে না পাইয়। উলৈঃম্বরে কহিতে
লাগিলেন,—

"ক্ষীর লহ এই যার নাম মাধব পুরী।
তোমার লাগি গোপীনাথ ক্ষীর কৈল চুরী॥
ক্ষীর লঞা পুরী তুমি করহ ভক্ষণে।
ভোমা সম ভাগাবান নাহি ত্রিভূবনে"॥ চৈঃ চঃ

শ্রীমাধবেক্রপুরী গোসাঞি হাটের এক প্রাস্তে নির্জ্জনে বসিয়া নামানন্দে বিভোর ছিলেন। পূজারীর এই কথা জাঁচার কর্ণে যাইবামাত্র ডিনি আঅপরিচয় দিলেন। পূজারী ঠাকুর তথন তাঁহাকে দওবং প্রণাম করিয়া প্রসাদী ক্ষীরভাত তাঁহার হতে দিলেন এবং এই ক্ষীর চাত সম্বন্ধ তাঁহার প্রতি শ্রীগোপীনাথদেবের রূপায়জ্ঞার কথা আত্পর্বিক বলিলেন। এমাণবেজ পুরীগোদাঞি তাহা ভনিয়া প্রেমাবিষ্ট ইইয়া ভূমিতলে মৃচ্ছিত ইইয়া পড়িলেন। তাঁহার অপুর্ব প্রেমভাব দেখিয়া পূজারী ঠাকুর বিস্মিত হইয়া মনে মনে ভাবিলেন "বান্তবিকই শ্রীকৃষ্ণ ভগবান ইহারই ষশীভত" (২)। এই বলিয়া তিনি পুরীগোসাঞিকে প্রণাম कविश क्रीमित्र किवित्तान। त्थाभारवर्ग विस्तृत वहेगा পুরীগোসাঞি প্রদাদী ক্ষীর ভক্ষণ করিয়া প্রেমোর ভভাবে মৃত্য করিতে লাগিলেন। শৃষ্য কীরভাওটী ভগ্ন করিয়া খণ্ড খণ্ড করিয়া সেই মুংখণ্ডগুলি নিজ বহির্বাদে সমজে जिन्नश्कादत वस्त कतित्मन। श्रीजिमिन तमहे ग्रःजाधः খণ্ডগুলি এক একটি করিয়া ভক্তিপুর্বক ভক্ষণ করিতেন

এবং তৎক্ষণাং প্রেমোয়ত হইতেন (১)। পুরীগোদাঞি মনে মনে ভাবিলেন প্রীগোপীনাথদেব আমার জন্ত ক্ষীর চুরি করিয়াছেন, এ কথা লোকে শুনিলে তাঁহার প্রভিষ্ঠা বৃদ্ধি হইবে,—বছ লোক আদিয়া তাঁহাকে দম্মান করিবে। এই ভয়ে তিনি দেই দিনই রাজি শেষে প্রীগোপীনাথদেবের উদ্দেশে শত দগুবং প্রণাম করিয়া প্রীনীলাচল ধাম যাজা করিলেন (২)। এ দিকে প্রভাতে প্রীগোপীনাথদেবের ক্ষার চুরি বৃত্তান্ত দর্মস্থানে প্রচারিত হটল। প্রীমাধবেক্সপুরী গোদাঞির বছ অমুসন্ধান করিয়াও কেহ তাঁহাকে রেমুনায় দেখিতে পাইলেন না। প্রীক্ষেত্র পর্যন্ত এই অভুত লীলাকথা প্রচারিত হইল। দেখানেও তাঁহার পশ্চাং বহুলোক লাগিল। তিনি দেখান হইতেও প্রথমন করিলেন। কবিরাজ গোম্বামী লিথিয়াছেন—

প্রতিষ্ঠার স্বভাব এই জগতে বিদিত। যে না বাঞ্চে তার হয় বিধাতা নির্মিত॥ প্রতিষ্ঠার ভয়ে পুরী যায় পলাইয়া। কৃষ্ণভক্ত সঙ্গে প্রতিষ্ঠা চলে গাগ লঞা॥

প্রতিষ্ঠা ত পরের কণা, মৃত্তি মোক্ষ পর্যান্ত রুঞ্চ ভক্তের অন্তর্গমন করে। ভগবতদেবা ভিন্ন ক্ষণভক্ত বৈফব আবার কিছুই চাহেন না। শ্রীভগবান স্বাধুবে কহিয়াছেন—

> দালোক্য সাষ্টি নামিপ্য সার্ত্বপ্রক্ষমপ্যুত। দীয়্মানং ন গৃহুতি বিনা মৎদেবনাং জনাঃ॥

শ্রীপাদমাধবেক্সপুরী গোকামীর পবিত নাম স্মরণে কফলেপ্রমের উদয়হয়। এই মহাপুক্ষের প্রিয়শিষ্য শ্রীপাদ

^{(&}gt;) বল দেবি পূজারী উট করিল বিচার। লান করি কপাট বুলি মুক্ত কৈল বার।। ধড়ার আঁচল তলে পাইল সেই ক্রীর। তান লেপি ক্রীর লঞা হইল বাহির।। চৈঃ চঃ

⁽২) প্রেম দেখি সেবক কছে হইরা বিশিত। কুফ সে ইহার বশ হর যথোচিত।। চৈঃ চঃ

⁽১) পাত্র প্রকালম করি খণ্ডখণ্ড কৈল। বহিবাসে বান্ধি সেই টিকারী রাখিল।। প্রতিদিম একথানি করেন ভক্ষণ। খাইলে প্রেমাবশে হয় অভুত কথন।। চৈঃ ৪ঃ

⁽২) ঠাকুর আমাধেক কীর দিল লোক দব শুনি।
দিলে লোক ভিড় হবে মোর প্রতিষ্ঠা জাদি।।
এই ভয়ে রাজি শেবে চলিলা প্রীপুরী।
সেইবানে পোপীনাধে দওবৎ করি।। চৈঃ চঃ

ঈশরপুরী গোদাঞিকে শ্রীগোরাঙ্গপ্রভূ গুরুত্বে বরণ করিয়াছিলেন। শ্রীগোরভগবান যে পৃথিবীতে ভক্তিকল্পভঙ্গ রোপণ
করিয়াছিলেন তাহার অঙ্কুর শ্রীপাদমাধবেন্দ্র পুরীগোদাঞি।
শ্রীপাদ ঈশরপুরী প্রেমদলিলে এই অঙ্কুর পরিপৃষ্ট করিয়াছিলেন। নদীয়ার ব্রাহ্মণ কুমারটি এই ভক্তিকল্পভক্রর
কন্ধ। ইহার নঘটি মূল। এই নঘটি মূলের নাম লিখিত হইল। শ্রীপাদ পরমানন্দ পুরী, কেশব ভারতী, ব্রহ্মানন্দ পুরী, আমানন্দ ভারতী, বিষ্ণুপুরী, কেশব পুরী, নৃদিংহতীর্থ পুরী, আর হাধানন্দপুরী। কবিরাক্রগোহামী লিখিয়াভেন:—

"এই নবমূলে রুক্ষ করিল স্থান্থির।"

এই ভক্তি কল্পতকর মূল স্কর্ম হইতে আরও তুইটি ক্ষম উথিত হইল। তাঁহাদের একের নাম শ্রীঅধৈত অপরের নাম শ্রীনিত্যানক (১)। ইহাদিগের শাধা উপশাধায় জগতবাাপ্ত হইল। এই ভক্তিকল্পতককে কবিরাজগোস্বামী যজ্ঞ ভূম্বের রক্ষের সহিত তুলনা করিয়াছেন। ভূমুর ফল যেমন রক্ষের সর্ব্ধ অংক ফলে, এই অপূর্ব ভক্তিকল্পতকর ফলও মূলর্কের সর্ব্ব অংক ফলেতে আরম্ভ হইল (২)। এই ভক্তিকল্পতকর মূল শ্রীপোদাঞি। ভাঁহার চরণ কমলে কোটি কোটি প্রণিপাত।

য**ৈশ্ব দাতুং চোর**য়ন ক্ষীরভাগুং গোপীনাথ: ক্ষীরচোরাভিধোহভূৎ। শ্রীগোপাল প্রাত্রাদীদ্বশঃ সন্ যৎ প্রেমা তং মাধবেক্সং নতোহন্মি॥ চৈঃ চঃ

(২) প্রভু প্রেমে গদগদ হইমা এই শ্রীপাদ মাধবেক্রপুরী-গোসাঞির অপুর্ব ভক্তি কাহিনীগুলি একে একে বর্ণনা করিতেছেন, আর তাঁহার নয়নদ্বয় দিয়া দরদরিত প্রেমাঞ্চনারা প্রবাহিত হইতেছে। খ্রোতা ও ভক্তগণ নিবিষ্টচিত্তে ভনিতেছেন। প্রভু বলিলেন, "শ্রীপাদ মাধবেক্রপুরী-

(২) বুকের উপরি উপরিল ছই কর। এক কারেত নাম আর নিতানিক।। চৈঃ চঃ

(২) উদুৰ্যর বৃক্ষ খেন ফলে সর্ব্ অবেশ। এই মত ভাল্তি-বৃক্ষে স্বর্গতা ফল লাগে।। চৈঃ চঃ গোসাঞির ভক্তি-কথার অস্ত নাই। আর একটি অপূর্ব ভক্তিকাহিনী বলি শুন"।

পুৰীগোদাঞি যখন জীবুলাবনধামে গমন করিয়া-ছিলেন, সেই সময়ে উচ্চাকে শ্রীক্ষভগবান বালগোপাল বেশে দর্শন দানে কতার্থ করেন। তিনি প্রেমোনাত্ত হট্যা শ্রীবন্দাবনের বনে বনে ভ্রমণ করিয়া শ্রীগোবর্দ্ধনে আসিয়া উপস্থিত হইলেন। এীগিরিগোবর্দ্ধন পরিক্রম করিয়া তিনি গোবিন্দকুতে স্থান করিলেন। গোবিন্দকুতের তীরে সন্ধ্যাকালে একটি বৃক্ষতলে তিনি বসিয়া আছেন, দিবা-ভাগে আহার হয় নাই। তাঁহার অ্যাতিত বৃদ্ধি। কেই যাচিয়া ভিক্ষা না দিলে, তিনি কাহারও নিকট কিছু ভিক্ষা করিতেন না। পুরীগোদাঞি নামা**নলে বিভোর ইইয়া** বুক্ষতলে ব্যিয়া ধ্যান্মগ্ন হইয়াছেন, এমন সময় প্রম ফুক্র একটি অপুর্বা গোপবালক এক ভাগু চুগ্ধ লইয়া জাঁহার .নিকটে আদিয়া মধুর হাদিয়া সমুখে রাখিল (১)। পুরী-গোসাঞির হঠাৎ গ্যান ভঙ্গ হইল। তিনি তাঁহার সমূধে একটা অপুর্ব রূপলাবণ,বিশিষ্ট গোপবালক দর্শন করিয়া **जानत्म** भागम इटेलन। (भाभवालक उँ। हाटक विकाम কবিলেন--

পুরী এই ছগ্ধ লঞা কর তুমি পান।
মাগি কেন নাহি খাও, কিবা কর ধ্যান। চৈ: চঃ
গোপ-বালকের বালভাষিত মধুর কলকঠ অব পুরী গোসাঞির
কর্ণে যেন অমৃত বর্ষণ করিল। বালকের অপরপ রপরাশি
দেখিয়া তিনি একেবারে মৃগ্ধ হইয়া পড়িলেন, মনের
আনন্দে তাঁহার ক্ষ্ণা তৃষ্ণা দূর হইয়া গেল। তাঁহার ধ্যানধারণাও দূর হইয়া গেল। তিনি গদগদ কঠে প্রেমাঞ্রবিগলিত্নমনে এই অপুর্বে বালককে মৃত্ভাষে সলেহে
জিজাসা করিলেন 'বাপ্ ধন! তুমি কে? ভোমার
বাড়ী কোথায়? তুমি কেমন করিয়া জানিলে আমি

⁽১) শৈল পরিক্রম করি গোবিন্দ কুণ্ডে আসি। সান করি বৃক্ততে আছে সন্ধার বলি।। গোপ বালক এক হৃথ ভাও লঞা। আসি আগে ধরি কিছু বলিল হাসিয়া।। হৈ: চঃ

উপৰাসী আছি"(১)। তথন সেই অপূর্ব্ব গোপবালক মধুর হাসিয়া উত্তর করিল

———"গোপ আমি এই গ্রামে বসি।
আমার গ্রামেতে কেহ না রহে উপবাসী॥
কেহ আর মাগি থায় কেহ হ্যাহার।
আধাচক জনে আমি দিয়ে ত আহার ।
জ্বল লৈতে স্ত্রীগণ তোমারে দেখে গেল।
স্ত্রীগণ হ্যা দিয়া আমারে পাঠাইল।
গো-দাহন করিতে চাহি শীঘ্র আমি যাব।
পুন: আদি আমি এই ভাও লইব।" চৈঃ চঃ

এই কথা বলিয়াই গোপ-বালকর্মণী প্রীক্লম্ব ভগবান দেশান হইতে অস্তৃতিত হইলেন। পুরী গোসাঞি আর দেই অপুর্ব বালককে দেখিতে না পাইয়া পরম বিশ্বিত হইলেন। তিনি মনে মনে ভাবিতে লাগিলেন "এই অপুর বালকটি কে? নরশিশুর ত এত রূপ হয় না। এ যে রূপের সাগর।" তিনি এইরূপ চিস্তা করিতেছেন আবার সৃত্যুক্ত নয়নে পথের দিকে চাহিয়া আনছেন। কারণ গোপৰালকটি বলিয়া গিয়াছে হগ্ধ-ভাও লইতে পুনৰ্কার দে এখানে আসিবে। পুরী গোদাঞির মন অতিশয় চঞ্চল হইল। তিনি আর ধাানে বদিতে পারিলেন না,- মালা হত্তে কইয়া জ্বপ করিতে লাগিলেন। জ্বপেও মন লাগিতেছে না। তাঁহার চিত্ত সেই অপুর্ব্ব গোপ বালকের নিকটে প্ডিয়া বহিষাছে। এই ভাবে সেই বৃক্ষত্তে ৰসিয়া পুরী গোদাঞি দে রাজি কটি।ইলেন। শেষ রাত্তিতে তাঁহার চকে একটু নিজার তল্ঞা আসিল, বাহ বৃদ্ধি লোপ পাইল। অমনি তিনি স্বপ্ন দেখিলেন.—

স্থপ্ন দেখে দেই বালক সম্মুখে আদিয়া। এক কুষো লঞা গেল হাতেতে ধরিয়া।

(১) ৰালকেয় দৌলব্দি পুনীর হইল সজোব। উচহার মধুর বাকো গেল জোক্ শোব। * পুরী ক্ষে কে তুমি কাঁছা বেশায় বাস। কেমনে জানিলে আমি করি উপবাস। ৈ চঃ

কৃষ দেখাইয়াকহে আমি এই কুঞাে উরই। শীত কৃষ্ণ দাবাগ্নিতে মহা দুঃখ পাই। গ্রামের লোক আনি আমা কাঢ় (১) কুঞ্জ হৈতে। পর্বত উপরে লঞা রাখ ভাল মতে। এক মঠ করি উাঁহা করহ স্থাপন। বিহু শীতল জলে কর শীৰক স্পন। বছদিন ভোমার পথ করি নিরীক্ষণ। কবে আসি মাণ্ব আমা করিবে দেবন ॥ ভোমার প্রেমবদে করি দেবা অঙ্গীকার। দর্শন দিয়া নিকাবিব সকল সংসাব॥ बैर्शाशांव नाम त्यात रशावक्रनधाती। বজ্রের (২) স্থাপিত আমি ইহাঁ অধিকারী॥ শৈল উপর হৈতে আমা কুঞ্জে লুকাইয়া। ম্রেচ্চ ভয়ে দেবক মোর গেল পলাইয়া। সেই হৈতে রহি আমি এই কুঞ্জ স্থানে। ভালে আইলা তুমি আমা কাঢ় দাবধানে। চৈ: চ: এই বলিয়া শ্ৰীবাল গোপাল অন্তৰ্দ্ধান হইলেন। শ্রীমাধবেন্দ্র পুরী গোদাঞি জাগিয়া উঠিয়া প্রেমাবেশে মৃচ্ছিত হইরা ভৃতলে পতিত হইলেন। কিছুকণ পরে তাঁহার বাহজান হইলে অঝোরনয়নে ঝুরিতে লাগিলেন। তিনি কেবল বলিতেছেন,—

"শ্রীকৃষ্ণ দেখিলু মুঞি নারিত্র চিনিতে"।

আর ভূমিতলৈ পড়িয়া ধুলাগ গড়াগড়ি দিতেছেন। এইক্রপে রাত্রিশেষ হইয়া গেল। শ্রীক্লফ ভগবানের আজ্ঞা পালনের জক্ত তিনি কিছুক্ষণ গরে স্থায়ির হইলেন। প্রাভঃক্তা
ও প্রাতঃলান করিয়া পুরীগোলাঞি প্রেমানক্ষে গ্রামের
মধ্যে চলিলেন। গ্রামে যাইয়া সকল লোক একত্র করিয়া
তিনি ভাহাদিগকে কাংলেন,—

^{# 6}메리 - [위에기]

⁽⁾⁾ कांक् = वाहित्र केत्र ।

⁽২) এক্ষের গৌত অনিক্ষের পূত্র বল্প। ইহাকে পাওবলন বারকা হইতে আনিরা মথ রার রাজা করিরাছিলেন। তিনি এক্ষলীলার বান সকল আবিকার করিয়া করেকটি এমৃতি ত্বাপন করিয়াছিলেন। এই গোণাল তাহার মধ্যে একটি।

গ্রামের ঈশ্বর ভোমার গোবর্দ্ধনধারী। কুঞ্জে আছে চল তাঁরে বাহির যে করি। অভ্যন্ত নিবিড় কুঞ্জ নারি প্রবেশিতে। কুঠারি কোদালি লহ ছয়ার করিতে। চৈঃ চঃ

গ্রামের লোক এই কথা শুনিয়া মহানন্দে কোদালি ও কুঠার হত্তে লইয়া পুরী গোদাঞির দহিত নিবিড় বনের মধ্যে প্রবেশ করিল এবং তাঁহার নির্দ্দেশাফুদারে জনল কাটিয়া মাটী থঁড়িতে থঁড়িতে মৃত্তিকাচছাদিত বালগোপালের প্রস্তরময় অপুর্ব শ্রীমৃত্তি দেখিয়া আনন্দে বিজ্ঞান হটল। তথ্য প্রীগোসাঞি প্রেমানন্দে বিভোর হুইয়া হরিহুরি ধ্বনি করিতে লাগিলেন। সর্বলোক শেই বনের মধ্যে আমাননে জ্যধ্বনি করিতে লাগিল। ভীষণ আর্ণাানী "জয় বাল্গোপাল" ধ্বনিতে মুখরিত হইল। সকলে মিলিয়া তখন খ্রীবিগ্রহ ভূগর্ভ হইতে উপরে क्षेत्राहरू कहे। कविएक नाशिस्त्रत। किस धौविश्रदृत অতিশয় ভারপ্রযক্ত কেহ তাঁহাকে একাকী উপরে উঠাইতে পারিলেন না। তথন গ্রামের মহা মহা বলিষ্ট লোক সকল একত হুট্য়া সেই শ্রীমৃত্তি ভুগর্ভ হুইতে উঠাইয়া পর্বতোপরি উঠাইল। একথানি প্রস্তর খণ্ডে পৃষ্ঠদেশ অবলম্বন করিয়া অপর প্রস্তর থণ্ডোপরি শ্রীগোপালদেব পর্কতোপরি সিংহাসনে উপবেশন করিলেন। নিকটবর্ত্তী গ্রামের বছলোক আসিয়া সেধানে একত্রিত হইল। ব্ৰজ্বাসী বিপ্ৰবৃন্দ গোবিন্দ কুণ্ডের জল আনিয়া 🖲গোপাল-দেবের অভিষেকের উদ্যোগ করিতে লাগিলেন। প্রথমে নয় ঘটপুৰ্ব জ্বল আনা হইল। পরে নয় শত জ্বলপূৰ্ব পুর্বকৃত্ত আনিয়া পর্বতোপরি রাধা হইল। নানাবিধ বাদাভাও লোকে नत्स গ্রামের গ্রামবাদী কুলস্ত্রীবৃন্দ মঙ্গলগীতি বাজাইতে লাগিল। গীতে সকল লোক নুত্য গাইতে লাগিলেন। উন্মন্ত হইল। সেই দিনই খ্রীগোপাল দেবের মহোৎসবের সকল উচ্চোগ হইল। দধি,ছগ্ধ, ম্বত,সন্দেশ প্রভৃতি ভোগের সকল সামগ্রীই আহরিত হইল। গদ্ধপুষ্প, মাল্য, ধুপ ৰীপ বস্তু সকলি আনীত হইল। শ্ৰীপাদ মাধবেক্ত পুরী

গোদাঞি স্বয়ং এগোপালদেবের সভিবেক করিতে বসিলেন (১)। তিনি প্রথমে এবিপ্রতের এবাদের মলা মাটি দুর করিয়া কুঞ জলে স্নান করাইলেন। স্বিক পরিমাণে তৈল মর্দন করাইয়া वैषक চিত্রণ করিলেন। শ্রীবিগ্রহের অপরপ রূপ যেন তথন কুটিয়া উঠিল। সকলে দেখিয়া আনন্দে অধীর হইয়া 'জন বালগোপাল কি জন" রবে আকাশমওল বিদীর্ণ করিল। তাহার পর 🖣মাধবে🗷 পুরী গোসাঞি পঞ্চাব্য এবং পঞ্চামূত দিয়া 🖣 মর্ছির পুনরায় ল্লান করাইবেন। এক্ষণে মহাভিবেকের লান আরু হইল। ব্ৰন্থবাদী বিপ্ৰবৃন্ধ 'জন্ম গোপাল কি স্বন্ধ' বলিয়া সকলে মিলিয়া শত ঘট কুণ্ড-জলে শ্ৰীবিগ্ৰহকে উত্তম করিয়া ন্নান করাইলেন। পুরী গোসাঞি মন্ত্র পাঠ করিতে লাগিলেন। তাঁহার পর তিনি নতন চিত্তণ বন্ধ বারা প্রীমন মুছাইয়া দিয়া পুনরায় স্থান্ধি তৈল দারা শ্রীষ্ট্রক, অধিকতর চিক্রণ করিয়া দিলেন ইহার পর এবিগ্রহের এমং চন্দন চর্চ্চিত করিয়া যথাবিধি পূজা করিলেন। দুধি হুছ, ক্ষীব নবনীত সন্দেশাদি দিয়া আইগোপাল দেবের বাল-(ভাগ দেওয়া হইল। তাম্বলাদি সকলি প্রদন্ত হইল। ভোগ আর্ত্রিক শেষ হইলে পুরী-গোসাঞি করবোড়ে শ্রীগোপাল দেবের যথাবিধি স্তবন্ধতি করিলেন যথা—

⁽২) মহা মহা বলিও লোক একত আসিয়া।
প্ৰতি উপরে পেলা ঠাকুর লইরা।
পাথর সিংহাসন উপর ঠাকুর বদাইল।
বড় এক পাথর পৃঠে অবলম্বন দিল।।
গ্রামের ত্রাহ্মণ সব নব ঘট ল ফা।
বোবিন্দ কুণ্ডের জল আনিল হানিঞা।।
নবশন্ত ঘট জল কৈল উপনীত।
নানা বাল্য ভেরী বাহে প্রাস্থেণ গার গীত।।
কেহ গার কেহ নাচে মহোখসব হৈল।
দ্যি ছাত্ত আইল আনে যত ছিল।
বোগ সাম্প্রী আইল সন্দেশাদি দত।
নানা উপহার ভাহা কহিতে পারি কত।।
ভুলস্তাদি পুশ্ব বল্প আইল অনেক ।
ভ্রাপ্যেন মাধৰ পুরী কৈল অভিবেক।। চৈঃ চঃ

বঠা পীড়ভিরামং মৃগমদ তিলকং কুগুলাকান্ত গণ্ডং কঞ্চাক্ষং কন্থকঠং স্মিতস্থভগমূপং স্বাধরেক্তবেণুম্। শ্রামং শাস্তং ত্রিভঙ্গং রবিকরবসনং ভূষিতং বৈজয়স্ত্যা বন্দে বুকাবনন্থং মুবতিশতবৃতং ব্রহ্মাগোপালবেশং॥

তাহার পর অন্ধব্যঞ্জন ভোগের উত্তোগ হইল। বিপ্রহরের মধ্যে গ্রামের ব্রজ্বাসীরুক্ত সকল উত্তোগ করিয়া দিলেন। পুজাপাদ কবিরাজ গোস্বামী লিখিয়াছেন;—

> প্রামের যতেক তণ্ডুল দালি গোধুমচুর্। সকল আনিয়া দিল পর্বত হৈল পূর্ণ॥ কক্ষকার ঘরে ছিল যত মন্তাজন। সব আনাইল প্রাতে চডিল রম্বন ॥ দশ বিপ্র অল রাজি করে এক স্থপ। জন) চারি পাঁচ রাজে ব্যক্তনাদি কপ ॥ বন্ধ শাক ফলমূল বিবিধ ব্যঞ্জন। কেই বড়া, বড়ি, কড়ি করে বিপ্রগণ ॥ জনা পাঁচ সাত কটি কৰে বাশি রাশি। অন্ন ব্যঞ্জন সব বহে ঘুতে ভাসি॥ নব বস্ত্র পাতি তাহে পলাদের পাত। রান্ধি রান্ধি তার উপর রাশি কৈল ভাত। ভাব পাশে রুটি বাশি উপপর্কত হুইল। স্থপ আদি ব্যঞ্জন ভাগু চৌদিকে ধরিল। তাঁর পাশে দধি হুগ্ধ মাঠা শিথরিণী। * পায়স মাথনি সব পাশে ধবি আনি ॥ হেন মতে আর কৃট করিয়া সাজন। পুরী গোসাঞি গোপালেরে কৈল সমর্পণ।

শ্রীবিগ্রহ বহুদিন ক্ষ্ধায় কাতর ছিলেন,পুরী গোসাঞির নিবেদিত অন্নব্যন্ধন, পায়স মিষ্টান্ন দ্বি তথ্য সকলি তিনি বংশ্তে ভোজন করিলেন। কৃষ্ণভক্ত চুড়ামণি কুপানিছ শ্রীমাধবেন্দ্র পুরীগোসাজি তাঁহার অভীপ্ত দেবের এই ভোজনলীলা অম্বভাব করিলেন। তাঁহার নিকট শ্রীকৃষ্ণ ভগবান কিছুই লুকাইতে পারিলেন না। শ্রীগোপালদেবের শ্রীহত্ত স্পর্শে তাঁহার প্রসাদী অরব্যঞ্জনাদি পুনরায় সেইরূপ রহিল।

এক দিনের উচ্ছোগে শ্রীগোণাল দেবের ক্রণায় সেই
পর্বত মধ্যে এইরূপ মহামহোৎসব হইয়। গেল,—গ্রামের
আাবালবৃদ্ধবিতা আসিয়া প্রসাদ পাইয়া কৃতার্থ হইল।
ব্রঞ্জবাদী ব্রান্ধণবৃদ্ধ অগ্রে প্রসাদ পাইলেন। পরে ব্রজ্মায়ি
গণ প্রসাদ পাইলেন। তংপরে অক্যান্ত সকল লোকেই
গোপালের প্রসাদ পাইয়া কৃতার্থ হইলেন।

পুরীগোসাঞি সে দিন খ্রীবিগ্রহ শগ্নের কিরূপ ব্যবস্থ। করিলেন শুফন—

> শয। করাইল নৃত্ন থাট আনাইয়া। নবৰস্ত আনি তার উপরে পাতিয়া॥ তুণ টাটি দিয়া চারিদিক আবেরিল। উপরেতে এক টাটি দিয়া আছোদিল॥ চৈ: চঃ

সদ্ধ্যাকালে শ্রীগোপালদেবকে উঠাইয়া যথারীতি ভোগ আরতি করিয়া পুনরায় এইরপ ভাবে শয়ান দিলেন। পুরীগোসাঞি ব্রজ্বাসী বিপ্রবৃদ্ধকে এই গোপালসেবায় নিযুক্ত করিলেন। তাঁহারা সকলেই সেবাপরায়ণ পরম বৈষ্ণব হইলেন। পুরী গোসাঞি ঠাকুর শ্রান দিয়া কিছু দৃষ্ধ প্রসাদ পাইয়া সে রাত্রি সেই পর্বতের উপরিভাগে শ্রীবিপ্রহের চরণতলে শ্রান করিলেন। পরদিন প্রভাতে নানা গ্রাম হইতে বহু লোক গোপাল দর্শন করিতে

^{*} ফ্রির পর্যাসিত দিধি অর্জ্যক, শুদ্র চিনি বোড়শ পল, মধু এফ পল, ছত এক পল, মন্ত্রিক কর্ম, শুলী তুই কর্ম, বীড়লবন হুই কর্ম, এই সম্বন্ধ আবা সক্ষ বল্লে ললনা সমনী মৃত্যু করতল ছারা অর্থা করাইয়া কর্মুর বুলি ছারা সুগলি ভাতে রাখিছে হুইবে। এই শিব্দিলী ভীম প্রশ্বত করেন এবং ভগবান শ্রীমধুস্থন ভক্ষণ করেন। ইহাকে শিথ্রিণী সমলোবলোবলে।

⁽১) অনেক ঘট পুরি দিল স্বাসিত জল।
বছদিনের কুধার গোপাল খাইল সকল।।
বস্তুপি পোপাল সব অর বাঞ্জন থাইল।
তার হওপোপে পুন: তেমতি হইল।।
ইহাও অনুভব কৈল সাধব গোসাঞি।
তার ঠাই পোপালের লুকা কিছু নাই।। চৈ: চঃ

শাসিল। কারণ এই ভড় সংবাদ তাড়িত বার্তার স্থায় দর্মকার সচারিত হইল।

গোপাল প্রকট হইল দেশে শব্দ হইল। আশ পাশ গ্রামের লোক দেখিতে আদিল। চৈঃ চঃ

এক এক গ্রামের লোক একত্র হইয়া একএক দিন
শ্রীগোপালদেবের সেবার জন্ম জন্মন্ট মহোৎসব করিল। এই
ক্রপে প্রতিদিন নিত্য জন্মকুটের মহোৎসব হইতে লাগিল।
মথুরার বড় বড় ধনী লোক গোবর্জনে শ্রীগোপালদেবের
প্রকট সংবাদ পাইয়া ভক্তিপূর্বক স্বর্গ, রৌপ্য, ধনরত্ব বস্ত্র
ভক্ষ্য প্রভৃতি লইয়া আসিয়া শ্রীবিগ্রহসেবায় দিতে
লাগিলেন। একজন ধনী ভক্তিমান ক্ষত্রিয় শ্রীবিগ্রহেব
মন্দির প্রস্তুত করিয়া দিলেন। ব্রজ্বাসীবৃন্দ একটি একটি
করিয়া গাভী দিলেন। শ্রীগোপালের সহস্র সহস্র গভৌ
হইল। শ্রীবিগ্রহের সেবাভাগ্রারে সকল স্বব্য গৃহজাভ
হইল। এবং সেবাকার্য্য অতি স্কশৃদ্ধলাব সহিত চলিতে
লাগিল (১)।

গৌড়মণ্ডল ইইব্ত এই সম্যে চুইজন বৈরাগী আধাণ শ্রীগোবর্দ্ধনে আদিলেন। পুরী গোদাঞি তাঁহাদিগকে আতি আদর ও যত্ন করিয়া শ্রীমন্দিরে বিদিয়া দীক্ষামন্ত্র দিয়া শিশ্ব করিলেন। এই চুই শিশ্বের হস্তে তিনি শ্রীবিগ্রহ দেবা অর্পন করিয়া নিশ্চিম্ভ ইইলেন। শ্রীগোপালদেবের রাজদেব। অতি স্থন্দর্রপে চলিতে লাগিল। এইরপে শ্রীগোবর্দ্ধনে চুই ব্যুসর কাল পুরী গোদাঞি শ্রীবিগ্রহ-দেবার প্রমানন্দে অতিবাহিত করিলেন। ইহার পর একদিন রাজিতে স্বপ্ন দেখিলেন,— গোপাল কহে পুরী আমার তাপ নাহি বায়।
মলয়জ চলন লেপ তবে দে জ্ড়ায়।
মলয়জ আন যাই নীলাচল হৈতে।

অন্ত হৈতে নহে তুমি চলহ তরিতে। চৈ: চঃ

এইরূপ স্থপ নেধিয়া প্রেমাবেশে পুরী গোসাঞি জাগিয়া
উঠিলেন। প্রেমবিহলনেত্রে তিনি ম্বারেন্যনে মুরিতে
লাগিলেন। প্রাতে উঠিয়া সেবার স্ববন্দোবন্ত করিয়া
শ্রীগোপালদেবের আজা পালন উদ্দেশ্তে গৌড়মগুলে
গমন করিবার জন্ত প্রস্তুত হইলেন। শ্রীবিপ্রহের সম্বাবে
কর্যোড়ে দাঁড়াইয়া আজাপ্রশাদ চাহিলেন। শ্রীগোপালদেবের পুশ্মালা ভূমিতে পতিত হইল. পুজারী বিপ্র
আনিয়া তাহ। পুরী গোসাঞির হন্তে দিলেন। তিনি তাহ।
মন্তব্র ধারণ করিয়া সজলনমনে শ্রীগোপালদেবের নিক্ট
হইতে বিদায় গ্রহণ করিয়া গৌড়মগুল যাত্রা করিলেন।
এই সম্বে তিনি শান্তিপুরে আসিয়া শ্রীক্রেচার্গাকে
দীকা। মন্ত্র দিরাভিলেন। ইহার পর তিনি রেম্নায়

(৩) শ্রীশ্রাণেপ্রত্ন শ্রীমাধবেক্স পুরীর অপুর্বা ভক্তিকথা আবিই ইইয়া ভক্তবৃন্ধকে কহিছেছেন। শ্রীরেম্নায় শ্রীগোপীনাথদেবের শ্রীমন্দিরে বিসিয়া রাজি-বালে তিনি এই ভক্তচ্ডামণির পুণাচরিত কাহিনী ভক্ত-বৃন্দাহ আখাদন করিতেছেন। শ্রীমাধবেক্সপুরী গোসাঞি প্রতিষ্ঠার ভয়ে রেম্না হইতে শ্রীক্ষেত্রে পলায়ন করিয়া-ছিলেন সেকণা পুর্বাে বিলিয়াছি। প্রভু কহিতে লাগিলেন সেথানেও তাঁহাকে সর্বালাকে চিনিয়া ফেলিল। তাঁহার মনে মহা উব্বেগের সঞ্চার হইল, কিন্ধ কি করেন গোপালের আজ্ঞা, পুরী হইতে চন্দন আনিয়া তাঁহার শ্রীক্ষেল লেপন করিলে তবে তাঁহার তাপ দ্র হইবে। ইহাক্টেই পুরী গোসাঞি শ্রীক্ষেত্রে বাঁখা পড়িলেন,—

যদাপি উৰেগ হৈল পলাইতে মন।

ঠাকুরের চন্দন সাধন হইল বন্ধন । চৈঃ চঃ

তিনি - যথাসময়ে শ্রীপুরুষোন্ধমে পৌছিলেন, এবং

শ্রীশ্রীক্ষণমাধনেবের সেবকর্নের নিকট নিজ স্থা বৃতার

^{(&}gt;) মধুরার লোক সব বড় বড় ধনী।
ভক্তি করি নানালব্য তেট দের আনি।।
ঘর্ণ রৌপ্য বস্ত্র গন্ধ ভক্ষ্য উপহার।
অসংখ্য আইদে নিত্য বাড়িল ভাণ্ডার।।
এক মহা ধনী ক্ষতির করাইল মন্দির।
কেহ পাক ভাণ্ডার কৈল কেহু ভ প্রাচীর।।
এক এক ব্রভবাসী এক এক গাতী দিল।।
সূত্র সূত্র সূত্র গাভী গোপালের হৈল।। তৈঃ চঃ

ভাপনিবারণের জক্ত শ্রীগোপালদেব চন্দন ভিজা করিয়াছেন ভনিয়া মহানন্দে তাঁহারা প্রচুর পরিমানে চন্দন ও অপ্র সংগ্রহ করিয়া পুরী গোসাঞিকে দিল। রাজপাত্তের নিকট হইতেও যথেই কর্পর ও চন্দন তাঁহার। ভিকা করিয়া আনিয়া দিলেন। পুরী গোসাঞির সঙ্গে এই সকল চন্দন কাষ্ঠ বহন করিয়া গোবৰ্দ্ধনে যাইবার জন্ম একজন আহ্মণ এবং একজন দেবক সঙ্গে দিলেন। রাজ পারের নিকট হইতে ঘাটে দানীর দান্যাহাতে না দিতে হয তাঁহার ছাড়ণত বিথিয়া পুরী গোদাঞির হস্তে দিলেন। পরী গোনাঞি নীলাচল াম হইতে শীশীজগরাথ দেবকে প্রণাম করিয়া বাহ্মণ সঙ্গে চন্দন লইয়া শ্রীরেমুনায আদিয়া উপন্থিত হইলেন। রাশিকত চন্দন কাষ্ঠ ভাঁহার দক্ষে ঘাইতেছে বহুদুর পথ ভারও অধিক, কিরুপে শ্রীগোপালদেবের নিকট এই চন্দন পেঁছিবে, কিরপে তাঁহার আজ্ঞা পালন হইবে. এইরূপ চিন্তা করিতে করিতে পুরী গোদাঞি রেমুনায় শ্রীগোপীনাথের শ্রীমন্দিরে আদিয়া উঠিলেন। এবিগ্রহদর্শনে পর্মানন্দে বহুক্ষণ নৃত্য কীর্ত্তন করিলেন। পুরীগোসাঞীকে बैগোপীনাথদেবের সকল সেবকরন চিনিতে পারিয়া বহু সন্মান করিয়া জাঁহাকে ক্ষীরপ্রসাদ দিলেন। তিনি প্রেমানন্দে প্রসাদ পাইয়া বাতিতে প্রীমন্দিরে শয়ন করিলেন। তদ্রাবেশে শেষ-বাত্তিতে স্বপ্ন দেখিলেন,—

গোপাল আসিয়া কহে 'ভনহ মাধব।
কর্পুর চন্দন আমি পাইলাম সব॥
কর্পুর সহিত ঘদি এসব চন্দন।
গোপীনাথের অঙ্গে নিত্য করহ লেপন॥
গোপীনাথ আমার দে এক অক হয়।
ইহাকে চন্দন দিলে আমার তাপ ক্ষয়॥
হিধা না ভাবিহ না করিহ কিছু মনে।
বিশ্বাস করি চন্দন দেহ আমার বচনে॥" চৈ: চ:
এই কথা বিলয়াই শ্রীবালগোপাল অন্তর্জান হইলেন।

এই কথা বলিয়াই শ্ৰীবালগোপাল অন্তর্জান হইলেন।
প্রী গোসাঞি প্রেমাশ্রুপ্ লোচনে জাগিয়া উঠিলেন।
তাঁহার সর্বা অদ প্লকাবলীতে পূর্ণ হইল। তিনি

প্রেমানন্দে বিহবল হইয়া শ্রীগোপনাথ দেবের সেবক বুন্দকে ডাকিয়া স্বপ্নবৃত্তান্ত কহিলেন। তপন গ্রীমকাল। खीलां भी नाथ (परवंत हन्पनरंग इंडेर्ट, डेंडा खिनिया (प्रवंक-বন্দ আনন্দে মন্ত হইলেন। পরী গোসাঞি চন্দনদেবার এইরপ বাবস্থা করিয়া দিলেন। নিত্য ছইজন আহ্মণে চন্দন ঘৰ্ষণ করিবে, আর তুই জন বাহ্মণ তাহাতে কর্পার মিশাইয়া শ্রীবিগ্রহের শ্রীমকে লেপন করিবে। সেই जिन इहेट **এहेक्र**ल श्रेडाह श्रीशानीनाथरम्द**र उम्म**न দেবা হুইতে লাগিল। একমন চন্দ্ৰ কাষ্ঠ পুৱী গোসাঞি গ্ৰীনীলাচল হইতে স**লে** আনিগাছিলেন। যতদিন প**ৰ্যান্ত** এই চন্দন কাষ্ঠ শেষ না হইল,ততদিন পর্যান্ত পুরীগোসাঞি শ্রীরেমনায় থাকিয়। তাঁহাব অভীষ্টদেবের এই অপুর্ব্ব চন্দন-সেবা দর্শন করিলেন। এইরূপে সমন্ত গ্রীম্মকাল সেথানে অতিবাহিত হইল,তবে তাহাব চন্দন-সেবা সম্পূৰ্ণ হইল ১১) ইহার পর পরী গোদাঞি পুনরায় খ্রীনীলাচল ধামে ফিরিয়া গিয়া সেখানে চাত্রশাস্য করিলেন।

শ্রীগৌর ভগবান তাঁহার শ্রীমৃণে এই ক্ষণ্ডকচ্ডামণি শ্রীমাধবেন্দ্র পুরীগোদাঞির অমৃত্যম পুণ্য চরিত কাহিনী ভক্তবৃন্দকে ভনাইলেন এবং স্বয়ং আস্থাদন করিলেন।

শ্রীমূথে মাধবপুরীর অমৃত চরিত।
ভক্তগণে শুনাঞা প্রভু করে আস্থাদিত॥ চৈঃ চঃ
কথা শেষ হইলে প্রভু শ্রীনিত্যানন্দপ্রভুর প্রতি করণ নয়নে চাহিধা কহিলেন—

> —— "নিত্যানন্দ করহ বিচার। পুরীসম ভাগাবান, কেহ নাহি আর ॥

(১) গ্রীম্মকালে গোপীনাথ পরিবে চন্দন।
ন্তুনি আন ন্দি চ হৈল বেবকের মন।।
পুরী কছে এই ছুই ঘবিবে চন্দন।
আর জনা ছুই লেবে বেছেতে যতন।।
এনতে চন্দন দেয় প্রত্যহ ঘবিয়া।
প্রায় সেবক সব আনন্দ করিয়া।।
প্রায় চন্দন প্রায় বাবং হৈল অন্তঃ।
ক্থার মহিলা পুরী ভাবং প্র্যায়।। চৈঃ চঃ

इध मान ছल कृष्ण गाँउ (मथा मिल। তিনবার স্বপ্নে আসি থারে আজা কৈল। থার প্রেমে বশ হঞা প্রকট হৈলা। সেবা অঙ্গীকার করি জগত তারিলা। যার লাগি গোপীনাথ ক্ষীর কৈল চুরি। অতএব নাম হৈল কীরচোরা হরি। কপ্র চন্দন যার অঙ্গে চড়াইল। আনন্দে পুরীগোসাঞির প্রেম উথলিল। মেছ দেশে কপুর চন্দন আনিতে জঞ্জাল। পুরী হৃ:খ পাবে ইহা জানিয়া গোপাল। মহা দয়াময় প্রভু ভকতবৎসল। চনদন পরি ভক্তশ্রম করিল সফল ॥ পুরীর প্রেম প্রাকাষ্ঠা করহ বিচার। অলৌকিক প্রেমচিত্তে লাগে চমৎকার॥ পর্ম বিরক্ত মৌনী সর্বত উদাসীন। গ্ৰাম্য বাৰ্তা ভয়ে দ্বিতীয় সঙ্গ হীন॥ হেন জন গোপালের অজ্ঞামৃত পাঞা। সহস্র ক্রোশ আদি বুলে চন্দন মাগিয়া॥ ভোথে বহে তবু অন্ন মাগিয়া না থায়। হেন জন চন্দন ভার বহি লঞা যায়॥ মোনেক চন্দন তোল। বিশেক কর্পূর। গোপালে পরাব এই আনদ প্রচুর॥ উৎকলের দানী রাথে চন্দন দেথিয়া। তাহা এড়াইল রাজপত্ত দেখাইয়া॥ শ্লেচ্ছ দেশ দুর পথ জগাতি (১) অপার। কেমতে চন্দন নিমু নাহি এ বিচার ॥ সঙ্গে এক বট (২) নাহি ঘাট দান দিতে। তথাপি উৎসাহ বড় হৈল লঞা যাইতে। প্রগার প্রেমের এই স্বভাব আচার। निक इ:थ विश्वापिक ना करत विछात ॥

এই তার গাঢ় প্রেমা লোকে দেখাইতে।
গোপাল তাঁরে আজ্ঞা দিল চন্দন আনিতে।
বহু পরিশ্রমে চন্দন রেমুনা আনিল।
আনন্দ বাড়িল মনে ছংগ না গণিল।
পরীক্ষা করিতে গোপাল কৈল আজ্ঞা দান।
পরীক্ষা করিয়া শেষে হৈল দ্যাবান।
এই ভক্তি ভক্তপ্রিয় কৃষ্ণ বাবহার।
বিষ্কাতেই আমা সভাব নাহি অধিকার। চৈঃ চঃ

এই সকল কথা বলিতে বলিতে প্রভুর নয়নদ্বয় দিয়।
দরদরিত প্রোমাশ্রুধারা নির্গত ইইতে লাগিল। তিনি
গদগদকঠে শ্রীপাদ পুরীগোসাঞিবচিত নিম্নলিখিত শ্লোকটি
পাঠ করিলেন:—

অস্ত্রি! দীন দয়ার্ডি! নাথ! তে মথুরানাথ! কদাবলোক্যসে। হৃদয়ং অদলোককাতরং দ্য়িত! ভাষাতি কিং করোম্যুহ্ম।

এই শ্লোক পাঠ করিতে করিতে প্রভু প্রেমাবেগে
অবশাক হইয়। ভূমিতলে মৃচ্ছিত হইয়া পড়িলেন।
শ্রীনিত্যানকপ্রভু শসবাস্তে তাঁহাকে ক্রোড়ে করিয়া
বিদলেন। মৃচ্ছা ভকে প্রভু 'অয়ি দীন দয়ার্ক্র!" বলিয়া
প্রেমাকুলভাবে ক্রন্তন করিতে লাগিলেন। তাঁহার নয়নে
প্রেমাকুলভাবে ক্রন্তন করিতে লাগিলেন। তাঁহার কর্ম
হইল, তাঁহার সর্বা অকে অষ্ট্রসাহিক ভাবের উদয় হইল।
তিনি প্রেমানকে অবীর হইয়া প্রিলেন। গোপীনাথেব
সেবাইতগণ প্রভুর এই অপুর্ব প্রেমভাব দেখিয়া বিশ্বিত
হইলেন (১)।

একণে এই অপূর্ব শ্লোকরত্বটির মংকিঞ্চিৎ ব্যাখা। করিব। কবিরাজ গোস্বামী এই শ্লোকটি সম্বন্ধে লিখিয়াছেন—

> এত বলি পড়ে প্রভু তাঁর কৃত শ্লোক সেই শ্লোকচন্দ্রে জগৎ করেছে আলোক॥ ঘসিতে ঘসিতে থৈছে মলয়জ্ঞ সার। গন্ধ বাড়ে তৈছে এই শ্লোকের বিচাব।

⁽১) অংগাতি ⇒ হিন্দিভাবার মাহাকে চুজী বলে। বিক্লের জ্বব্যের আবাবের হান।

⁽२) वह- वक कड़ा कड़ि।

এই লোকে উথাড়িল প্রেমের কণাট।
 গোপীনাথ সেবক দেখে প্রভুর প্রেম নাট।। চৈঃ চঃ

রত্বগণ মধ্যে থৈছে কৌক্কভ মণি। রস শেষ্য মধ্যে তৈচে এই শ্লোক গণি॥

এই শ্লোকটি শ্রীরাধিকার উক্তি। তাঁহার কণায় পুরীগোসাঞির স্থান্য ইহার ক্রুডি হইয়াছিল এবং তাঁহার নাগিনির বারায় উহা বাহির হইয়াছিল। প্রভু রাধাভাবে এই শ্লোক আবাদন করিয়াছেন। স্বতরাং ইহার রদাখাদন করিতে আর চতুর্ব জন নাই (১)। অর্থাং শ্লীরাধিকা মাধবেক্ত পুরীগোসাঞি এবং মহাপ্রভু ব্যতীত অন্ধু কেহ এই শ্লোকরত্বের রসাখাদনের অধিকারী ছিলেন না।

পুরীগোসা তি এই শ্লোক উচ্চারণ করিতে করিতে সিদ্ধিপ্রাপ্ত হইয়াছিলেন (২'। তিনি রাণাভাবে বিভাবিত হইয়া এই শ্লোক কণ্ঠে করিয়া নিত্য ধামে গমন করিয়াছিলেন। ''হে দীন দয়ার্দ্র নাথ! হে মথুরানাথ! আমি কবে তোমার দর্শন পাইব ? হে থিয়! তোমাকে দেখিবার জন্ম আমার কদেয় বড় কাতর হইয়া ত্রিত হইতেছে। আমি কি করিব, ভাষা তুমি উপদেশ দাও।" এই কথা বলিতে বলিতে ক্ষণভক্ত চূড়ামণি শ্রীপাদ মাধ্বেন্দ্র পুরীগোসাঞি নিত্য লীনায় প্রবেশ করিলেন। ধোষিত ভর্ত্কা শ্রীরাধিকার উক্তি এই শ্লোকয়ম্বটি পাঠ করিয়া গ্রন্থ প্রমান্ত হইয়া অবোর নয়নে ঝুরিতে লাগিলেন (৩)। ভক্তবৃন্দও ভাষার

এই শ্লোক কহিরাছেন রাধা ঠাকুরাণী।
 জাহার কুপার কুরে মাধ্বেক্র বাণী।।
 কিবা পৌরচক্র ইহা করে আবাদন।
 ইহা আধাদিতে আর নাই চৌঠাজন।। ১৮: চ:

- (২) শেষ কালে এই শ্লোক পড়িতে পড়িতে। সিদ্ধি প্রাপ্তি হৈল পরীর শ্লোক সহিতে।। চৈঃ চঃ
- (৩) এই আেকের ভাৎপর্য। বৈক্ষরণ চারিসম্প্রণারে বিভক্ত।
 তাহার মধ্যে শ্রীপাদ রাধবেক্স পুরী পোনাঞি, শ্রীমব্বাচার্য্য সম্প্রদার ভুক্ত।
 তিনি বৈক্ষর সন্ন্যান প্রথণ করিরাছিলেন। মধ্বাচার্য হইন্তে শ্রীপাদ
 নাধবেক্স পুরী গোনাঞির শুক্ত শ্রীপাদ লন্মীপত্তি পর্যন্ত এই সম্প্রদারে
 শৃক্ষার রসমরী ভক্তির আলোচনা এবং আবাদন করিবার অধিকার
 ছিল দা। তাহাদের কুক্তভক্তির বরূপ শ্রীমরহাপ্রভু দক্ষিণ দেশে প্রমন
 সমরে তত্ত্বাদীদিগের সহিত বিচার করিরা দেখিরাছিলেন। শ্রীপাদ

সংক্ষ কান্দিয়া কান্দিয়া শ্রীগোপীনাথদেবের শ্রীমন্দির প্রাক্ষণ ভাসাইলেন। লোক সংঘট্ট হইলে প্রভুৱ বাহুজ্ঞান হইল। তথন তিনি আত্মসম্বরণ করিলেন। এক্ষণে রাত্রি অধিক হইয়াছে দেখিয়া শ্রীগোপীনাথদেবের সেদিনকার ঘাদশ ক্ষীরভাগু প্রসাদ আনিয়া পুলারি-ঠাকুর প্রভুর সমুধে রাখিলেন। প্রভু তোহার মধ্য হইতে পাঁচটি লইয়া ভক্তবৃদকে বন্টন করিয়া স্বয়ং কিছু প্সাদ পাইলেন, আর সাতটি ফিরাইয়া দিলেন। প্রসাদ পাইয়া সে রাত্রি গ্রন্থ সেখানে ন্ত্য কীর্ত্তনানন্দে অভিবাহিত করিলেন। প্রভাতে শ্রীগোপীনাথদেবের মঙ্গল আরতি দর্শন করিয়া ভিনিসেথান হইতে যাত্রা করিলেন। কবিরাজ গোস্বামী লিখিয়াছেন—

শ্রদাযুক্ত হঞা ইং। শুনে যেইজন। শ্রীকৃষ্ণ চরণে সেই পায় প্রেমধন।

বেম্না হইতে প্রভু কটকের নিকটবর্ত্তী যাজপুর গ্রা.ম আসিলেন। মধ্যে বৈতবণী নদীতীরে তিনি কিছুমণ, বিশ্রাম করিয়াছিলেন। বৈতরণী নদীতে প্রভু মান করিয়া তাঁহাকে পতিতপাবনী করিয়াছিলেন (১)। ঠাকুর জ্য়ানন্দ তাঁহার শ্রীচৈতন্তমঙ্গল শ্রীগ্রন্থে লিথিয়াছেন:—

> হৈত্ত গোদাঞির পূর্বপুক্ষ আছিলা যাজপুরে

শীহ্টদেশেতে,

পলাঞা গেলা।

রাঙ্গা ভ্রমরের ডরে।

সেই বংশে,

প্রম বৈক্ষব

কমল লোচন তার নাম।

মাধবেক্স পুরী এই অপুর্ব্ধ রোক রচনা করিয়। শুলার রসময়ী ভক্তিতত্ত্বে বীক্স বপন করেন। শীময়হাপ্রভু তাহা পুর করিয়। বুক্তরপে পরিবাণ করেন। এই রোকার্থ ভাবই শীক্তৃক্ষপ্রাপ্তির সর্ব্বোত্তম উপার। জীবেণকে শীভগবানের বিরহ ভাবই বাভাবিক ভক্তন। শীগৌরাস বিরয়ে শীবিক্সিরাদেবীর যে বিরহ ভাব, সেই ভাবই গৌরভজ্বক্ষেভ্রত্বেশ্বরেশনীয়। শীয়াধিকার কৃষ্ণবিরহ ও শীবিক্সিরাদেবীর গৌরভজ্বক্ষে

(১) ঝান দানে সেই নদী পতিতপাবনী আর ভাতে শীন কৈল ঠাকুর আপানি।। চৈঃ চঃ

পূর্বেজনের ভপে, চৈডক্ত গোসাঞি তাঁর ঘরে করিল বিশ্রাম।

প্রস্থা পূর্ব্ধপুরুষগণ যে কটকের নিকটবন্ত: এই যাজ-পুরে বাস করিতেন তাহার প্রকৃত্তী প্রমাণ অফ্য কোন বৈক্ষবগ্রন্থে পাওয়া যায় না। কিন্তু ঠাকুর জ্মানন্দের কথাও একেবারে উড়াইয়া দিতে পারা বায় না। এ সকল কথা শ্রীনব্দীপলীলা গ্রন্থে প্রভুর বংশ পরিচয়ে বিস্তারিত লিগিত হইয়াছে। তাহার পুনক্তি এখনে নিশ্রায়েজন।

যাজপুরে প্রভূ এক রাত্তি বাদ করেন। পথে আদিবরাহ ঠাকুর দর্শন করিয়া প্রভূ যাজপুরে গিয়াছিলেন। যাজপুর গ্রাম মহাতীর্থক্ষেত্র। ঠাকুর লোচনদাদ এই যাজপুর তীর্থ দথকে লিখিয়াছেন (১)—

যাহে যজ্ঞ কৈল একা লঞা মূণিগণ।
আক্ষণেরে দিল গ্রাম করিয়া শাসন॥
মহাপাপী নর যদি মরে দে নগরে।
সর্ব্ব পাপে মৃক্ত হৈয়া শিষ্ট্রপ ধরে॥
শত শাত আছে তাহে মহেশের লিক।
তারে নমস্কারি যায় গৌর গোবিকা॥

এই পবিত্র ক্ষেত্র যাজপুর গ্রামে কেবল মাত্র একবর্ণ ব্রান্ধণের বাস। ইহাকে এইজন্ম ব্রান্ধণ নগর বলিত (২)। এই এইরূপ পুণ্য ক্ষেত্রে নদীয়ার অবতার শ্রীশ্রীমন্মহাপ্রভুর পূর্ব্ব পুরুষগণ বাস করিতেন, ইহা কিছু বিস্ময়ের কথা নহে। প্রভু এই স্থানটি দুর্শন করিয়া বড় স্থানী হইলেন।

- (>) ঠাকুৰ বৃদ্ধাবন দাদ লিখিরাছেন :—

 যাজপুরে বতেক আছরে দেববান।

 লক বংসরেও নারি লৈতে সব নাম।।

 দেবালর নাহি হেন নাহি তথি হান।

 কেবল দেবের বাস যাজপুর গ্রাম।।
- (१) কণোদিন মহাপ্রভূ প্রীগৌরদুলর।
 আইলেন বাজপুর ভাগ্ধন নগর।। চৈঃ ভাঃ
 বাজপুন কটকজেলার একটি মহকুমা। ইহাকে নাজিগরা বলে, এই
 খানের ভাগ্ধন নগর প্রীভে বরাহদের আছেন।

কি জানি তাঁহার মনে কি ভাবের উদয় হইল। তিনি ভক্তবৃন্দকে ছাড়িয়া একাকী গ্রামের মধ্যে গুণ্ডভাবে দ্রমণ করিতে লাগিলেন। প্রভূকে না দেখিয়া ভক্তবৃন্দ বিশেষ চিস্তিত ও ভীত হইয়া প্রতি দেবালয়ে তাঁহার আংশ্বেশ করিতে লাগিলেন। তথন শ্রীনিত্যানন্দপ্রভূ সকলকে সাস্থা করিয়া কহিলেন—

———"স্থির কর চিত্ত।
জানিলাম প্রাকৃ গিবাছেন যে নিমিত্ত।
নিভূতে ঠাকুর সং বাজপুর গ্রাম।
দেখিবেন যত যত আছে দেবস্থান।
আমরাও সভে ভিক্ষা করি এই ঠাই।
আজি থাকি কালি প্রাকৃ পাইব এথাই। হৈ: ভা:

এই কথায় ভক্তবৃদ স্থান্তিব হইয়া দেদিন দেখানে রহিলেন। পর দিবস সদানদ প্রাভূ দেখানে আদিয়া ভক্তবৃদ্দের সহিত মিলিত হইলেন। তথন তাঁহাদের আনন্দের আর সীমা রহিল না। সকলেই মনের আনন্দে মত্ত, হইয়া হরিধ্বনি করিতে লাগিলেন। দেই দিনই প্রভূ ভক্তবৃদ্দাহ যাজপুর হইতে কটকে যাতা করিলেন।

কটক নগর পুণ্যভোষা মহানদী তীরে অবস্থিত। প্রস্থু আদিয়া মহানদীতে স্থান করিলেন। এই কটক নগরে সাক্ষীগোপাল নামক এক প্রাসিদ্ধ জাগ্রত শ্রীবিগ্রহ আছেন। প্রভু সাক্ষীগোপাল দর্শন করিতে গেলেন। শ্রীমন্দিরে গিয়া বছক্ষণ প্রেমানন্দে নৃত্য কীর্ত্তন করিলেন। সাক্ষী গোপালের অপরপ লাবণ্যথয় এবং সর্ব্বসোন্দর্যান্দ্রী সন্দর্শন করিয়া তিনি প্রেমানন্দে বিহ্বস্থ হইলেন। প্রেমাবিষ্ট হইয়া তিনি গোপালের শুতি করিতে লাগিলেন। সে দিন রাজিতে ভক্তবৃন্দের সহিত প্রস্থাকী গোপালের মন্দিরে নৃত্যকীর্ত্তন করিলেন। শ্রীনিত্যানন্দপ্রভু ষ্থন তীর্থ ক্রমণে আসিয়াছিলেন তিনি এই কটকে আসিয়া লোকম্থে সাক্ষীগোপালের লীলাকাহিণী শুনিয়াছিলেন। এক্ষণে সেই সকল লীলাকথা তিনি গ্রন্থকে কহিতে লাগিলেন। এই মধুর লীলাকথার

ৰকা শ্রীনিত্যানদগ্রভু, আর শ্রোতা স্বয়ং ভগবান শ্রীগোরাস্থলর

শ্ৰীনিত্যানন্দপ্ৰভু বলিতে গাগিলেন, "পুৰ্বাকালে বিদ্যা-নগরে ছই বিপ্ল বাদ করিতেন। তাঁহারা একত্রে তীর্থ ভ্রমণে বহির্গত হইলেন। কাশী, গ্রা, প্রয়াগ প্রভৃতি তীর্থ দর্শন করিয়া তাঁহারা শ্রীরন্ধাবনে আসিয়া শ্রীগোপাল-**एएटव**त चौश्रुवि एमिश्रा एम्ड चौमिनित्त विद्याम क्रिएनन । **uই** श्रीविश्रहरक्छ खन्नवामीश्रम माक्कीरशालाल विजया থাকেন। শ্রীগোবিন্দদেবের পরাতন শ্রীমনিরের উত্তরে পথের ধারে উক্ত সাক্ষীগোপালের শ্রীমন্দির অদ্যাপি विषामान तरिशाष्ट्र। छ्टे विष्यत माथा अकलन वृष्ट অপর জন মুবা, ছোট-বিপ্র বৃদ্ধ-বিপ্রকে সেবা ফুঞ্চা করেন.-- সর্বাদা তাঁহার সঙ্গে থাকেন। তাঁহার সেবায় পরম তুষ্ট হইয়া বৃদ্ধ আহ্মণ একদিন তাঁহাকে কহিলেন "বাপু! আমি তোমার দেবায় সম্ভষ্ট হইয়াছি এবং তোমার গুণে বশীভূত হইয়াছি। তুমি এই তীর্থ ভ্রমণে ষেরপ আমাকে দেবা করিয়াছ, আপন পুত্রেও তাহা করে না। তোমাকে সম্মান না করিলে আমি রুভয়ত। পাপে লিপ্ত হইব। অতএব তোমাকে আনি কলা দান করিয়া এই ঋণ হইতে মৃক্ত হইব"। ছোট বিপ্র সসন্মানে **भर्दरावनरन वर्**ष विश्वदक कहिरनन "मरानग्र, अमन व्यमस्रव कथा विनादन ना। जाशनि महा कूनीन, विद्यान ख धनवान, आत आपि धनशीन, विन्ताशीन धवः अकृतीन। আপনার ক্ষ্যার যোগ্যপাত আমি নহি। কৃষ্ণপ্রতে আমি আপনাকে সেবা করি। আশীর্কাদ করুন আমার रयन ভिक्तनां इय।" यफ विश्व छेखत कतिरानन "वान হে! তুমি কোন সন্দেহ করিও না, আমি নিশ্চয় কহিলাম তোমাকে আমি কলা দান করিব।" ছোট বিপ্র পুনরায় বিনীত বচনে কহিলেন 'মহাশয়! আপনার স্ত্রীপুত্র আছেন, জ্ঞাতি কুটধ আছেন, তাঁহাদিগের বিনা সম্মতিতে আপনি কিরপে আমাকে কল্যাদান করিবেন ? রুক্মিণী-দেবীর পিতা ভীমক র জা তাঁহার ক্যারত্ব শ্রীরুফের হস্তে সমর্পণ করিতে ইচ্ছা করিয়াছিলেন, কিন্তু তাঁহার পুত্রের

অসমতিতে তাঁহার সে ইচ্ছা পূর্ণ হয় নাই।" বড় বিপ্র কহিলেন "কল্লা আমার নিজ ধন। আমি নিজ ধন তোমাকে দান করিব, ইহাতে কে নিষেধ করিতে পারে? আমি তোমাকেই কল্লাদান করিব, ইহা নিশ্চয় জানিবে।" তথন ছোট বিপ্র কহিলেন" মহাশয়! তাহা হইলে আপনি এই শ্রীগোপালনেবের সম্মুধে প্রতিশ্রুত হইলেন।" বড় বিপ্র তৎক্ষণাৎ শ্রীবিগ্রহের সম্মুধে দাঁড়াইয়। কহিলেন,—

"তুমি জান নিজ কল্প। ইহাঁরে আমি দিল" তথন ছোট বিপ্র হাসিয়া আীবিগ্রহের প্রতি চাহিয়। কহিলেন,—

——"ঠাকুর তুমি মোর দাকী। তোমা দাক্ষী বোলাইব মদান্তথা দেখি॥" চৈ: চঃ

ছই বিপ্রাই ক্লফভক্ত চুড়ামণি। তাঁহাদিগের এইরুণ কথাবার্তা ভনিগা বালগোপাল দেবের শ্রীমূথে হাসি দেখা দিল। ভাগাবান ছই বিপ্ৰই তাহা দেখিতে পাইলেন। তাঁহারা গোপালদেবকে বহু প্রণাম করিয়া স্বদেশে চলিলেন। (नः चानिष्ठा क्रेड्डिंग निक निक गृंदर गमन कतिलन। किष्कृतिन পরে বড় বিপ্র একদিন মনে মনে ভাবিতে লাগিলেন ''তীর্থস্থানে ছোট বিপ্রকে ক্সাদিক বলিয়া वाकानान कतियाहि. किंद्रत्य छारा शानन कति। स्त्री भूख জ্ঞাতি কুটম সকলেই ইহার বিরোধী হইবে, তাহা আমি জানি, কিন্তু কি করি?" এই ভাবিষা তাঁহার সমস্ত আত্মীয় স্বজনকে একতা করিয়া একদিন জাঁহার মনের কথা বলিলেন, এবং সেই সঙ্গে তিনি যে চোট বিপ্রকে তীর্থ স্থানে ক্যাদান করিতে প্রতিশ্রুত হইয়াচেন, সেক্থাও বলিলেন। এই কার্যো সকলে তাঁহাকে ধিকার দিতে লাগিল, জ্ঞাতি কুটুম বলিল "তোমাকে আমরা ত্যাগ कतिर"। खौ भूख विनन "आमता विष शाहेबा मित्रव।" সকলেই বড় বিপ্রকে নিন্দাবাদ ও উপহাস করিতে লাগিল। তিনি সকলের নিকটে এীবৃন্দাবনের সমস্ত কথা খুলিয়া বলিলেন। তিনি বলিলেন "ছোট বিপ্রের माकी आह्न (शाभानति । तम माकी नहेशा आमित्त, আমার ধর্মনাশ হইবে। সভ্য পালন স্কভাষ্ট ধর্ম।

এই ধর্মনাশে আমার নরকে গতি হইবে" (১)। এই কথা ভানিয়া তাঁহার পূক্র বলিল "প্রতিমা আবার সাকী। তাহাও দ্রদেশে অবস্থিত। আপনি বলিবেন সেকথা আমার কিছু শ্বরণ নাই। আমি ছোটবিপ্রকে দেখিয়া লইব। এ বিষয়ে আপনি আর কোন চিন্তা করিবেন না।" পুক্রের কথা ভানিয়া বড়-বিপ্র অতিশয় বিমর্ধ ও চিন্তিত হইয়া গ্রীগোপালদেবের চরণকমল শ্বরণ করিলেন। প্রাহ্মণ বড় বিপদে পড়িলেন। এ বিপদে গোপালদেব ভিন্ন কে আর তাঁহাকে রক্ষা করিবে? তিনি করবোডে গ্রীগোপালদেবের চরণে নিবেদন করিলেন,—

মোর ধর্ম রক্ষা পায় না মরে নিজ্জন। তুই রক্ষা কর সোপাল লইফু অরণ॥ চৈঃ চঃ

এইরপে প্রতিদিন বৃদ্ধ আদ্ধা গোপালের নিকট নিছ
মনবেদনা নিবেদন করেন, আর মনতুংশে কালেন।
ইতিমধ্যে একদিন তাঁহার গৃহে ছোট-বিপ্র আসিলেন।
তাঁহাকে দেখিয়া বড় বিপ্রের মুখ একেবারে ভ্রথাইয়া
গেল। তিনি আর মুখ তুলিয়া চাহিতে পারিলেন না।
ছোট-বিপ্র কহিলেন,—

"তুমি মোরে কক্সা দিতে করিয়াছ অঙ্গীকার। এবে কিছু নাহি কহ কি ভোমার বিচার॥" চৈঃ চঃ

বড়-বিপ্রের পুত্র এইকথা শুনিয়া ছোট-বিপ্রকে তুর্ব্বাক্য বলিয়া লাঠি লইয়া প্রহার করিতে উত্তত হইলেন। ভয়ে তথন তিনি সেদিন সেধান হইতে পলায়ন করিয়া প্রাণ-রক্ষা করিলেন। কিন্তু ক্যাদান প্রাপ্তির আশা ছাড়িলেন না। আর একদিন গ্রামের ভব্য ভব্য লোক একত্র করিয়া তাহাদিগকে লইয়া ছোট বিপ্র পুনরায় বড় বিপ্রের বাড়ীতে আসিলেন। সকলের সমক্ষে বৃদ্ধ ব্রাহ্মণের তার্থস্থানে তাহাকে ক্যাদান করিবার প্রতিশ্রুতির কথা কহিলেন, আরও বলিলেন, এক্ষণে ইনি প্রতিক্রা রক্ষা করিতেছেন না। সকলে মিলিয়া তথন বড় বিপ্রকে কহিলেন,—

(১) বিপ্ৰ বোলে সাক্ষী বোলাঞা করিবেক স্থার।
জিতে কল্পা লবে মোর বার্থ ধর্ম বার।। চৈঃ চঃ

''ক্তা কেন না দেহ যদি দিয়াছ বচন" বড় বিপ্র পুত্রের ভয়ে ভীত হইয়া কহিলেন.— "কবে কি বলিয়াছি মোর নাহিক স্মরণ ॥ है। हः এই ছল ধরিয়া বড় বিপ্রের ছুষ্ট পুত্র ছোট বিপ্রের অনেক মিথ্যা অপবাদ দিতে লাগিলেন (১)। ছোট বিপ্র সকল কথা বুঝাইয়া দিলেন,—সভাসভাই বৃদ্ধ আহ্মণ তথিয়ানে এই দত্যবন্ধনে বন্ধ আছেন স্বয়ং শ্রীগোপালদেব ইহার শক্ষী। বড় বিপ্র ভক্তচুড়ামণি। শ্রীভগবান ঘেমন ভক্তকে পরীক্ষা করিয়া নিজ্ঞজন করেন, ভক্তও দেইরূপ শ্রীভগবানকে পরীকা করিয়া নিজস্বামী করিয়া লয়েন। ছোট বড় ছুই বিপ্রই শ্রীভগবানের প্রিয় ভক্ত। ভক্তবাঞ্চা-কল্পতক আভিগ্রান তুই জনেরই মনবাঞ্চাপুর্ণ করিবেন। বড বিপ্র তথন সর্বসমকে কহিলেন ''খ্রীগোপালদেব যদি এখানে আসিয়া এই কথার সাক্ষী দেন, তাহা হইলে আমি নিশ্চয় ইহাকে কল্লা দান করিব।" তাঁহার পুত্রও ইহাতে সমত হইলেন। ছোট বিপ্র তখন কহিলেন "এ সকল কথার লেখাপড়া চাই.-পুনরায় যেন একথার নড়চড় না হয়। আমি শ্রীবৃন্ধাবন হইতে শ্রীগোপালদেবকে দাকী দিতে এখানে আনিব।" মধ্যস্থ থাকিয়া গ্রামের ভবা ভবা লোক বড বিপ্রের এই কথা লিখিয়া লইলেন। সেই দিনই ছোট বিপ্র শ্রীবৃন্দাবন যাতা করিলেন। সেখানে গিয়া ত্রীগোপালদেবকে দর্শন করিয়া প্রমানন্দ লাভ করিলেন। কর্যোডে স্ততি . বন্দনা করিয়া তাঁহার চর্বে নির্জ্জনে নিবেদন করিলেন.-

(১) এত শুনি তার পুত বাকাছল পাঞা।
প্রাপ্ত হইরা কহে সমূবে আদিরা।
তীর্থান্তার পিতার দক্তে হিল বহু ধন।
ধন দেখি এ ছটের গইতে হইল মন।।
আর কেহু দক্ষে নাহি দবে এই একল।
ধ্তুরা থাওরাইরা বাপে করিল পাগল।
দব ধন লঞা কহে চোরে লইল ধন।
কল্পা দিতে চাহিরাছে উঠাইল বচন।।
তোমরা দক্ল লোকে করহ বিচারে।
বেয়ার পিতার কল্পা দিতে বোগা কি ইহারে।। চৈ: চ;

"ব্ৰহ্মণ্য দেব ! তুমি বড় দয়ামন্ত্র।

ছই বিস্থেৱ ধর্ম রাখ হইয়া দদম ॥

কন্মা পাব মোর মনে ইহা নাহি স্থা।

বাহ্মপের প্রতিজ্ঞা যায় এই বড় তুঃখ ॥

এত জানি তুমি সাক্ষী দেহ দয়াময়।

জানি সাক্ষী না দেয় ধেই তার পাপ হয়॥" ৈ চঃ চঃ

ছোট বিপ্রের শেষ কথাট বড়ই মধুর। ভক্তভগবানকে পাপের ভয় দেখাইতেছেন। কোন বিষয়
জানিয়া তাহার সাক্ষী না দেওয়া পাপ কার্য। শীভগবান
সকল কর্মের অতীত। তাঁহার আর পাপ কি ? ছোট
বিপ্রও পণ্ডিত; ইহা তিনি জানেন,—জানিয়া শুনিয়া
শীগোপালদেবকে এই কথা ভবে কেন বলিলেন ? ভক্তভগবানের সম্বন্ধ অভিশন্ন নিগৃঢ়। মাধুর্যভাবে ভক্ত,
ভগবানকে সকল কথাই বলিতে পারেন, তাঁহাকে ধরিয়া
বান্ধিতে পারেন, আর তিনি ইহাই ভালবাদেন। বেদস্বিতি হইতে ভক্তের ভর্মনায় শীভগবানের মনে বড়
আনন্দ হয়। তিনি সমুধ্ব বলিয়াছেন,—

মান করি প্রিয়া যদি করয়ে ভৎ দন। বেদক্ষতি হৈতে তাহা হরে মোর মন॥ চৈ: চঃ

এই ছোট বিপ্র তাঁহাকে বলিলেন "প্রভু, তুমি সকলি জান। জানিয়া শুনিয়া যদি সাক্ষী না দাও তবে ভোমার ইহাতে পাপ হইবে"। ইহাতে শীভগবান পরম প্রীত হইমা ডক্তের নিকট পরাজয় দ্বীকার করিয়া স্বপ্রকাশ হইবেন। তিনি শীবিগ্রহের মধ্যে বিসয়া ছোট বিপ্রের সহিত কথা কহিতে লাগিলেন। শীবেগাপালদেব কহিলেন—

"বিপ্র! তুমি যাহ স্বত্তন।

সভা করি মোরে তুমি করহ স্মরণ।

আবিভাব হঞা আমি তাঁহা সাক্ষী দিব।

প্রতিমা স্বরূপে তাঁহা যাইতে নারিব। তৈঃ চঃ

চোট বিপ্র কর্যোড়ে উত্তর করিলেন,—

"যদি তুমি হও চঞ্জু মৃর্ষি।
ভবু ভোমার বাক্যে কার না হবে প্রতীতি।

"বিধ্বা করি কার কার না হবে প্রতীতি।

"বিধ্বা করি বাক্যে কার না হবে প্রতীতি।

"বাক্যা করি বাক্যে কার না হবে প্রতীতি।

"বাক্যা করি বাক্যে কার না হবে প্রতীতি।

"বাক্যা করি বাক্যা ক

এই মৃষ্টি গিয়া বদি এই এবদনে সাক্ষী দেহ যদি তুমি সর্কালোকে মানে ॥" চৈ: চঃ

ছোট বিপ্রের কথা অতি সত্য। বড় বিপ্র সত্য করিয়াছেন, তাঁহার ইষ্টদেব এই বালগোণাল শ্রীমৃর্তির সম্মুখে দাঁড়াইয়া। যদি এই শ্রীমৃর্তিতে শ্রীভগৰান সেধানে গিয়া সাক্ষী না দেন, তাহা হইলে বড় বিপ্রের বিশাদ হইবে না, আর বড় বিগের থিখাদ না হইলে গ্রামের লোক অন্য কেহ বিশাদ করিবে না। তাই ছোট বিপ্র বিশিলন,—

এই মূর্ব্তি গিয়া যদি এই শ্রীবদনে। সাক্ষী দেহ যদি তুমি দর্বলোকে মানে। চৈঃ চঃ

শ্রীভগবানের নিকট ভক্তের কতথানি আবদার, কতম্ব জোর, ছোট বিপ্রের এই কথাটিতেই স্পষ্ট বৃদ্ধিতে পারা যায়। ভগবান চতুরচ্ডামণি, ভক্ত দেই চতুরচ্ডামণির স্বচত্র ভত্তা। চতুর ভৃত্তোর নিকট গৃহস্বামীর যেমন চতুরতা থাটে না, ভক্তের নিকট শ্রীভগবানের চাতুরী তাহার স্বধ্য ভূলিয়া যায়। ভক্তের সম্পূর্ণ বশীভ্ত হইয়া শ্রীভগবানকে কার্যা করিতে হয়। তিনি ভক্তের সম্পূর্ণ স্বধীন। ইহা তাঁহার স্বম্থ নিঃস্ত বেদবাণী।

ষ্কং ভক্ত পরাধীনোহ খণ্ডম ইব বিজ। সাধুভিগ্রস্থ মৃদয়ে। ভকৈর্ভকজনপ্রিম: । (১) গীতা

শ্রীভগবান ভক্তাধীন হইলেও ভক্তের সহিত চতুরত।
করিতে ছাড়েন না। তিনি চতুর চূড়ামণি এবং স্থচতুর
পরীক্ষক,—পদে পদে ভক্তকে বিধিমতে পরীক্ষা করেন।
ছোট বিপ্রের কথা শুনিয়া শ্রীগোপালদেব কহিলেন "ওহে
বিপ্র! তুমি পাগল হইয়াছ। প্রতিমা কথন চলিডে
পারে?" ছোট বিপ্র উত্তর করিলেন "দেব! তুমি প্রতিমা
নহ! তুমি সাক্ষাৎ ব্রজেজনান্ন। প্রতিমা হইলে তুমি

⁽১) লোকার্থ লাবি ভক্তের অধীন, অভএব প্রাধীন। আনার বাধীনতা নাই। আমি আমার ভক্তবুদকে বড় ভালবাসি। ভাহারা আমার বড় প্রির। আমার সমূদর হাদর তাহারা গ্রাস ক্রিবাছে। সুভারাং আমার জ্ববের উপর আমার কোন অধিকার নাই।

আমার সহিত কথা কহিতে না। ভত্তের জন্ম তুমি সকলি করিতে পার,—অকার্য্যও করিয়া থাক। তোমার এই মুর্বিভেই সাক্ষী দিতে যা তে হইবে।"

কৃষ্ণ কহে প্রতিমা চলে কোথাও না ভানি।
বিপ্র বলে প্রতিমা হঞা কহ কেন বাণী।
প্রতিমা নহ তুমি সাক্ষাৎ ব্রজেন্দনন্দন।
বিপ্র লাগি কর তুমি অকার্য্য করণ। হৈঃ চঃ
ভক্রের ভগবান ভক্তের কথা আর ঠেলিতে পারিলেন
না। তিনি সম্পূর্ণ ভক্তাধীন। তিনি তথন হাসিয়া
কহিলেন,→

—"ভানহ ব্ৰাহ্মণ।

তোমা পাছে পাছে আমি করিব গমন॥ উল্টিয়া আমা না করিছ দরশনে। আমামাকে দেখিলে আমি বহিব সেই স্থানে ॥ নুপুরের ধ্বনি মাত্র আমার শুনিবা। সেই শঙ্কে আমার গমন প্রতীতি করিবা। এক সের অন্ন মোরে করিহ সমর্পণ । তাহা থাঞা তোমার দলে করিব গমন ॥" চৈ: চ: ভত্তের মনস্কৃতির জন্ম শ্রীগোপালদেব শ্রীবৃন্দাবন হইতে তাঁহার সঙ্গে দেশে চলিলেন। ছোট বিপ্র গোপালের মধুর নূপুর ধ্বনি ভনিতে ভনিতে প্রেমানন্দে সমস্ত পথ পদরকে চলিয়া যথাসময়ে নিজ দেশে আসিয়া উপন্থিত হইলেন। নিজ গ্রামের নিকট আসিয়া তিনি মনে মনে ভাবিলেন 'এখন আমি নিজগৃহে যাইব, সকল লোককে "গোপাল সাক্ষী দিতে আদিয়াছেন" একথা বলিব,সাক্ষাতে না দেখিলে ভাহারা বিশাস করিবে না. অতএব গোপালের হিতি এখানেই হউক"। এইরূপ ভাবিয়া তিনি যেমন শশ্চাৎ ফিরিয়া চাহিলেন, অমনি তাঁহার অভীষ্ট দেবকে দেখিতে পাইলেন ৷ শ্রীগোপালদেব ঈষং হাসিয়া কহিলেন 'বিপ্র! তুমি গৃহে যাও। আমি এই স্বানেই রহিলাম" (১)। ছোটবিপ্স গ্রামের মধ্যে গিয়া সকলকে শ্রীরন্দাবন

(>) এই ভাবি সেই বিপ্ৰ ফিরিয়া চাহিল। হাসিয়া গোপালদেব ভাঁহাই মহিল।।

হইতে গোপালের শুভাগমন বৃত্তান্ত কহিলেন। আশুর্যা হইয়া সকলে তৎক্ষণাৎ গোপাল দর্শন করিতে সেধানে আদিলেন। দাকাৎ শ্রীবিগ্রহ মূর্তি শ্রীবুন্দাবন হইতে পদরতে এতদুর চলিয়া আসিয়াছেন শুনিয়া সকলে বিশ্বিত হইয়া জাঁহার চরণতলে পতিত হইয়া দত্তবৎ প্রণাম করিতে লাগিল। श्रीत्वाभागतत्त्वत्र व्यथक्तं त्रीमध् দেখিয়া দকলে মোহিত হইল। বড় বিপ্র আদিয়া শ্রীবি-গ্রহের সন্মধে ভূমিবিলুটিত হইয়া পতিত হইয়া প্রেমানন্দে কাঁনিয়া আকুল হইলেন। গ্রামে সমস্ত লোক যথন সেখানে একত্রিত হটল, শ্রীগোপালদেব স্বমুখে কথা কহিয়া সাক্ষী দিলেন। সকল লোক ঘচকে এই অপুর্ব দৃশ্র দেখিল। উাহাদের মত ভাগাবান আর কে আছে? বড়-বিপ্র প্রমান্দে ছোট-বিপ্রকে কন্তা দান করিয়া ক্লভার্থ হইলেন। শ্রীগোপালদের ছট বিপ্রকে ভাকিয়া **সর্বাসমক্ষে** ক্তিলেন-

"তুমি হুই জয়ে জয়ে আমার কিছর।
দোঁহার সত্যে তুই ইইলাম দোঁহে মাগ বর॥" চৈঃ চঃ
তথন কর্যোড়ে হুই বিপ্র তাঁহাদিগের অভীইদেবের
নিকট বর প্রার্থন। করিলেন, "প্রভু! রূপা করিয়া যখন
এতদ্ব আসিয়াছেন, তথন এইস্থানেই অধিষ্ঠান করুন।"
শ্রীভগবান ভক্তের মনোবাস্থা পূর্ণ করিলেন। ছুই বিপ্রের
সেবা স্বীকার করিয়া সাক্ষীগোপালদেব সেই বিভানগর (১)
গ্রামেই রহিলেন। অতিশয় ভক্তিসহকারে ছুই বিপ্রে
শ্রীবিগ্রহ সেবা করিতে লাগিলেন। এ সংবাদ দেশের
চুর্দ্ধিকে প্রচারিত হুইল। সে দেশের রাজার কর্ণেও
এক্থা গেল। তিনি স্বয়ং বিভানগরে আসিয়া প্রিনাপালদেবকে দর্শন করিয়া পরম আহ্লাদিত হুইয়া শ্রীমন্দিরাদি

আক্ষণেরে কচে তুমি বাহ নিজ ঘর। এখার রহিব আমি না বাব অতঃপর। চৈঃ চঃ

(১) উড়িব্যাবেশের রাজার আদেশিক রাজধানী হিল এই বিভা-নগর। গোদাবরীতীরে তৈলকদেশে এই বিভানগর অবহিত। রাজা প্রতাশককের রাজ্যকালে রার রামানক এই বিভানপরের শাসনকর্মা হিলেন।

निर्माण कतिया मिलन--- निर्वाद्यान्यात च्वरमावछ कतिया দিলেন। এইরূপে বিভানগরে সাক্ষীগোপালের দেবা প্রতিষ্ঠিত ইন। বছদিন শ্রীবিগ্রহদেবা চলিল। কিছুকাল পরে উৎকল প্রদেশের রাজা শ্রীপুরুষোত্তমদেব যুদ্ধ করিয়া সেট দেশ জয় করিলেন। সেই দেশের রাজার সিংহাসন বিখ্যানগর তাঁহার অধিকারভুক্ত তিনি প্রাপ্ত হইলেন ত্রল। ত্রীপুরুষোত্তমদেব পরম ভক্ত ছিলেন। তিনি বিজ্ঞানগবের শ্রীসাক্ষীগোপালদের দর্শন করিয়া পর্ম প্রীত হুইয়া তাঁহার চরণে নিবেদন করিলেন, "ঠাকুর। স্থামার রাজা কটকে তোমায় যাইতে হইবে।" রাজার ভক্তিগুণ শ্রীগোপালদের বশীভত হইয়া ঠাঁহাকে স্বপ্নে আজ্ঞা দিলেন, "আমাকে কটকে লইয়াচল।" রাজা শ্রীপুরুষোভ্যদেব মহাসমারোহে জীমাক্ষীগোপালদেবকে বিভানগর হইতে কটকে আনমন করিয়া প্রতিষ্ঠা করিলেন ৷ রাজমহিষী এক্রিন শ্রীগোপাল দর্শনে আসিয়া ভক্তিসহকারে নানাবিধ ব্রুম্ল্য অল্টার দিয়া শ্রীবিগ্রাহের শ্রী অঙ্গ ভূষিত করিলেন। दोक्सिट्वीत नामिकारङ अकिं रहमृना मुका हिन। তাঁহার বড ইচ্ছা হইল, দেই মুক্তা ফলটি খ্রীগোণালদেবের নাসিকায় পরাইয়া দেন। কিন্তু হুর্ভাগ্যের বিষয় শ্রীবিগ্রহের নাসিকায় ছিল্ল ছিল না। রাজমহিষী ছঃখিতাস্তকরণে জীবিগ্রহকে প্রণাম করিয়া গুহে ফিরিলেন। সেই দিন বাজিতে তিনি স্বপ্ন দেখিলেন শ্রীগোপালদেব যেন তাঁহাকে বলিতেচেন:--

বালক কালে মাতা মোর নাসা ছিল্ল কবি।

মৃক্তা প্রাইয়াছিল বছ যত্ন করি ॥

সেই ছিল্ল অন্যাপিই আছেরে নাসাতে।

সেই মৃক্তা পরাই ধাহা চাহিয়াছ দিতে ॥ চৈঃ চঃ
রাজমহিনী এই স্বস্থা দেখিরা মহানলে রাজার নিকট

স্থা-বুরান্ত কহিলেন। প্রদিন প্রভাতে মৃক্তা লইয়া রাজা
৪ রাণা উভরে জীগোপালদেবের জীমন্দিরে আসিয়া
জীবিগ্রহের নাদিকায় ছিল্ল দেখিতে পাইলেন। রাজা
মহিনীর আরে আনন্দের প্রিসীমা রহিল না। রাজা
জীপুক্রবোভ্রমদেব যেমন ভক্তিমান মহাপুক্রব, রাজমহিনীও

দেইরপ ভক্তিমতী, ও ভাগাবতী রমণী। গোণালের নাদাছিজ দেখিয়া উভয়ে আনন্দে বিহল ইইয়া প্রেমাঞ্চ বিস্কুল করিলেন। জীবিগ্রহের নাদিকায় মুক্তা পরাইয়া দিয়া দে দিন তাঁহার। শ্রীমন্দিরে মহা মহোৎসব করিলেন। এই সময় হইতে শ্রীগোপালদেবের কটক নগরে অধিষ্ঠান হইল। তাঁহার সাক্ষীগোপাল নাম আর গেল না।

এই সাক্ষীগোণালদেবের শ্রীমন্দিরে বৃদিয়া
শ্রীনিত্যানন্দপ্রভু ভক্তবৃন্দবেষ্টিত শ্রীগোরভগবানের সমক্ষে
এই সীলাকাহিনী বর্ণনা করিলেন। প্রভু ইহা ভনিয়া
পরম সম্ভোষ লাভ করিলেন (১)। শ্রীবিগ্রহের সমূথে
প্রভু বৃদিয়া আছেন, শ্রীনিত্যানন্দপ্রভু ও ভক্তগণ
দেখিতেছেন,—হই এক মৃর্টি। শ্রীনিত্যানন্দপ্রভু ভক্তর্নেব
মুখের প্রতি চাহিয়া ইন্দিত করিভেছেন, আর মুহ্মন্দ
হাসিভেছেন (২)। প্রভুব দৃষ্টি শ্রীসাক্ষীগোপালদেবের
চক্রবদনের প্রতি। তিনি তাঁহার মধুর লীলারস-স্থা পান
করিতেছেন,—আর নয়ন ভরিয়া অপরূপ রূপ সন্দর্শন
করিতেছেন। ভাবনিধি শ্রীগোবাঙ্গপ্র ভাবে বিভোর
আছেন। তিনি ভাবসমুদ্রে মগ্ন হইয়া শ্রীগোপালদেবকে
ন্তব্র করিলেন—

শোন বিশ্বাসু নিদলকূলং মাদ্যদা ভীররাম।
বক্ষোজানাং ঘৃষ্ণবচনা ভঙ্গ বিশ্বংপরাগং।
চিন্নাধ্বীকং নথমণিমহং পুঞ্জ কিঞ্জমালং (২)
জঙ্ঘানালং চরণ কমলং পাতৃ নঃ পুতনারে: ॥ তৈঃ চঃ নাটক

- (>) নিভানেল মুখে গুনি গোপাল-চরিত।
 তুর হৈলা মহাপ্রভু বস্তুক সহিত। টিঃ চঃ
- (২) গোপালের আগে ববে প্রাভূর হয় রিভি ।
 ভক্তরণ দেখে বেন লুঁহে এক মুর্তি ।।
 লুঁছে এক বর্ণ লুঁহে একান্ত শারীর ।
 দুছির রুজান্তর দৌহার বছাব গজীর ।
 মহা তেজান্তর লুঁহে কমল নয়ন ।
 দুছার ভাবাবেশ মন চ্ঞাবদন ।।
 দুছে দেশি নিভাবন্দ্রাভু মহা রকে ।
 ঠারাঠারি করি হাবে ভক্তরণ দলে ।। তৈঃ চঃ ।
- জাকার্থ। লোহিড্বর্ণ স্থানিক অঙ্গুলিরূপ দলক্ষেণীতে স্থানা

এইরপে সে রাজি প্রভু কটকে শ্রীসাক্ষীগোপালদেবের শ্রীমন্দিরে যাপন করিয়া প্রাতে উঠিয়া ভ্রনেশর যাত্র করিলেন।

কবিরাজ গোস্বামী লিখিয়াছেন;—

ক্রন্ধণ্যদেব গোপালের মহিমা এই ধয়া।

নিত্যানন্দ বক্তা যার শ্রোতা শ্রীচৈতত্ত্ব ॥

শ্রদ্ধাযুক্ত হৈঞা ইহা ভনে সেই জন।

স্মানিরে পাইবে সেই গোপাল চরণ॥

যথাকালে প্রভু ভক্তবৃদ্দসহ ভূবনেশ্বে আদিয়।
উপস্থিত ইইলেন। শ্রীভূবনেশ্বে শ্লপানি শঙ্করদেব প্রকট
বিদামান। ভূবনেশ্বর গুপ্তকাশী। এস্থানে "বিদ্
দরোবর" তীর্থ আছেন। স্বয়ং মহাদেব বিদ্ বিদ্ কবিয়া
দর্ববিতীর্থ জল আনহন করিয়া এই বিন্দৃদরোবরের প্রক করিয়াছেন। সেই জন্ম ইহার নাম বিন্দ্সরোবরের। প্রভু এই বিন্দৃদরোবরে স্নান করিলেন। ঠাকুর বৃন্ধাবনদাস
শিথিয়াছেন;—

শিবপ্রিয় স্রোবর জানি এটিতত্ত্য। স্থান করি বিশেষে করিলা অতি ধ্যা।

তাহার পর সপার্ধনে প্রভূ শ্রীভুবনেশ্বর শিবলিক্স নর্শন করিলেন। শিবলিক্সের চতুদ্দিকে সারি সারি ত্বত দীপ জলিতেছে, নিরস্তর শিবভক্তবুন তাঁহাকে পৃত্সলিলে অভিষেক করিতেছেন, "হর হর বোম বোম্" শক্ষে গগন্যগুল প্রকলিপুত হইতেছে। শ্রীগৌরভগবান তাঁহার প্রিয়ভক্ত শঙ্করদেবের বৈভব দেখিয়া পরম আনন্দলাভ করিলেন। তিনি প্রেমানন্দে শ্রীমন্দিরের সমুথে মধুর মৃত্যকীর্ত্তন আরম্ভ করিলেন। তাঁহার অপূর্ব মৃত্যকীর্তান আরম্ভ করিলেন। তাঁহার অপূর্ব মৃত্যকীর দেখিয়া শ্রীভূবনেশ্বরের পাণ্ডাগণ আশ্বর্য হইলেন। বছ লোকের সেখানে সংঘট হইল। সে রাজি প্রভূ ভক্তবৃন্দসহ

ভিত এবং অমত গোপরমণীগণের কুচ্ছিত কুকুমরণ প্রাগপ্তে অর্ঞিত জানরণ মধুও নধুমণির কাতি জেণীরপ কিঞ্লক ও জলবারণ মূনালে পরিশোভিত দেই প্তনাবৈবীর চর্ণক্ষল ভোমাদিগকে রক্ষ ক্ষণ শূলপাণি শঙ্করদেবের কির্নপে এইছানে প্রকট ছিডি হইয়াছিল ভাহা স্কলপুরাণে বর্ণিত আছে। সেই পৌরাণিক কাহিনীটি এস্থানে লিধিত হইল।

শিবপার্শ্বভীর নিতাধাম কৈলাস পর্শ্বত এবং কার্শাধাম। মহাদেব হথন শ্রীকৈলাসে বিলাস করেন, কাশীধামেও তিনি প্রকট থাকেন। কাশীর এক রাজা করাজিক ভক্তিপুর্থক শিব আরাধনা করিয়া কৈলাসপতিকে পরম তৃষ্ট করিলেন। রাজার এই যে শিব-আরাধনা, ইহা কেবল শ্রীকৃষ্ণকে জয় করিবার জয়। রাজার উগ্র-তপ্রায় আত্তোব সয়ষ্ট ইইয়া তাঁহার সয়্মুব্ধ প্রতাক হইলেন। রাজাকে দর্শনদানে ক্লভার্থ করিয়া কহিলেন, "তৃমিবর প্রার্থনা কর।" রাজা কর্ণোড়ে তাঁহার অভীষ্টদেশের চরণে নিবেদন করিলেন—

''এক বর মাগি প্রভু! তোমার চরণে।

যেন মুঞি কৃষ্ণ জিনিবারে পারেঁ। রণে ॥" চৈ: ভাঃ প্রম কারণিক আশুতোষ মহাদেবের চরিত্র অতিশয় গভার। তিনি কিরপে কি ব্রিয়া কাহাকে ক্রিপ ষস্গ্রহ করেন, তাহা জীবের ছর্কোধ্য। তিনি রাজাকে কহিলেন, "তুমি যুদ্ধে চল। আমি নিজগণসহ ভোমার সঙ্গে থাকিব। তোমাকে যুদ্ধে জয় করে কাহার সাধ্য ? পাশুপত অস্ত্র লইয়া আমি তোমার সংশ থাকিব। তোমার ভয় কি '' মুর্থ রাজা শিববলে বলীয়ান হইয়া শ্রীরুঞ্চ-ভগবানের সহিত যুদ্ধে অগ্রসর হইলেন। মহাদেব ভজের সঙ্গে সঙ্গে চলিলেন। জীক্ষভগবান গোলোকধামে বসিয়া সকলি জানিতে পারিলেন। তিনি তাঁহার বিক্ষাচারী রাজা ও তাঁহার এই মন্ত্রণাদাতার উপর স্থদর্শন চক্র নিক্ষেপ করিলেন। মহাপ্রতাপশালী সক্ষমংহারকারী স্থদর্শন চক্র व्यथ्य कामीतादकत मुख कांग्रिलन । शरद मर्ववातानमी ভশাসাৎ করিলেন ৷ মহাদেব ক্রেম্ব হইয়া ভয়কর পাওপত অন্ত্র ছাড়িলেন। স্থদর্শণচক্রের নিকট পাঞ্পত অন্ত্র কি করিবে? স্থাপনির ডেজে পাওপত আল পলায়ন করিলেন। শেবে অপর্শন্তক মহাদেবের প্রতি ধাবমান इहेरलन, उत्त मुनशानि अनायन उर्भन इहेरलन। ठळ উহার পশ্চাং পশ্চাং ছুটিলেন। স্থাদশনচক্রের তেজ বিজ্বনব্যাপ্ত হইল। বিলোচন বিজগতে কোথাও দুকাইবার স্থান পাইলেন না। অবশেবে বুঝিলেন প্রীকৃষ্ণ বিনা স্থার কেহ এই দর্শনংহারকারী স্থাদশনচক্রের হস্ত হইতে তাঁহাকে রক্ষা করিতে পারিবেন না। এই ভাবিয়া প্রাণ্ডয়ে ভীত হইয়া বিলোচন নন্দনন্দন শ্রীকৃষ্ণের শ্রণা-প্র হইদেন। শূলপাণি অভিশ্য প্রপন্ন হইয়া শ্রীকৃষ্ণ ভগবানের স্তব করিতে লাগিলেন—

জয় জয় মহাপ্রাস্ত দেবকীনন্দন।
জয় সর্প্রাপী সর্পাজীবের শরণ॥
জয় জয় স্বৃদ্ধি সর্প্রদাতা।
জয় জয় স্রাইটা হতা সভার রন্ধিতা॥
জয় জয় আদোষদরশী কুপাসিকু।
জয় জয় সম্তপ্রজনের এক বন্ধু॥
জয় সর্প্রপ্রাধ ভঞ্জন শরণ।

দোৰ ক্ষমা কর প্রস্তু! লইছে শরণ। গৈ: ভা:

দেবাদিদেব মহাদেবের এইরপ আর্দ্রিপূর্ণ ন্তব প্রবণ
করিয়া দায়ময় শ্রীক্ষণভগবান স্বদর্শনচক্রের তেজ হরণ
করিয়া তাঁহার সম্মুখে আসিয়া দর্শন দিলেন। শহরদেব
দেখিলেন তাঁহার স্ক্রীষ্টদেব আর্দ্রবন্ধ কুপানিধি শ্রীকৃষণভগবান গোপগোপীগণে পরিবেটিত হইয়া মধুর মূর্বিতে
তাঁহার সম্মুখে উপস্থিত। শ্রীভগবানের ভয়হারী মাধুর্যায়
শ্রীমূর্ত্তি দর্শন করিয়া তিনি আশান্ধিত হইয়া তাঁহার চরণে
নিপত্তিত হইলেন। তথন শ্রীকৃষ্ণভগবান ক্রোধে অবচ
হাস্তু বদনে অলোচনদেবকে সংধাধন করিয়া কহিলেন:—

"কেন শিব! তুমিত মানহ মোর শুদ্ধি।

এত কালে তোমার যে হইল কুর্দ্ধি।
কোন কীট কাশীরাক অধ্য নৃপতি।
তার লাগি যুদ্ধ কর আমার সংহতি।

*

ংশক্ত না দেখি আমি পৃথিবী ভিতরে।
তোমা বই আমারে যে করে আনাদরে। চৈ: ভাঃ

জিলোচন মহাদেব শ্রীক্লফভগবানের শ্রীমূরে এই কথা

ভানিয়া মহা লজ্জিত এবং ভয়ে কম্পিত কলেবর হইয়া কর'মাড়ে আত্মনিবেদন করিলেন;—

তোমার অধীন প্রভু সকল সংদার। স্বতম্ব হইতে শক্তি আছ্যে কাহার॥ প্ৰনে চালায় যেন শুষ্ক তুণগ্ৰ। এইমত অম্বতন্ত্র দকল ভূবন। যে করাহ প্রভু! তুমি সেই জীবে করে। হেন কেবা আছে যে তোমার মায়া তরে। বিশেষে দিয়াছ প্রভু! মোর অহস্কার। আপনারে বড় বই নাহি দেখোঁ। আর ॥ তোমার মায়ায় মোরে করায় হর্গতি। কি করিছ প্রভু! মুঞি অম্বতম্র মতি। তোর পাদপদ্ম মোর একাস্ত জীবন। অরণ্যে থাকিমু চিস্তি তোমার চরণ ॥ তথাপিহ মোরে সে লওয়ায় অহঙ্কার। মুক্তি কি করিমু প্রভু! দে ইচ্ছা তোমার। তথাপিহ প্রভু। মৃত্রি কৈলু অপরাধ। দকল ক্ষমিয়া মোরে করহ প্র**দাদ**॥ এমত কুবুদ্ধি মোর আর যেন নহে। এই বর দেহ প্রভু। হইয়া সদয়ে। যেন অপরাধ কৈলুঁ করি অহস্কার। হইল তাহার শান্তি শেষ নাহি আর ॥ এবে আজা কর প্রভু থাকিমু কোথায়। তোমা বই আন বলিব কার পায়॥ চৈ: ভা:

শঙ্করের এই আর্থি ও দৈক্তপূর্ণ কাতরোক্তি শ্রবণ করিয়া ভক্তবংসল শ্রীক্ষভগবান কুপাযুক্ত হইয়া তাঁহাকে কহিলেন;—

শুন শিব! তোমারে নিলাও দিব্যস্থান।
দর্কগোষ্ঠীদহ তথা করহ প্রয়াণ॥
একাদ্রবন নাম স্থান মনোহর।
তথাই হইবা তুমি কোটি লিকেশ্বর॥
সেহো বারানসী প্রায় স্থরম্য নগরী।
সেই স্থানে আমার আছ্রে গোগাপুরী॥

সেই স্থান শিব আজি কহি তোমা স্থানে। সে পুরীর মর্ম মোর কেহো নাহি **জা**নে ■ तिकु जौरत वंदे गृत्न भीना हन भाग। ক্ষেত্র শ্রীপুরুষোত্তম,—অতি রম্যস্থান ॥ অনন্ত ব্রহ্মাওক পলে যথন সংহরে। তভু সে স্থানের কিছু করিতে না পারে। সর্ববলাল সেই স্থানে আমার বসতি। প্রতিদিন আমার ভোজন ২য় তথি॥ সেই স্থান প্রভাবে যোজন দশ ভূমি। তাহাতে বসয়ে যত জন্ত কটি কুমি॥ সভাবে দেখয়ে চতুরুজ দেবগণে। মরণ মঞ্চল করি কহি যে সে স্থানে॥ নিস্রাতেও যে স্থানে সমাধি ফল হয়। শয়নে প্রণাম ফল যথা বেদে কয়॥ প্রদক্ষিণ ফল পায় করিলে ভ্রমণ। কথা মাত্র যথা হয় আমার স্তবন। হেন সে ক্ষেত্রের অতি প্রভাব নির্মাল। মংশ্র খাইলেও পায় হবিষ্যের ফল॥ নিজ নামে স্থান মোর হেন প্রিয়তম। তাহাতে যতেক বৈদে দেই মোর সম। দে স্থানে নাহিক যমদণ্ড অধিকার। আমি করি ভাল মনদ বিচার সভার॥ হেন দে আমার পুরী তাহার উত্তরে। ভোমারে দিলাও স্থান রহিবার তরে। जिक्म् जिथन (महे ज्ञान मत्नाहत। তথা তুমি খ্যাত হইবা শ্রীভ্বনেশ্র । চৈ: ভা:

শ্রীকৃষ্ণভগবানের শ্রীমুথে এই কথা শুনিয়া দেবদেব মহাদেব আনন্দে গদগদ হইয়া দরদরিত প্রেমাশ্র বিস্কান করিতে লাগিলেন। তিনি পুনরায় করবোড়ে নিজ অভীই-দেবের চরণে নিবেদন করিলেন—

তন প্রাণনাথ ! মোর এক নিবেদন। মূঞি দে পরম অংশ্বত সর্বাক্ষণ॥ এতেকে তোমারে ছাড়ি মুঞি অন্য স্থানে।

٦

থাকিলে কুশল মোর নাহিক কখনে।
তোমার নিকটে সে থাকিতে মোর মন।
ছষ্ট সঙ্গে ভিন্ন মন নহিব কখন॥
এতেকে মোহরে হদি থাকে ভৃত্যজ্ঞান।
তবে মোরে নিজ ক্লেত্রে দেহ এক স্কান॥
ক্লেত্রের মহিমা শুনি শ্রীমুখে তোমার।
বড় ইচ্ছা হৈল তথা থাকিতে আমার॥
নিক্তি হইয়া প্রভূ! সেবিব তোমারে!
তথাই তিলেক স্থান দেহ প্রভূ মোরে॥" চৈঃ ভাঃ

এই বলিয়া মহেশ্বর প্রেমাকুল হইয়া কল্পন করিতে লাগিলেন। দেবদেব মহাদেবের এইরূপ অকপট দৈশ্য ও আর্ত্তি দেখিয়া ভক্তবংসল শ্রীকৃষ্ণ ভগবান আর দ্বির থাকিতে পারিলেন না। তিনি অতিশয় তুই হইয়া সাদরে তাঁহার ভক্তশ্রেষ্ঠ শ্লপাণিকে প্রেমালিক্সন দানে কৃতার্থ করিয়া কহিলেন,—

শুন শিব! তুমি মোর নিজ দেহ সম।
বি তোমার প্রিয় সে আমার প্রিয় তম।

যথা তুমি তথা আমি ইথে নাহি আন।

সর্বর ক্ষেত্রে তোমারে দিলাও আদি স্থান।

ক্ষেত্রের পালক তুমি সর্বাদা আমার।

সর্বাক্ষেত্রে তোদারে দিলাও অধিকার।

ক্ষান্ত্রক বন যে তোমারে দিল আমি।

তাহাতেই পরিপূর্ণ রূপে থাক তুমি।

সেই ক্ষেত্র আমার পরম প্রিয়তম।

মোর প্রীতে তথাই থাকিবে সর্বাক্ষণ।

যে আমার ভক্ত হই তোমা না আদরে।

সে আমারে মাত্র-যেন বিজ্বনা করে। হৈ: ভাঃ

ভক্তবংশল শ্রীভগবান এধানে ভক্তের মহিমা কীর্ত্তন করিলেন। শাক্ত ও বৈষ্ণবের বিবাদ ভঞ্জন করিয়া শ্রীভগবান যে মধুর উপদেশ-বাণীটি কহিলেন, ভাহা বৈষ্ণবমাত্রেরই কঠহার করিয়া রাধা কর্ত্তব্য। শ্রীকৃষ্ণ-ভগবান শঙ্করকে কহিলেন,— বে আমার ভক্ত হই ভোমা না আদরে। সে আমারে মাত্র যেন বিভন্ননা করে।

শিবদ্বেষী তানেক বৈঞ্ব আছেন; তাঁহাদিগের জক্ত শ্রীভগবান এই উপদেশ বাক্য কহিলেন। এই পৌরাণিক কহিনীটি প্রভু শ্রীভ্বনেশরের শ্রীমন্দিরে বিদিয়া ভক্তবৃন্দ সহ আস্থাদন করিলেন। সে রাজি তিনি শিবলিকের সমুধে দাঁড়াইয়া ভক্তবৃন্দ সহ বহুক্ষণ নৃত্যকীর্ত্তন করিলেন (১)। ঠাকুর শ্রীবৃন্দাবন দাস লিখিয়াছেন,—

> শিবপ্রিয় বড় কৃষ্ণ তাহা বুঝাইতে। মৃত্যু করে গৌরচন্দ্র শিবের অগ্রেতে।

প্রস্থান পার্যদসহ স্বয়ং শিবপুজা করিলেন। এই কার্য্যে স্বয়ং জগবান বৈফবের ধর্মাচরণ শিক্ষা দিলেন। শিবদ্বেষী বৈফবেগণকে শিক্ষা দিবার জন্মই প্রস্থা আচরিয়া সন্ধর্ম শিক্ষা দিলেন। যথা শ্রীচৈত্ত্য ভাগবতে—

আপনে ত্বনেশ্ব গিয়া গৌরচন্দ্র। শিবপূজা করিলেন লই ভক্ত বুলা।

শিবের সেবক বে শিবের সেবা করে।
উচ্ছিন্ত না লয় ছরিছরে ভেল করে।।
তাহার ব্রাহ্মণ শাপ কহিল এ তন্ধ।
তাশুদ্ধ তাহার মতি না জানে মহন্ধ।।
অভিন্ন করিয়া বেই কররে ভেলন।
শিবের মির্মান্য সেই কররে তক্ষণ।।
শিবের মির্মান্য বাহ অভেল চরিছ।
সে জানে সাধক হরিছরের শীরিত।।
লোকশিকা হেতু শ্রন্থ ইকল অবভার।
দামোদর বেবলে ইবে যুচন জন্ধানা। চৈঃ মঃ

শিক্ষাগুরু ঈশরের শিক্ষা যে না মানে। নিজ দোধে তঃথ পায় সেই সব জনে।

ভূবনেশবের সকল শিবমন্দির দর্শন করিয়া প্রভূকমলপুরে আদিয়া ভার্গীনদীতে স্নান করিলেন। এই ভার্গীনদী
এক্ষণে দণ্ড নদী বলিয়া খ্যাত। ইহা শ্রীক্ষেত্রের তিন
ক্রোপ দ্রে অবস্থিত। এই স্থানে শ্রীনিত্যানন্দপ্রভূ
কর্তৃক প্রভূর দণ্ডভঙ্গলীলা প্রকট হয়, এইজন্ম হহার নাম
দণ্ডভাঙ্গা নদী হইয়াছে।

এই কমলপুর জীনীলাচল ধামের অতি সমিকটে অবস্থিত। এখান হইতে জীপ্রীজগন্নাথ দেবের প্রীমন্দিরের ধ্বজা দেখিতে পাওয়া যায়। স্নান করিয়া প্রাভূ ভক্তগণ সঙ্গে পথ চলিতেছেন প্রীজগন্নাথদেবের প্রীমন্দিরের ধ্বজা দেখিয়া তিনি প্রেমোনত হইয়া নৃত্য করিতে লাগিলেন। তিনি দেখিলেন —

চন্দ্রের কিরণ দ্বিনি উজ্জ্বল দেউল। পবন চালিত ভাথে পতাকা রাতৃল। নীল গিরি মাঝে হরিমন্দির স্থন্দর। কৈলাস দ্বিনিয়া তেঙ্গ অভূত ধবল। চৈঃ মঃ

প্রভুর আজ আনন্দের অবধি নাই। তিনি প্রেমানন্দে বিভার হইয়া ছক্কার গর্জন করিতে লাগিলেন। প্রেমাঞ্চ নয়নে উর্দ্ধবাহ হইয়া শ্রীমন্দিরের ধ্বজার প্রতি চাহিয়া উদ্ধু নৃত্য করিতে লাগিলেন, আর উচ্চৈ:ম্বরে স্কুত এই শ্লোকার্দ্ধ পাঠ করিতে লাগিলেন—

প্রাদাদাথে নিবসতি পুর: স্মের বজুারবিন্দো
মামালোকা স্থিত স্বদনো বালগোপালম্জি: ॥ (১)
আজি অঞ্জন এক কনকের ঠাম।
দেউল উপরে প্রভু দেখে বিদ্যমান।
স-বসন হতে ঘন করয়ে আহ্বান।
দেখিয়া বিহ্বল প্রভু করে পরণাম॥ চৈ: ম:

⁽১) ঠাকুর লোচনদাস তাহার শ্রীচৈতন্তমসলল শ্রীগ্রন্থে লিখিরাছেন প্রভু দেবদেশ মহাদেবের তব পাঠ করিয়া তাহার নির্মালা ও প্রদাদ লইয়া জন্দ করিলেন। দামোদর পণ্ডিত এবং ম্বারিগুপ্ত ইহা দেখিয়া মনে মনে ভাবিলেন, প্রভু এই কার্য্য কেন করিলেন। ভৃগুম্নির অভিশাপে শিবের নির্মাল্য ও প্রদাদ অগ্রাহ্য। প্রভু ইহা গ্রাহ্য করিলেন কেন, এই প্রদাদাসর পণ্ডিত ম্বারিগুপ্তকে করিলেন। ম্বারি উত্তর করিলেন:

⁽১) লোকার্থ। বাঁহার মুখপন্ন বিক্ষিত, সেই বালগোপাল মুর্ডি শীকুক আমাকে দেখিনা অমধুর হাতে শীবদনের সম্বিক শোভা বিতার করিতে করিতে আসাদোপরি ম্দীন প্রোভাগে আসিরা আবহান করিতেছেন।

প্রত্ন প্রেম-বিফারিত নয়নে সেই অপরপ বালমৃত্তি
দর্শন করিতেছেন,— আর পথিমধ্যে পুন:পুন: সাষ্টাঙ্কে
দগুবং প্রণাম করিতেছেন। ভক্তবুন্দের প্রতি এক
একবার সককা নয়নে চাহিয়া গদগদ কঠে কহিতেছেন,—

----- দেখ প্রাসাদের অগ্রম্বে।
হাসেন আমারে দেখি শ্রীবালগোপালে ॥ চৈঃ ডাঃ

প্রেমানন্দে প্রভুর সর্বজন্ধ বিবশ, প্রতিপদে ভীষণ আছাড় থাইতেছেন; শ্রীনিত্যানন্দপ্রভু আর তাঁহাকে ধরিয়া রাখিতে পারিতেছেন না। ভক্তরুল প্রভুর এইরূপ প্রেমান্মাদাবস্থা দেখিয়া শক্ষিত হইলেন। শ্রীনিত্যানন্দ প্রভু কিছুতেই তাঁহাকে সাম্লাইতে পারিতেছেন না। ঠাকুর বুন্দাবন্দাস লিখিয়াছেন,—

সেদিনের যে আছাড় যে আর্ত্তি ক্রন্দন।
আনস্কের জিহ্বায় বা সে হয় বর্ণন।
ইহারে সে বলি প্রেমময় অবতার।
এশক্তি চৈতন্ত বই দুই নাহি আর।

কথন কথন প্রভু প্রেমাবেগে ভূমিতলে মৃদ্ধিত ইইয়া
নিম্পন্দভাবে পড়িয়া থাকেন। ইহা দেখিয়া জকগণের
প্রাণে বড়ই ভয় ইইল। সকলেই বিশেষ চিস্তিত ইইলেন
(১)। প্রেমময় প্রভু আবার আপনিই উঠিলেন।
তাঁহার নয়নের দরদরিত প্রেমাশ্রধারায় বক্ষ ভাসিয়া
যাইতেছে। সজল নয়নে কাতর কণ্ঠের গদগদ স্বরে তিনি
ভক্ষবৃন্ধকে জিপ্তাসা করিলেন,—

দেউল উপরে কিছু দেখহ নয়নে।
নীলমণি কিরণ বরণ উজিয়ার॥
বৈলোক্য মোহন এক স্থলর ছাওয়াল॥ চৈ: ম:
ভক্তগণ কিছুই দেখিতে পান নাই। তব্ধ প্রভুর
মনস্কৃষ্টির জন্ম বলিলেন "হাঁ দেখিয়াছি"। পাছে
পুনরায় প্রভু মোহপ্রাপ্ত হইয়া মুছ্যে যান,এই ভয়ে তাঁহারা

(১) ভূমিডে পড়িল প্রভু নাহিক সম্বিত। নিঃশব্দে রহিল বেন ছাড়িল জীবিত।। দেখিয়া সকল লোক মুচ্ছিত অন্তর। চিভ্রত হইয়া সভ্রেট্টল কাঁকর।। চৈঃমঃ এই কথা বলিলেন (১) প্রভু তথন প্রেমানন্দে উন্নন্ত ইইয়া পুনরায় কহিলেন,—

দেউল ধ্বজায় দেখ বালক স্থানর।
প্রসায় বদনে পূর্ণায়ত যেন রূপ।
আলোল অঙ্গুলি করতলে অপরূপ।
আমারে ডাকয়ে করকমল লাবকা।
বাম করে বেণু শোভে ব্রিজগত ধকা। হৈ: মঃ

এই কথা বলিতে বলিতে প্রভু প্রেমোক্সন্তভাবে ছুটলেন। পথে তাঁহার সক্ষে অগণিত লোক চলিয়াছে। তাহারা প্রভুর এইরূপ অপূর্ক প্রেমভাব দেখিয়া সকলে বলিতে লাগিল "ইনিই ত সাক্ষাং নারায়ণ (২)।" এইরূপ প্রেমবিহ্বলভাবে ভক্তগণ পরিবেষ্টিত হইয়া প্রভু আঠার নালাতে আদিয়া পৌছিলেন। কমলপূর হইতে আঠার নালা চারি দণ্ডের পথ। এইটুকু পথ আসিতে প্রভুর তিন প্রহর কাল লাগিশ (৩)।

আঠার নালায় আসিয়া ভাবনিধি শুশীশীমন্বহাপ্সভূ নিজ ভাব সম্বরণ করিয়া স্থিব হইয়া একস্থানে বসিলেন। ভক্তবৃন্দও তাঁহাকে বেষ্টন করিয়া বসিলেন। করুণাময় প্রভু করুণ নয়নে তাঁহাদিগের প্রতি চাহিয়া গদগদভাবে কহিলেন,—

তোমরা ত আমার করিলা বন্ধুকান্ধ।

দেখাইলা আনি জগন্ধাথ মহারাজ।।

এবে আগে তোমরা চলহ দেখিবারে।

আমি বা যাইব আগে তাহা বোল মোরে। চৈ: ভা:
প্রভুর ইচ্ছা তিনি নি:সঙ্গ হইয়া নির্জ্জনে প্রমানক্ষেপ্রাণ ভরিয়া এবং নয়ন ভরিয়া নীলাচলনাথ খ্রীশ্রীজগন্ধাথ-

- (১) কিছু না দেখিয়া ভারা কছরে দেখিল। পুন কোহ পার পাছে আশকা হইল।। চৈঃ মঃ
- (২) পথে যত দেখরে স্কৃতি নরগণ। ভারা বোলে এই ড সাক্ষাৎ নারারণ।। চৈঃ ভাঃ
- (৩) সবে চারিদণ্ডের পথ প্রেমের আবেশে। প্রহুর ভিনেতে আমি হইলা প্রবেশে। চৈঃ ভাঃ

দেবের শ্রীমৃত্তি দর্শন করেন। তাঁহার মনের ভাবভঙ্গী ভক্তবৃদ্দ বুঝিলেন। মৃকুদ্দ সকলের সহিত পরামর্শ করিয়া উত্তর দিলেন "এভূ! তুমিই অগ্রে যাও"। এই কথা ভনিয়া প্রভূ মহানদেন মন্ত্রসিংহগতিতে শ্রীশ্রীজগন্নাথ কেত্রের ভিতর প্রবেশ করিলেন। শ্রীনিত্যানন্দপ্রভূ এবং ভক্তবৃন্দ পশ্চাতে রহিলেন।

প্রত্ত পুরীর মধ্যে কিরূপভাবে চলিয়াছেন তাহা ঠাকুর লোচনদাস লিথিয়াছেন,—

কোটি কাম জিনি মোর জীগোরাক ছটা।
ঝলমল করে সে দীর্ঘ চলন ফোটা॥
জগন্নাথ মন্দির দেখিয়া গোরারায়।
প্ন: প্ন: প্রণাম কবি চলি যায়॥
নয়নে প্লয়ে জল অবিরল ধারে।
বিপুল পুলকে সে ঢাকিল কলেবরে।

এইরপ প্রেমোনভভাবে প্রভু একাকী মার্বণ্ডেয় সরোবরে আসিয়া উপস্থিত হইলেন। এই পবিত তীর্থে ভিনি যথাবিধি স্নানাদি করিলেন। পুনরায স্মতিশয় বৈংকরিত চিত্তে শ্রীজগন্ধাথদেবের শ্রীমন্দিরের উদ্দেশে বারমার দণ্ডবংপ্রণাম করিতে করিতে রাজপথে চলিলেন। পুরীধামের আবালবুদ্ধবণিতা প্রভুর অপরূপ রূপকান্তি এবং অন্তত প্রেমভাব দেখিয়া বিশ্বিত হইয়া তাঁহার বদন-কমলের প্রতি একদৃষ্টে চাহিয়া রহিল। বছলোক তাঁহার मण नहेल। कत्म প্রভু তীমন্দিরের নিকটবর্ত্তী হইলেন। ব্রেমাননে উন্মন্ত হইয়া মধুর নৃত্যকীর্ত্তন করিতে করিতে তিনি চলিয়াছেন। তাঁহার দিক্বিদিক জ্ঞান নাই। প্রভুর এইরূপ গভীর আর্ত্তি এবং করুণ প্রেমভাব দেখিয়া এ এনী নাচলচন্দ্র স্থার মন্দিরে স্থির থাকিতে পারিলেন না। তিনি স্বয়ং আসিয়া শ্রীমন্দিরের সিংহ্রারে দাওাইয়া শীহন্ত প্রদারণপূর্বক প্রভূকে প্রেমাবাহন করিলেন। প্রভৃ তাঁহার অভীষ্টদেবের সাক্ষাং দর্শন পাইয়া আনন্দে ৰিভোর হইয়া সেইস্থানে তাঁহার সমূপে ধুলায় পড়িয়া গড়াগড়ি দিতে লাগিলেন এবং উচ্চৈ:ম্বরে "ব্রম্ব জগনাথ" ববে দিগন্ত কম্পিত করিতে লাগিলেন। এতীজগন্নাথদেব

প্রভুকে দর্শন করিয়া পুনরায় অদর্শন হইলেন, স্প্রস্থ কান্দিয়া আফুল হইলেন (১)। বহুকটে আজা সম্বরণ করিয়া তিনি শ্রীশীজগন্ধাধদেবের শ্রীমন্দিরের সম্মুখীন হইলেন। শ্রীশীনীলাচলচন্দ্র ও শ্রীশীনবদ্বীপচন্দ্র উভয়েই নয়নে নয়ন মিলাইয়া অপুর্বর প্রেমানন্দে বিভোর হইলেন।

> জ্বয় শ্রীশ্রীনী লাচন্দ্রের জয়। জয় শ্রীশ্রীন বদ্বীপচন্দ্রের জয়।

> > বিতীয় অধ্যায়।

শ্ৰীকৃষ্ণচৈতন্য মহাপ্ৰভু এবং বাস্থদেব সাৰ্বভৌম ভট্টাচাৰ্য্য।

---(•)---

নৌমি তং গৌরচন্দ্রং যা কুতর্ক-কর্কশাশয়ং সার্ব্বভৌমং সর্ব্বভূমা ভক্তি ভূমানমাচরৎ।। শ্রীচৈতক্ত চবিতা**মৃত**।

শীলীনীলাচলধামে শীশীক্ষগন্ধাথদেবের শীমন্দিরের শির্মনপুত্র এবং ঐশ্বর্যের পরাকাষ্টা প্রদর্শন করিতেছে। বছব্যমে এই অপূর্বর শীমন্দির নির্মিত হইমাছিল। উড়িক্সার রাজা মহারাজ গজপতি প্রতাপকক্ত শীশীজগন্ধাথ দেবের সেবা এবং উৎস্বাদির জন্ম বহু লোকজন নিমোজিত করিয়াছিলেন। শীশীনীলাচলচন্দ্রের ঐশ্বর্যের অবধি নাই। নদীয়ার অবতার শীশীক্ষণচৈতক্ত মহাপ্রভুর শীশীনীলাচলে শুভাগমন বার্ত্ত শ্রবণে শীশীনীলাচক্তর রম্বন্ত দিংহাসনে উপবেশন করিয়া মনের আনন্দে তুলিতে

(১) এইনতে গোরাটাদের আরতি দেখিরা। দেখা দিল জগরাথ পাণি পণারিরা।। আইস আইস বলি ডাকে অিলগত রার। দেখিরা বিহরেল প্রস্তু ভূমিতে লোটার।। চৈঃ মঃ লাগিলেন (১)। তাঁহার শ্রীবদনে আর হাসি ধরে না। তিনি তাঁহার সেবকবৃদকে আজ্ঞা দিলেন শ্রীশ্রীনবদীপচন্দ্রের শুভাগমন উপলক্ষে আনন্দ উৎসব কর। যথা জয়ানন্দ ঠাকুরের শ্রীচৈতন্তুমন্দলে,—

আজা দিল জগনাথ, সাজন কবিয়া ঠাট্ অহুব্রজি যায় দিজরাজে। নানা বর্ণে বাছ বাজে, তরণ নিশান সাজে পুষ্পবৃষ্টি নীলাচল মাঝে॥ শিশুরে মণ্ডিত যত, পাঠ হন্তী শতশত, ঘোডার পয়াণ চাবি পাশে। শত শত কোটি कल अमील मिश्री মহাতাপ গগন প্ৰশে॥ চৌদিকে আনন্দময়. নীলাচলে জয় জয় শঙাধ্বনি বাজে নানা ছান্দে। শ্ৰীকৃষ্টে তথ্য মহাপ্ৰভ বিষয় হইল. ८७िकारन मीलाठन ठारम ॥—क । যত স্প্ৰিছাধরী, নানা যম হাতে করি, যোগান কবিল নটী বেশে। ঝাজঘণ্টা চন্দ্রাতপ, ছত্র চামব মুক্তাপোপ, ধ্বজ পতাকা আক্রানে আকাশে। যত উড়িয়া গৌড়িয়া, ব্রাহ্মণের বেত্র হাতে বিভ্যমান আড়োহো, আড়োহো ডাক ছাড়ে। উভ বাহু না ধায় তল, ভূমি বৈকুণ্ঠ নীলাচল, চন্দনের ছড়া পথে পড়ে॥ লবণ সমুদ্র তটে, অক্ষয় বট নিকটে বিশ্বকর্মার নির্মিত পুরী দেখি। সৌধ ঘর সারি সারি. উপরে সোনার दछी. কাঞ্নে নিৰ্মিত নানা পাথী॥ সিদ্ধেশর যমেশব, মার্কণ্ডেয় সরোবর রোহিণীকুও পাতাল বাসিনী রে।

হংদেশ্ব কপোডাক্ষী, নিকৃষ অলক সাকী, বিমলা কমলা ভজানী রে । চিত্রোৎপলা কণ্ণলা, चर्ग चात्र त्रष्ट्रभागा. बक्तरवनी स्मर्भन द्ववा । নুসিংহ বামন রাম বরাহ কচ্ছপ নাম, চতুৰ্ভুজ ব্যাস সত্যবতী ॥ নানা ফুলে বিশ্বচিত, বন্মালা শত শত, মলিকা মালতী জাতি যুথি। করবীর আমলকী কেতকী মাধবী লতা ফুলে। क्न ज्नमी पन নীল রাজ উতপদ, नाराधात हम्मक वकुरल। নানা ফুলে বিরচিত, বনমালা শতশভ আবির চনন চুয়া গছে। পটনা পডিছা পাতা মাহাতি ধরে যোগান, क्य क्य खीरशीयहरूस ।

প্রীশ্রনবরীপচন্দ্র প্রীমন্দিরপ্রান্ধনে প্রীশ্রীনীলাচলচক্ষের সন্মুথে দাঁড়াইয়াছেন। সচল জ্বগন্ধাথ আজে অচল জগন্ধাথের সন্মুধে দাঁড়াইয়া স্বাণুড়াবানন্দে মগ্ন আছেন। আপনার রূপে আপনি মৃশ্ব হইয়া কলির ছন্নাবডার প্রেমানন্দে বিভোর হইয়া দাঁড়াইয়া আছেন। কণিতে তিনি ভক্তাবডার,—ভাই পুন: পুন: শ্রীমন্দিরপ্রান্ধনে ধূল্যবল্টিড হইয়া জগন্ধাথদেবকে দণ্ড পিরণাম করিভেছেন,—আর কর্যোড়ে অভিশয় আর্দ্তি সহকারে আত্ম নিবেদন করিভেছেন। তাঁহার নয়নজলে বক্ষ:স্থল ভাসিয়া যাইভেছে। শ্রীগৌরাক্সনীলার ব্যাসাবভার ঠাকুর বৃদ্ধাবন দাস লিথিযাছেন,—

সেই প্রভূ গৌরচক্র চতুভূ জরপে।
আসনে বদিয়াছেন সি'হাসনে স্থাধ ॥
আগনিই উপাসক হই করে ভক্তি।
অতএব কে বুঝিবে ঈশবের শক্তি।

প্রভূ ক্রমে প্রাপণ হইতে শ্রীমন্দিরাভ্যস্তরে উঠিলেন। প্রেমানন্দে অভিশয় ব্যাক্লিভভাবে ভিনি শ্রীবিগ্রহের সমুখীন হইয়া সভ্যন্ময়নে দেখিলেন শ্রীশ্রীজগন্নাথদেব

⁽১) চৈডভ গোসাঞির, আগমন গুনিরা জগরাথ আনন্দে দোলে।। জং চৈ: ম:।

মৃত্তা ও প্রশ্নীশম্বন্দের রত্বদিংহাদনে বিরাজ করিতেছেন।
দর্শন মাত্রই প্রত্ব প্রেমাবেগে উন্মন্ত হইয়া প্রবেল হকার
গর্জন পূর্বক শ্রীনীলাচলচন্দ্রকে আলিকন করিতে উদ্যত
হইয়া একটা প্রকাণ্ড লম্ফ প্রদান করিলেন। শ্রীজগন্নাথ
দেবের পড়িছাবৃন্দ ব্যন্ত হইয়া স্তাহাকে ধরিদা মারিতে
আদিলে তিনি প্রেবাবিষ্ট হইয়া শ্রীমন্দিরা চান্তরে মুর্জিড
হইয়া পড়িলেন (১)। ভাগ্যক্রমে দৈবাৎ নবদ্বীপের সর্ব্বপ্রধান
ক্রায়শাল্রের পণ্ডিত বাহ্মদেব সার্ব্বভৌম ভট্টাচার্য্য (২) দেই
সময় দেগানে উপস্থিত ছিলেন। ভিনি পড়িছাদিগকে *
প্রভুর শ্রীষ্ঠানে হাত দিতে নিষেধ করিয়া প্রভুর উপরি
নিজ অক রাধিয়া তুই বাহুর দারা আবরণ করিয়া প্রভুর
নিকটে বিসলেন।

অজ্ঞ পড়িহারী সব, উঠিল মরিতে।

আথে ব্যথে সার্কভৌথ পড়িলা পৃষ্ঠেতে। চৈ: ভা: সার্কভৌম ভট্টাচার্য। নবীন সন্ম্যাসীর অপরূপ রূপরাণি এবং অভুত প্রেমভাব দেখিয়া বিম্মনান্বিত হইয়া মনে মনে চিষা ক্রিতে লাগিলেন।

এ শক্তি মাহুষের কোন কালে নয়।

এ হয়র এ গর্জন এ প্রেমের ধার।

যত কিছু অলৌকিক শক্তির প্রচার। চৈঃ ভাঃ

তিনি দিবাচক্ষে দেখিলেন এই নবীন সন্মাদীরূপী মহাপুরুষ মাতৃষ নহেন। ইংকে দেখিয়া তাঁহার মনে কি এক অভ্তপুর্ব ভক্তি ভাবের উদয় হইল। তিনি भटन भटन मश्चन कतिराजन, हेर्डाटक छीहात निष्म शृद्ध नरेगा। याहेराज हेरेटव।

সার্বভৌম ভট্টাচার্য্যকে দেখিয়া ভয়ে প**ড়িচার্ন**দূরে সরিয়া গোলেন, কারণ তিনি সর্বপ্রধান রাজপত্তিত
এবং সর্ববিধ ক্ষমতাপ্রাপ্ত শ্রীবিগ্রহ-দেবার তত্ত্বাবধারক।
প্রভু প্রেমাবেশে নিশ্চেষ্ট হইয়া জড়বং ভূতলে পভিত
আছেন। বহু বিলম্বেও তাঁহার চৈতক্তোৎপাদন হইল না
দেবিয়া এবং ভোগের সময় উপস্থিত ক্রিয়া সার্বভৌম
ভট্টাচার্য্য পড়িছার্ন্দকে আদেশ দিলেন "ভাই পড়িহারিগণ।

''সভে তুলি লহ এই পুরুষরতন ৷'' চৈ: ভা:

উচ্চ হরিধ্বনি করিতে করিতে ভাগাবান **জ্রীজগনা**থ দেবের দেবকরুন প্রেমাবেশে নিম্পান শরীর প্রভুকে স্বন্ধে করিয়া বহন করিয়া সার্ক্ষভৌম-গৃহে লইয়া আসিলেন। এই কার্য্যে দেখানে বছলোক সংঘট হইল। সকলেই বিশ্বস্তরমূর্ত্তি প্রভুকে ধরিয়া লইয়া চলিল। ঠাকুর বন্দাবনদাস লিধিয়াতেন,—

ণিপীলিকাগণে যেন অন্ধ যায় লৈয়া। এই মত প্রভুকে অনেক লোক ধরি। লইয়া যায়েন সভে মহানন্দ করি॥

এইভাবে নীলাচলধামে সর্ব্ধপ্রথমে সার্ব্যভৌম গৃহে প্রভুর বিজয় হইল। একটি পরম পবিত্র স্থান্দর ও স্থাক্তিত প্রকোঠে এই অভুত নবীন সন্ন্যাসীটিকে ধীরে ধীরে শ্বন করান হইল। লোক-সংঘট্টের ভয়ে গৃহের বহিছার বছ হইল। এখনও সমাধিপ্রাপ্ত প্রভুর পূর্ব্বৎ অক্তানাবস্থা। শাসপ্রখাদের কার্য্য চলিতেছে না,—শরীর নিম্পান্দ। সার্ব্যভৌম ভট্টাচার্য। সর্ব্যক্তর্ম পরিত্যাগ করিয়া প্রভুর নিকটে বিদিয়া তাঁহার দেবা করিতেছেন। তাঁহার মনে মনে বিশেষ চিন্তা হইল, ভয়ও হইল। তুলা আনিয়া প্রভুর নাসিকাগ্রভাগে দিয়া দেখিলেন, দেহে জীবন আছে। ইহাতে তাঁহার মনে কিছু সাহদ হইল। তিনি মনে মনে ভাবিলেন,—

এই कृष्ण महारक्षरमत्र नाषिक विकात ।

১। দেখিমাত্র প্রভু করে পরম হলার।
ইচ্ছা হৈল জগরাধ কোলে করিবার।
লাক দেন মহাপ্রভু মানন্দে বিহরেল।
চন্তুর্দ্দিকে ছুটে সব নরনেয় জলা।
কণেকে পড়িলা ছই আানন্দে মুক্তিভা।
কে ব্রিবে শীবরের অগাধ চরিত।।

^{*} দেৰক। উড়িয়া ভাষা।

⁽২) শ্রীণাদ নীলাখর চক্রবর্ত্তী শ্রীলয়হাপ্রভার নাতানহ। ভাহার সহাধ্যারী মহেখর বিশারদ সমুদ্রগড়ের সলিকট বিভানপরে বাস করিতেন। ভাহার তুইপুত্র মধুম্পন বাচপাতি ও বাহাদেব সার্ক্তে।ম। ভাহার ক্লামাভার নাম গোপীনাথ আচার্বা। ইনি প্রভুর একজন প্রিরভক্ত।

স্কীপ্ত সাথিক এই নাম যে প্রলয়। নিত্যসিদ্ধ ভতে সে স্কীপ্ত ভাব হয়। অধিরুঢ়ভাব যার তার এ বিকার।

মছ্যের দেহে দেখি বড় চমংকার । (১) চৈ: চঃ
দার্কভৌম ভট্টাচার্য্য দর্কশাস্ত্র বিশারদ পণ্ডিত চ্ডা
মিনি। প্রভ্র এইরূপ অপূর্ব্য ভাব-বিকার দেখিয়া তাঁহার
বুঝিতে আর কিছু বাকি রহিল না। গোপীনাথ আচার্য্য
তাঁহার ভগ্নিপতি। ইনি প্রভ্র একজন প্রিয়ভক।
গোপীনাথ আচার্য্যের মুখে দার্কভৌম ভট্টাচার্য ভনিলেন
শ্রিক্ষটেতিক্যমহাপ্রভু নামধারী এই দল্ল্যাসীই নদীয়ার
অবতার। সার্কভৌম ভট্টাচার্য্য প্রভ্র নিকটে বিদয়া
তাঁহার অপরূপ রূপরাশি দেখিতেছেন, আর মনে মনে
ভাবিতেছেন 'ইনি কি মান্ত্রণ এত রূপ ত মান্ত্র্যে সভবে
না গে

এদিকে শ্রীনিত্যানকপ্রস্থ এবং অক্সান্স ভক্রন
শ্রীশ্রীজগদ্ধাথদেবের সিংহ্রারে আসিয়া উপস্থিত হইলেন।
দেখানে তাঁহারা শুনিলেন, 'এক নবীন সন্ধাসী আজ
শ্রীজগন্ধাথদেবকে দর্শন করিয়া তাঁহাকে ধরিতে গিয়া
দক্তিত হইয়া শ্রীমন্দিরে অচেতন হইয়া পড়িয়াছিলেন।
সার্কভৌম ভট্টাচার্য্য তাঁহাকে নিজগুহে লইয়া গিয়াছেন।"
ইহাতে তাঁহারা ব্রিলেন তাঁহাদের প্রস্টুটিরই এই অস্তুত
কাণ্ড। সেখানে গোপীনাথ আচার্য্যের স্থিত মুক্নের

মহাভাব রূচ ও অধিরূচ ভেবে বিবিধ। যে মহাভাবে সাধিক ভাব-সমূহ উদ্দিও ভাহাকে রূচভাব কহে। রূচতাকে কথিত অমুভাব সমূহ হইতে-সাথিক ভাবসমূহ কোন বিশিষ্টতা লাভ করিলে যে অমুভাব লক্ষিত হয় ভাহাই অধিরূচ ভাবণ দেখা হইল। তাঁহার নিবাদ নবদীপে। মুকুন্দের সহিত
পূর্ব পরিচয় ছিল। তাঁহার মুখেও শুনিলেন প্রভু তাঁহার
সার্বভৌম ভট্টাচার্য্য-গৃহে অবস্থিতি করিতেছেন। তথন
সকলে গাপীনাথ আচার্য্যের সহিত প্রভুদর্শনে সার্বভৌম
ভট্টাচার্য্যের গৃহে চলিলেন। সকলেরই মন প্রভুর জক্ত
উদ্বিগ্র হইয়াছে। তাঁহারা তথন আর শুশ্রীজগল্লাথদেবদর্শন করিলেন না। শ্রীনিভ্যানন্দপ্রভু এবং ভক্তবৃন্দ
সকলেই গোপীনাথ আচার্য্যকে কহিলেন,—

চল সবে যাই সাক্ষভৌমের ভবন। প্রভুদেখি পাছে করিব ঈশুর দর্শন॥ চৈঃ চঃ

ন্দীয়ার ভক্তবৃন্দ শ্রীনীলাচল ধামে আসিয়া অবলীলাক্রমে শ্রীশ্রীনীলাচলচন্দ্র দর্শন লালসা পরিত্যাগ করিলেন।
প্রভুর জন্ম তাঁহাদের মন অভিশয় উৎকৃষ্ঠিত রহিয়াছে।
তাঁহারা জানেন নদীয়ার ব্রাহ্মণকুমারটি কে তিনি
এবং কি বস্তা। শ্রীনীলাচলচন্দ্র অচল জগরাথ,
আর শ্রীনবন্ধীপচন্দ্র সচল জগরাথ,—ইহাতে তাঁহাদিগের
মনে বিন্দুমাত্রও সংশয় নাই। এইরূপ ঐকান্তিক
ভক্তিবলেই, এইরূপ ইটে একনিষ্ঠতা গুণেই তাঁহারা
প্রভুর নিত্য পার্যদ হইয়াছেন। তাঁহাদিগের চরণে
কোটি কোটি প্রশিপাত।

গোপীনাথ আচার্য্য সকলকে লইয়া সার্কভৌম ভট্টাচার্য্যের গৃহে আসিলেন। তিনি নদীয়ার ভক্তর্বলের
আগমন সংবাদে আনন্দিত হইয়া সকলকে সমন্ত্রমে আদর
অভ্যর্থনা করিয়া প্রস্তু যে গৃহে আছেন সেই গৃহে লইয়া
গেলেন। শ্রীনিভ্যানন্দপ্রস্তুকে দেখিয়া সার্কভৌম
ভট্টাচার্য্য ভাঁহার চরণ ধুলি লইলেন।

নিত্যানন্দ দেখি সার্কাভৌম মহাশয়। লইলা চরণ ধূলি করিয়া বিনয়॥ চৈঃ ভাঃ

নণীয়ার ভক্তবৃদ্দ প্রভূকে তথনও আনন্দ মৃদ্ধ্যি মার্য দেখিলেন। তাঁহারা তাঁহাদের প্রাভ্র অবস্থা সকলি আননেন। এরূপ অবস্থা প্রভূর মধ্যে মধ্যে হয়, এবং ইহাতে ভয়ের বিশেষ কোন কারণ নাই। একথা তাঁহারা দার্কভৌম ভট্টাচার্যকে কহিলেন, তাঁহার মন তথন স্থান্থির

⁽১) স্থাপ্ত। অইনাধিক ভাব বিকারের গোপন চেরা দিবিধা, ধুমায়িতা ও অলিতা। এক অথবা ছুইটি ভাব সহজ ভাবুকের শরীরে দ্বীর প্রকাশিত হুইলে যে ভাবের গোপন সম্বর পর হয়, সেই ভাবকে ধুমায়িতা বলে,—আর এককালে ছুই বা তিন সাদিক ভাব-বিকার অকাশ হইলে, তাহা অতি করে সংলাপন সভব হইলে, তাহাকে অলিতা বলে। তিল চায়িটি প্রোভভাব এককালীন উদ্ধে তাহা সধরণ করিবার চেরা বিশল হইলে, তাহাকে ভাবজ্ঞগণ দীকা বলেন। এককালে পাঁচটি অথবা সকল ভাব প্রকাশিত হইয়া প্রেমের পর্মোধ্ব কর্বতাপ্রাপ্ত হইলে তাহাকে উদ্ধিতা বলে। এই উদ্ধিতা ভাবের প্রকার ভেলকেই স্থাবীবা বলে।

হইল। তিনি তখন নদীয়ার ভক্তবৃদ্দের শ্রীজগরাথদেব দর্শনের বন্দোবন্ত করিয়া দিলেন। তাঁহার নিজপুত্র চন্দনেশরকে তাঁহাদিগের সঙ্গে দিলেন। শ্রীনিত্যানদ্দপ্রভূ আনন্দে বিহবল হইয়া ভক্তগণদকে শ্রীনীলাচলচন্দ্র দর্শনে গমন করিলেন। শ্রীমন্দিরে তাঁহাদিগকে দেখিয়া জগরাথ-দেবের পড়িছাগণ যোডহন্তে নিবেদন করিলেন.—

শ্বির হই জগন্নাথ সভেই দেখিবা।
পূর্বে গোসাঞির মত কেহো না করিবা।
কিন্তুপ তোমার কিছু না পারি বৃঝিতে।
শ্বির হই দেখ তবে যাই দেখাইতে।
যেরূপ তোমরা করিলে একজনে।
জগন্নাথ দৈবে রহিলেন সিংহাসনে॥
বিশেষ বা কি কহিব যে দেখিল তান।
দে আছাড়ে অফ্রের কি দেহে রহে প্রাণ॥
এতেক তোমরা সব অচিস্তা কথন।
সংবরিয়া দেখিবা করিলুঁ নিবেদন। চৈঃ ভাঃ

শ্রীনিত্যানন্দপ্রভূ হাসিয়া উত্তর করিলেন "কোন চিস্তা নাই।" চন্দনেশবের সহিত সকলে মহানন্দে প্রকট পরমা নন্দস্বরূপ শ্রীশ্রীজগুরাথদেবের শ্রীমৃত্তি দর্শন করিয়া নয়নের প্রেমাশ্রধারায় বক্ষ ভাসাইলেন।

দণ্ডপ্রণাম, প্রদক্ষিণ এবং স্তবস্তৃতি করিয়া প্রদাদী মালা লইয়া তাঁহারা সত্তর সাক্ষতেন্সগৃহে প্রত্যাবর্তন করিলেন। কারণ তাঁহারা প্রভূকে অজ্ঞান অবস্থায় রাখিয়া গিয়াছেন। নদীয়ার ভক্তবৃন্দ সার্ক্তিনিস্গৃহে প্রভূকে যে অবস্থায় দেখিয়াছিলেন, এখনও সেই অবস্থায় দেখিলেন। তাঁহারা দেখিলেন—

"বাষ্ট্ নাহি তিলেক আছেন সেই মতে।"
সার্ক্ষভৌম ভট্টাচার্য্য প্রভুর পাদমূলে বসিয়া আছেন।
ভক্তবৃন্দ তথন প্রভুর চতুর্দ্দিকে বেষ্টন করিয়া বসিয়া উচ্চ
হরিসমীর্ত্তণ-করিতে আরম্ভ করিলেন-

"হরি হরয়ে নম: কৃষ্ণ বাদবায় নম:। গোপাল গোবিন্দ রাম শ্রীমধুস্থান॥" এক্ষণে বেলা ভৃতীয় প্রহর। হরিনাম সংকীর্ত্তা শুনিয়া প্রভূব চৈততা হইল। তিনি ছন্ধার গর্জ্জন করিয়া 'হরি হরি" ধ্বনি করিতে করিতে উঠিলেন। সার্কভৌম ভট্টাচার্যা পরমানন্দে প্রভূব পদধ্লি লইলেন (১)। "কুষ্ণে রতিমস্ত্র" বলিয়া প্রভূ আশীর্কাদ করিলেন। সার্কভৌম ভট্টাচার্যা তথন বুঝিলেন ইনি বৈষ্ণবদয়্যাসী। তিনি এই প্রথম নবদ্বীপের উচ্চ হরিদল্লীর্ভন জনিলেন। তাঁহার গৃহে বিদিয়া নদীয়ার ভক্তবৃদ্দ প্রভূব আনন্দ মৃষ্ক্ ভিলের জন্ম ভ্রবন্যক্ষন যে হরিদল্লীর্ভন করিলেন, তাহা জনিয়া বিছাভিমানী সার্কভৌম ভট্টাচার্য্যের মনে যেন কি এক অভূতপূর্ক আনন্দের তর্গ উঠিল। পূর্ব্বে তিনি এরূপ মধ্র হরিদল্পীর্ভণ কথন জনেন নাই। তিনি ভাবিলেন তাঁহাব গৃহ আজ পবিত্র হইল, তাঁহার জীবন সার্থক ইইল।

প্রভার বাহজ্ঞান হইল দেখিয়া ভক্তবুন্দ প্রেমানন্দে ঘন ঘন হবিধ্বনি করিতে লাগিলেন। উচ্চ হরিধ্বনিতৈ দার্কভৌম-গৃহ মুধরিত ২ইল। প্রভু তথন স্থির ২ইয়া স্কলের প্রতি ককণ নয়নে চাহিয়া স্বিশ্বয়ে জিজ্ঞাসা করিলেন ''তোমর। বল দেখি আজ আম র কি হইয়াছিল। শ্রীনিত্যানদপ্রভু মৃত্ব মধুর হাসিয়া উত্তর করিলেন "এভু! তুমি শ্রীজগন্নাথদেবকে দর্শন মাত্রই মৃদ্ভিত হইয়া পড়িয়া-ছিলে। ভাগারুমে দৈবযোগে—দার্বভৌম ভট্টাচার্য্য মহাশয় দেখানে উপস্থিত ছিলেন। তিনি তোমা**কে** শ্রীমন্দির হইতে তুলিয়া লইয়া নিজ ভবনে আনিয়াছেন এখানে তুমি তিন প্রহর কাল পর্যান্ত মৃচ্ছিত অবস্থায় পড়িয়াছিলে। এই সার্কভৌম ভট্টাচার্য্যেরব াস ভবন, এবং তিনি ভোমাকে এই মাত্র প্রণাম করিয়া ঐ দাঁড়াইয়া-রহিয়াছেন"। এই বলিয়া তিনি সার্বভৌম ভট্টাচার্য্যকে দেখাইয়া দিলেন। প্রাকৃ সশব্যক্তে সার্বভৌম ভট্টাচার্ঘকে control होनिया सहय। शाह con पानिकन मात्न कुछार्थ করিলেন (২)।

- (১) উচ্চকরি করে সবে নাম সঙ্কার্ত্তণ।

 কৃতীর প্রহরে হৈল প্রভুর চেতন।।

 কৃতার করিধা উঠে হরি হরি বলি।

 আনন্দে সার্কান্ডোম তাঁর লৈল পদধ্লি।। তৈঃ চঃ
- (২) কগলাৰ দেখি মাত্ৰ তুমি মুক্তা গেলা

'আমাথে ব্যথে প্রভূসার্কভোমে কোলে করে"।

দৈয়া আমবতার প্রভূতখন তাঁহার প্রতি কুপাদৃষ্টি
বিতরণ করি। মধুর বচনে কহিলেন, →

———— "জগন্নাথ বড় কৃপামন্ব।
আনিলেন মেণেৰ সাৰ্কভৌমের আলন্ব॥
পরম সন্দেহ চিত্তে আছিল আমাব।
কিন্ধপে পাইব আমি সংহতি তোমার॥
কৃষ্ণ তাহা পূর্ব করিলেন অনান্নাসে।
এত বলি সার্পভৌম চাহি প্রভূ হাসে॥"
প্রভূ তথন মধ্ব হাসিতে হাসিতে পুনরায় কহিলেন,—

ভগন্নাথ আমি দেখিলাঙ বিজ্ঞান ॥
ভগন্নাথ আমি দেখিলাঙ বিজ্ঞান ॥
ভগন্নাথ দেখি চিত্ত হইল আমাব ।
ধরি আনি বক্ষ মাঝে থুই আপনার ॥
ধরিতে গেলাম মাত্র জগন্নাথ আমি ।
তবে কি হইল শেষে আর নাহি জানি ॥
দৈবে সার্ব্বভৌম আজি আছিল নিকটে ।
অতএব রক্ষা হইল এ মহা শহটে ॥
ভাজার্ব দেখাবাঙ বাহিরে থাকিয়া ॥
ভাজার্বর আর আমি প্রবেশ না হব ।
গরুডের পাছে রহি ঈশ্বর দেখিব ॥
ভাগ্যে আমি আজি না ধরিলুঁ জগন্নাথ ।
তবে ত সহুট আজি হইত আমাত ।" টৈ: ভা:

প্রভুর মনে একণে পূর্ব স্মৃতি সকল উদয় হইয়াছে; তিনি বুঝিতে পারিয়াছেন, শ্রীশ্রীস্থ্যাথদেবকে তিনি বক্ষেধরিলে আজ তাঁহার কি বিপদ হইত। জগলাথের

দৈবে সার্ব্বভৌম আছিলেন সেই হানে।
ধরি ডোমা আনিলেন আপন ভবনে।।
আনন্দ আবেশে তুমি হই পরবশ।
বাহু না জানিলা তিন প্রধ্য দিবস।।
এই সার্ব্বভৌম নম করেন হোমারে।। তৈঃ ভাঃ

সেবকগণ তাঁহার কি হুর্দ্ধশা করিতেন। ভাগ্যে সার্ব্বভৌম ভট্টাচার্য্য দেখানে উপস্থিত ছিলেন, তাই আজি এই বিষম শঙ্কট হইতে উদ্ধার পাইয়াছেন।

সার্বভৌম ভট্টাচার্য্য প্রভুর নিকট দাঁড়াইয়া সকলি ভনিলেন, কিন্তু কোন উত্তর করিলেন না। তিনি প্রভুর রূপে মৃধ্য হইয়াছেন, কোন কথাই তাঁহার কর্পে বাইভেছে না, তিনি অনিমেষ নয়নে প্রভুর অপূর্ব্ব ফুলর চক্রবদনের প্রতি চাহিয়া আছেন।

শ্রীনিত্যানন্প্রভু দেখিলেন, বেলা তৃতীয় প্রহর অতীত হইয়াছে। কুংপিপাসায় এবং পথশ্রমে সকলেই কাতর। প্রভু শ্বানাহার না করিলে কেহই কিছু করিতে পারেন না। তিনি হাদিয়া প্রভ্রেক কহিলেন "প্রভূ! এবার তুমি বড় রক্ষা পাইয়াছ। আর এমন কার্য্য করিও না.একেলা আদার এই ফল; একণে বেলা আর নাই—চল শ্বানে চল।" প্রভু কতিরনয়নে শ্রীনিত্যান দপ্রভুর প্রতি চাহিয়া কহিলেন,—"শ্রীপান! তুমি আমাকে সর্বাদা সম্বরণ করিবে, এ দেহ আমি তোমারি হল্ডে সমর্পণ করিয়াছি (১)।" এই বলিয়া প্রকু ভক্তগণ দক্ষে সমূত্র-স্বানে চলিলেন। প্রভু স্থান করিয়া আসিলেন; সাক্ষভৌম ভট্টাচার্য্য শ্রীজগন্নাথদেবের নানাবিধ প্রদাদ আনাইয়া প্রভুকে সেদিন তাঁহার নিজ ভবনে প্রথম ভিক্ষা করাইলেন। স্থবর্ণ পাতে উত্তম অন্নব্যঞ্জন, এবং নানা-বিধ পীঠাপানা মিষ্টান্ন দিয়া প্রভুকে ভিক্ষা করিতে আহ্বান করিলেন। প্রভু মহাপ্রসাদ দেখিয়া প্রেমানন্দে ধাতৃপাত্তে ভোজন নিষিক একথা ভূলিয়া গেলেন,—তিনি ভক্তিভরে মহাপ্রসাদকে নমস্ক'র করিয়া হাসিয়া কহিলেন "মামাকে লাফ্রা ব্যঞ্জন ও শাক প্রভৃতি দেওয়া হউক, আর পীঠাপানা ও ছানাবড়া মিষ্টান্নাদি ইহাঁদিগের

 ^{(&}gt;) নিত্তানন্দ বোলে বড় এড়াইলে ভাল।
বেলা নাহি এবে খান করহ সকল।।
প্রভু বোলে নিত্তানন্দ সম্বরিবা মোরে।
দেহ আমি এই সম্পিলাও তোমারে।। চৈঃ ভাঃ

সকলকে দাও (১)"। প্রস্তু চিরদিন শাক ও ব্যঞ্জন বড় ভাল বাদেন, ভাই একথা বলিলেন। সার্ব্ধভৌম ভট্টাচার্ব্য কর্মোড়ে নিবেদন ক্রিলেন,—

জগন্ধাথ কৈছে করিয়াছেন ভোজন।
আজি দব মহাপ্রদাদ কর আআদান॥ তৈঃ চঃ
এই বলিয়া প্রভুকে দকল মহাপ্রদাদই প্রচুর পরিমাণে
পরিবেশন করিতে লগিলেন। ভক্তবৃন্দ সন্দে প্রভু প্রমান্দদে দার্কভৌম-ভবনে বিদিয়া ভিক্ষা করিলেন। দার্বভীমগৃহে আজি যে আনন্দের তরঙ্গ উঠিল, তাহা ভাষায় বর্ণনা
করা যায় না। ঠাকর বকাবনদাশ লিধিয়াছেন —

স্বর্ণ থালিতে অন্ন আনিয়া আপনে। সার্বভৌম দেন প্রভু করেন ভোজন॥ দে ভোজনে যতেক প্রেম-রক। ব্যাস বর্ণিবেন ভাহা চৈতক্তের সক।

প্রভূ ভোজন-বিলাপ সমাপদ করিয়া ভক্তগণ সহ সাধ্ব-ভৌম-গৃহে তিনি সেদিন বিশ্রাম করিলেন।

এছলে সার্বভৌম ভট্টাচার্ব্যের একটু সংক্ষিপ্ত পরিচয়

দিব। এই মহাপুরুষের নিবাদ ছিল নবদীপের নিকট

বিজ্ঞানগরে। পিতার নাম মহেশর বিশারদ। প্রভূর

মাতামহ শ্রীপাদ নীলাম্বর চক্রবর্ত্তী এবং মহেশ্বর বিশারদ

উভরে সভীর্ব ছিলেন। ছই জনের মধ্যে বিশেষ বরুষ

ছিল। বিশারদের ছই পুর,—বাহুদেব সার্বভৌম এবং মধ্
হদন বাচম্পতি। বাহুদেব সার্বভৌম মিথিলায় ফ্রায়শাস্ত্র
পড়িতে যান। তথন ফ্রায়শাস্ত্রের অধ্যাপনা মিথিলা

দেশেই একচেটিয়া ছিল। বাহুদেব সার্বভৌমের মত
বৃদ্ধিমান লোক তথন ভারতবর্ষে দিতীয় কেহ ছিল বলিয়া

বোধ হয় না। তিনি মনে মনে সংক্র করিলেন, যে কোন

ধ্রাকারে ইউক ফ্রায়ের গ্রহগুলি কঠন্ত্র করিয়া নবদীপে

আসিবেন। মিথিলার ফ্রায়ের পণ্ডিতগণ এই গ্রন্থ লিবিয়া

আনিতে দিতেন না। বাস্থদের সার্ব্বভৌমের অসাধারণ স্মরণ শক্তি ছিল। ডিনি যথাকালে মিথিলায় স্থায়শাল্প পাঠ সমাপন করিয়া সমগ্র স্থায়শাস্ত্র মুখত করিয়া নব্দীপে व्यनिया अहे श्रष्ट लिशित्नन अवः खग्नः क्रारम् द दोन श्रुल-লেন। এই অভূত ব্যাপার শুনিয়া মিধিলার পণ্ডিভগণের তাঁহার প্রতি বড় হিংসার উত্তেক হইল। তাঁহারা হিংসা-বশে ষড়মন্ত্র করিয়া দেখান হইতে পড়ুয়া ছাত্র পাঠাইয়া বাস্থদেব সার্স্বভৌমের প্রাণবিনাশের চেটা পর্যন্তও করিয়া ছিলেন। কিন্তু জ্রীভগবানের ইচ্চায় তাঁহার হননকারী সভীর্থ বাহ্নদেব সার্বভৌমের অসাধারণ প্রতিভা ও গুণ দেখিয়া তাঁহার প্রতি আরুষ্ট হইয়। সকল কথা তাঁহাকে প্রকাশ করিয়া বলিয়া ক্ষমা প্রার্থনা করিয়াছিলেন। এই ভবন বিখ্যাত পণ্ডিত সার্ব্বভৌম ভট্টাচার্য্য নবদীপে আয়শাল্পের প্রথম টোল খুলিয়াছিলেন। জাঁহার বিভাবভা এবং যশঃ সৌরভ দিক্দিগন্ত প্রসারিত হইয়াছিল। এই বাস্থদেব শার্কভৌম স্থায়শালের আদি চিস্তামণি এর রচয়িতা বিধ্যাত রঘুনাণ শিরোমণির গুরু। তিনি মিথিলায় ভায় শাল্কের পাঠ সমাপন করিয়া কাশীধামে বেদ পাঠ ক্রেন। বেদপার সমাপন ক্রিয়া ভাহার পর নব্দীপে স্থায়ের টোল স্থাপন করেন।

বাহ্ণের সার্বভৌম ভট্টাচার্ব্যের নাম ভারতবর্বের
সর্ব্যার বার্গ্য হইল। উড়িছার স্বাধীন রাজা মহারাজ প্রভাপকল্প জাঁহাকে সমাদর ও ষত্ব করিয়া নিজরাজ্যে লইয়া
গিয়া জীশীজগল্লাথদেবের সম্দর সেবাকার্য্যের তত্ত্বাবধারণের ভার জাঁহার উপর দিলেন এবং জাঁহাকে গুরুর
ফায় ভক্তি করিয়া নিজ রাজসভার স্ব্রপ্রধান পণ্ডিত
নিযুক্ত করিলেন। এই স্থ্যেে প্রক্রোভ্যমে সার্ব্রহেনী
ভট্টাচার্য্য নিজ টোল স্থাপন করিয়া বাদ করিয়াছিলেন।
জাঁহার টোলে বেল বেদান্ত, ফায়, শাঙ্মা দর্শন প্রভৃতি সর্ব্ব শাল্রের অধ্যাপনা হইত। ভারতবর্ষের সর্ব্বহান হইতে
ছাত্র আনিম্মা জাঁহার এই টোলে বিফা শিক্ষা করিতেন।
ইহাদের মধ্যে বহু সন্ধ্যানীও ছিলেন। সার্ব্বভৌম
ভট্টাচার্য্যের শিষ্য প্রশিষ্য ভারতবর্ষ্যের সর্ব্বস্থানেই ছিল।

⁽১) ধ্বর্ণ থালেতে অর উত্তম ব্প্লেন। ভক্তগণ দঙ্গে প্রত্ করের ভোজন।। প্রভু কহে মোরে দেহ লাফরা ব্প্লেনে। শীঠাপানা দেহ তুমি ইইা সভাকারে।। চৈঃ চঃ

जिन मधीमिश्टक द्वम প्रভाইटजन, महाभी मिश्टक द्वमास পভাইতেন। এই সার্বভৌম ভট্টাচার্য্য মহাশয়ের গুরু সেদিন প্রভু ভোজনবিলাস করিয়া বিশ্রাম করিলেন। বিশ্রামান্তে সন্ধার পর শ্রীশ্রীজগন্নাথের আরুতি দর্শন করিয়া আসিয়া প্রভু নিজ ভক্তগণ পরিবেষ্টিত হইয়া সার্বভৌম গৃহে কৃষ্ণকথা রঙ্গে আছেন, সেখানে গোপীনাথ আচার্যাও আছেন। সার্ব্বভৌম ভট্টাচার্য্য এই নবীন বৈষ্ণব-সন্ন্যাদীটির পূর্কাশ্রমের পরিচয় জানিতে উৎস্থক হইয়া গোপীনাথ আচার্য্যকে জিজ্ঞাসা করিলেন "আচার্য্য। ইহার পূর্বাশ্রম কোথায় ? (১) গোপীনাথ **আচার্য্য** সে সময় **এপুরুষোত্তম ক্ষেত্রে** ভগ্নিপতির গ্রহে **অবস্থান করিতেছেন**। তিনি নব্দীপ হইতে ভীর্থ পরিভ্রমণে নীলাচলে আসিয়া-ছেন। প্রভুর সন্মাদাশ্রম গ্রহণের পুর্বেষ তিনি নবদীপ ছাড়িয়াছেন। ব্রীগৌরাকপ্রভুর গৃহত্যাগ বৃত্তান্ত তিনি সমাক অবগত ছিলেন না। মুকুন্দের মুখে এখানেই বিস্তারিত শুনিয়াছেন। প্রভুকে দর্শন করিয়া জাঁহার মন হর্ম ও বিষাদে মগ্ন ইটয়াছে। ডিনি প্রভুর একজন প্রিয় ভক্ত। সার্ব্বভৌম ভট্টাচার্যোর প্রশ্নের উত্তরে তিনি क्टिल्न,-"এই नवीन मुद्यामीत वाम नवधीर्थ। इंडात পুর্বাশ্রমের নাম শ্রীবিশন্তর। ইনি শ্রীকগরাথ মিশ্র পুরন্দ-রের পুত্র এবং নদীয়ার বিখ্যাত পণ্ডিত শ্রীনীলাম্বর চক্র-বর্ত্তীর দৌহিত। ইহা ভনিয়া সার্কভৌম ভটাচার্যা ▼হিলেন.—''নীলাম্বর চক্রবর্ত্তী আমার পিতার সহাখ্যায়ী পণ্ডিত ছিলেন। মিশ্রপুরন্দরকে আমার পিতৃদেব বহু সমান করিতেন। পিতৃদয়ক্ষে তাঁহার। আমার পুজা"। (২) এই কথা বলিয়া তিনি নব্দীপের সম্বন্ধে প্রভার প্রতি

ষ্ঠিশয় প্রীত হইয়া সবিনয়ে তাঁহার চরণে নিবেদন করিলেন,—

"সহজেই পূজ্য তুমি আবে ত সন্ধ্যাস।
অতএব হঙ তোমার আমি নিজ দাস। চৈঃ চঃ
প্রভূ এই কথা শুনিয়া হুই কর্ণে হস্ত স্পর্শ করিয়া শ্রীবিষ্ণু
স্থারণ করিলেন। দৈক্তাবতার শ্রীপৌরাদ্ধ গ্রভূ তথন
অতিশয় বিনীতভাবে সার্ধভৌম ভটাচার্ধ্যকে কহিলেন,—

"তুমি ৰুগদগুৰু দৰ্মলোক হিডক্তা।

বেদাত প্তাপ সন্নাসীর উপক্রা আমি বালক সন্ন্যাসী ভালমন নাহি জানি। ভোমার আশ্রম নিল গুরু করি মানি। ভোমার সঙ্গ লাগি মোর ইটা আপ্রয়ন। দর্ব্য প্রকারে করিবে আমার পালন। আজি যে হইল আমার বড়ই বিপজি। তাহা হৈতে করিলা তুমি আমার অব্যাহতি । চৈ: চ: রপম্থ সার্কভৌম ভট্টাচার্য্যের মন প্রভুর শীমুখে এরপ দৈক্তোকি ভানিয়া অভিশয় মুগ্ধ হইল। তিনি সম্বেহে প্রভুর শ্রীবদনচন্দ্রের প্রতি চাহিয়া কহিলেন,— "আপনি কলাচ একাকী জীজগন্নাথ দেব দৰ্শনে যাইবেন না। হয় আমায় সঙ্গে যাইবেন, না হয় আমার লোকের সঙ্গে ৰাইবেন।" প্ৰভু বিনয়নমভাবে উত্তর করিলেন.— ''আমি আর শ্রীমন্দিরাভাস্তরে যাইব না, গরুড় স্তক্ষের পাৰ্যে দাঁড়াইয়া শ্ৰীবিগ্ৰহ দৰ্শন করিব (১)।" তখন সার্কভৌম ভট্টাচার্ব্য গোপীনাথ আচার্য্যের প্রতি চাহিয়া কহিলেন,—''আচার্যা! তুমি গোদাঞিকে সঙ্গে করিয়া জগরাথ দর্শন করাইবে। আমার মাতৃষ্দার গৃহ অতি নি**ৰ্জন স্থান**। দেই স্থানে আপাতত ইহাঁকে বাসা मां अव । पूर्वि हें हाँ कि नर्स विनयात स्वत्मावस कतिया

⁽১) গোণীনাথ আচার্ব্যের করে সার্বভৌষ। গোদাঞির জানিতে চাছি কাঁছা পূর্ববাঞ্জম।। ১৪: চঃ

^{(&}gt;) সার্কভৌম করে নীলাখর চক্রবর্তী। বিশারদের সমাধাারী এই তার খ্যাতি ।। মিশ্র পুরন্দর তার মান্ত ছেন জানি । শিতার সম্বন্ধে দোহোঁ পুজা করি মানি ॥ চৈঃ চঃ

⁽১) ভট্ট কংহ একলে তুমি না যাইও দর্শনে। আমার সকে বাবে কিবা আমার লোক সনে।। অভু কংহ মন্দির ভিতরে না বাইব। গক্ডের পালে রহি দর্শন করিব। চৈঃ চঃ

দিবে, যাহাতে ইহাঁর এবং এই সকল ভক্তর্ন্দের কোনরূপ কট না হয়।" গোপীনাথ আচার্যা প্রভুর বাসার
সকল বন্দোবস্ত গর্মা দিলেন। প্রভু ভক্তর্গণসহ সেই
নিজ্জন বাসাতে গ্রন করিলেন।

প্রভূ শ্রীনীলাচলধামে গিয়া আ। আগোপন করিয়া কিছু
দিন রহিলেন। তাঁহার অপরূপ রূপরাশি দর্শন করিয়া
এবং অপূর্ব প্রেমভাব দেখিয়া নীলাচলবাসী সর্বলোকে
তাঁহাকে মহাপুক্ষ বলিয়া জানিল; কিন্তু তিনি যে কি
বন্ধ, কি প্রম তন্ধ,—তাহা তথ্ন কেহ জানিতে পারিলেন
না। শ্রীভগ্রান যদি স্বয়ং আত্ম প্রকাশ না করেন,
কাহার সাধ্য তাঁহাকে প্রকাশ করে ?

যদি তিহোঁ ব্যক্ত না করেন আপনারে।
তবে কার শক্তি আছে তাঁরে জানিবারে ॥ চৈ: ভা:
প্রভুব বাসায় সার্কভৌম ভট্টাচার্য্য নিত্য যাতায়াত
করেন, প্রভুও তাঁহার ভবনে মধ্যে মধ্যে শুভাগমন করেন।
একদিন চতুরচ্চামণি শ্রীগৌরভগবান সার্কভৌম ভট্টাচার্য্যকে লইয়া তাঁহাব বাসায় এক নিভৃত স্থানে বসিয়া
বিনীত বচনে ক্হিলেন.—

————"শুন দার্বভৌগ মহাশয়।
তোমারে কহিয়ে আমি আপন হৃদয়॥
জগরাথ দেখিতে যে আইলাঙ আমি।
উদ্দেশ্য আমার মূল, এথা আছ তুমি॥
জগরাথ আমারে কি কহিবেন কথা।
তুমি দে আমার বন্ধ ছিঙিবে সর্বরথা॥
তোমাতে দে নৈসে শীক্তক্ষের পূর্ণ শক্তি।
তুমি দে বিবারে পার ক্ষেও প্রেমন্ডকি॥
এতেকে ভোমারে আমি লইস্থ আশ্রয়।
তাহা কর ঘেরপে আমার ভাল হয়॥
কি বিধি করিমু মুক্তি থাকিব কিরপে।
কেমতে না পড়েঁ। মুক্তি এ সংসার ক্পে॥
সর্বর্ব উপদেশ মোরে কহ অমায়য়।"
তোমারি সে আমি ইহা জান সর্বথায়॥ চৈঃ ভাঃ
কপট সরাদীর বাক্পট্ডা এবং শীকোরভগবানের

বৈষ্ণবী মায়ায় মৃয় হইয়া পণ্ডিতাভিমানী সার্ব্যভৌষ ভটাচার্য্য ভাবিলেন, এই নবীন সয়াসীটিকে কিছু ধর্মশিকা দিতে হইবে। প্রভু তাঁহাকে বলিলেন — ভোমাতে শ্রীক্ষের শক্তি বর্ত্তমান দেখিতেছি, তুমি আমার কর্ম্মবন্ধন ছিয় করিয়া প্রেমভক্তি দান কর"। সার্ব্যভৌম ভটাচার্য্যের ভর্কনিষ্ঠ মন, তিনি স্থায়শাঙ্কের অবিভীয় পণ্ডিত, বৈদাজিক শিরোমণি, মায়াবাদী সয়াসীদিগের গুরু। তিনি প্রেমভক্তির নাম শুনিয়াছেন মাক, প্রেমভক্তি বে কি বস্তু ভাহা তিনি জানেন না। কৃষ্ণপ্রেম জীবের স্থায়ে যে কিরপ অপূর্ব্ব ভাবের উদয় হয়, তাহা অহুভব করিবার শক্তি তাহার নাই। চতুরচ্ডামণি শ্রীগোরভগবানের এই চাহুরীজালে পতিত ইইয়া সার্ব্রহিতাম ভট্টাচার্য্য প্রভুর কথার মর্ম্ম ব্রিতে পারিলেন না। তিনি প্রভুকে ভক্তিব্যাগের কৈবধর্ম শিকা দিতে মনস্থ করিয়া কছিলেন,—

----- --- ' কহিলা যত তুমি। সকল তোমার ভাল বলিলাও আমি॥ যে তোমার হইয়াছে ভক্তির উদয়। অভান্ত অপুর্ব দে কহিল কভু নয়॥ বড়ই ক্লফের কুপা ইইয়াছে ভোমারে। সবে এক থানি করিয়াত অব্যবহারে ॥ পরম হুবুদ্ধি তুনি হইলা আপনে। ভবে তুমি সন্মাস করিলা কি কারণে॥ বুঝ দেখি বিচারিয়। কি আছে সন্মাদে। প্রথমেই বদ্ধ হয় অহঙ্কার পাশে। **দ ७ ४ ति महा छानी** इस ज्याननादत । কাহারেও বোল হস্ত যোচ নাহি করে॥ यात भाषा निरुष्ठ (यात्र विश्व । হেন জনে নমস্কারে তত্ত্ব নহে ভীক। সন্ত্রাসীর ধর্ম বা বলিব সেহো নহে। বুঝ এই ভাগবতে যেন মত কহে। চৈঃ ভাঃ

এই বলিয়া দার্শ্বভোম ভট্টাচার্য্য প্রভুর নিকট ভাগ-বতের নিমলিধিত শ্লোকটি ব্যাধা করিলেন। প্রণমেদ গুবভুমাবাখচাগুল গোধরম্। প্রবিষ্টো জীব কলহা তবৈব ভগবানিতি॥

অর্থাৎ শ্রীভগবান জীবরূপ অংশে সকল দেহেই প্রবিষ্ট রহিয়াছেন, ইহা ভাবিয়া কুকুর চণ্ডাল, গো এবং গর্দভ পর্যান্ত সকলকেই ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিবে। প্রভূ নিবিষ্টচিত্তে শুনিতেছেন। সার্বভীম ভট্টাচার্যা পুনরায় বলিতে আরম্ভ করিলেন,—

এই সে বৈষ্ণব ধর্ম সভারে প্রণতি।
সেই ধর্মধ্বজী যার ইথে নাহি রতি।
শিথাসুক ঘুচাইয়া সভে এই লাভ।
নমস্কার করে আসি মহা মহা ভাগ। চৈ: ভা:

প্রভূ একমনে প্রেমাবিষ্ট ইইয়া সার্বভৌম ভট্টাচার্য্যের মূথে বৈষ্ণব ধর্মতন্ত্র কথা শুনিতেছেন। তাহার মনে বড় আনন্দ হইতেছে। মায়াবাদী সন্ন্যাসীদিগের ওঞ্জ, পণ্ডিতাভিমানী সার্বভৌম ভট্টাচার্য্যের মূপে ভক্তিযোগের কথা তাঁহার বড়ই ভাল লাগিতেছে।

সার্ব্যভৌম ভট্টাচার্য্য প্রভুর প্রতি চাহিয়। পুনরায় কহিতে লাগিলেন,—"দয়াদ ধর্মের এই এক মহৎ দোদের কথা কহিলাম। আর এক সর্ব্যাশের কথা বলি ভান,—"এই বলিয়া তিনি অভিশয় উত্তেজিতভাবে কহিতে লাগিলেন,—

জীবের স্থভাব ধর্ম ঈশ্বর ভক্ষন।
তাহা ছাড়ি আপনারে বোলে নারায়ণ।
গর্ভবাদে যে ঈশ্বর করিলেক রক্ষা।
শীহার প্রসাদে হৈল বৃদ্ধি জ্ঞান শিক্ষা।
শীর দাস্তা লাগি শেষ অজ তব রমা।
পাইয়াও নিরবধি করেন কামনা।
স্পৃষ্টিছিতিপ্রলয় শার দাদে করে।
লাজো নাহি হেন প্রভু বোলে আপনারে।
লাজা হৈলে আপনে কে ইহাও না জানে।
আপনারে নারায়ণ বোলে হেন জনে।
জাপনারে নারায়ণ বোলে হেন জনে।
জাপতারে যে ভক্তি করে দে স্পুত্র হয়ে। চৈঃ ডাঃ

এই বলিয়া তিনি গীতার এই শ্লোকটি পাঠ করিবেন—
পিতামহস্ত জগতো মাতাধাতা পিতামহ:।
বেছং পবিত্রমোকার ঋক্সাম্প্রবেবচ ॥
অর্থাৎ আমি এই জগতের পিতা, মাতা ধাতা
কর্মফল বিকাতা এবং পিতামহ। আমি জ্ঞেয়, বস্তু,
পবিত্র, ওকার, ঋক, সাম এবং যক্ষ:।

ইংর পর গীতাব আর একটি শ্লোক পাঠ করিয়া তিনি প্রভুকে গীতোক্ত সন্ধাস লক্ষণ ব্রাইলেন। **এইফ** ডগবান অৰ্জুনকে বলিতেছেন,—

অনাশ্রিত: কর্মফলং কার্য্যং কর্ম করোতি য়:। স সন্ন্যাগীত যোগীত ন নিত্রিগুলিকায়:॥

অর্থাং স্বর্গাদি কর্মফলের কামন। না করিয়া থিনি শাস্ত্রবিহিত অবশ্য কর্ত্তবা কর্ম করিয়া পাকেন, তিনিই প্রকৃত সন্মাদী এবং তিনিই যথার্থ যোগী; অগিহোত্ত প্রভৃতি কর্মপরিত্যাগী, যতিবেশনারী সন্মাদী নহেন, আব শরীর ধর্ম পরিত্যাগীও যোগীনতেন।

্প্রভুর থ্রীবদনের প্রতি চাহিয়া সার্বভৌম ভট্টাচার্য্য আবেগভরে কহিতে কাগিলেন,—

নিশ্বাম হইয়া করে যে ক্বফ ভন্ধন।
তাহারে সে বলি যোগী সম্বাদী লক্ষণ।
বিক্ষুক্রিয়া না করিয়া পরাম খাইলে।
কিছু নহে——সাক্ষাতে এই বেদে বোলে। চৈ: ভা:
এই বলিয়া ভিনি ভাগবতের নিম্নলিখিত শ্লোকটি
পাঠ ও বাাধ্যা করিলেন।

তৎকর্ম পরিভোষং য়ং সা বিছা তল্লভির্যয়া। হরিদে হড়তামাত্মা স্বয়ং প্রকৃতিরীশবং ॥

অর্থাৎ যাহা প্রীহরির সজোষ সম্পাদন করে, তাহাই
কর্ম। যাহা ধারা প্রীহরিতে মতি হয়, তাহাই বিছা।
কেন না প্রীহরি দেহধারী মাত্রেরই আছা ও ঈশর,
যেহেতৃ তিনি স্বয়ং বা স্বতন্ত্ররপে সকলেরই কারণ স্কুরপ।
সার্বভৌম ভট্টাচার্য্য অধিকতর উত্তেজনার সহিত
কহিতে লাগিলেন.—

ভাহারে বে বলি ধর্ম কর্ম সনাচার।
দীশরের যে প্রীতি জ্যো সম্মত সভার।
ভাহারে যে বলি বিদ্যা মন্ত্র অধ্যয়ন।
কৃষ্ণ পাদপদ্মেতে করায় হির মন।
সভার জীবন কৃষ্ণ জনক সভার।
কেন কৃষ্ণ ধেনা ভজ্যে সর্ধ বার্প ভার। চৈ: ভা:

প্রভু সার্কভৌম ভট্টাচার্য্যের মুখে 🗷 ক্রফ ভগবানের মাহাত্মা প্রবণে প্রেমানন্দে পুলকিতাক হইলেন। তাঁহার चमननवनवर मिया मदम्बिङ भूतका अस् विश्वलिङ इटेरङ লাগিল। তিনি প্রেমবিকারিত লোচনে সার্বভৌম ভট্টাচার্যের প্রতি চাতিয়া কহিলেন.—'ভটাচার্যা। আপনার মুখে কৃষ্ণভক্তি প্রসঙ্গের কণা ভনিয়া আমার বড়ই মধুর লাগিতেছে। আপনি আরও কিছু বলুন, ভনিয়া আমার পিপাসিত কর্ণ শীতল করি।" সার্স্কভৌম ভটাচার্য্য প্রভর কুপায় আজি মহাশক্তিশালী হইয়াছেন। তিনি প্রেমা-বেগে পুনরায় প্রভকে কহিতে লাগিলেন, "আমি ষাহা বলিলাম, আপুনি যদি বলেন ইহা শহরা-চার্ষ্যের মত নহে, তাহার উত্তরে আমি বলি তাঁহার অভিপ্রায়,—জীব শীভগবানের দাস, শীভগবানের সহিত क्षीरवत्र मान नवन. श्री छशवात्मत्र मानच कतारे जीरवत ধর্ম, একথা শহরাচার্য্য নিজমুথে বলিয়া গিয়াছেন।" এই বলিয়া তিনি শক্ষরাচার্ধ্যের ক্বত বটুপদী ভোজের নিম্নলিখিত শ্লোকটি আবুজি করিয়া তাহার ব্যাখ্যা করিয়া প্ৰভুকে বুঝাইলেন।

সত্যপি ভেদাপগমে নাথ ! তবাহং ন মামকী নম্ম।
সামুজোহি তরক কচন সমুজোন তারক: ॥
অধাং জগতে ও তোমাতে ভেদ না থাকিলেও নাধ !
আমি জানি, আমি ভোমারই অধীন, আমি ডোমা হই-তেই জন্ম গ্রহণ করিয়াছি। কিছ তুমি আমার অধীন নহ,
ভূমি আমার নিকট হইতে সঞ্জাত হও নাই। তরক ও
তরকম্ম সমুজে প্রক্ষার পার্থক্য না ধাকিলেও ইহা হুনিকিত বে তরকই সমুজের, কিছ সমুজ তরকের নহে।

শন্ধরাচার্ণ্যের স্নোকের এই অভি নায়। ইহা না বুঝিয়া

লোকে মাথা মুড়াইয়। সন্ন্যাসী কেন হর, ভাহা সার্কভৌম ভট্টাচার্য্য বুঝিয়া উঠিতে পারেন না, একথা তিনি প্রভূকে প্রায় বলিলেন, যথা এটৈত ছভাবতে—

সন্মাসী হইয়া নিরবধি নারায়ণ।

বলিবেক প্রেমভক্তি যোগে অফুকণ। না ব্রিয়া শক্ষরাচার্য্যের অভিপ্রায়। ভক্তি ছাড়ি মাথা মুড়াইয়া হঃধ পায়। এই বলিয়া তিনি প্রতকে সম্বেহে কহিলেন,— অতএব তোমারে যে কহিলাম আমি। হেন পথে প্ৰবিষ্ট হইলা কেনে তুমি ॥ যদি কৃষ্ণ ভক্তিযোগে করিব উদ্ধার। ভবে শিখাসূত্র ভ্যাগে কোন লভ্য আর। যদি বোল মাধবেদ্র আদি মহাভাগ। তাঁরাও করিয়াছেন শিথাস্ম ত্যাগ । তথাপিও তোমার সন্থাস করিবার। এসময়ে কোনমতে নাই অধিকার। সে সৰু মহাস্তৰ্গ ডিভাগ বয়সে। গ্রামারস ভূঞ্জিয়া সে করিলা সন্মাসে ॥ যৌৰন প্ৰবেশ মাত্ৰ সকলে ভোমার। কেমতে হইল সন্থাসের অধিকার। পরমার্থে সন্ধাসী কি করিব ভোমারে। যেই ভক্তি হইয়াছে তোমার পরীরে। (यार्शकामि मर्डिय (य इस ड व्यंगाम। তবে কেন করিয়াছ এমন প্রমাদ। " চৈঃ ডাঃ সার্ব্বভৌম ভট্টাচার্য প্রভুকে প্রকৃত কথাই বলিলেন। তিনি প্রভু অপেকা বয়সে অনেক বড়, গ্রাম সম্পর্কে প্রভু তাঁহার খেহভান্ধন পুত্রহুল্য। তিনি সর্বাপান্তে স্থপণ্ডিত: শাল্লযুক্তি দারা তিনি প্রভুকে বুঝাইলেন, তাঁহার এই

সার্বভৌম ভট্টাচার্য্যের মূথে ভক্তিযোগের ভত্তকথা ভনিষা প্রভু অভিশব সন্তঃ হইয়া তাঁহাকে বিনয় বচনে কহিলেন,—

নৰীন ব্যুসে পুহত্যাগ ক্রিয়া সন্নাস্গ্রহণ করা কোন

মতেই স্থবিবেচনার কার্য্য হয় নাই।

————"ভন সাৰ্কভৌম মহাশয়।

সম্যাসী আমারে নাহি জানিহ নিশ্চয়।

কৃষ্ণের বিরহে মৃঞি বিক্ষিপ্ত হইরা। বাহির হইলু শিখা স্তা মৃড়াইরা। সন্ত্যাসী বলিয়া জ্ঞান ছাড় মোর প্রতি। কুপা কর যেন মোর কৃষ্ণে হয় মতি।" চৈঃ ডাঃ

প্রভুর এই দৈক্তোক্তিতে সার্কভৌম ভট্টাচার্য্যের মন অধিক-ভর ক্ষব হইল। তিনি কপট সন্ধ্যাসী চতুরচ্ডামণি শীগোরভগবানের বাক্চাতৃরী-জালে জড়ীভূত হইনা পড়িয়াছেন। তিনি কি করিয়া ভগবানের মায়া বৃঝি-বেন ? চিরকাল শীভগবান নিজ দাসের সলে এইরণ লীলা-রক্ষ করিয়া আদিভেছেন। প্রভু সার্কভৌম ভট্টাচার্য্যের মুখের প্রতি চাহিয়া মূছ্মধুর হাসিতেছেন; কিছ তিনি প্রভুর এই হাসির মর্ম বৃঝিতে পারিতেছেন না।

হাসে প্রভু সার্ধভৌমে চাহিয়। চাহিয়। না বুঝেন সার্ধভৌম মায়ামুগ্ধ হৈয়া॥ চৈঃ ভাঃ

কিছুক্ষণ পরে দার্কভৌম ভট্টাচার্য্য যখন ব্রিলেন, প্রভু উাহাকে অতি স্তাতি করিতেছেন, তথন তাঁহার মনে কিছু দক্ষা হইল। আর বিশেষতঃ প্রভু সন্ন্যামী, তিনি গৃহী, তাঁহার পকে সন্ন্যামী বন্দনীয়। এই ভাবিয়া তিনি প্রভুকে কহিলেন—

"আশ্রমে বড় তুমি।

শার্ত্তমত তুমি বন্দ্য উপাসক আমি।

তুমি বে আমারে তাব কর যুক্ত নহে।

ইহাতে আমার পাছে অপরাধ হয়ে। " চৈ: ভা:

চতুর শিরোমণি প্রান্ত, একথায় ভ্লিবার পাত নহেন।
তিনি এইরপ লীলারকে স্থানপুন। সার্বভৌম ভট্টাচার্ব্যের
হল্ত ধারণ করিয়া প্রান্ত কাতর বচনে তাঁহাকে কহিলেন,
"লাপনি আমার প্রতি এরপ অকরণ হইবেন না। আমি
লাপনার আঞ্জিত জন, সর্বতোভাবে আমি আপনার
চরণে অরণ লইয়াছি; এসকল মায়ার কথা ছাড়িয়া দিয়া

আমাকে আপনি কুপা করিয়া উদ্ধার করুন। "(১) সার্ব্ধ-তেমি ভট্টার্চার্য্য একথার আর উদ্ভর করিতে পারিলেন না। রিজয়া প্রভুর লীগারক বুঝা বড় কঠিন। সার্ব্ধভৌম ভটার্চার্য্যকে আর কোনও উত্তর দিবার অবসর না দিয়া চতুর চূড়ামণি প্রভু তাঁহার সকে আর একটা লীগারক করিতে বাসনা করিলেন। শুভগবানের চাতুরী জাল অনস্ত। তিনি তাঁহার অনস্ত চাতুরী-জাল ভক্তগণের সমক্ষে সর্ব্বদাই বিস্তারিত করিয়া রাখিয়াছেন। ভক্ত-শ্রমরা শুভগবানের এই চাতুরীজালে নিভাই পতিত হইতেছে; ইহাকে বলে শুভগবানের লীগারক। এইরুপ লীগারকে তিনি দিবানিশি ময় থাকেন।

প্রভূ সার্বলোম ভট্টাচাইটকে কহিলেন, "সার্বভাষ ভট্টাচাইট! আমার একটি মনের বাসনা আপনাকে পূর্ণ করিতে হইবে। আপনার মুখে ভাগবতের ব্যাখ্যা ভনিবার ইচ্ছা আমার মনে বড় প্রবল হইয়াছে। আমার যে যে ছানে সংশহ আছে, আপনি ভিন্ন অন্ত কেহ তাহা মীমাংস। করিতে পারিবে না"।(২) সার্বভৌম ভট্টাচাইট প্রভূব কথা ভনিমা হাসিয়া উত্তর করিলেন, "ভূমি সকল বিভায় পারদর্শী। ভোমার নাম আমি পূর্বে ভনিয়া ছিলান। নদীয়ার নিমাই পণ্ডিভের নাম কে না ভনিয়াছে? ভূমি ভাগবতের সকল অর্থই জান। ভবে ভজিকথার বিচার অবশ্র কর্ত্তর বোধে ভোমার সংশয়জনক প্রশ্নের উত্তর আমি যথাশক্তি দিব। বল দেখি ভোমার কোন্ কোন্ ছানে সংশয় আছে?"

পূর্বের কথাবার্তা সকলি ছুইজনে নিছতে বসিয়া ছুইডেছিল। একণে ভাগবতের শ্লোকার্থ লইরা বিচার হুইবে, তাই প্রভূ বলিলেন সার্বভৌম ভট্টাচার্যা। আমি সময়মত আপনার গৃহে গিয়া এবিধয়ে আমার সকল সংশ্য

⁽১) প্রাকু বোলে ছাড় মোরে এসকল মারা। স্ক্রিবে ডোমার লইলু মুঞি ছারা।। চৈঃ ভাঃ

⁽২) প্ৰভূ বোলে বোর এক আছে মনোরৰ।
তোমার শ্ৰীমুখে শুনিবাও ভাগৰত।।
যতেক সংশন্ন চিত্তে আছনে আমার।
ভোমা বই যুচাইন হেন নাহি সার। হৈঃ ভাঃ

দুর করিয়া লইব। অভ রাজি অধিক হইদাছে, আপনি গৃহে গিয়া বিশ্রাম কজন।" এই বলিয়। প্রভু সার্বভৌম ভট্টাচার্বাকে প্রেমালিকন দানে সে দিন বিদায় দিলেন।

সার্কভৌম ভট্টাচার্যোর গ্রহে পরদিন মুকুল দত্ত আসি-**लन । भूकृष्म** এवः গোপীনাথ আচার্য্য তুই कन পরম वसू । মধ্যে মধ্যে মুকুল গোপীনাথ আচার্য্যের সঙ্গ করিতে সার্ব্বভৌম ভট্টাচার্ঘের গুহে আসিতেন। সেই স্থত্তে আজিও আদিয়াছেন। দার্কভৌম ভট্টাচার্য্যের সহিতও মুকুন্দের পরিচয় হইয়াছে। সেদিন গোপীনাথ আচার্য্য ও মুকুন্দ বদিলা আছেন, সার্কভৌম ভট্টাচার্ধ্য দেখানে আসিয়া মৃকুন্দকে ভিজ্ঞাস। করিলেন, "মুকুন্দ! ভোমাদের এই নবীন সন্নাদীটি দেখিতে বড় স্থলর। তাঁহার সভাবটি অংতিশয় মধুর। তাঁহাকে দেখিয়া পর্যন্ত আমার মনে বড় चानन इहेबारह। हैनि कान् मच्छनायज्ङ मन्नाभी? ইহার নাম কি ? ইহাঁর গুরু কে ? আমি জানিতে ইচ্ছা করি"। গোপীনাথ আচার্য্য সার্স্বভৌম ভট্টাচার্ধ্যের কথার উত্তর দিলেন ''ইহার নাম একিফ চৈতকা। প্রাপাদ কেশ্ব ভারতী ঠাকুর ইহার সন্ন্যাদ গুরু''। ইহা ভ্রিয়া সার্কভৌম ভট্টাচার্ব্য কহিলেন, ''ইহাঁর নামটি অতি স্থন্দর অতি উত্তম। কিন্তু ইনি যে সম্প্রদায়ে প্রবেশ করিয়াছেন ভাহ। উত্তম নহে, মধ্যম''। (১)

গোপীনাথ আচার্য্য প্রভুর একান্ত ভক্ত। প্রভুকে তিনি সাক্ষাৎ ঈশ্বর বলিয়া বিশাস করেন। সার্কভৌম ভট্টাচার্য্যের কথা তাঁহার ভাল লাগিল না। তিনি নিজ মনের ভাব গোপন করিয়া কহিলেন "ভট্টাচার্য্য! ইনি বড় সম্প্রনায় উপেক্ষা করিয়া ইছ্ছা করিয়া ভারতী সম্প্রনায় ভূকে হইয়াছেন। ইহার বাহাপেক্ষা নাই। (২)। সার্কভৌম ভট্টাচার্য্য এ সম্ভন্ধ আর কোন কথা না কহিয়া পুনর্কার জিল্লাসা কবিলেন, "এই নবীন ব্যস্তের এই

সন্ধাসীটি গৃহ ত্যাগ করিয়াছেন, একণে ইহার পূর্ণ বৌবন। কি প্রকারে ইহার সন্ধান-ধর্ম রক্ষা হইবে ? আমি ইহাঁকে নিরস্তর বেদান্ত শুনাইব এবং বৈরাগ্য অবৈভ্রমার্গে প্রবেশ করাইবার চেটা করিব। তিনি যদি ইচ্ছা করেন, পুনরায় যোগপট্টনিয়া সংস্কার করিয়া ইহাকে উত্তম সম্প্রদায় ভুক্ত করিয়া লাইব।" (১)

সার্বভৌম ভট্টাচার্য্যের মুধে এই কথা শুনিয়া মুকুন্দ ও গোপীনাথ আচার্য্য উভ্যেই বড় হঃবিত হইকেন। কারণ প্রভূবে কি বস্তু,—তাহ। তাঁহারা বিলক্ষণ জানেন। গোপীনাথ আচার্য্য সার্বভৌম ভট্টাচার্যের ভগ্নীপতি। তিনি তাঁহার শ্রালকের এই পাণ্ডিত্যাভিমানস্চক কথা শুনিয়া কিঞ্চিৎ কুদ্ধ হইয়া কহিলেন,—

"ভট্টাচার্যা ! তুমি ইইার না জান মহিমা।
ভগবন্তা লক্ষণের ইইাতেই সীমা।
তাহাতে বিধ্যাত ইই প্রম ঈশ্বর।
অক্স স্থানে কিছু নহে — বিজ্ঞের গোচর। চৈ: চ:
তিনি স্পাইই বলিলেন, "এই শ্রীরুফ্টেডভারামধারী
মহাপুরুষই সাক্ষাৎ প্রমেশ্বর। তুমি ইইার মহিমা কি
বিধিবে ৪ অক্স লোকের নিকট শ্রীভগবান গোচরীভূত

পৃষ্টজাৰে। সমাবোগে বস্তাং বলরবন্দ্ চৃম্। পরিবেট্টা ব্যুদ্ধিত ভিঠেতৎ বোগপটকম্।। পৃঠ ও জাকু বলয়ের ভার দৃঢ়ভাবে পরিবেটন করিয়া যে বয় উদ্ভিধাকে ভাহার নাম যোগপট।

⁽১) সার্ব্যক্তীম করে ইহার নাম সর্ব্বোত্তম। ভারতী সম্প্রদার এই হরেন সধ্যম। চৈ: চ:

⁽২) গোপানাথ কহে ইহার বাহুপেকা। অভএৰ বড় সম্প্রদারেতে উপেকা। এ

⁽১) ভটাচার্ব্য কছে ইইার প্রোচ বেট্টবন।
কেমনে সন্নাদ্যবর্ম হইবে রক্ষণ।
নিরন্তর ইইাকে বেদান্ত শুনাইব।
বৈরাগ্য অবৈভনার্ত্য ক প্রবেশ করাইব।।
ক্রেন বদি পুনর্পি যোগপট † দিয়া।
সংক্রার করিবে উত্তম সম্প্রদারে আনিয়া।। টেঃ টঃ

[া] গোগপট = সম্যাদীদিগের যে বস্তবারা পৃঠ জামু বন্ধন হঃ তল্লক্ৰম—

इन नारे। विश्व त्नारकरे ठाँशांक स्नानित्व भारत। **এই মহাপুরুবে**র লক্ষণ দেখিলেই ইহাঁকে স্বয়ং ভগবান বলিয়া প্রতীত হয়।" সার্কভৌম ভট্টাচার্ঘ্যের শিশুগণ সেখানে সকলেই ছিলেন। তাঁহীরাও এই কথা ভনি-(मन। नकलाई चाक्ठिं। इहेलन। मालूयरक छश्वान বলায় তাঁহাদের মনে বিষম সন্দেহ হইল। সার্ব্বভৌম ভট্টাচার্ব্যের শিশ্বগণ গোপীনাথ আচার্যাকে চাপিয়া ধরিলেন "কোন প্রমাণে আপনি ইহাকে ঈশ্বর বলেন ?" গোপীনাথ আচাধ্য উত্তর করিলেন "বিজ্ঞ ব্যক্তিগণ ইহার দীশরম স্বীকার করিয়াছেন এবং ইহাতে ঈশবের সকল লকণ্ট দেখিতে পাইয়াছেন বলিয়া, ইহাঁকে ঈশর বলিয়াছেন।" শিশ্বগণ আচার্য্যের কথা হাদিয়া উড়াইয়া দিয়া কহিলেন,—"ঈশ্ববতত অমুমানসাধ্য।" (১) সার্বভৌম ভট্টাচার্য্য ও তাঁহার শিল্পগণের মতে মত দিলেন। ইহা ভানিয়া গোপীনাথ আচার্যোর মনে অধিকতর জংগ ও ক্রোদের উনয় হইল। তিনি প্রথমে শাস্ত্র প্রমাণ দিয়া বুঝাইতে চেটা করিলেন যে, ঈশ্বর জ্ঞান অর্থাৎ ঈশ্বরকে ষ্থায়থ অসুভব অসুমানে হয় না। অসুমান স্বারা ঈশ্বরের কেবল অন্তিত্ব মাত্র অনুভৃতি হইয়া থাকে; কিন্তু যথায়থ ঈশ্বজ্ঞান কেবল ঈশবের কুপায় হয়। এই বলিয়া তিনি ভাগবতের নিম্নলিধিত স্নোকটি আবুত্তি করিয়া ব্যাখ্যা করিলেন।

তথাপি তে দেব। পদাস্ক্ৰমপ্ৰসাদ লেশাৰুগৃহীতএব হি। স্বানাতি তত্ত্বং ভগৰুমহিমোন চাক্ত একোহপি চিবং বিচিম্ন॥

শর্প। ব্রহ্মা কহিলেন, হে দেব! তোমার চরণ কম্পদ্বের প্রসাদলেশাস্থাইতি ব্যক্তি তোমার মহিমার তথ্য অবগত হন; কিন্তু যাঁহারা চিরদিন অহ্যান ধারা শাস্ত্রবিচার করিয়া তোমাকে অল্লেষণ করিতেছেন, তাঁহা-দিগের মধ্যে কেহই তোমার তথ্য জানিতে পারেন না। তাহার পর গোপীনাথ আচার্য্য সক্রোধে তাঁহার
বিদ্যাভিমানী স্থালকের প্রতি চাহিয়া কহিলেন,—

'যদাপি জগদ্গুরু তুমি শাস্ত্রজানবান।

পৃথিবীতে নাহি পণ্ডিত তোমার সমান॥
ঈশবের রূপালেশ নাহিক তোমাতে।
অতএব ঈশরতত্ব না পার জানিতে॥
তোমার নাহিক নোষ শাস্ত্রে এই কহে।
পাণ্ডিত্যাদো ঈশরতত্ব কভু জ্ঞান নহে"॥ চৈঃ চঃ
সার্কিভৌম ভট্টাচার্য্য তাঁহার ভগ্নিপতির ক্রোধব্যক্ষক
কথা শুনিয়া মনে মনে বড়ই হাদিলেন। মুবে কপট
ক্রোধভাব প্রকাশ করিয়া ভিনি উত্তর করিলেন,
'আচার্য্যা তুমি সাবধানে কথা কহ। ভোমাতে যে
ঈশবের রূপা আছে, ভাহারই বা প্রমাণ কি বল দেখি

সাৰ্বভৌম কহে আচাৰ্য্য কহ সাৰ্ধানে। তোমাতে ঈশর রূপা ইথে কি প্রমাণে ॥ চৈ: চ: গোপীনাথ আচার্যাও পরম পণ্ডিত। তিনি উত্তর করিলেন--,"বে বস্তু যাদৃশ, তদ্বিষয়ে তাদৃশ জ্ঞানের নাম বস্তত্বজ্ঞান। যেমন রজ্জুকে রজ্জুরপে জ্ঞান, ভাক্তিকে শুক্তিরপে জ্ঞান প্রভৃতি। কিছা রজ্জুকে সর্প বলিয়া এবং ভক্তিকে রক্ষত বলিয়া জ্ঞান বস্তবিষয়ে বস্তুজ্ঞান নহে। শ্রীভগবানের রূপাতে বস্তবজ্ঞান প্রমাণিত হয়। তিনি বাঁহাকে নিজ কুণা ছারা অম্বরূপ দেখাইবেন ডিনিই তাঁহাকে বুঝিতে পারিবেন। বস্তবিষয় ব্যতিত অন্ত বিষয় অবলম্বনে বস্তুজ্ঞানের সম্ভাবনা নাই। কুপা ব্যতিও কাঁচার দর্শন বা বস্তুজ্ঞান হয় না। বাঁহারা উাঁহার কুপা পাইয়াছেন, যাঁহারা তাঁহার বরুপ বুঝিয়া কুপাভিক্ হইয়াছেন। ইতর জ্ঞানের সাহাব্যে তাঁহাকে বুঝিতে চেটা করেন না। এই যে শীকৃষ্ণতৈতক্ত নামধারী মহাপুরুষকে তুমি দেখিয়াছ,ইহার শরীরে ঈশবের সর্ববিধ লক্ষণসকল পরিদৃত্ত-মান বহিয়াছে। তুমি ইহাঁকে মহা প্রেমাবেশবিহ্বল অবস্থায় দেথিয়াছ, তবুও ভোমার মনে ইহাঁকে ঈশর বলিয়া বিশাস হয় নাই, ইহা তোমার নিডান্ত ছর্ভাগ্য। ইহা-

⁽э) শিষ্যপণ কছে ঈশর কহ কোন প্রমাণে।
আচার্য্য কহে বিভাগত ঈশর লক্ষণে।।
শিব্যপণ কছে ঈশরতর সাধি অসুমানে।
আচার্য্য কছে অসুমানে নহে ঈশর ভাবে।। তৈঃ চঃ

তেই শ্রীভগবানের মায়া বলে। ভক্তিবহিন্ম থ জন ঈশবকে
দেখিয়াও দেখিতে পায় না''। (১) সার্কভৌম ভাচটার্য্য
এবার আর তাঁহার হাদি সম্বরণ করিতে পারিবেন না।
তিনি হাদিয়া ভগ্নিপতিকে কহিলেন—

ইইগোষ্টী বিচার করি না করিহ রোষ।
শাস্ত্রদুইে কহি কিছু না নইও দোষ।
মহাভাগবত হয় চৈতক্ত গোসাঞি।
এই কলিযুগে বিষ্ণু অবতার নাই।
অতএব অিযুগ করি কহি বিষ্ণু নাম।
কলিযুগে অবতার নাহি শাস্ত্রজান"। চৈঃ চঃ

দার্কভৌম ভট্টাচার্য। স্পষ্টই বলিলেন "কলিযুগে বিষ্ণুর অবতার নাই অতএব তোমার চৈডক্স গোসাঞি ঈশর হইতে পারেন না। তিনি পরম ভক্ত, মহাভাগবত,—এই মাত্র জানিও"।

পোপীনাথ আচার্য্য গৌরাষ্ণত-প্রাণ; প্রভুর ভগবন্ধায় তাঁহার প্রগাঢ় বিশাস। বিজ্ঞাভিমানা ভালকের কথা ভানিয় তিনি মনে বড় ব্যথা পাইলেন। তাঁহারও শাস্ত্রজ্ঞান ভালক অপেকা কোন অংশে নান নহে। তিনি ছংবিত হইয় সার্ব্যভৌম ভট্টাচার্য্যকে কহিলেন,—''ভট্টাচার্য্য! তুমি শাস্ত্রজ্ঞ বলিয়া অভিমান কর; কিছ তুমি ভাগবত এবং মহাভারত এই হুগ প্রধান শাস্ত্রে এবিবরে কি লিখিত আছে ভাহা তুমি জান না, ইহা বড় আশ্রুয্য কথা। আমি ভোমাকে এই গই শাস্ত্রগ্রহ হইতে কলিমুপের অবভার বিষয়ে প্রমাণ দিতেছি ভন। কলিমুগে শ্রভগবান লালাবভার গ্রহণ করেন না, এই জন্তুই তাঁহার নাম বিষয়ে। কলিমুগে শ্রভগবানের সাক্ষাৎ অবভার। প্রতি

(১) আগগ্য কহে বল্পবিবরে বল্পজ্ঞান। বল্পডল জ্ঞান হর কুপাতে প্রমাণ।। ইহার শরীরে সব ঈবর লক্ষণ। মহা প্রেমাবেশে তুমি পাঞাছ দর্শন । ভবুত ঈবর জ্ঞান না হর জোমার। ঈবরের মাগার এই বলি বাবহার।। ধেখিলে না বেবে উায়ে বহিমুন্ধ কন।" হৈ: চ: যুগেই প্রীক্ষণ ভগবান যুগাবভার গ্রহণ করিরা অবভীর্ণ হন। ভোমার মন অভিশ্ব ভর্কনিষ্ঠ। তাই তুমি এসকল তত্ত্বিচারে অপারগ° (১)। এই বলিয়া গোপীনাথ আচার্য্য ভাগবভীয় ও মহাভারভীয় শ্লোক কয়টি আবৃদ্ধি করিয়া সার্ব্ধভৌম ভট্টাচার্যাকে ভনাইলেন। এই শ্লোক কয়টি নিম্নে উদ্ধৃত হইল (১)।

গোপীনাথ আচার্য্য মনে বড় ছ:খিত হইয়াছেন রাগ•
হইয়াছে। তিনি আর এই শ্লোকগুলির ব্যাথা। কয়িলেন
না। তিনি তাঁহার পণ্ডিতাডিমানী ভালককে কহিলেন—

"তোমার আগে এত কথার নাহি প্রয়োজন।
উবর ভূমিতে যেন বীলের রোপন।
তোমার উপরে তাঁর রূপা যবে হইবে।
একব দিশ্ধান্ত তবে তুমিহ করিবে॥
তোমার যে শিষ্য কহে কুতর্ক নানা বাদ।
ইহার কি দোষ এই মায়ার প্রশাদ"॥ তৈঃ চঃ

- (১) শুনিরা আচার্য্য করে ছু:থী হঞা মনে।
 শাস্ত্রজ্ঞ করিয়া তুমি কর অভিমানে।।
 শাস্ত্রজ্ঞ করিয়া তুমি কর অভিমানে।।
 শাস্ত্রজ্ঞ করে ছুই শাস্ত্রের প্রধান।
 শেই ছুই করে কলিতে সাক্ষাৎ অবভার।
 তুমি কর কলিতে নাহি বিকুর প্রচার।।
 কলিবুগে সালাবভার না করে ভগবান।
 শাত্রজ্ঞ বিরুগ করি করি ভার নাম।।
 প্রতি যুগে করেন কুকা যুগ অবভার।
 ভক্নিঠ ক্রম তোমার নাহিক বিচার।। চৈ: চঃ
- (১) আদন বর্ণালয়োহত গৃহতোৎস্থৃগং ভত্তঃ।
 অক্লোরকতথা পীত ইদানীং কৃষ্ণতাং গভঃ।।

শ্ৰীসভাগৰত ১০,৮।৯ ৰক্ষং প্ৰছি গগৰিকাং।
কুকৰণ্য ছিবাকুকং সালোপাসাত্ৰ পাৰ্থবন্।
বল্লঃ সংকীৰ্ত্তন প্ৰতিষ্ঠান্তি স্নেখসং।।

শ্ৰীমন্তাগৰত ১১/৫। জনকং প্ৰতি ক্রডাজন ৰাক্যং। সুৰ্ণবৰ্ণো হেমাজো ব্যাজকদনাস্থী। সন্ম্যাসকুৎ সম: শাস্তো মিঠা শাস্তিগ্রামণ: ॥

মহাভারতে দানধর্মে মবভিতম রোক:।

এই বলিয়া তিনি নিয়লিখিত চইটি ভাগবতীয় শ্লোক পাঠ করিলেন।

(>) বদ্ধক্ত যো বদতাং বাদিনা বৈ বিবাদদংবাদভূবোভবন্তি।
কুর্কন্তি চৈষাং মৃত্যাত্মহাহং তলৈমোহত গুণায় ভূমে।
শ্রীম্ভাগবত গ্রাহ

(২) যুক্তঞ্চ দক্তি দৰ্পত ভাষত্তে আহ্মণা যথা।
মায়াং মদীরামূদ্গৃহ্থ বদতাং কিং ন তুর্ঘটম্॥
শ্রীমন্ত্রাগবত ১১।২২।৩

সম স্নোকার্থ। দক্ষ প্রজাপতি জ্রীভগবানকে বলিতে-ছেন,—বাঁহার শক্তি অর্থাৎ মায়াবৃত্তি দকল তর্কনিষ্ঠবানি প্রতিবাদীর বিবাদ ও সংবাদের উৎপত্তির হেতু হয়, এবং যাহা তাঁহাদিগের বারন্থার আত্ম মোহ করে, সেই অনম্ভ গুণদম্পন্ন এবং অপরিচ্ছিত্তিত ও মহাম হিমান্তিত ভগবানকে আমি প্রণাম করি।

থয় শ্লোকার্থ। প্রীভগবান উদ্ধবকে কহিলেন "হে উদ্ধব! আদ্ধাপণ যাহা নির্ণয় করিয়াছেন, ভাহা অযুক্ত নহে। যেহেতু সর্বব্রেই সকল তত্ত অন্তত্ত আছে, আমার মায়া স্বীকার করিয়া যিনি মাহা বলিয়াছেন, ভাহা কিছই তুর্ঘট নহে।"

সার্বভৌম ভট্টাচার্য্য এই শ্লোক্ষয়ও শুনিলেন।
ভগ্নিপতির সহিত আর বাগ্বিততা না করিয়া তিনি
হাসিয়া কহিলেন "আচার্য্য! একণে তৃমি চৈততা গোসাক্রিয় নিকট গিয়া আমার নামে তাঁহাকে স্বগণসহ আমার
গৃহে আজি ভিক্ষা করিবার নিমন্ত্রণ করিয়া এস। আর
আঞ্জে জগন্নাথদেবের প্রসাদ আনিয়া তাঁহাকে ভিক্ষা
করাও, পরে আমাকে এইসকল শিক্ষা দিও,(১) আজ

এই পর্যান্ত। স্থালক ভগ্নিপ্তিতে এই রূপে হাক্ত পরিহাল
নিন্দা ও স্তুতি বাক্যে সে দিন তথন উভয়ে উভয়ের
নিকট বিদায় গ্রাহণ করিলেন। মৃকুন্দ সর্কান্ধণ দেখানে
উপস্থিত ছিলেন এবং সকল কথাই শুনিলেন। গোপীনাথ
আগির্যের দিল্লান্তে তিনি পরম পরিতৃষ্ট হইলেন; কিছ
সার্কান্তে।মের কথায় তাঁহার প্রাণে বড় বাথা লাগিল।
তাঁহাকে তিনি কিছু বলিতে সাহস করিলেন না। ছই
জনে একত্রে প্রভুর নিকট গিয়া উপস্থিত হইলেন।
সার্কান্তীয় ভট্টাচার্যের নামে গোপীনাথ আচার্যা প্রথমে
প্রভুকে স্থাপসহ তাঁহার গৃহে নিমন্ত্রণ করিলেন। প্রভু নিমন্ত্রণ স্থীকার করিলে হই জনে মিলিয়া সার্কভৌম ভট্টাচার্য্যের সকল কথাই প্রভুকে বলিলেন এবং তাঁহার নিন্দাবাদ করিলেন। সর্কাক্ত প্রভুক্তে কর্পে ক্ষুক্ল দিয়া কহিলেন—

মুকুল এবং পোপীনাথ আচার্য্য আর কোন কথা কহিতে পারিলেন না।

দে দিন প্রভু শার্কভৌম-ভবনে ভক্তপণসহ ভিক্ষা করিলেন। ভোজনাক্তে ধণন প্রভু নিজ আশ্রমে বিশ্রাম করিতে গেলেন, তথন শার্কভৌম ভট্টাচার্য্য মনে মনে ভাবিলেন "এই সন্ন্যাসীটির মহাবংশে জন্ম, ইনি কথি করিলাছেন। সন্ন্যাসীর ধর্ম নৃভাকীর্ত্তন নহে। ইহাঁকে বেলান্ত পড়াইতে হইবে। জগন্নাথ যভবার ভোজন করেন, ইনিও তত্তবার ভোজন করেন। গৌবুন কালে এত ভোজন করিলে ইহার কামনিবৃত্তি কি করিয়া হইবে সন্বীন বয়নে ইনি সন্ন্যাসী হইয়াছেন, গৃহে ক্ষম্পরী ভার্যা। বর্ত্তমান, গৃহগংসার সর্বলাই ইহার মনে পড়ে তাই 'রাধা রাধা" বলিয়া কান্দেন। এই নবীনসন্ন্যাসী বড়ই বিপাকে পড়িয়াত্তন। ইহাঁকে পুনরায় সংস্কার করিয়া আশ্রমাচার

^{(&}gt;) তবে ভটাচার্স্য করে যাত গোলাকির হাবে।
আমার নামে গণ সহিত কর নিমন্ত্রণ।।
প্রদাদ আনি উারে করাই আগে ভিকা।
পকাৎ আমারে আদি করাইও শিকা।। চৈঃ চঃ

শিক্ষা দিতে হইবে"। (১) সার্ব্বভৌম ভট্টাচার্য্য তাঁহার মনের ভাব গোপনে রাখিতে পারিলেন না। তাঁহার সভাসদ রাহ্মণ পণ্ডিত এবং ছাত্রগণের সম্মুখে ভিনি তাঁহার এই মনের ভাব প্রকাশ করিয়া বলিলেন। সকলেই তাঁহার কথার অহমোদন করিলেন। সর্ব্যন্ত প্রভু নিজ বাসায় ভক্তগণসকে কৃষ্ণ-কথা-রক্ষরসে মন্ত ছিলেন, অক্সাৎ তাঁহার বদনকমলে হাসি দেখা দিল। সেহাসিতে যেন অমৃতের উৎস উথলিল উঠিল। অন্তর্যামী শ্রীগৌরভগবান সার্ব্বভৌমের মনভাব বৃব্বিতে পারিয়া শ্রীগৌরভগবান সার্ব্বভৌমের মনভাব বৃব্বিতে পারিয়া নিজ্জনসকে তিনি যেখানে বসিয়া ছাত্রগণকে বেদাম্ব পড়াইতেছিলেন, সেই স্থানে গিয়া হঠাৎ উপস্থিত হইলেন। সার্ব্বভৌম ভট্টাচার্য্য চমকিত হইয়া সসন্মানে তাঁহাকে বসিতে আসন দিলেন। প্রভু দিব্যাসনে বসিয়া অভিশয় বিনীজভাবে সার্ব্বভৌম ভটাচার্যাকে কহিলেন —

"তুম সার্বভৌম ভট্টাচার্যা সব জান। অস্তব পুড়িছে ভার কহত বিধান॥ সন্ন্যাস আশ্রম ধর্ম না ব্ঝিয়ে আমি। সন্ন্যাস করিল বিধি বিচারহ তুমি॥ তুমি সর্বতত্তবেতা বেদান্ত বাধান। কি বিধান আছে কিছু পড়াহ এখন॥

(২) মহা বংশে জ্ম ভাষী স্পণ্ডিত হন।
তথ্য বর্গে নহে সন্ত্রাগের ধর্ম।
কা বুরিরা কৈল বিপ্র এত বড় কর্ম।।
পুনরপি সংকার কর আপনার।
বেদান্ত পড়িরা কর আশ্যাম আচার।।
সন্ত্রাসীর ধর্ম নহে কীর্তন নর্তন।
বেদান্ত আমার টাই ককক আব্দ।।
ভ্রুগান্ধ ম্ভবার করেরে ভোজন।
ভ্রুগান্ধ ম্ভবার করেরে ভোজন।
ভ্রুগান্ধ ম্ভবার করেরে ভাজন।
ভ্রুগান্ধ ম্ভবার করেরে ভাজন।
ভ্রুগান্ধ ম্ভবার করেরে ভাজন।
ভ্রুগান্ধ ম্ভবার করেরে ভাজন।
ভ্রুগান্ধ ম্ভবার করারে বোলন উপারে হর।
ফার মনে পড়ে ভেকি রাধা বলি কান্দে।
বিশাক্ষে পড়িত ভাসী সন্ত্রাগের ফালে। চৈঃ মঃ

তরণ বয়সে নহে সন্ন্যাসের ধর্ম।
কি বিধান আছে পুন উপবীত কর্ম।
জগন্ধাথ-প্রসাদে মন্ত করাইল মোরে।
কাম শাস্তি করিবারে নারি যুবা কালে।
ঘর মনে পড়ে তেঞি কাঁনি রাধা বলি।
কীর্তনের মাঝে তেঞি করিয়ে বিকলি। চৈ: মঃ

প্রভুর কথা ভূনিয়া সার্ব্বভৌম ভট্টাচার্ঘ্য একেবারে বিস্মুখনাগরে নিম্পু চুইলেন। তাঁহার মনে বিষ্ম লক্ষা হইল: তিনি বিশেষ অপ্রতিভ হইয়া মনে মনে ভাবিতে লাগিলেন "কি আশ্চর্যা। আমি কিছুক্ষণ পুর্বেবি শিষ্যগণ সমকে ইহার সম্বন্ধে যে যে কথা বলিয়াছি, এই অপুর্ব সন্নাাদী ঠিক দেই দেই কথাই আমাকে বলিলেন। ইনি নিজ বাসায় ছিলেন, আমি আমার গতে বসিয়া ইইার সম্বন্ধে কথাবার্ত্তা কহিতেছিলাম, তাহা ইনি কি করিয়া জানিলেন ? এপর্যান্ত এখান হইতে কেহ উঠিয়া যান নাই. তবে কে তাঁহাকে এসকল কথা বলিল ? ইনি কি অন্ত-ধ্যামী ? ইনি কি মাত্রৰ নহেন ?" (১) ডিনি লক্ষায় ও বিশ্বয়ে অভিভূত হইয়া প্রভূকে আর কোনও কথা বলিতে পারিলেন না। সর্বজ্ঞ প্রভু তাঁহার মনের ভাব ব্রিয়া স্বিন্যে মধুর বচনে কহিলেন "ভট্টাচার্য্য! স্থাপনি বেদান্ত পাঠ করুন, আমি প্রবণ করি। আমার কর্তব্য শিক্ষা দিন"। সার্বভৌম ভটাচার্য্য বেদান্ত পাঠ আরম্ভ করিলেন, প্রভু নিবিষ্টচিত্তে শুনিতে লাগিলেন। তিনি শহর ভাষ্য বেদাস্তস্ত্তের ব্যাখ্যা করিতে লাগিলেন, প্রভূ নিবিষ্টচিতে ভনিয়া যান, আর মনে মনে হাসেন. কোন কথাই বলেন না। এইরূপে সাত দিন প্রভু সার্ক-ভৌম ভট্টাচার্য্যের নিকট বেদান্ত হত্তের ব্যাখ্যা শুনিলেন।

⁽১) এ বোল শুনিয়া সার্ক্তেনিম ভট্টার্চার্য্য।
ক্রমরে সংকাচ মহা শুণরে আন্চর্য্য।।
এপনি কহিল কথা নিজ নিয় সনে।
এ সকল কথা জাসী জানিল কেমনে।।
মনে অসুমান কয়ে লজায় পীড়িত।
কিছু লা কহিল হিয়ায় রহিল বিমিত।। চৈঃ মঃ

আইম দিনের দিন সার্কভৌম ভট্টাচার্য্য প্রভুকে জিজ্ঞাদা করিলেন "প্রীক্ষাচৈতক্ত! তুমি সাতদিন আমার নিকট বেদান্ত শুনিতেছ,—ভাল মল কিছুই বল না, কেবল মৌনী হইয়া থাক; তুমি অর্থ ব্রিতে পার কি না ভাহা আমি ব্রিতে পারি না। ভোমার অভিপ্রায় কি বল দেখি? (১)" প্রস্থুইইা শুনিয়া অতি বিনীভভাবে উত্তর করিলেন.—

—— "মূর্থ আমি নাহি অধ্যয়ন।
তোমার আজাতে মাত্র করিয়ে এবণ ॥
সন্মাসীর ধর্ম লাগি এবণ মাত্র করি।
তুমি যেই অর্থ কর বৃষিতে না পারি ॥" চৈ: চ:

এই কথা শুনিয়া সার্জাভোম ভট্টাচার্য্য বলিলেন,—"ভোমার বদি এরপ জ্ঞান থাকে, তবে বুঝিবার জ্ঞা পুনর্পার জিজ্ঞানা কর না কেন ? তুমি মৌনী ইইয়া রহিলে তোমার মনে কি আছে, আমি কি করিয়া বুঝিব ?" এই কথা শুনিয়া প্রভূ বিনীতভাবে যাহা কহিলেন, তাহা পূজাপাদ শ্রীল কুফদাস কবিরাজ গোস্বামীর ভাষায় শ্রবণ করুন, যথা শ্রীচৈত্ঞাচরিতামতে——

প্রত্তু কহে প্রের অর্থ ব্রিয়ে নির্মাণ।
তোমার ব্যাখ্যা শুনি মন হয়ত বিকল।
প্রের অর্থ ভাষ্য কহে প্রকাশিয়া।
ভাষা কহ তুমি প্রের অর্থ আচ্ছাদিয়া।
প্রের ম্থ্য অর্থ না কর ব্যথ্যান।
কলনার্থে তুমি তাহা কর আচ্ছাদন॥
উপনিষদ্ শব্দের বেই ম্থ্য অর্থ হয়।
কেই অর্থ ম্থ্য ব্যাদ প্রের দব কয়॥
ম্থ্যার্থ ছাড়িয়া কর গৌণার্থ কলনা।
অভিধা বৃত্তি ছাড়ে শক্ষের কর লক্ষণা॥

কাইম দিবদে তারে পুছে সার্ক্তেম ।
 সাত দিন কর তুমি বেদান্ত আবন।
 তাল মন্দ নাহি কছ বহু মৌন ধরি।
 বুঝ কিনা বুঝ ইহা জানিতে না পারি।। তৈঃ চঃ

প্রমাণের মধ্যে শুভি প্রমাণ প্রধান।
শুভি যে মৃথ্যার্থ কহে দেইত প্রমাণ ॥
শীবের শুদ্ধি বিষ্ঠা ছই শুদ্ধা গোমদ।
শুভি বাক্যে দেই ছই মহা পৰিত্র হয়।
শুভ: প্রমান বেঁদ সভ্যা ঘেই কহে।
লক্ষণা করিলে শুভ: প্রামাণ্য হানি হয়ে ॥
ব্যাদের ক্রের শুর্থ ক্রেগ্যের ক্রিবণ।
শুকলিত ভাষ্য-মেঘে করে আছোদন ॥
বেদ প্রাণে কহে বাজা নির্মণণ।
দেই বাদ্ধা বৃহদ্ধ ইশ্বর ক্রমণ।
ভারে নিবাকার করি করহ ব্যাখ্যান ॥
নির্বিশেষ তাঁকে কহে ঘেই শ্রুভিগণ।
প্রাকৃত নিষ্ধে করে অপ্রাকৃত স্থাপন ॥ (১)

তথাহি হয় শীৰ্ষ পঞ্চরাত্তে———

যা যা শুতিজ্ঞাতি নিৰ্বিশেষংসা সাভিধত্তে স্বিশেষ্ম্র ।

বিচার্যোগে সতি হয় তাসাং প্রায়ো বলীয়া স্বিশেষ্ম্য ।

(১) অর্থাৎ উপনিস্থান্য সমূহের যে মৃথ্য অর্থ মহামতি বেদব্যাস তাহারই নিজকুত হতে উদ্দেশ করিয়াছেন। সেই মৃথ্য অর্থই জাতবাঃ। তাহা ছাড়িয়া বে গৌণার্থ কলনা করা বার এবং শব্দের অভিধাবৃত্তি ছাড়িয়া যে লক্ষণকরা যার, তাহা অমললজনক। প্রজ্ঞান্য, অহুমান, ঐতিহ্য ও শব্দ এই প্রমাণ চতুইরের মধ্যে ইচ্ছিপ্রমাণ অর্থাৎ শব্দমাণ সকলের প্রধান। শ্রুতি বাক্রের যে মৃথ্যার্থ তাহাই প্রমাণ, বেদধ, পশুদ্পের অহি ও বিঠা নিভান্ত অপনিত্র, কিন্তু শহা ও গোলয় জন্মধ্যে গণিত ছইয়াও শ্রুতিবাক্যবলে মহাপবিত্র হইরাছে। বৈদিক বাক্রের শত্তন করিছে গেলে, ভাহাকে অন্যানের অধীন করিয়া ভাহার বতঃ প্রামাণা নই করা হল। ব্যাসংস্ত্রের অর্থ স্থ্যের কিরণের জাহ দেশীল্যান। মান্নাবাদীণণ বক্ষিত ভাষারূপ মেঘ বারা ভাহাকে আছ্লানন করিয়াছে। সেই বন্ধ বীয় হহম ধর্ম বশ্ব সভর ইবর ককণে কলিছত হন। আবার সেই ইব্যক্তে



নশ্ব হইতে পরে বিশ্ব বন্ধেতে জীবন্ধ।

শেই বন্ধে পুনরপি হরে বার লয়।

অপাদান করণাধিকরণ কারক তিন।
ভগবানের সবিশেব এই তিন চিব্ল ॥
ভগবান বাহ হৈতে হবে কৈল মন।

বারুত শক্তিকে তবে কৈল বিলোকন।

শেকালে নাহি জয়ে প্রাকুত মন নরন।

শতএব শপ্রাকুত ব্রহ্মের সেবান।

ব্যং ভগবান কৃষ্ণ শাস্ত্রের প্রমাণ।

বেবের নিগৃঢ় শর্ধ ব্রবনে না বার।

প্রাণ বাক্যে সেই শর্ধ করমে নিশ্চর॥

তথাহি শ্রীমন্ত্রাগবতে—

আহো ভাগ্যমহো ভাগ্যং নক্ষণোপ একৌক্দাম্। মুম্মিজং প্রমানকং পূ্বং একা স্নাত্নম্॥

আর্থ। নক্ষণোপ এজবাদীদিগের ভাগ্যের দীমা নাই, যেহেতু প্রমানক্ষপ্রক পূর্বক্ষ স্নাতন তাঁহাদের মিত্র রূপে প্রকট ইইয়াছেন।

অপাণিপাদ শ্রুতিবর্জ্জে প্রাকৃত পাণি-চরণ।
পুন: কহে শীন্ত চলে করে সর্ব্ধ গ্রহণ॥
অন্তএব শ্রুতি কহে ব্রহ্ম সবিশেষ।
মুখ্য ছাড়ি লক্ষণাতে মানে নির্বিশেষ।
বিশ্বতি প্রবিদ্ধা করি নিরাকার !
আভাবিক তিন শক্তি যেই ব্রক্ষে হয়।
নিঃশক্তি করিয়। তাঁরে করহ নিশ্বর।

ভীহার নর্কেষ্ট্য পরিপূর্বতার সহিত বেণিলে, সেই বৃহৎ এক্ষরন্ত দরং
ভগবান হইলা পড়ে। আডএব এক ও ঈবর ইহার ভগবতত্বের অন্তর্গত
ব্যাপার বিশেষ। বড়ৈম্বর্গপূর্ণ ভগবান সর্কান পরিপূর্ণ জীসংযুক্ত, মৃতরাং
ভাহা নিত্য সবিশেষ। তাঁহাকে নিরাকার বলিরা ব্যাধ্যান করিলে
বেহার্থ বিস্তৃত হইলা পড়ে। সে সকল শ্রুতিগণ ভাহাকে নির্কিশেষ
বলিরা বলে, তাহারা কেবল প্রাকৃত বিশেষ নিরেধ করিয়া অপ্রাকৃত
দিশ্বেধ স্থাপন করে।

পুর্বোদ্ধিত শুতিবচন সমূহে ত্রন্ধে বিশেষত্বই নিরপণ করিয়াছেন। কিন্তু মুখ্য অভিধা বৃত্তি ত্যাগ করিয়া
লক্ষণা বারা মায়াঝাদী নির্কিশেষে মতবাদ হাপন করেন।
লক্ষণাসিদ্ধ নির্কিশেষত্ব ও বিশেষবাদের অক্সতম একটি
পরিচয় মাত্র। উহার উদ্দেশ্য জড়বিশেষ হইতে পার্থক্য
কাপন মাত্র।

তথাহি বিষুপুরাণে-

বিষ্ণুশক্তি: পরা প্রোক্তা কেন্দ্রজাখ্যা তথাপরা।
অবিচা কর্ম সংজ্ঞান্তা তৃতীরা শক্তিরিবাতে।
যা যা ক্রেজ্ঞ শক্তি: সা বেটিতানুগ সর্বাগা।
সংসারতাপ নিধিনানবাপ্লোত্যক্র সম্বতান্।
তয়া তিরোহিতথাক্ত শক্তি: ক্রেজ্বগঞ্জেতা।
সর্বা ভূতের্ ভূপান তারতম্যান বর্ততে॥ (১)

তথাহি বিষ্ণুপুরাণে,—

হলাদিনী সন্ধিনী সন্ধিং অব্যেকা সর্ব্বসংক্তি। হলাদ তাপকরী মিশ্রা অন্নি নো গুণবর্জ্জিতে ॥ (২) সংচিং আনন্দমন্ত ঈশ্বর অরপ।
তিন অংশে চিচ্ছক্তি হয় তিন রূপ ॥
আনন্দাংশে হলাদিনী সদংশে সন্ধিনী।
চিদংশে সন্ধিত যারে জ্ঞান করি মানি ॥
অন্তর্কা চিচ্ছক্তি তইয়া জীবশক্তি।
বহির্দা মানা তিনে করে প্রেমন্ডক্তি।

- (:) রোকার্থ। বিকুপজি তিন প্রকার, ক্ষেত্রজাথা পরা, আবিদ্রা আপরা ও কর্মনতে তৃতীয়া। হে রাজন্ । সর্বগা ক্ষেত্রজ্ঞাজি অবিদ্যা কর্ত্ক আর্ত হইরা অখিল সংসার তাপ প্রাপ্ত হয়। হে ভূপাল ! অবিদ্যা কর্ত্ক আব্রব নিমিত্ত জীবপলির অসুঠৈতত্ত অর-ভ্যারনেপ বর্ত্তবান আহে। বস্ততঃ জীবপণের অসুঠৈতত্ত বর্মণতা নিমিত্ত ভারতম্য নাই।
- (২) গোকার্থ। হে তগবান! ফ্লালিনী দক্ষিনী এবং সন্থিও এই তিন মুখ্য অব্যক্তিচারিণী বরূপ ভূতপক্তি দর্ব্বাধিষ্ঠানভূত ভোমাতেই অব্যক্তি। কিন্তু ফ্লালকরী সাধিকী, ভাপকরী তামদী এবং তত্ত্বস্থ দিলা রাক্ষনী এই জিপজিবর্জি্ত ভোষাতে অব্যিত করিতে পারে লা।

বড়বিধ ঐশ্বর্গ প্রভুর চিচ্ছক্তি বিলাস।

হেন শক্তি নাহি মান পরম সাহস ॥

মায়াধীশ্ মায়াবশ, ঈশরে জীবে ভেদ।

হেন জীব ঈশর সহ কহত অভেদ ॥

গীতাশাল্পে জীবরূপ শক্তি করি মানে।

হেন জীব অভেদ কর ঈশরের সনে ॥

অপরেয়মিতজ্ঞাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।

জীবভূতাং মহাবাহো! যয়েদং ধার্যতে জগং ॥ (১)

গীতা १। ৫

দশবের শীবিএহ সচিদানন্দাকার।

শে বিএহে কহ সন্ত গুণের বিকার।
শীবিএহ যে না মানে দেইত পাষ্ণী।
শাস্পু অদৃশু সেই হয় যমদণ্ডী।
বেদ না মানিয়া বৌদ্ধ হয়ত নান্তিক।
বেদাশ্রা নান্তিকবাদ বৌদ্ধকে অধিক।
শীবের নিভার লাগি স্ত্র কৈল ব্যাদ।
মায়াবাদী ভাষ্য শুনিলে হয় সর্বনাশ। (২)
পরিণামবাদ ব্যাস স্থ্রের সম্মত।
শচিন্তা শক্তি দশব জগজণে পরিণত।
মণি যৈছে অবিকৃতে প্রস্বের।
জগজণ হয় ঈশ্বর জগুজণে বহুমভার।
জগজণ হয় ঈশ্বর তবু অধিকার।

(১) রোকার্থ। প্রীভগৰান অর্জ্জুনকে কহিলেন "হে মহাবাহো। পুর্বোক্ত আট প্রকার প্রকৃতি অপরা অর্থাৎ নিজুটা। তাহা হইতে ভিন্ন আর একটি আমার জীবভূত প্রকৃতি (পক্তি) আছে যাহাতে এই লগত ধারণ করিয়া আছে।

(২) ব্যাসদেব কৃত এক্ষণ্ডে গুদ্ধ ভক্তিবাদ আছে। সারাবাদী আচার্য্য সেই স্থানের বে ভাষ্য করিয়াছেল, ভাষ্যান্ত পরব্রক্ষের চিন্নর বিশ্রহ অবীকৃত হইরাছে, এবং জীবের এক হইওতে পৃথক সন্ধান্ত অবীকৃত হইরাছে। ইহা শুদ্ধ ভক্তি-ভল্পের অভ্যন্ত বিরোধী ভাব। এরপে ভাষা আলোচনা করিলে বা শুনিলে জীবের সর্বনাশ হর, কারণ জীবের শৃহিত প্রক্ষের অভ্যন্ত বাশ্লারপে বে ছ্রাশা,ভাষ্যান্ত জ্পার অভিযানের স্থিতি বিশ্ব এই অভিযানে শুদ্ধান্ত লিশ হর। ইহার কলে লীবরে অমাক্ত করা হয়। ইহাই শীমনহাপ্রক্র মত।

ব্যাদ ভাস্ক বলি দেই ক্ষেত্র দোগ নিয়া।
বিবর্জবাদ ছাপিয়াছে কল্পনা করিয়া॥(১)
জীবের দেহে আজুবৃদ্ধি দেই মিথ্যা হয়।
জগত যে মিথ্যা নহে নশর মাত্র হয়॥
প্রণব যে মহাবাক্য ঈশরের মৃষ্টি।
প্রণব হৈতে সর্ববেদ জগতে উৎপত্তি॥
তত্তমদি জীব হেতু প্রাদেশিক বাক্য।
প্রণব না মানি তারে কহে মহাবাক্য॥

এই ভাবে প্রভু শহরাচার্ধার রুত বেদান্ত ভাল্য তাঁহার
নিজ সহরিত মত বলিয়া তাহাতে শত শত দেব দেখাইলেন, নানা শাস্ত্রপ্রমাণ দিয়া নিজমত সমর্থন করিলেন।
সার্বভৌম ভট্টাচার্য্য এই নবীন সরাাদীর প্রগাঢ় পাণ্ডিত্য
এবং অগাধ শাস্ত্রজান দেখিয়া বিশ্বিত ও মৃদ্ধ হইলেন;
কিন্তু তাঁহার সহিত তর্ক করিতে ছাড়িলেন না। তিনি
পূর্বপক সমর্থন করিয়া সাধ্যাহসারে প্রমাণ প্রয়োগ দিয়া
প্রভুর সহিত রীতিমত তর্কযুদ্ধ করিলেন। শ্বরশ্বতীপতি
শ্রীগোর ভগবান তাঁহার সকল মতই বঙ্গন করিয়া নিজমত
শাপন করিলেন (২)। সর্বলেবে প্রভু সার্বভৌম ভট্টাচার্যানে বৃন্ধাইয়া দিলেন ''শ্রীভগবান,—সম্বন্ধ,—ভক্তি,—
শুভিদয় এবং প্রেম প্রয়োজন; বেদে এই তিন বস্তর কথাই
লিখিত আছে। আর যিনি যাহা কিছু বলিবেন, সকলি
কর্মনা মাত্র। বেণবাক্য শতঃ প্রামাণ্য। ইহাতে লক্ষণার
প্রয়োজন করে না। শহরাচাণ্যের কোন দোষ নাই।

- (>) পরিণামবাদ মানিলে ঈবর বিকারী হইবেন, এবং ব্যাসদেবকে ভবন প্রান্ত বলিতে হইবে, এই বলিয়া হতের মুখ্যার্থে দোব দিয়া গৌণার্থ করতঃ বিবর্ত্তবাদ ভাপন করিরাছেন। ব্রহ্মস্থতের প্রার্থেড "অগাতো ব্রহ্মস্থানে" হতের উত্তরে প্রথমেই জন্মান্তত বতঃ ক্রে। এই হত্ত পরিণামন্বাদ উদ্দেশ্যে লিখিত। শক্রাচার্য্য এই পরিণামন্বাদ গ্রহণ না করিয়া কাজনিক বৃক্তি বিভার পূর্বকে বেদের অংশবিশেবে লিখিত অক্ত তাৎপর্যান্তাপক বিবর্ত্তবাদিই সত্য বলিয়া স্থাপন করিরাছেন।
 - (২) এই মত কয়না-ভাব্যে শত লোব দিল।
 ভট্টাচাব্য পূর্ব্বে পক অপার করিল।।
 বিভগ্তা ছল নিপ্রহাদি অনেক উঠাল।
 সব পঞ্জি প্রভূ নিয়মত বে ছাপিল।। হৈঃ চঃ

ঈশরাজাতেই কল্পনা করিয়া এই নাজিক শাগ্র প্রান্তত করিয়াছিলেন (১)। এই কথার প্রমান বরূপ প্রভু ছইটি প্রাচীন শার্গায় ≮শ্লাক আবৃত্তি করিয়া বাণ্ধ্যা করিলেন। এই ছইটি শ্লোকই পদ্ম পুরাণের। উহা নিম্নে লিখিত হইস।

- । স্বাগমৈ: ক্রিতৈতঞ্জনান মধিন্থান্ কুরা।
 নাঞ্পোপর যেন স্থাৎ ক্রিরেযোত্রোতরা ॥ (২)
- ২। মায়াবাদমস্কান্তঃ প্রচ্চন্নং বৌদ্ধমূচ্যতে।

মহৈৰ বিহিতং দেবি ! কলৌ আহ্মণ-মৃৰ্ত্তিণা ॥ (৩)

প্রভুর প্রীম্বে এই সকল নিগৃচ তত্ত্বথা ত্তিনা সার্বভৌম ভট্টাচাণ্য পরম বিশ্বিত হইলেন, এবং সভাস্থ সকল লোক শুন্থিত হইলেন। সার্বভৌম ভট্টাচাণ্যের মৃথ দিয়া আর কোন কথাই বাহির হইল না। তিনি জড়বং শুন্তিত হইমা প্রভুর প্রীবদনের প্রতি চাহিয়া রহিলেন। তিনি ভাবিতে লাগিলেন "ইনি কি মাম্বান্ত"

সার্ধভৌম ভট্টাচার্য্যের সভায় যত পণ্ডিত ও শিখাগণ উপস্থিত ছিলেন সকলেই প্রভ্র শ্রীম্থে জগছিখাত শঙ্করাচার্যা মহারাজের ভাষা সম্বন্ধে এই অভ্যুত এবং অভিনৰ কথা ভনিয়া বিস্ময়দাগরে মগ্ন হইলেন এবং শ্রীকৃষ্ণতৈভন্তনামধারী এই নবীন সন্ন্যাসীর অপূর্ব্ব সাহস ও অসীম বিস্তাব্তার প্রভৃত প্রশংসা করিতে লাগিলেন।

- (>) ভগৰান সৰক ভক্তি অভিধের হরে।
 প্রেম প্রয়োজন বেনে তিন ৰক্ত কছে।।
 ভার বে যে কিছু কহে সকল করনা।
 ভাতঃ প্রমাণ বেদবাক্য না করে লক্ষণা।।
 ভাতাব্যের দোব নাহি ঈবর সাজ্ঞা কৈল।
 ভাত্যর করনা করি নাত্তিক পাল্ল কৈল।। চৈঃ চঃ
- (২) স্নোকার্থ। তগবান কহিলেন হে শকর ! তুনি করিও তত্ত্ব-বারা মন্থ্য নকলকে অবমা হইতে বিমুধ কর এবং আমাকে গোপন কর । ভাষার বারা এই স্টেরকা হইবে।
- ক) মহাদেব কহিলেন হে দেবি । মারাবাদরূপ অসৎ শাল্প বাহাকে সক্ষানে প্রচছর বৌদ্ধশাল্প বলেন আমিই আক্ষণ প্রকাচার্য বৃর্দ্ধি বারণ করিয়া বিধান করিয়াছি ।।

এত কাল পর্যন্ত শহর-ভায়ের এরপ দোব দর্শন, কেই
কথন করেন নাই। প্রভুর শ্রীম্থেই তাঁহারা এই সর্বা
প্রথম নৃতন কথা, নব ব্যাখ্যা ভানিলেন। তাঁহাদিগের
মনের মধ্যে ঘোরতর বিপ্লব উপস্থিত হইল। সার্বভৌম
ভট্টাচার্য্য জগতবিখ্যাত পণ্ডিত, সর্বাশাস্ত্রবিশারদ, —তাঁহাদের
শিক্ষা গুরু, তাঁহাকে নীরব দেখিয়া শিয়্মগণ ব্ঝিলেন, এই
নবীন সয়্যাসীর মত অধগুনীয়। এরপ শাস্তম্পূর্ণ
তর্কয়্র, এবং এরপ পাণ্ডিত্যপূর্ণ বিচারপ্রশালী কেই
কণন ইতিপ্র্রে ভনেন নাই। নীলাচলে যথন এইকথা
রাই হইল, সর্ব্রে হৈ হৈ পড়িয়া গেল।

প্রভু দেখিলেন সার্কাজীন ভট্টাচার্য্য একেবারে নির্মাক হইয়াছেন। তাঁহার আর কথা বলিবার শক্তি নাই। তিনি তথন আসন হইতে উঠিয়া নিকটে গিয়। মৃহ মধুর বচনে কহিলেন 'ভেটাচার্যা মহাশ্য় ! আমার কথায় বিশ্বিত হইবেন না। আভিগ্ৰানের চরণে ভব্তিই প্রম পুরুষার্থ। আত্মারাম মুনিগণ পর্য ন্ত পরম পুরুষ ঈশবের ভঙ্গনা করেন। শ্রীভগবানের গুণের এইরূপ আংচিষ্টা শক্তি।"(১) এই বলিয়া প্রভু সার্বভৌম ভট্টাচার্ঘ্যের হত্ত ধারণ করিয়া তাঁহার নিকটে বসাইলেন। উভয়ে যুখন পুনরায় একতা হইলেন, তখন প্রভু মধুর হাদিয়া কহিলেন "ভট্টাচার্যা মহাশয়! এখন অন্ত কথা থাকুক। আপুনার নিকট আমার ভাগ্রত ভনিবার বভাবান। ছিল। একথা পূর্বের আপনাকে বলিয়াছি। ভাগবডের এই শ্লোকটি আপনি রূপা করিয়া আমার নিকট অদ্য ব্যাখ্যা কলন। আমি শুনিয়া কতাই হই।" এই বলিয়া প্রাকৃ নিম্বলিখিত শ্লোকটি পাঠ করিলেন।

(২) শুনি ভট্টাচার্য হৈল পরম বিশিত।
মুবে না নি:সরে বাণী ছইলা ক্ততিত।।
প্রভু কছে ভট্টাচার্য না কর বিশার।
ভগবানে ভক্তি পরম পুরুষার্থ হয়।
আন্তারাম পর্যন্ত করে ইবর জ্ঞান।
য়ৈছে অচিন্তা ভগবানের গুণগণ।। টিঃ চঃ

.আত্মারামশ্চ মূনয়ে। নিগ্রন্থা অপ্যক্রমে। কুর্বস্তাইহতুকীং ভক্তিমিথস্তুত গুণো হরি:॥ (১)

াশর্কভৌম ভটাচার্য্যের প্রভুর রূপায় এতক্ষণে বাঙ-'নিপাত্তি হইল। তিনি প্রভুকে দদমানে কহিলেন,—''এই শ্লোকের ব্যাখ্যা তুমি কর, আমি শুনি। তোমার শ্রীমৃথে এই অপূর্ব লোকের ব্যাখ্যা শুনিতে আমার বড় ইচ্ছা হইয়াছে ॥" চতুর চূড়ামণি শ্রীগৌর ভগবান মধুর হাসিয়া কহিলেন "ভট্টাচাৰ্য্য মহাশ্য়! আপনি অথ্য ইহার ব্যাধা। করুন, পরে আমি যাহা কিছু জানি নিবেদন করিব (২)। সার্ব্বভৌম ভট্টাচার্য। আর কোনও কথা বলিতে পারিলেন না। তিনি সাক্ষাৎ বুহম্পতি,—সরস্বতীর বরপুত্র, কিন্তু এই নবীন সন্নাসীটি সরস্বতী-পতি। বিভা-ভিমানী সার্বভৌম ভট্টাচার্য্য ইহা এখনও ব্ঝিতে পারেন নাই; প্রভু যে তাঁহকেে পরীকা করিতেছেন, তাহাও বুঝিতে পারিতেছেন না। তিনি নানারূপ তর্কযুক্তি প্রমাণ প্রয়োগ দারা এই ''আত্মারাম'' স্লোকের নয় প্রকার (৩) ব্যাখ্যা করিলেন। তাঁহার শিষ্যগণ ধর্ম ধর্ম করিতে লাগিলেন। প্রভু ইষং হাদিয়া কহিলেন-

ভট্টাচার্য্য জানি তুমি সাক্ষাৎ বৃহস্পতি। শাস্ত্র ব্যাখ্যা করিতে ঐছে কাবো নাহি শক্তি। কিন্তু তুমি অর্থ কৈলে পাণ্ডিতা প্রতিভাপ্রায়। ইহা বই শ্লোকের আছে আর অভিপ্রায়।" ৈ চঃ চঃ

অর্থাৎ প্রভূ কহিলেন,—"ভূমি যাহা ব্যাখ্যা করিলে, সকলি সতা, সকলি উত্তম, এই ব্যাখ্যায় ভোমার পাণ্ডিত্য প্রকাশ পাইল একথা যথার্থ; কিন্তু এই শ্লোকের অভিপ্রায় অক্সবিধ আছে, তাহা তৃমি কিছু বলিলে না।" প্রভূব এই কথা ভনিয়া অতিশয় আগ্রহ সংকারে সার্কডেনম ভট্টাচার্য্য তাঁহাকে এই শ্লোকের অত্যবিধ অভিপ্রায় সকল প্রকাশ করিতে বিশেষভাবে অস্থ্রোধ করিলে প্রভূম করিলে করিয়া এই ভাগবতীয় উত্তম শ্লোকটি বাখ্যা করিতে বিলেন। সার্কভেমি ভট্টাচার্য্যকৃত নববিধ ব্যাখ্যার একটিও তিনি স্পর্শ করিলেন না। তিনি নিজ অভিমতে এই পুণ্য শ্লোকের মন্টাদণ প্রকার অর্থ ব্যাখ্যা করিলেন।

প্রথমে প্রভু শ্লোকেটির অধ্য করিলেন। পরে উহার একাদশটি পদ নির্ণয় করিলেন। তৎপরে প্রতি পদের অর্থ বিশ্লেষণ করিয়া শ্লোকের অষ্টাদশ প্রকার ব্যখ্যা করিলেন। "স্বাত্মারাম" শ্লোকের প্রভুক্ত এই বিস্তারিত ব্যাখ্যা নিম্নে উদ্ধৃত হইল।

শ্রীসমহাপ্রভুক্ত "আত্মারাম" **গ্লোকের** অপ্তাদশপ্রকার ব্যাখা।

এই শ্লোকে একাদশটি পদ আছে। বথা (১) আত্মারাম: (২) চ (৩) মূনয়: (৪) নিগ্রন্থা: (৫) অপি (৬) উকক্রমে (৭) কুর্রন্তি (৮) অইংতৃকীং (৯) ভতিং (১০) ইথস্থৃতগুণ: (১১) হরি:।

আক্সা শব্দে—দেহ, মন, বৃদ্ধ, মুগব, ধুতি, বৃদ্ধি ও যত্ব। এই সাতটিতে বাহারা রমণ (অবস্থান) করেন, তাহারাই আত্মারাম পদবাচ্য। মুনি শব্দে—মননশীল, তপন্ধী, ব্রতী, মতি, ঝবি, মুনি ও মৌনী। নিপ্রস্থিশদ্ধে— অবিদ্যাদি মায়া গ্রন্থিহীন, বিধি, নিবেধ, জ্ঞান শাস্তাদি হীন। মুর্থ, নীচ, মেছে, ধনসঞ্চমী, বেদশাক্তে জ্ঞানহীন,

⁽১) খ্রীমন্তাগৰতে প্রথমক্কে সপ্তমাধ্যারে দশম লোকে শৌনকাণীন প্রতি স্তবাকাং। অর্থ। আয়ারূপ মূনিগণ নিপ্রতি ইইরাও উক্তম খ্রীছরিতে অইচ্ডুকী ভক্তি করেন, এমনি হরির গুণ। অর্থাৎ ঘাঁহারা বিধি-নিবেধের অভীত বা যাঁহাদিগের অহকার-প্রতি হিম্নতির ইইয়া গিরাছে, দেই আয়ারাম মুনিক্ষিগণও অমিত পরাক্রম ভগবানে ফলকামনাশৃক্ত ভক্তির অফুটান করিয়া খাকেন। কেন না খ্রীহরির গুণই এইকাণ।

 ⁽২) শুনি ভট্টাচাব্য কহে শুন মহাশয়।
 এই লোকের অর্থ মোর শুনিতে বাঞা হয়।
 বাতু কছে তুমি অর্থ কর তাহা শুনি।
 পাছে আমি করিব অর্থ বেবা কিছু জানি।।

⁽৩) জুংখের বিষয় সাক্ষতে।ম ভটাচার্য্য কৃত এই লোকের নর অকার ব্যাধ্যার বিশেষ বিবরণ কোথাও লিণিবদ্ধ দেখি নাই। এছকার।

শাস্ত্রংগন, নিধন ও নিগ্রন্থ প্রভৃতি ছাদশজনকে বুঝায়।
তথাহি বিখশ্রকাশে—

নির্ণিশ্ব নিজ্ঞানের্থ নির্ণিশ্বাণ নিষেধয়োঃ। গ্রন্থো ধনে চ সন্ধর্ভে বর্ণসংগ্রহ নেপি চ।

নি: শব্দ — নিশ্ব মার্থে ক্রমার্থে, নিশ্বাণার্থে এবং
নিষেধার্থে ব্যবহৃত হয়। আর গ্রন্থ শব্দ, — ধন, সন্দর্ভ ও
বর্ণসাগ্রহ অর্থে প্রয়োগ হয়। উরুক্রম শব্দে — ব্ঝায়
বাহার বৃহৎ ক্রম। ক্রম শব্দে পাদবিক্ষেপন ব্ঝায়।
শক্তিশব্দে — কল্প, পরিপাটী, যুক্তি ও আক্রমণ ব্ঝায়।

তথাহি বিশ্বপ্রকাশে,—''ক্রমশক্তৌ পরিপাট্যাং ক্রমশ্চালন ক্রয়োঃ" ক্রম শব্দে শক্তি, পরিপাটী, চালন ও কম্পন বুঝায়। বিষ্ণু চরণ চালনা করিয়া ত্রিভূবন কম্পিত করিয়াছিলেন। যথা—''ইদং বিফুর্বিচক্রমে তেধা নিদধে পদং মম্লহমকা পাংকারে"। কুর্কান্তি পদ পরকৈমপদী; বেহেতু ভদ্ধনের তাৎপ্র্যা, কৃষ্ণস্থ্র নিমিত্ত, অর্থাৎ ভদ্ধন-ফল ভগবানের হত্তে সমর্পণ। তথাহি পানিনি:—"স্বরিত ঞিতঃ কর্ত্তরভিপ্রায়ে ক্রিয়াফলে"। অর্থাৎ উভয়পদী ধাতৃর শ্বিতশ্বর ও "ঞ" ইৎ হইলে ক্রিয়া ফল যদি কর্ত্তা প্রাপ্ত হয়, তাহা হইলে দেই সকল ধাতু আত্মনেপদী হইবে। হৈতু শব্দে,—ভূক্তি আদি বাঞ্ছান্তররহিত। অর্থাৎ ভুক্তির অনস্ত ভোগ,—মুক্তির পঞ্চবিধ ভোগ এবং সিদ্ধির ষষ্টবিধ ভোগের বাঞ্চারহিত। অতএব এই সকল বাস্বাহীন যাহা, তাহার নাম, অহৈতৃকী। ভক্তিশব্দের অর্থ দশ প্রকার। এক, নববিধ সাধনভক্তি; অক্ত প্রেমভক্তি। রতি-লক্ষণা ও প্রেম-লক্ষণা ইহার **অন্ত**ভূতি। এক ভাব রূপ লক্ষণা, আবু প্রেমরূপ লক্ষণা। শান্ত ভক্তের রভি প্রেম পর্যায়র। দাহাভক্তের রতি, রাগ দশা পর্যায়ঃ। স্থাগণের রতি অনুরাগ প্রয়ন্ত। পিতামাতার বাৎসল্য রতি, অমুরাগ প্রান্ত। কিন্তু কান্তাগণের মধুর রতি, মহাভাব পর্যান্ত উঠিয়া থাকে। এই সকল ভক্তি শব্দের অর্থ বলা হইল। একণে—"ইথড়তগুণ:" শব্দের ব্যাধা ভন। ইথং শক্ষের ভিন্ন অর্থ। গুণ শক্ষের ভিন্ন অর্থ। কিছ উভয় শব্দের যোগে 'ইথস্কুতগুণ' শব্দের অর্থ পূর্ণানন্দময়। অর্থাৎ যাহার নিকট ব্রহ্মানন্দও তৃণবৎ
তৃক্ত, ইহাই তাৎপর্যা। সর্বাকর্ষক, সর্বাহলাদক, মহা
রসায়ন অরপ কৃষ্ণ, আপনার রূপে আপনিই বিস্মিত।
কৃষ্ণের এই অভাব, মাধুর্ব্যের সার, অলৌকিক গুণসম্পর
এবং পূর্ণানন্দময়।

তৎ সাক্ষাৎকরণাহলাদ বিশুদ্ধান্ধিস্থিতস্ত মে। স্বধানি গোম্পাদায়ন্তে ব্ৰহ্মণ্যপি জগদণ্ডরো।

গুণ শব্দে,— এক্ষেত্র সংচিৎ আনন্দরণের অনস্ত গুণ, শ্রেষ্ঠ্য, মাধুর্ব্য ও কারুণাপূর্ণ গুণে স্থাবর জলমাদি সকলেই আকৃষ্ট ও মৃশ্ধ হয়। তাহাতে এক্ষণ্ডও ভক্তবাংসলো আজাদান পর্যন্ত করিয়া থাকেন। তাঁহার অলৌকিক রূপ, গুণ ও অল সৌরভে অনেকের মন আকর্ষিত হইত। যেমন শনক ম্নির মন সচন্দন তুলসীর মঞ্জরীর সৌরভে আরুষ্ট হইয়াছিল। যথা:—

তক্সারবিন্দ নয়নক্স পদারবিন্দ কিঞ্জমিশ্র তুলদী মকরন্দবাযুং। অন্তর্গতঃ স্ববিধরেন চকার তেষাং সংক্ষোভমক্ষর

জুষামপি চিত্ততথোঃ॥

শুক্দেবের মন প্রীকৃষ্ণলীলা প্রবণে আকর্ষিত হয়। ঈশারক্ষণী প্রীকৃষ্ণের গুণলীলা প্রবণ করিয়া নিশুণ ব্রহ্মের উপাদক শুক্দেবও প্রীকৃষ্ণে আকৃষ্ট হইয়া তাঁহার লীলা প্রবন্ধ পাঠ করিয়াছিলেন। যথা:—

পরিনিষ্ঠিতোহপি নৈও গৈয় উত্তম শ্লোকলীলয়া। গৃহীতচেতা রাজধে আথ্যানং যদধীতবান্। শ্রীকৃষ্ণের রূপে আকর্ষিত হইয়া ব্রজাঙ্গনাগণ বলিতেছেন— বীক্ষ্যালকাবৃত্তমূথং বতকুওললি গগুস্থলাধরস্বধং

হসিতাবলোকং।

দত্তাভয়ক ভুজদওযুগং বিলোক্যবক্ষঃ **প্রিটিয়ক রমণ্ঠ** ভুরোম দাল

অর্থাৎ "হে কৃষ্ণ! তোমার মুখমণ্ডল অলকা বারা বিভ্যিত, গণ্ডবয়ে মকর কুণ্ডল বিরাজমান, বিষাধর অমৃতপূর্ণ, নেজবয়ে স্থামিত দৃষ্টি, বাছবয় অভয়প্রাদ, প্রাশন্ত বক্ষঃস্থল লক্ষীর বিলাসনিকেতন। তোমার অলে এই সকল মনমুগ্ধকর রূপের সমাবেশ দেখিয়া আমরা তোমার দানী হইতে সংকর করিয়াছি।'' জীক্তফের রূপ ও গুণ শ্রুবণ করিয়া রুক্মিণী তাঁহ।কে পত্র লিখিতেহেন। যথা:— শ্রুমা গুণানু ভূবনস্থানর সৃষ্ডাং তে, নির্মান্তর্গবিবরৈ-

ইবভোহজভাপং।

রূপৎ দিশাং দৃশিমতামথিলার্থলা ভং, ত্ব্যাচ্যুতাবিশতি

চিত্তমপত্রপং মে ॥

অর্থাং "হে অভ্বেনেশর ! হে অক ! হে অচ্যুত !
তোমার রূপ ও গুণ কর্ণদর যোগে হৃদয়ে প্রবিষ্ট ইইয়
সমন্ত তাপ বিদ্রিত করে । তোমায় রূপ দর্শন করিয়
চক্ষুর সার্থকতা লাভ করি । আমার হৃদয় তোমার রূপ
ও গুণাবলী শ্রবণ করিয়া নির্লজ্জভাবে তোমাতেই
আসন্তি ইইতেছে ।" শ্রীকৃষ্ণের বংশীম্বরে লক্ষীর মন
আকর্ষিত ইইয়াছিল, এবং সেই ম্বরে মৃয় পক্ষী এবং বৃক্ষ
লতাদি আরুই ইইত । যথা:

•

কাস্ত্রান্ধ তে কলপদামৃতবেণুগীত, সন্মোহতার্থাচিতিার চলে জিলোকাং।

বৈশক্য সৌভগমিদঞ্চ নিরীক্ষরপং যদেগাবিজজ্ঞমমূগাঃ

भूलकान।विञ्लं ॥

যশোদা ও দৈবকী মাতৃগণের মন বাৎসলারদে আকর্ষিত হইত। ফলতঃ "কুফ্র" এই অক্ষর দ্বের এমনিই মোহিনীশক্তি যে পশু, পক্ষী, চেতন, অচেতন সকলেই এই নামের গুণে আকৃষ্ট হয়। যথা কৃষ্ ধাতৃর অর্থ আকর্ষণ্ বিনি জগভকে আপনাব দিকে আকর্ষণ করেন, ভিনিই কৃষ্ণ।

হরি শব্দের বহু অর্থের মধ্যে ছুইটি মুখ্যতম। প্রথম, জীবের সকল অমলল হরণ করেন যিনি, তিনি হরি; দিতীয় প্রেম ও ক্ষণা দান করিয়া জীবের মন প্রাণ হরণ করেন যিনি, তিনি হরি। ফলতঃ যে কেহ, যে কোন রূপে জীহাকে আরণ ক্ষক নাকেন. তিনি তাহার সমস্ত ছঃখ ও পাপ হরণ করিয়া জাঁহাকে আত্মগাৎ করেন যথা, —

ষ্ণাগ্নি: স্থসমিদ্ধার্চিঃ করোতে ধাংসি ভস্মসাথ।
তথা মধিষয়া ভক্তিকৃদ্ধ বৈনাংসি কৃৎস্পাল।
হরি নামের গুণে ভক্তিবাধক অবিদ্যা নত হইয়া প্রবণ

কীর্ত্তনের ফল যে ক্রফপ্রেম তাহা দান করে। হরিশকের ইহাই মুখ্যার্থ। "অপি" ও 'চ" এই হুইটি অব্যয় শক্ত ইহা যেখানে যে অর্থ বর্ত্তে, সেখানে সে অর্থ করিতে হুইবে। তথাপি "চ" কারের সাতটি মুখ্যার্থ আছে। তথাতি বিশ্বপ্রকাশে,—

চাগাচয়ে সমাহারে২ফোক্সার্থেচ সমুচ্চয়ে। মত্নাস্কবে তথা পাদপুরণে ব্যবধারণে।

"চ" শক্ষ দারা, অষ্চয় (একতর প্রাধান্ত) সমূহ, ইতরে-তর যোগ, সংযোগ, যত্ন, পাদপুরণ ও অবধারণ অর্থ প্রতীত হয়। অপি শক্ষেরও সাতটি মুখ্যার্থ আছে, তথাহি বিশ-প্রকাশে'—

অপি সম্ভাবনা এশ্ল শঙ্কাগৰ্হ। সমুচ্চয়ে। তথা যুক্তপদাথেষু কামচাবক্রিয়াস্ক চ॥

অপি শব্দের দারা সম্ভাবনা, প্রশ্ন, শক্কা, নিন্দা, সংযোগ উহার্থ ও যথেচ্চ ক্রিয়া নিষ্পত্তি বুঝায়। শ্লোক মধ্যস্থ একাদশটি পদের এই বিভিন্ন অর্থ। এখন যাহার বে মর্ম যেগানে বর্ত্তে, সেগানে সেই অর্থ প্রয়োগ করিয়া **খোকের যত প্রকার অর্থ হইতে পাবে, তাহা বলিতেছি** শুন। ব্রহ্ম শব্দে যিনি সর্বাপেক। বুংতর ও সর্বব্যাপী তাঁহাকেই বুঝায়। তথাহি বিষ্ণু পুরাণে "বৃহত্বাদ্বুংহণতাচ ভদবন্দ প্রমং বিহু:"। যিনি বৃহত্তম ও সর্বব্যাপী, পণ্ডি-তেরা তাঁহাকেই অন্ধ বলিয়া কীর্ত্তন করেন। স্থার যিনি দর্কব্যাপী ও মাতা, অর্থাৎ কুঠছ দাক্ষী, দেই শ্রীহরি পরম-ব্ৰহ্ম বলিয়া কীৰ্ত্তিত। যথা স্বামীতন্ত্ৰং আততত্তাচ্চ মাতৃ-ত্বাদাত্মা হি পরমো হরিঃ"। সেই ত্রন্ধ স্বয়ং ভগবান শ্রীকৃষণ। বাঁহার দ্বিতীয় আর কেহ নাই। অতএব আত্মা শব্দে वृश्खम बैक्कारक रे वृताय। यिनि मर्कवराणी । नर्कमाकी স্থরূপ প্রম হ্রি, বেদে যাঁহাকে ব্রহ্ম, হিরশ্যোপাসক, **আত্রা** এবং ভক্তগণ,—ভগবান বলিয়া কীর্ত্তন করেন, তিনিই সেই **बीकृषः।** यथा,—

 সর্ব্ব প্রথমেই প্রভু শ্রীনিত্যানন্দতত্ব প্রচার করিয়া সর্ব্বসমক্ষেবলিলেন, ''আমি নর্ত্তক তুমি স্কুমধর।" ইহাতে প্রভু বুরাইলেন শ্রীনিত্যানন্দপ্রভু তাঁহার ইচ্ছাশক্তি এবং ক্রিয়াশক্তি। পরে দৃষ্টান্ত দারা এই তত্ত্বটি ভাল করিয়া ভক্তগণকে ব্রাইলেন। তিনি সন্মাস করিয়া শ্রীরন্দাবন যাইতেছিলেন, শ্রীনিত্যানন্দপ্রভু তাঁহাকে ভুলাইয়া শান্তিপুরে শ্রীপ্রতভ্বনে লইয়া গিয়াছিলেন। কাজেই প্রভু তাঁহার হত্তে কলের পুতুল। আর নীলাচলের পথে

আসিতে প্রভূর সর্বায় ধন সন্ধ্যাশ্রমের দওটি জীনিত্যানন্ধ-প্রভূ নির্বিবাদে ভঙ্গ করিয়া দিলেন। জিজ্ঞাদা করিলে

বলিয়াছিলেন, "বাঁশ থানু ভালিয়াছি, তাহাতে আর কি

হইয়াছে। উহা বহন করিতে তোমার কট্ট হইত, তাই

 ⁽১) বিষরণ উদ্দেশে আমি অবশ্র যাইব।
 একাকী ঘাইব কাংহা সঙ্গে না লইব।। চৈ: চঃ

⁽২) নিভ্যানক প্ৰস্থাকৰে কৈছে বিছা।
একাকী যাইবে তুমি কে ইহা সহয়।।
একে ছবে সংক চৰুক না পড় হঠ রকে।
বাবে কহ সেই ছই চকুক ভোষায় সকো।। চৈঃ চঃ

⁽১) বিষয়প সিদ্ধি প্রান্তি জানেদ সকল। দক্ষিণ দেশ উদ্ধায়িতে কয়েন এই ছল।। হৈঃকঃ

ভালিয়া ফেলিয়া দিলাম।" এ কথা যে প্রগাঢ়ত্বেহের কথা ভাহাতে সন্দেহ নাই, কিন্তু ইহাতে প্রভূর অবতার গ্রহণের উদ্দেশ্য সিদ্ধ হয়না; তাই তিনি প্রশংসাক্তলে কহিলেন, "তোমা স্বার গাঢ় স্নেহে আমার কার্য্য ভণ্ড।" প্রভু সভল্ল ঈশর, তিনি ইচ্ছাময়। তিনি ইচ্ছাকরিয়া নিক্ষণ শুলীনিত্যানন্দপ্রভু দারা ভঙ্গ করাইলেন । কেন **ভক্ত করাইলেন তাহা প্রভু**র নব্দীপলীলায় আভাস দিয়াছি। এক্ষণে এই কার্যোর জন্ম প্রভূ তাঁহার ইচ্ছাশক্তি ও ক্রিয়াশক্তি শ্রীনিতানিনপ্রভুকে লোষ দিতেছেন, দোষ-षृष्टि छलभाज, - তिনि পরম महात जी निजारे हाँ एमत छ १३ গাইতেছেন। তাঁহার স্বেহ্রজ্ঞ্তে প্রভু কিরূপ আবদ্ধ আছেন, তাহা বুঝাইবার জক্ত তিনি এই সকল কথা তুলিলেন। ইহাতে শ্রীনিত্যানলপ্রভুর গুণকীর্ত্তনই করা হইল। অথচ বলা হইল, প্রভুর কার্য্য ভণ্ড কবিতে তিনি এক জন। কাজেই তিনি তাঁহাকে দক্ষিণদেশ যাতার সঙ্গী করিতে চাহেন না। প্রভু তাঁহার অগ্রন্ধ শ্রীমিদিশ্বরূপ প্রভুর অমুসন্ধান করিতে যাইতেছেন, –ইহা বছ নিগুঢ় কাৰ্যা। পাছে শ্ৰীনিতাইটাৰ প্ৰভুকে ভুৰাইয়া অন্ত কাৰ্য্যে ব্রতী করেন, এই আশঙ্কায় তিনি তাঁচাকে সঙ্গে লইতে অনিচ্ছা প্রকাশ কবিলেন। ইহার মধ্যে আরও একটি নিগৃত কথা আছে৷ শ্রীমদ্বিশ্বরূপ ও শ্রীনিত্যানন্দ অভেদতত্ত্ব তাহা সর্বজ্ঞ প্রভর অবিদিত নাই। শ্রীমদ্বিশ্বরূপ প্রভ প্রীপাদ ঈশর পুরীগোসাঞিকে নিজ শক্তি দান করিয়া অন্তর্হিত হন। পুনা নগরের নিকট পাণ্ডুপুর তীর্থে অষ্টাদশ বর্ধ বয়দে তিনি অভর্দ্ধান হন। শ্রীপাদ ঈশারপুরী যথন অম্বর্ধান হন, প্রীশ্রীম্বিশ্বরূপের শক্তি শ্রীমিত্যানন্দপ্রভুর শরীরে প্রবেশ করেন (১)। প্রভু শ্রীনিতাইটাদকে সঙ্গে

(১) শ্রীগোরাকের অগ্রজ শ্রীল বিবরূপ মতি।
দার পরিগ্রহ নাছি কৈল হৈলা বতি।।
শ্রীমান ঈবর পুরীতে নিজপজি।
দ্বর্গি তিরোধান কৈলা প্রচারিরা দুজি।।
শ্রীনিজ্যানন্দ প্রভুতে শক্তি সঞ্চারিলা।
দ্বর্গার ডেজ ধারণ করিলা।
দিবানন্দ দেব হৈরি নাচিতে লাগিলা।। ডঃ মাঃ

नरेलन ना, कात्र डाँशात अधारकत अल्नकान वकि इन-মাত্র। তাঁহার অগ্রন্ধ ত তাঁহার নিকটে,—তাঁহার সঙ্গ ছাড়া নহেন। আব এক কথা খ্রীনিত্যানন্দপ্রভবে নীলাচলে না রাখিলে তাঁহার গুণ গাইবে কে? তিনি প্রতিশ্রত আছেন শ্রীনীলাচলধামে বাস করিবেন। সকলেই এইজন্ম গ্ৰহণৰ্ম ছাডিয়া তাঁহার নিকট নীলাচলে আসিয়াছেন: তাঁহার অদর্শনে তাঁহারা প্রাণে মরিবেন। শ্রীনিত্যানন্দত্ত ভক্তবুন্দ বিশেষরূপে পরিজ্ঞাত আছেন। শ্রীশ্রীগোরনিতাই যে অভেদতত্ত্ব, তাহা প্রভুই কুণা কবিয়া তাঁহাদিগকে বহুৰাৰ বুঝাইয়া দিয়াছেন। প্ৰভু দক্ষিণদেশ ভ্রমনে যাইবেন, এনিতাইটাদ একেতে থাকিবেন:--ভক্তরন্দেব গৌরবিরহজালা নিবারণ করিছে দয়াল শ্রীনিতাইটান ভিন্ন আর কে আছে। তাই প্রভু তাঁহাকে বলিলেন, ''আমি তোমাকে সঙ্গে লইব না।'' উাঁহার দোষ দিলেন, "তোমাদের ভালবাদাতেই আমার সকল কার্য্য পণ্ড হইল।"

শীনিত্যানন্দপ্রভূ একথার উত্তর আর কি দিবেন।
তিনি অধোবদনে রহিলেন। তাঁহাব হুঃখ তিনিই আনেন।
প্রভূ একাকী দক্ষিণ দেশ ভ্রমণে যাইবেন, তাঁহাকে সক্ষেলইবেন না, পথে তাঁহাকে কে দেখিবে, প্রেমোয়ত্ত হইয়া
যখন তিনি ভূমিতলে আহাড় খাইয়া পড়িবেন, তখন
তাঁহাকে কে ধরিবে? শচীমাতার অম্বরোধ তিনি
কি করিয়া রক্ষা করিবেন, এই হুঃধে তিনি মরমে মরিয়া
রহিলেন।

প্রভাব তথন ঐথগ্ডাব। তিনি খতর দিখার কাহারও
ম্থাপেক্ষা নহেন, ইহা ব্রাইবার জন্ম এই লীলারকটি
প্রকট করিলেন। তিনি শ্রীনিত্যানন্দপ্রভ্কে লক্ষ্য করিয়া
প্রায় কহিলেন, শ্রীপাদ তুমি যে বলিলে, আমার সঙ্গেলাক দিবে, আমি কাহাকে সঙ্গে লইব ? এই যে
জগদানন্দ, মৃক্দা, দামোদর প্রভৃতি, গাঁহারা আমার বড়
নিজজন; উহাদের ম্থের উপর বলিতেছি, উহাদের সক্ষে
লইলে আমার কোন কার্য্যই দিদ্ধ হইবে না। তোমার
মত উহারা আমার প্রতি বেহ প্রবণ হইয়া আমার

সকল কাৰ্যাই পণ্ড করেন। এই যে জগদানন্দ পণ্ডিড ইহার কথা বলি শুন.—

"জগদানন্দ চাহে মোরে বিষয় ভূঞাইতে।

যেই কহে ভরে দেই চাহিয়ে করিতে।

কভূ যদি ইহার বাক্য করিয়ে জন্তথা।

কোধে তিন দিন মোরে নাহি কহে কথা চৈ: চঃ
ইহাকে আমি সঙ্গে লইয়া কি করিব ? ইহার কোধ

এবং জভিমান সম্বরণ করাইতে আমার সমস্ত দিন যাইবে।
আমার নিজ কার্য পশু হইবে। ঐ যে মুকুন্দ দত্ত দাঁড়াইয়া
বহিয়াতেন উহাঁর কথাও বলি শুন.—

"সুকুল হয়েন হংখী দেখি সন্নাস ধরম।
তিন বার শীতে সান ভ্মিতে শম্ব।
অন্তরে হংখী শুকুল নাহি কথা মুখে।
ইহার হংখ দেখি মোর দ্বিগুণ হয় হংখে॥ চৈ: চ:
আমি সন্ন্যাসী, আমার ধর্মই হংখ সহন,—আমি
ভিখারী, আমার ধর্মই ভিজা বৃত্তি। ইহাতে হংখ করিলে
কি করিয়া চলিবে ? মুকুন্দের হংখ দেখিলে আমার
বুক্ ফাটিয়া যায়, সে চুপ করিয়া থাকে, কোন কথা বলে না,
কিছু তাঁহার মলিন ও বিষয় বদন দেখিলেই তাহার মনের
ভাব আমি ব্রিতে পারি। তাহার বিষয়-বদন দেখিলে
আমি ধর্ম কর্ম সকলি ভূলিয়া যাই। উহাকে সঙ্গে লটয়া
আমি বিক্রত হইব মাত্র। তাহার পর এই যে দেখিতেছ
দামোদর ক্রম্বচারী, ইহার কথা বলি ভ্ন—

"আমি ত সন্ন্যাদী দামোদর ব্রহ্মচারী।
সদা রহে আমার উপর শিক্ষা দণ্ড ধরি।
ইহাঁর আগে আমি না জানি ব্যবহার।
ইহার না ভায় স্বতন্ত্র চরিত্র আমার।
লোকাপেকা নাহি ইহাঁর কৃষ্ণকুপা হৈতে।
আমি কতু লোকাপেকা না পারি ছাড়িতে। তৈই চঃ
এই যে দামোদরপণ্ডিত ইনি আমার প্রতি দণ্ড ধন্মিনাই
আছেন। আমি সম্প্রতি সন্ন্যাদী হইয়াছি,—ছিলাম বিষ্মী
গৃহন্ত, সকল নিয়ম পালন আমার সাধ্যায়ত্ত নহে। যথাসাধ্য
নিয়ম পালন করি, যদি কথন কোন ক্রটি হয়, ইনি আমার

উপর থড়াহত হন। ইহাঁর উদ্দেশ্য অভি উত্তম,—তাহা
আমি কানি, কিন্তু এত নিয়মের মধ্যে আমি বাঁণাবাঁধি
থাকিতে পারি না। ইহা উহাঁর ভাল লাগে না। ইনি
আমার সন্ধাসণর্ম কিসে রক্ষা হয়, তাহার জন্ত বিশেষ
উদ্বিগ্ন। ইহাঁর বাক্যদণ্ড আমাকে ধর্ম-পথে ঠিক রাথিয়াছে
তাহা আমি সর্বাসমকে বলিতেছি, কিন্তু এত কঠিন নিয়মে
আমি থাকিতে পারি না। ক্ষেত্রর কুপায় ইহাঁর লোকাপেক্ষা একেবারে নাই। আমি কিন্তু তাহা ছাড়িতে
পারি না। কাজেকাজেই ইহাকে সঙ্গে লইলে আমার
নিজ-কার্য্য হইবে না(১)।

নদীয়ার ভক্তবৃন্দ স্কলেই সেখানে উপস্থিত ছিলেন। প্রভুর শ্রীমুখের এই সকল কুপাবাণী ভনিয়া সকলেই হুংখে ও লজ্জায় বদন অবনত করিলেন। সকলেরই নয়নে দরপরিত নয়নাশ্রধার। বিগলিত হইতেছে। শ্রীনিত্যানন্দ, জগদানন্দ-পঞ্জিত, দামোদরপণ্ডিত ও মুকুন্দ ত মাথায় হাত দিয়া একেবারে বসিয়া পড়িয়াছেন। তাঁহারা ভাবিতেছেন প্রভুর চরণে তাঁহারা অপরাধী হইয়াছেন, এপ্রাণ আর রাখিবেন না। বিশেষতঃ অভিমানী অগদাননের বড়ই রাগ হইল। তিনি বদন ফিরাইয়া ভূমিতলে বসিয়া নথাগ্রভাগ বারা মুদ্তিকা খনন করিতেছেন। তাঁহার নয়নজলে বক্ষ ভাসিয়া ষাইতেছে। তিনি মনে মনে ভাবিতেছেন, "আমি কি করিব ? প্রভুত আমার কথা ভনিবেন না। ভটাচার্যাকে দিয়া একবার অফুরোধ করিয়া দেখি, ধদি প্রভু আমাকে সঙ্গে লইয়া যান। প্রভুকে মন্ন করিয়া ভিকা করাইবে কে ? রাত্রিকালে তাঁহার নিকটে শয়ন করিবে কে? জগদানন্দ প্রভুর অভিমানী ভক্ত। তিনি সত্যভামার অবভার। প্রভুর সহিত তাঁহার অতি নিগৃঢ় नीनाकथा यथाद्यारन वनिव। मारमामत्र পश्चिष्ठ हारहन নবীন সন্ত্রাসী প্রভুর সন্ত্রাসধর্ম কিলে রক্ষা হয়। তিনি অভিশয় নিরপেক্ষ লোক। কাজেই প্রভুর ধর্মবক্ষার জন্ম তিনি তাঁহাকে মধ্যে মধ্যে বাক্য দণ্ড দেন। দামো-দর পণ্ডিতের বাক্য-দণ্ড-লীলা-কথাও পরে বলিব।

এই চারিজনে মিলিয়া প্রভুকে বছ মিনতি করিলেন,

⁽১) এই मुक्क मोनाक्था विखातिङ्कार वर्थावान वार्थाक स्टेर्व ।

বিশ্ব শতর ঈশর শ্রীগোরভগবান কিছুতেই তাঁহাদিগের অহরোধ রাখিলেন না। তখন শ্রীনিত্যানন্দপ্রভূ ছল ছল নয়নে প্রভূকে কহিলেন —

"সে আজ্ঞা তোমার।

ছ:ধ স্থ যেই হউক সেই কর্ত্তব্য আমার।

কিছ এক নিবেদন করেঁ। আর বার।

বিচার করিয়া তাহা কর অজীকার॥
কৌপীন বহির্বাদ আর জলপাত্র।

আর কিছু সঙ্গে নাহি যাবে এই মাত্র॥
তোমার ছই হস্ত বন্ধ নাম গনণে।

ক্রপাত্র বহির্বাদ রহিবে কেমনে॥
কেমাবেশে পথে ভূমি হবে অচেডন।

এসব সামগ্রী তোমার কে করে রক্ষণ॥

কৃষ্ণদাস নাম এই সরল আন্দা।

ইহাঁ সঙ্গে করি লহ ধর নিবেদন॥

ক্রপাত্র বন্ধ্র তিয়া সঙ্গে বাবে।

যে তোমার ইচ্ছা কর কিছু না বলিবে॥" হৈ: চ:

শেষ কথাট শ্রীনিজ্যানন্দপ্রভু বড় ছৃংশেই বলিলেন।
তিনি বলিলেন "কৃঞ্চদাস সরল ব্রাহ্মণ। তিনি তোমার
সংক্ষ যাইবেন। তুমি যাহা ইজ্ঞা করিবে, তিনি তাহাতে
কোন কথাই কহিবেন না।" প্রভু তাঁহার বিরহসক্তথ
ভক্তবন্দের মনস্তাষ্টর জন্ম কৃঞ্চদাসকে সংক্ষ লইতে অক্লীকার
করিলেন। প্রভুর এই কার্য্যে ভক্তবৃদ্দের মন কথকিৎ
শাস্ত হইল। প্রভুর দক্ষিণ যাত্রার সন্ধী কৃঞ্দাসের এখানে
একটু সজ্জিত্থ পরিচয় দিব।

এই কৃষ্ণদাসকে লোকে কালা কৃষ্ণদাস বলিয়া ডাকিড;
কারণ তিনি কর্ণে বেশ একটু কম শুনিছেন।
তিনি বিশুদ্ধ বিপ্রকৃলে জন্মগ্রহণ করেন। তাঁহার জন্মম্বান জ্রীপাট কাটোয়ার নিকটবর্তী আকাইহাট প্রামে
বথা বৈষ্ণব বন্দনায় "আকাই হাটের বন্দো কৃষ্ণদাস
ঠাকুর।" এই মহাপুক্ষ জ্রীনিভাইটাদের জ্রীপদপঙ্কজ্ঞ ভিন্ন তিনি আর কিছু জানিতেস না।

কালা কৃষ্ণদাদ বড় বৈষ্ণৰ প্রধান।
নিত্যানন্দচন্দ্র বিনে নাহি জানে আন ॥ হৈ: চ:
তিনি শ্রীনিত্যানন্দ প্রভুর মন্ত্রনিষ্য এবং বিশেষ প্রিয়গাত্র ছিলেন। সেবা কার্য্যে তিনি বিশেষ পটু ছিলেন।
এই জন্ম শ্রীনিতাইটাদ তাঁহাকে দন্দিপদেশ অমণে প্রভুর
সন্দী নির্বাচিত করিলেন। শ্রীগোরাদপ্রভু তাঁহাকে বিশেষ
কপা করিতেন;—শ্রীচৈতন্ত ভাগবতকার লিধিয়াছেন,—

প্রসিদ্ধ কালা কৃষ্ণদাস ত্রিভূবনে।

গৌরচক্ষ লভ্য হয় খাঁহার স্মরণে।।
কালাক্ষ্ণাস ঠাকুর অভি ফুলর পুক্ষ ছিলেন। তাঁহার
মত সরলপ্রাণ বিপ্র নীলাচলে আর কেই ছিল না। তাঁহার
মনে কোনপ্রকার বিক্ষভাব দৃই হইত না। বে তাঁহাকে
যাহা বলিত সরলবিখাসের উপর নির্ভর করিয়া ভিনি
তাহাই বিখাস কবিতেন। ইহাতে তাঁহার মধ্যে মধ্যে
বিপদ হইত। প্রভুর সলে নীলাচলের প্থেও তাঁহার
বিপদ হইয়াছিল। সে সকল নানা কথা যথাস্থানে
বলিব।

শ্রীগোরাক্বনীলার দাদশগোপালের মধ্যে কালা ক্রঞ্চনাক ঠাকুরের নাম দেখিতে পাই। তিনি পূর্বকীলায় ব্রজ্বের লবক স্থা ছিলেন। যথা শ্রীগোর-গণোদ্দেশ-দীপিকায়—

"কালা কৃষ্ণনাসঃ স যো লবন্ধ সভা ব্ৰন্ধে।"

এই মহাপুরুষের বংশাবলী একণে পাবনা জেলার বেড়া দোনাতলি গ্রামে বাস করিতেছেন। ইহাঁর উপযুক্ত বংশধর পরম শ্রদ্ধাম্পদ শ্রীবিজয় গোবিন্দ গোস্বামী ঠাকুর তাঁহার পূর্বপুরুষের কিছু বংশ পরিচয় আমাকে লিথিয়া পাঠাইয়াছিলেন।

শ্রীনিত্যানন্দ প্রভুর কথায় কালা কৃষ্ণদাদকে সংক্ষ লইয়া ঘাইবার অঙ্গীকার করিয়া ভক্তবৃন্দ সঙ্গে প্রভু দার্ব্বভৌম ভট্টাচার্য্যের গৃহাভিমুখে চলিলেন। পণ্ডিত ক্রগদানন্দ সর্ব্বাগ্রে গিয়া সার্ব্বভৌম ভট্টাচার্য্যকে প্রভুর দক্ষিণ্যাত্তার সংবাদ দিয়া কহিলেন "ভট্টাচার্য্য মহাশয়! আপনি কুপা করিয়া প্রভুকে বলিবেন যাহাতে তিনি আমাকে সঙ্গেল্যন। ভিনি বলিয়াছেন একাকী যাইবেন। কাহাকেও

স্কী লইবেন না।" সার্ব্বভৌম ভট্টাচার্য্য জগদানন্দের এ কথার উত্তর দিলেন না। তিনি প্রভুর অদর্শনে কি করিয়া জীবন ধরিবেন, তাই ভাবিয়া আকুল इटेटनन। এমন সময়ে প্রভু স্বজন সঙ্গে হরেরুফ নাম করিতে করিতে তাঁহার গহে পদাপর্ণ করিলেন। সার্বভৌম ভটাচার্যা প্রভকে সাষ্টাঙ্গে প্রণাম করিয়া বদিতে দিবা আসন দিলেন। প্রভূ তাঁহাকে প্রেমালিকন দানে কুতার্থ क्तिल्ला । ज्वन्त्रम श्रेजुरक (वहेन क्तिया विभित्लन। প্রভু প্রথমে কৃষ্ণকথা তুলিলেন। সার্বভৌম ভট্টাচার্ঘ্যের বদন বিষয় দেখিয়া স্ক্জ প্রভু জগদানদের গুতি একবার চাহিলেন। জগদানন অধোবদনে বসিয়া আছেন। অন্ত-ধ্যামী শ্রীগৌরভগবান সকলি জানেন। তিনি সার্বভৌম ভটাচার্ঘাকে কহিলেন 'ভটাচার্ঘ্য। আমার অগ্রজের অফুদম্ভান করিতে আমি দক্ষিণ দেশ ভ্রমণ করিব মনস্থ করিয়াছি। তোমার অনুমতি লইতে আসিয়াছি। তমি ভাল মনে আমাকে অহমতি দিলে আমি সক্ষদ শরীরে পুনর্কার নীলাচলে ফিরিয়া আসিব "(১)। সার্ব-ভৌম ভটাচার্যোর মন্তকে যেন বজাঘাত পড়িল। তিনি কিংকর্ত্তব্যতা বিষ্টু হইয়া কিছুক্ষণ জড়বৎ নিশ্চেষ্ট রহিং লেন। পরে প্রভুর রূপায় আব্দেদ্রণ করিয়া তাঁহার চরণতলে নিপতিত হইয়া কান্দিতে কান্দিতে কহি-লেন (২)।

"বহু জ্বোর পুণ্য ফলে পাইসু তোমার সঙ্গ। হেন সঙ্গ বিধি মোরে করিলেক ভঙ্গ॥

- (>) নানা কুক বার্তা কহি কহিল ওাহারে।
 তোমার টাই আইলাম আজ্ঞা মালিবারে।।
 স্মান করি বিশরপ গিরাছে দক্ষিণে।
 অবশ্য করিব আমি তার অবেবণে।।
 আজ্ঞা দেহ অবশ্য আমি দক্ষিণে চলিব।
 তোমার আজ্ঞাতে হথে লেউটি আসিব।। চৈঃ इঃ
- (২) কথা মনাত্মহি পুত্র পোকঃ কথা সমা তৃত্মহি বেহপাতঃ।
 বিলোকঃ মুখ্যচেরবাজবুগাং সোচুং ল পজোছমি ভববিবোগং।।

 শীকৈতভ চরিত সহাকারঃ।

শিরে বাজ পড়ে যদি পুত্র মরি যার। তাহা সহি তোমার বিচ্ছেদ সহন না হর। যতম্ব ঈশ্বর তুমি করিবে গমন।

দিন কথো রহ দেখি তোমার চরণ ॥ চৈ: চ: সার্বভৌম ভট্টাচার্যের একমাত্র প্রত্ত চলনেশ্বর। তিনি **অবলীলাক্রমে গ্রভৃকে বলিলেন ''যদি আমার চন্দনেশ্বর** মরিয়া যায়, তাহাও সহু করিতে পারি, কিন্তু তোমার বিচ্ছেদ আমার পক্ষে অন্ত হইবে"। শ্রীগৌরাকপ্রেম-জালে আবদ্ধ হইয়া তিনি হৰ্জ্জয় পুত্ৰ শোককেতৃণজ্ঞান করিলেন। ইহা অপেকা গৌরাকৈকনিষ্ঠতার উৎকৃষ্ট পরিচয় আবে কোথায় পাওয়া ঘাইবে ? ধন্স সার্কভৌম ভটাচার্যা ধরু তোমার অপুর্ব গৌরাহ্বাগ! তোমার চরণের রেণুকণা প্রার্থী অধম অকৃতী গ্রন্থকারের প্রতি একটিবার রুণা দৃষ্টিপাত কর। তোমার রুণা হইলে প্রভুর রূপালাভ হইবে,—ইহা ধ্রুব সন্ত্য। তুমি গৌরভক্ত চড়ামণি,—গৌরাক চরণে তোমার একনিষ্ঠা ভক্তি। তাহার প্রমাণ নানা গ্রন্থে পদে পদে পাইয়াছি। **আম**রা দে সকল অপূর্বে লীলাকথা যথাস্থানে অফুশীলন ও আপ্রাদন করিয়া আত্মশোধন করিব।

সার্বভৌম ভট্টাচার্য্যের ছংথকথা শুনিয়া করুণামর প্রভুর কোমল হাদয় প্রব হইল। তিনি মনে বড় বাথা পাইলেন। কিছুক্রণ নীরব থাকিয়া ভক্ততংখ-কাতর শ্রীগৌরাকপ্রভু সন্মেহে সার্বভৌম ভট্টাচার্য্যর আঙ্গে তাঁহার পক্ষহত্ত বুলাইয়া ঈষং হাদিয়া কহিলেন ''ভট্টাচার্য্য। তুমি বিজ্ঞা, বিচক্ষণ ও বুদ্ধিমান। এই সামান্ত কারণে তুমি এত কাতর হইভেছ কেন ? আমি এখন দিনকতক এখানে রহিব, সর্বাদা ভোমার সক্ষলাভে স্থবী হইব। কিছুদিনের জন্ত আমি দক্ষিণ দেশে যাইভেছি। সেতুবন্ধ পর্যান্ত যাইব; তোমাদের আশীর্বাদে ও ক্লেফর ক্রণায় শীন্তই ফিরিয়া আদিব। তুমি চিস্তাদ্র কর"। এই বিলয়া প্রত্তার্থ করিয়া সোক্ষর করিয়া এবং প্রেমালিক্ষন দানে ক্লডার্থ করিয়া সোক্ষতে ক্লান্দিতে ক্লান্থিতে তীহার চরণে নিবেদন

করিলেন ''প্রভৃ! তোমার চরণে একটা আমার নিবেদন আছে। যে কম্বদিন ভূমি এখানে থাকিবে আমার এই কুটারে ভিক্ষা করিবে''। ভক্তবংসল প্রভৃ হাসিয়া কহিলেন ''আছো তাহাই হইবে।'' সার্বভৌম ভট্টাচার্য্য প্রভুর রূপা-বাক্যে আপনাকে কুতার্থ মনে করিয়া অঅংপুরে যাইয়া যাঠির মাতাকে (তাঁহাম কয়্যার নাম যাঠি) এই শুভ সংবাদ দিলেন। নিজ গৃহে স্বহস্তে নানাবিধ উত্তম উত্তম ব্যঞ্জন ও ভোজন অব্য প্রস্তুত্ত করেয়া, স্ত্রীপুক্ষে উভয়ে মিলিয়া পাক করিয়া প্রভুকে কয়েক দিন যাবং নিত্য ভিক্ষা করাইলেন (১) এসকল লীলাকথা বিস্তারিতভাবে ঘথাস্থানে ব্রণিত হইবে।

সার্বভৌম ভট্টাচার্য্য প্রবল প্রতাণান্থিত উড়িষ্যা-প্রদেশের তাৎকালিক স্বাধীন নরপতি গন্ধপতি প্রভাপ-রুদ্রের সভাপণ্ডিত। শ্রীশ্রীন্ধগন্নাথদেবের সেবা-পরিচর্য্যা বিষয়ে তিনি রাজার প্রধান পরামর্শদাতা। প্রতাপক্ষপ্র ভক্তিমান রাজা। সাধু-সন্ম্যাসীর উপব তাঁহার প্রগাঢ় শ্রদ্ধা ও ভক্তি। সার্ধভৌম ভট্টাচার্য্যের সহিত তাঁহার বিশেষ সম্প্রীতি। তিনি তাঁহাকে গুরুত্ব্য সম্মান করেন।

মহারাজা গজপতি প্রতাপক্ষ তথন নীলাচলে ছিলেন না। প্রভূষখন শ্রীনীলাচলে শুভবিজয় করেন, সে সময় রাজা প্রতাপক্ষ যুদ্ধকার্য্যে ব্যাপৃত হইয়া দক্ষিণদেশে বিজয়নগরে গমন করিয়াছিলেন। যথ। শ্রীচৈতক্ম ভাগবতে,—

বে সময়ে ঈশ্ব আইলা নীলাচলে।
তথনে প্রতাপফলু নাহিক উৎকলে।
যুদ্ধবদে গিয়াছেন বিজয়নগবে ॥

তিনি রাজমন্ত্রীর পত্তে এবং লোকমুথে প্রভুর নীলাচলে ভভাগমন সংবাদ পাইয়াছেন। পুর্বেতিনি কথন প্রভুর

(>) ভটাচার্য আগ্রহ করি করেন নিমন্ত্রণ।
গৃহে পাক করি প্রভুকে করান হোজন।।
তাহার রাক্ষণী ভার নাম বাঠির মাতা।
রাজি ভিক্ষা দেন ভিহোঁ আক্রয় ভার কথা।। চৈঃ চঃ

নামও ভনেন নাই। শ্রীকৃষ্ণচৈত্ত্য নামধারী অপূর্ব্ব নবীনসন্নাসীর নাম ভনিবামাত্রই রাজার সর্ব্বাল বেন প্রেমরসে

সিঞ্চিত হইল। তিনি মনে মনে অভ্তপূর্ব্ব আনন্দঅহত্ব করিলেন। শীল্প যুদ্ধনাগ্য হইতে অবসর গ্রহণ
করিয়া রাজধানী অভিমূথে যাত্রা করিলেন। পথে
সার্বভৌম ভট্টাচার্য্যকে প্রভুসম্বন্ধে পত্র নিষ্বিলেন, রাজা
প্রভাপকত্ত প্রভুর মহামহিমাময় নাম ভনিয়াই তাঁহার
প্রেমে পাগল হইয়া রাজধানী কটক হইতে নীলাচলে
আসিলেন। নীলাচলে আসিয়াই একদিন গঙ্গতি মহারাজা
প্রভাপকত্ত সার্ব্বভৌম ভট্টাচার্য্যকে রাজবাটিতে ভাকাইয়া
পাঠাইয়াছিলেন। রাজা প্রভাপকত্ত ইতিপূর্ব্বে শ্রীকৃষ্ণচৈত্ত্র
নামধারী নবীন সন্ন্যাসীর কথা ভনিয়াছিলেন। তিনি
শীল্প দিশ্বদেশ যাত্রা করিবেন। ভাহাও ভনিয়াছেন।

সার্ক্সকের ভট্টাচার্য্য রাজসভায় উপস্থিত ইইলে, রাজা প্রতাপকস্ত সিংহাসন হইতে গাঁত্রোথান করিয়া, তাঁহাকে প্রণাম করিয়া দিব্যাসনে বসিতে দিলেন। সার্ক্সভৌম-ভট্টাচার্য্য রাজাকে অভিবাদন ও যথোচিত আশীর্কাদ করিয়া আসনে উপবিষ্ট হইলেন। তথন ত্ইজনে নিম্নলিখিত ক্রোপকথন ইইল।

রাজা। ভটাচার্যা। আমি শুনিয়াছি একজন মহাপ্রভাবশালী পরম কারুণিক নবীন যতীক্ত গৌড়দেশ হইতে সম্প্রতি এখানে আদিয়াছেন। আমার বড় ইচ্ছা আমি তাঁহার চরণ দর্শন করিয়া কুতার্থ হই। কি উপায়ে আমার মনোবাঞ্চা দিছ্ক হয়, আপনি ভাহা আমাকে কলুন।

সার্বভৌম। মহারাজ! এই কাষ্যটি অভীব তুর্বট।
কারণ এই অপূর্ব নবীন সন্ধাসী অভি গৃঢ়ভাবে থাকেন।
মতরাং নিজিঞ্চন ব্যক্তিগণই তাঁহার দর্শন লাভ করিতে
গারেন। তিনি শীম্মই দক্ষিণদেশ ধারা করিবেন।

রাক্ষা। পুণ্যধাম পুরুষোত্তম এক্ষেত্র ত্যাগ করিয়া, এ প্রীক্ষাপ্রদেবের চরণ ছাড়িয়া তিনি কৈন দক্ষিণদেশে যাইবেন ?

সার্কভৌম। সাধুদিগের এই খভাব যে তাঁহারা নিজবদমে গদাধর ঐভিগবানকে ধারণ করিয়া তীর্ক ষাত্রাচ্ছলে তীর্থদকলকে পৰিত্র করিয়া খাকেন। কি**ছ** ইনিত স্বয়ং ভগবান (১)।

রাজ। প্রতাপক্ত এই কথা শুনিয়া আশ্চর্যাধিত হইয়া কহিলেন "ভট্টাচার্যা! আপনি যথন কহিতেছেন তিনি শবং ভগবান তবে কেন বন্ধ পুর্বাক, তাঁহাকে এখানে রাধিকেন না?

সার্বভৌম। মহারাজ! এক্ষাদি লোকপালগদ বাহার ভাভজ মাত্রে কম্পিত হন, সেই সর্বভূতপালক শীভগবান নিজ করুণা ভিন্ন অস্তের বশীভূত হন না। তথাপি আমি সাধ্যমত, কাকুবাাদ, স্তুতিবাক্য, চরণধারণ অবশেবে প্রাণত্যাগ করিব বলিয়া বহু রোদন করিলেও তিনি নিজসকল্পাত হইলেন না। মহারাজ! বাভাবিক মহৎ ও সাধুব্যাক্তিদিগের নিগ্রহ্ও অন্থ্রহ উভ্রেই ভূল্য (২)।

মহারাজ প্রভাপরুক্ত এইকথা শুনিয়া অতিশয় উৎক্ষিত-ভাবে জিজ্ঞাসা করিলেন, "ভট্টাচাষ্ট্র! ভিনি পুনর্কার এখানে ফিরিয়া আনিবেন ত ?"

ভট্টাচার্য। তিনি এখানেই আসিবেন, কারণ তাঁহার ভজ্ঞপণ সকলেই এখানে রহিলেন। তিনি কাহাকেও সঙ্গে সাইবেন না।

রাজা। তিনি একাকী যাইবেন কেন? তাঁহার সংক উপযুক্ত লোকজন দিবেন।

রস্কাদরো লোকপালা ব্যক্তচল ভর্কিন: । বিনা অকরণা বেবীং পার্বস্তাং ন সোহইজি ॥ ভ্রমাণি—

কভি ন বিহিজং জোত্রং কারুং কতীহ ন করিত।
কভি ন রচিতং প্রাণত্যাগাদিকং জন্মপূর্নং ।
কভি ন ক্ষিতং বুখাং পাবে। তথাপি ন ক্ষিবান্।
প্রকৃতি নহজাং জুলৌ খ্যাতাম্মুগ্রহনিপ্রহে।।

बीटेक्ट कटात्मान मार्ड क

ভটাচার্য। তাঁহার সঙ্গে একটিমাত্ত বিপ্র ধাইবেন এবং তাঁহার একটি দাস যাইবে। আমি করেকটি শিষ্যকেও গুপ্তভাবে পাঠাইব। তাঁহারা গোদাবরী প্রস্তু তাঁহার সঙ্গে যাইবেন। শ্রীকৃষ্টেডক্তপ্রপ্রত্বেদ্ধ প্রস্তু ঘাইবেন।

রাজা! গোদাবরী প্যান্ত আক্ষণদিগকে কেন পাঠাইবেন, তাঁহারা দেতৃবন্ধ প্যান্ত যাইবেন না কেন ?

ভট্টাচার্য। প্রাভ্র অস্থ্যতি নাই। রামানন্দরায়ের সহিত প্রাভূ মিলিবেন। আমার বিশেষ অম্বরোধে তিনি রামানন্দরায়ের সহিত মিলিতে প্রতিশ্রত হইয়াছেন।

রাজা। রামানক্ষ রায়ের এরূপ সৌভাগ্য কি প্রকারে ইইল ?

ভট্টাচার্য্য। মহারাজ ! তিনি একজন পরম বৈশ্বব এবং ভগবস্তক। পূর্ব্বে আমরা তাঁহাকে চিনিতে না পারিয়া কত উপহাদ করিয়াছি। কিন্তু একণে ভগবানের কুপায় তাঁহার মহিমা ব্ঝিতে পারিয়াছি; তিনি একজন পরম কৃষ্ণপ্রেমিক রদিক ভক্ত। মহা ভাগবত বৈশ্বব চূড়ামণি (১)।

মহারাজ প্রতাপক্ত সার্বভৌম ভট্টাচার্য্যের এই

⁽১) তীৰ্বী কুৰ্বজি তীৰ্থানি বাজঃ হেন গছাভূতাঃ ইতি সামাল্যানামেৰ মহভামরং নিদর্গঃ অগন্ত তগৰানেৰ বরং॥ ৈচঃ চঃ নাটক।

⁽২) সাকভোষ ৷ মহারাজ ৷

^{(&}gt;) ভটাচার্য। মহারাজ স ধণু সহজ বৈক্ষো ভবতি। পুর্বময়মুখাৰস্পহাসপাঞ্মানীৎ সংগ্রি ভগবদমুগৃহে জাতে তক্সহিষ্প্রভা লো লাভা। চৈ: চঃ নাটক।

রালা। জ্লভোহতি মরায়রি যাদৃণ অস্তানুপ্রহো জাভঃ। ভট্টাচার্য। ভগবং প্রভাবোহি বতঃপ্রকানী।। চৈ: চঃ দাটক

শাশীর্কাদ-বাক্যে পরম পরিতৃষ্ট হইয়া সে দিনের মত তাঁহাকে বিদায় দিলেন। বিদায়কালে সার্ব্যভৌম ভট্টাচার্য্য মহারাজ প্রতাপক্ষত্তের নয়নে অঞ্চবিন্দু দেখিলেন। তিনি মনে মনে বলিলেন,—"মহারাজ! ইহাতেই দ্যাময় প্রভ আপনাকে উদ্ধার করিবেন। করুণাবভার শ্রীচৈতক্ত মহা-প্রভু দয়ার দাগর। তাঁহার পবিমানাম করিয়া নিজ্জনে विषया कानित्वन, जाहा हरैलारे जिनि कुला कतित्वन। কলির ভজনই রোদন। শ্রীভগবানের নামে হাদয় স্তব হইয়া যাঁহার নয়ন হইতে প্রেমাশ্রধার। বিগলিত হয়, তিনিই ভাগ্যবান। এই নয়নের জলেই অস্তর প্রকৃতভাবে শোধিত হয়, হ্রদয় নির্মাল হয়, তবে উহা এভগবানের বাসস্থানের উপযুক্ত হয়"। সার্ব্বভৌম ভট্টাচার্ঘ্য মনে মনে একথা বলিলেন। তিনি শুষ জ্ঞানী ছিলেন, — তাঁহার অন্তর ওক ছিল, হানয় কঠিন ছিল; কিন্তু কক্ষণাময় শ্রীগৌরাক প্রভুর ক্লপায় তিনি এক্ষণে কান্দিতে শিখিয়াছেন, তাঁহার নীরস হৃদয় সরস হইয়াছে। তিনি বুঝিয়াছেন এভিগবানের প্রেম কি বস্ত।

সার্বভৌম ভট্টাচার্য্য রাজ্যসভা হইতে গৃহে আদিলেন।
ভাহার পরদিন প্রভু দক্ষিণ যাত্রা করিবেন। আরু পাঁচ
দিন তিনি সার্ব্রভৌম-ভবনে ভিক্ষা করিতেছেন। পরদিন
প্রাতে প্রভু তাঁহার নিকট বিদায় চাহিলেন (১)। সার্ব্রভৌম ভট্টাচার্য্য কান্দিতে কুট্টনিতে প্রভুকে বিদায়
দিলেন। প্রভু তাঁহার হস্ত ধারণ করিয়া ভক্তগণ সঙ্গে
প্রীক্রগন্নাণ দর্শনে গেলেন। শ্রীবিগ্রহ দর্শন করিয়া প্রেমানন্দে প্রভু বিভোর হইলেন প্রেমাবেশে শ্রীমন্দিরের
প্রাক্তনেন। পুজারি ঠাকুর মালাগ্রশাদ আনিয়া প্রভুকে
দিলেন। আজ্ঞা-মালা পাইয়া প্রভু প্রেমভরে শ্রীমন্দির
প্রদক্ষিণ করিয়া দক্ষিণ দেশ বাত্রা করিলেন। তিনি সমুস্র
ভীরে ভীরে আলালনাথের পথে চলিলেন। ভক্তবৃন্দ
সকলেই সঙ্গে আছেন। সার্ব্রভৌম ভট্টাচার্য্যও গুভুর

(১) পাঁচ দিন রহি প্রভু জ্ঞাচার্য্যের স্থানে। চলিবার লাগি জাজা মাগিলা অপেনে।। চৈঃ চঃ সংক আছেন। তিনি গোপীনাথ আচার্য্যকে কহিলেন "আচার্য্য। গৃহে প্রভুর জন্ত চারিখানি কৌপীন ও বহি-র্ব্বাস রাখিয়াছি। প্রসাদও রাখিয়াছি। তুমি শীঘ্র গিয়া তাহা লইয়া আইস"। গোপীনাথ আচার্য্য সার্বভৌমের গৃহের দিকে ছুটিলেন; প্রভু ভক্তগণ সংক রুফকথা রসরকে আলালনাথের পথের দিকে চলিলেন। এই অবসরে সার্বভৌম ভট্টাচার্য্য প্রভুর চরণে একটি নিবেদন করিলেন। সেটি এই.—

রামানক রায় আছে গোদাবরী তীরে।
অধিকারী হরেন তিঁহো বিছানগরে॥ (১)
শূল বিষয়ী জানে উপেকা না করিবে।
আমার বচনে তাঁরে অবশু মিলিবে।
তোমাব সঙ্গের যোগ্য তিঁহো এক জন।
পৃথিবীতে রসিক ভক্ত নাহি তার সম॥
পাণ্ডিত্য আর ভক্তিরস হুহেঁর তিঁহো সীমা।
সম্ভাষিলে জানিবে তুমি তাঁহার মহিমা॥
অনৌকিক বাক্য চেষ্টা তাঁর না বুঝিয়া।
পরিহাস করিয়াছি তাঁরে বৈষ্ক্ব আননিয়া॥
তোমার প্রসাদে এবে জানিয় তাঁর তত্ব।
সম্ভাষিলে জানিবে তাঁর কেমন মহত্ব॥ হৈ: চঃ

প্রভূ দার্করেন ভট্টাচার্য্যকে কহিলেন "ভট্টাচার্য্য!
তুমি কুপা করিয়া আমাকে এই কথা বলিয়া দিলে ইহাতে
আমি কুতার্থ হইলাম। তোমার আশীর্কাদে আমার
রামানন্দসঙ্গ লাভ হইবে, ইহাতে আমি ধন্ত হইব"।
এইকথা বলিয়া প্রভূ তাঁহাকে গাঢ় প্রেমালিঙ্গন দামে
কুতার্থ করিয়া বলিলেন "ভট্টাচার্য্য! তুমি গৃহে বিদিয়া রুষ্ণ
ভজন কর, আর আশীর্কাদ কর বেন আমি ভোমার ফুপার
পুনরায় প্রীলীলাচল ধামে ফিরিয়া আদি" (২)। এই বলিয়া
করণাময় প্রভু তাঁহার নিকট বিদায় গ্রহণ করিলেন।
সার্ক্রভৌম ভট্টাচার্য্য মৃচ্ছিত ইইয়া ভূমিতলে পভিত

 ^{(&}gt;) বিজ্ঞানগর রাজনহেক্তি প্রদেশে অব্বিত। অধিকারী-শাসন কর্ত্তা।

⁽২) খবে কৃষ্ণ ভঞ্জি মোরে করিছ আশীর্কালে। নীলাচলে আসি বেদ ভোসার প্রসাদে। ৈচঃ চঃ

হইলেন; প্রভু আর ফিরিয়া চাহিলেন না। বহু ভজ্জ-রুদ প্রভুর সঙ্গে চলিলেন। শ্রীনিত্যানন্দপ্রভু সার্বভৌম ভট্টাচার্যকে উঠাইয়া তাঁগাকে স্কৃষ্থির করিয়া লোকসঙ্গে গৃহে পাঠাইলেন। তিনি গৌরাঙ্গ-বিরহে মৃতপ্রায় হইয়া-ছেন। তাঁহার প্রাণটি প্রভুর চরণে রাখিয়া স্বধু দেহমাত্র লইয়া গৃহে ফিরিলেন। কৌপীন, বহির্বাস এবং প্রসাদার লইয়া গোপীনাথ আচার্য্য তথন আসিতেছেন। তাঁহাকে পথে দেখিয়া সার্বভৌম ভট্টাচার্য্য কান্দিয়া আকুল হইলেন। বালকের স্থায় কান্দিতে কান্দিতে তিনি পথের ধুলায় পজ্যা গড়াগড়ি দিতে লাগিলেন। গোপীনাথ আচার্য্য তাঁহাকে সান্থনা দিয়া গৃহে পাঠাইলেন। শ্রীনিত্যানন্দ-প্রস্তুর সহিত একত্রে তিনি প্রসাদ ও বন্ত্রসহ আলালনাথে আস্বিয়া প্রভর সহিত মিলিত হইলেন।

আলালনাথকে দেখিয়া ভাবনিধি এগৌরাঙ্গ প্রভুর ভাবসিন্ধু উথলিয়া উঠিল। তিনি প্রেমানন্দে ভক্তবৃন্দ সঙ্গে এবিগ্রহের সম্থ্য বহুক্ষণ নয়নরঞ্জন নৃত্যকীর্ত্তন ক্রিলেন। তাঁধার মধুর নৃত্যভঙ্গী দেখিয়া,—

যত লোক আইসে কেহ নাহি যায় ঘর। দেখিয়া লোকের মনে হৈল চমৎকার॥ কেহ নাচে কেহ গায় শ্রীকৃষ্ণগোপাল। প্রেমেতে ভাসিল লোক স্ত্রী বৃদ্ধ যুবা বাল॥ চৈ: চ:

ব্রীনিত্যানন্দপ্রভু গৌরাঙ্গ-বিরহ্সস্তপ্ত ভক্তবৃন্দকে ভাকিয়া প্রেমানন্দে উচ্চৈঃম্বরে কহিলেন,—

"এইরূপে আগে নৃত্য হৈবে আমে আমে"।

লোক জন প্রভ্বে আর ছাড়িতে চায় না। বেলা অধিক হইল দেখিয়া শ্রীনিত্যানন্দপ্রভূ শ্রীগৌরভগধানকে লইয়া মধ্যাইকতা করিতে শ্রীমন্দিরাভান্তরে গেলেন। তাঁহার আজ্ঞায় শ্রীমন্দিরের ঘার বন্ধ হইল। প্রভূব নিজ জন সকলে তাঁহার দক্ষে রহিলেন। গোপীনাথ আচার্য্য শ্রীশ্রীজ্ঞগন্ধাথ দেবের প্রসাদান্ন দিয়া প্রভূবে দেনিন উত্তম করিয়া ভিক্ষা করাইলেন। প্রভূব অধ্রামৃত প্রসাদ সকলে বাঁটিয়া থাইলেন (১)।

এদিকে শ্রীমন্দিরের বহিদ্বারে লোকে লোকারণ্য হইয়াছে। ভীষণ লোকসংঘট্ট কেবল ঘন ঘন হরিধ্বনি করিতেছে। ইহা শুনিয়া রূপানিধি প্রভু শ্রীমন্দিরের বার খুলিতে আজ্ঞা দিলেন।

তবে মহাপ্রভু দার করাইল মোচন।
আনকে আসিয়ালোক কৈল দরশন। চৈঃ চঃ

প্রভ্ শ্রীমন্দিরের আদিনায় বদিলেন। তাঁহার সর্বাঙ্গ চন্দনচ্চিত, গলদেশে স্থানি পূপ্পমালা, প্রসর ললাটে উজ্জল তিলকরেখা শোডা পাইতেছে। প্রসন্ধ বদনে "হরেরুফ" নাম লইতেছেন,—আর মৃত্ত মধুর হাদিতেছেন। তাঁহার শ্রীঅবের কষিত কাঞ্চা-নিন্দিত বর্ণ যেন ফুটিয়া বাহির হইতেছে। তাঁহার পরিধানে অরুণ বদন। সর্বালাক তাঁহার জয়ধ্বনি করিতেছে। "লয় শ্রীকৃষ্ণ চৈতক্ত মহাপ্রভ্র জয়" শব্দে গগনমণ্ডল প্রকম্পিত হইতেছে। এই প্রকারে সেদিন সন্ধ্যা পর্যান্ত আলালনাথের শ্রীমন্দিরে বছলোক যাতায়াত করিল। সে রাত্রি প্রভ্ আলালনাথে ডক্তগণদক্ষে কৃষ্ণকথারক্ষে এবং নৃত্য কীর্ত্তনে অভিবাহিত করিলেন (১)।

পরদিন প্রাতে স্নান করিয়া প্রভু আলালনাথ হইতে
দক্ষিণ দেশ যাত্রা করিলেন। জনে জনে ভক্তগণকৈ
প্রেমালিঙ্গন দানে এবং মধুর বাব্যে তুই করিয়া বিদায়
দিলেন। প্রভুর বিরহে দকলেই মূর্চ্চিত হইয়া ভূমিতলে
পতিত হইলেন। স্বতম্ভ ঈশর শ্রীগৌরভগবান তাঁহাদিগের
প্রতি ফিরিয়াও চাহিলেন না; কিন্তু তাঁহার মনের ব্যথা
তিনিই জানেন। শ্রীভগবানের বিরহে ভক্তের বেমন
ভ্রংব, ভক্ত-বিরহে ভগবানেরও তক্রপ ভ্রংব ৮ কিন্তু তিনি
তাহা প্রকাশ করেন না। প্রভু ভক্তভুবে ভ্রথিতান্তঃকরণে ব্যাকুল হইয়া পথে ছুটিয়াছেন। তাঁহার পশ্চাৎ

 ^{(&}gt;) ছরে গোপীনাথ প্রভুকে ছিক্ষা করাইল।
 প্রভুর শেষ প্রসাদায় সবে বাঁটি থাইল।। হৈ: চঃ

⁽১) সমূত্তীর দিয়া লক্ষণ বাইতে এক্ষেত্র হইতে চারি কোপ পরে আলালনাথ গ্রাম। আলালনাথ চতুর্ক্ত বাহদেব বিগ্রহ। বন মধ্যে একটি ক্ষুত্র গ্রামে ওাঁহার মলির।

কৃষ্ণাস বহিবাস ও জলপাত্ত লাইয়া চলিয়াছেন (১)। প্রভুর সংক্ষে আর একটি ভৃত্য চলিলেন। তিনি কর্মকার গোবিন্দ দাস (২) ইহাঁর একথানি অতি প্রাচীন প্রার ছন্দে লিখিত ফ্রন্সর করচা আছে। তাহাতে প্রভুর দক্ষিণ দেশ ভ্রমণ্রভাস্ত অতি ফ্রন্সরপে বর্ণিত আছে। এই গোবিন্দ দাসের পরিচয় প্র্কে দিয়াছি। সার্ক্রেম ভট্টাচার্য্যের প্রেরিত তুইত্তন বিপ্রপ্র প্রভুর সহিত গোদাবরী তীর পর্যাস্ত গিয়াছিলেন।

প্রভ্বে বিদায় দিয়া ভক্তবুলের যেরপ অবস্থা হইল, ভাষা ভাষায় বর্ণনা করা যায় না। প্রভ্বে বিদায় দিয়া দে দিন তাঁধারা সকলেই আলালনাথে উপবাসী রহিলেন, গরদিন কান্দিতে কান্দিতে নীলাচলে ফিরিয়া আসিলেন। নীলাচল হইতে আলালনাথ বহুদ্র নহে। ভক্তবুল চারি দণ্ডের পথ তিন প্রহরে আসিলেন। তাঁধানিগের চরণ আর উঠিতেছে না। প্রভ্র বিরহে তাধারা জীবমৃত হইয়াছেন। তাঁধানিগের মন প্রাণ প্রভ্র সঙ্গে চলিয়া গিয়াছে কেবল দেহ মাত্র পড়িয়া আছে। গদাধর ও নরহি আধার নিজা ত্যাগ করিয়াছেন, জগদানল ও দামোদর পণ্ডিত মরমে মরিয়া আছেন। মুকুল আর মুখ তুলিয়া কাধারও সহিত কথা কহেন না। গোপীনাথ আচার্য্য মৌনী হইয়াছেন। সার্ব্যভার ভট্টাচার্য্যের মুথে "হা গৌরাক্ব! কি করিলে" ইহা ভিন্ন অন্ত কথা নাই। পর্মানন্দ প্রীগোসাঞি সর্ব্বদাই বলেন "কুষ্ণ! ভোমারই

(১) মুদ্ধিত হইরা সবে ভূমিতে পড়িলা।
তাহা সবা পাবে প্রভূ ফিরি না চাহিলা।।
বিচেলে ব্যাকুল প্রভূ চলিলা ত্বাবী হঞা।
পাচে কুফলাস বার বারে বল্প লঞা।। চৈঃ চঃ

(২) গঙ্গাপার, হৈরা আনগে বৈলা নিত্যাতল । শুনিরা আনালময় হৈলা গৌরচক্র ।। মুকুল দত্ত বৈভঃ লোবিল কর্মকার । মোর সক্রে আইস কাটোরা পরাপার ।। জঃ চৈঃ মঃ

এই পোৰিন্দ কর্মকার প্রভুম সঙ্গে নীলাচলে ছিলেন, এবং সেধান হইতে জাহার সহিত কৃষ্ণি দেশ অমনে যাত। করেন। ইচ্ছা"। শ্রীনিতাইচাঁদের আর সে উদাম বাল্যভাব নাই। তিনি এখন পরম গভীর হইয়াছেন। নীলাচলের সর্পত্র প্রভ্রুর বিরহানল জলিয়াছে। সদানলময় শ্রীশ্রীনীলাচলের বদনচন্দ্র মলিন বোধ ইইতেছে। চতুর্দ্দিকেই নিরানল। এই নিরানলের মধ্যে একটি আনক্দের আশা ভক্তবুলের প্রাণ রাধিয়াছে। সেটা এই— "প্রভু আবার নীলাচলে আসিবেন"। কবে যে সেই শুভ দিনটি আবার আসিবে এই ভাবিয়াই তাঁহাবা আকুল ইইয়াছেন। গৌরাল-বিরহ রূপ ঘার অন্ধকারের মধ্যে এই একটি মাত্র আশার প্রদীপ মিটিমিটি জলিতেছে; ইহাতেই ভক্তবুলের হাদ্যের অন্ধকার দূর ইইতেছে। এই আশাতেই তাঁহারা জীবন ধরিয়া রহিয়াছেন।

প্রত্ন আলালনাথ হইতে মন্ত্রসিংহ গতিতে প্রেমাবেশে
নাম সংকীর্ত্তন করিতে করিতে উন্মন্ত হইয়া চলিয়াছেন।
তাঁহাব শ্রীমুপের বাকা সক্ষ জগতপ্রাণীকে অভয় দান
করিতেছে। প্রভূর শ্রীমুপের সেই অভয় কীর্ত্তন-বাণীটি
এই,—

কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ (হ।

কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ (হ।

কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ বৃষ্ণ মান্।

কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ বাম রাঘব রাম রাঘব রাম রাঘব রাম রাঘব রাম নাঘব রুষ্ণ মান্।

কৃষ্ণ কেশ্ব কৃষ্ণ কেশ্ব কৃষ্ণ কেশ্ব পাহি মান্॥

পঞ্চম অধ্যায়।

-: *:--

প্রভুর দক্ষিণ দেশ ভ্রমণ।

নবদ্বীপে যেই শক্তি না কৈল প্রকাশে। সে শক্তি প্রকাশি নিস্তারিক দক্ষিণ দেশে। শ্রীচৈতক্ত চবিতামৃত। শীল কৃষ্ণদাস কবিরাশ গোন্থামী লিখিয়াছেন,—
নানা মত গ্রহগ্রতান্ দাক্ষিণাত্য জনবিপান।
কুপারিনা বিষ্টাতান্ গৌরশ্চক্রে চ স বৈষ্ণবান্॥
অর্থাৎ জ্ঞানী কর্মী ও পাযতীদিগের নানা মত ক্রপ
কুজীর কর্তৃক গ্রন্থ দাক্ষিণাত্যজন ক্রপ হত্তিগণকে
দেখিয়া শীগৌরাশ্চক্র কুপাচক্র দারা সেই সম্দার গ্রহ
হইতে তাহাদিগকে মোচন করিয়া বৈষ্ণব করিয়াছিলেন।

দক্ষিণ দেশবাসী নানা মডাবলম্বী লোকদিপকে জগত গুরু প্রীশীক্ষঠেড স্থা মহাপ্রাকৃ একাকী যে অভ্যুত শক্তি প্রকাশ করিয়া উপার করিয়াছিলেন, গৌড়মগুলে তাঁহার সেশক্তি প্রকাশ করিয়ার প্রয়োজন হর নাই। প্রাকৃত্র প্রাম্প্র একটিবার দর্শনমাত্রেই, তাঁহার শ্রীমুথে একটিবার মধ্র হরিনাম প্রবণ মাত্রেই দক্ষিণ দেশবাসী সর্বসম্প্রাম করিয়া থাকিতে পারেন নাই। সকলেই কৃষ্ণভক্ত পরম বৈষ্ণব হইয়াছিলেন। এসকল কথা বিভারিত করিয়া পরে বিশিব। প্রাকৃত্র শ্রীম্থের বাণী,—

সংকীর্ত্তন আরম্ভে মোহোর অবভার। উদ্ধার করিমু সর্ব্য পতিত সংসার॥ যে দৈত্য যবনে মোরে কতু নাহি মানে। এ যুগে ভারাও কান্দিবেক মোর নামে। ৰতেক অস্পুশ্ৰ হুষ্ট যবন চণ্ডাল। ন্ত্ৰী শুদ্ৰ আদি যত অধম রাথাল। হেন ভক্তি যোগ দিমু এ যুগে স্বারে। স্থর মুনি সিদ্ধ যে নিমিত্ত কাম্য করে॥ পৃথিবী পর্যান্ত যত আছে দেশ গ্রাম। সর্ব্বত সঞ্চার হইবে মোর নাম। এই ভবিষ্য বাণীর সফলতা করিবার জ্বন্তই প্রক্রের দক্ষিণ দেশ যাতা। তাঁহার উদ্দেশ্য তীর্থ ভ্রমণ মহে.—অগ্র**জ** শ্রীমিষিধরপপ্রভুর অংসধান নহে,—তাঁহার উদ্দেশ ৰীবোদার। এই কার্যাট প্রভগবানের সর্বপ্রধান কার্য এবং নিজম্ব কার্য। এই জন্মই তাঁহার নাম পতিতপাবন। দক্ষিণদেশবাসী নরনারী তৎকালে নানাবিধ ধর্মবিপ্লবে

পতিত হইয়া ঘোর অস্কলারে জীবন অভিবাহিত করিভেচিল। মায়াবাদী সন্ন্যাসীদলের কুছকে পঞ্চিরা ভক্তিমার্গ হইতে ভাহারা একেবারে বিচাত হইয়া পডিয়াছিল। আফুরিকভাবে তাহাদের হাদ্য পরিপূর্ণ হইয়াছিল। এক কথায় ভাহারা কর্মজভ হইয়া একেবারে फिक्किविशीन इरेग्राहिल। ए। शारापत अपन क्रिन इरेग्राहिल। সেই সকল লোকের কঠিন হাদয় তাব করিয়া ভক্তিপথের পথিক এবং যুগাত্বর্ত্তী ভদ্ধনোপ্যোগী করিতে হইলে সবিশেষ আয়োজনের প্রয়োজন। ভারতের সমগ্র দক্ষিণ-করিতে হইবে। দেশবাসীদিগকে উদ্ধাব আয়োজনের প্রয়োজন। কারণ ইহা সামায় কার্য্য নহে। আরু অতি অল্পকালের মধ্যে এই মহৎ কার্যাট স্থ্যসম্পন্ন করা চাই। এইজ্বল্ল পত্তিতপাবন, দয়ার অবভার করুণাসিদ্ধ স্বয়ং ভগবান শ্রীশ্রীনবদীপচন্দ্র কলিহতদীবের তর্দ্রশায় কাতর হইয়া স্বয়ং এই কঠিন কার্যাটির ভার শ্বহন্তে গ্রহণ করিলেন। শ্রীভগবান মধন স্বয়ং কোন কার্য্য করেন, তাঁহার প্রভাব স্বতম্ব, এবং তাঁহার নিড্য পরিকরবুন্দের দারা যাহা করান, তাহাব প্রভাব স্বতম। এই যে নানাধর্মাবলম্বী বছলোকপুর্ণ স্থবৃহৎ দক্ষিণদেশ উদ্ধার কার্যা,—ইহাতে নদীয়ার অবতার শ্রীশ্রীগৌরাকপ্রভুর ভগবন্তার পূর্ণ পরিচয় পাওয়া যায়,—তাঁহার অলৌকিক-শক্তির পূর্ণ প্রভাব দৃষ্ট হয়, নদীয়ার সেই আহ্মণকুমারটির অমামুষিক এবং অলোকিক লীনারক দেখিয়া বিশিত হইতে হয়। তিনি নবদীপে যে শক্তি প্রকাশ না করিয়াছিলেন, দক্ষিণদেশ উদ্ধার কার্য্যে সেই গুপ্তশক্তি প্রকাশ করিয়াছিলেন। শ্রীচৈডয়চরিতামৃতকার মথার্থই লিখিয়াছেন.—

নৰ্থীপে যে শক্তি না কৈল প্ৰকাশে।
সে শক্তি প্ৰকাশি নিন্তারিল দক্ষিণ দেশে।
কলির প্ৰচ্ছন্ন অবতারের এই প্ৰচ্ছন্নশক্তি যে কি বস্থ এবং দেই শক্তির কি অপূর্ব্ব প্রভাব তাহা পরে বলিতেছি। শুবিফুপ্রিয়াদেবী প্রস্কন্ন অবতার শ্রীগৌরভগবানের স্করণ-শক্তি। শ্রীগৌরাললীলার দেবী বিফুপ্রিয়া দাকাং প্রেমভক্তি

मृर्डिमडी छक्तित्वीरे शीत्रवक्वविनानिनी 🖣 বিফুপ্রিরাদেবী। এই সিদ্ধান্ত প্রভুর কুপাসিদ্দ পার্বদ ৰপাদ কৰিকৰ্ণপুরগোস্বামী শ্রীঅবৈতপ্রভুর শ্রীমুখ দিয়া গ্যক্ত করিয়াছেন। প্রেমভক্তিম্বরূপিণী শ্রীবিঞ্প্রিয়াদেবীর শাহায্যে প্রভুর নাম প্রেম প্রচারলীলা স্বসম্পন্ন হইয়াছিল। এসকল কথা অতি নিগৃঢ় কথা। এই পরম শুহা শীবিষ্ণুপ্রিয়াতত্ব বুঝিতে কোটীর মধ্যে একজন অধিকারী কি না সন্দেহ। প্রভুর স্ম্যাস গ্রহণের পর তাঁহার স্বরূপ-ণজির পরিপূর্ণ বিকাশ হয়। প্রেমভজিতত্ত পূর্ণত্ব প্রাপ্ত হয়, এবং প্রভুর দক্ষিণদেশোদ্ধার কার্য্যে এই পূর্ণতমা মন্ধশক্তির পূর্ণ আবির্ভাব দৃষ্ট হয়। কিরুপে, কিভাবে এই শক্তির সাহাযো প্রভু দক্ষিণদেশবাসীদিগকে বৈষ্ণব করেন, হরিনামামূত-ব্যায় সমগ্র দক্ষিণদেশ একেবারে ভাসাইয়া দেন, তাহা শ্রীচৈতক্সচরিতামুতকার অতি সরল মথ5 ফুম্পষ্টভাষায় লিখিয়া গিয়াছেন। প্রভুর অপরূপ দ্ধপ দেখিয়া, তাঁহার শ্রীমুখে একটিবার মধুর হরিনামকীর্ত্তন ভনিয়া দক্ষিণদেশবাদীদিগের কিরূপ অবস্থা ইইল ভাহা একট স্থিরভাবে প্র্যালোচনা করিলেই বুঝিতে পাবা যায় গ্রীগৌরভগবান যে শক্তির সাহায্যে এই জীবোদ্ধার কার্য্য দম্পন্ন করিলেন সেই বিশ্ববিজ্যিনী ভত্তিরূপিণী মহাশক্তির প্রভাব কতে.—সেই জগজ্জীবোদ্ধারকারিণী পরমা চমৎ-কারিণী ভক্তিরূপা মহাশক্তির মাহাল্যা কিরপ, ভাহা ক্রিরাজ-গোশামীর ভাষায় শুরুন, যথা-

আশতর্য শুনিষা লোক আইলা দেখিবারে।
প্রেক্তর রূপ প্রেম দেখি হৈলা চমৎকারে।
দর্শনে বৈষ্ণ্য হৈল বলে কৃষ্ণ হরি।
প্রেমাবেশে নাচে লোক উর্দ্ধ বাহু করি।
কৃষ্ণনাম লোকমূখে শুনি অবিরমে।
দেই লোক বৈষ্ণ্য কৈল অহা সব গ্রাম।
গ্রহমত পরম্পরায় সব দেশ বৈষ্ণ্য হৈল।
কৃষ্ণনামামৃত-বঞ্চায় দেশ ভাগাইল।

প্রস্থাপাদ কবিরাজ্বগোস্বামী ইহারও বিভারিত ব্যাখ্যা করিয়াছেন। প্রভূ যখন "কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হৈ !"
এই শোক পাঠ ও কীর্ত্তন করিয়া পথে চলেন, তখন
সর্বলোকে হরিধ্বনি করিতে করিতে তাঁহার সলে শংশ
চলে। ষ্ণা প্রীচৈতক্সচরিতামুক্ত—

এই শ্লোক পথে পড়ি চলে গৌরহরি। লোক দেখি পথে কহে বল হরি হরি ! সেই লোক প্রেমে মছ বলে হরেক্ষ। প্রভুর পাছে পাছে যায় দর্শনে সতৃষ্ণ। কতক্ষণ রহি প্রভু তারে আলিক্ষা। বিদায় করেন ভারে শক্তি সঞ্চারিয়া॥ সেইজন নিজ্ঞামে করিয়া গমন। ক্ষা বলে হাসে কান্দে নাচে অফুকণ। যাবে দেখে তাবে কহে কহ কৃষ্ণনাম। এইমত বৈফ্ব হৈল সব নিজ্ঞাম। গ্রামান্তর হৈতে দৈবে আইল যত জন। তাঁর দর্শন রূপায় হয় তাঁর সম। সেই যায় গ্রামের লোক বৈষ্ণব করায়। অন্যগ্রামী আসি তাঁরে দেখি বৈফব হয়॥ সেই যাই অন্তথামে করে উপদেশ। এইমতে বৈষ্ণ্য হৈল সব দক্ষিণ দেশ। এইমত পথে যাইতে শত শতজন। বৈষ্ণব করেন তাঁরে করি আলিক্স। যেই গ্রামে রহি ভিক্ষাকরেন যার ঘরে। সেই গ্রামের যত লোক আইদে দেখিবারে॥ প্রভর রুপায় হয় মহাভাগবত। সে স্ব আচার্য্য হৈঞা ভারিল জগত॥ এইমত কৈলা যাবৎ গেলা সেতুবদ্ধে। मर्कारम्भ देवस्थव देश्य श्रः अञ्चल मण्डल ॥

শ্রীধামবৃন্দাবনে বাদকালীন প্রভ্র মধুর লীলাকথার রসাম্বাদন করিবার জন্ম শ্রীধামবাসী ভঙ্গননিষ্ঠ বৈষ্ণবগণের সহিত ইষ্টগোষ্ঠী করিবার অধিকার ও স্থযোগ পাইয়াছিলাম। প্রভ্র কুপায় জীবাধম গ্রন্থকারের এই সৌভাগ্যলাভ ইইয়াছিল। একদিন শ্রীচৈতক্সচরিতামুত্তের নিমলিথিত প্যার শ্লোকটি লইয়া **আমাদের বিচার আরম্ভ** হইল।

শ্ৰীচৈত্তস্থলীলা হয় স্বমৃতের সিন্ধু। জগত ভাসাইতে পারে যায় এক বিস্ফু॥

এক বিন্তে কি করিয়া জগত ভাসাইতে পারে ? এই কথা লইয়া তর্ক উপস্থিত হইল। বহুক্ষণ বিচার চলিল, সকলেই নিজ নিজ ভাবাহ্যায়ী প্রমাণ প্রয়োগ দারা ব্যাইতে চেষ্টা করিলেন "খ্রীগৌরভগবানের অলৌকিক লীলায় সকলে সজব। একবিন্দু প্রেমে জগত ভাসান খ্রীভগবানের পক্ষে কিছু অসন্তব কার্য্য নহে। তাঁহার অলৌকিক লীলায় স্দৃঢ় বিশ্বাস থাকা চাই।"

অলৌকিক লীলায় খার না হয় বিশাস। ইহলোক প্রলোক তার হয় নাশ।

এই সকল কথার বিচার ও বিশ্লেষণ হওয়ার পর আমার পরম এত্রের বন্ধবর বৈফবশাস্ত্রে স্থপত্তিত শ্রীকৃষ্ণ-পদ দাস বাবাজী মহাশয় প্রভার এই দক্ষিণ দেশোলার-লীলা কথাটি উত্থাপন করিলেন। তিনি বরাইয়া দিলেন প্রভুর শ্রীমুখনিংস্ত মধুর হরিনাম ও ক্লফনাম একটিবার মাত্র শুনিয়া যেমন দক্ষিণ দেশবাসী লোকসকল অপুর্ব বৈষ্ণবত্ব প্রাপ্ত হইয়া সেই নামত্রন্ধ জন হইতে জনান্তরে. গ্রাম হইতে গ্রামান্তরে, দেশ হইতে দেশান্তরে প্রচার করিয়া সমগ্র দক্ষিণ দেশবাদী পতিত পাষ্ঠীকে বৈষ্ণব করিয়াছিলেন (১) সেইরূপ শ্রীগোরাশ-লীলামুতদিদ্ধর এক বিন্দুর স্পর্শে সমগ্র জগত ব্রহ্মাঞ্চ একেবারে ভাসিয়া যাইতে পারে। আমরা সকলে উক্ত বাবাজী মহাশয়ের এই ব্যাখ্যাই সমীচীন বলিয়া স্বীকার করিলাম। ইহাতে वां भारति प्रता वर्ष वानम इहेल। श्रीरात्रेडशवानरक যিনি ভদ্দনা করেন, তাঁহার নাম রূপ গুণ ও লীলারসাম্বাদন যিনি করেন, তিনি তাঁহার প্রতি কুপাকটাক্ষ করেন। তাঁহার রুপাবলেই এই সকল অলোকিক লীলারহন্ত

সাধক ভক্ত হৃদয়সম করিতে পারেন। অন্ত লোকের এই সকল লীলারহস্ত প্রসক্তে প্রবেশাধিকার নাই।

প্রভূ দক্ষিণ বাজা করিয়া প্রথমে কৃশ্বক্ষেত্র ভীর্থে আসিয়া উপস্থিত হইলেন (১) এই স্থানে কুর্মদেবের শ্ৰীৰিগ্ৰহ আছেন। এখানে বছলোকের বাস। প্ৰাকৃ কুর্ম্মদেবকে যথাবিধি প্রণাম ও স্তবস্থতি করিয়া প্রেমাবেশে সেই স্থানে বছক্ষণ নৃত্যকীর্ত্তন করিলেন (২)। সেখানে বছ লোকসংঘট্ট হইল। প্রভুর অপেরপ রপরাশি দেখিয়া লোকে চমৎকৃত হইল। তাহারা কখন এত রূপের মাতৃষ পুর্বে দেখে নাই। প্রভুর অপূর্বে প্রেমন্তা দেখিয়া এবং তাঁহার জীমুখের মধর হরি সংস্কীর্ত্তন শুনিয়া তাহারা প্রেমোরত হইল। এই বাহু উর্দ্ধে তুলিয়া "হরি হরি" বলিয়া তাহারাও প্রভুর দক্ষে নৃত্য করিতে আরম্ভ করিল। করুণাময় শ্রীগৌরভগবান তাহাদিগের প্রতি শুভুরুষ্টপাত করিলেন। কুর্মাদেবের সেবকরুন্দ প্রভুর বহু সন্মান করিলেন। সেই গ্রামে কর্ম নামক এক বৈদিক ব্রাহ্মণ বাদ করিতেন। তিনি পরম ভাগবত ছিলেন। অতিশয় সম্মান ও শ্রদ্ধা সহকারে তিনি প্রভুকে নিমন্ত্রণ করিয়। নিজগুহে ভিক্ষা করাইলেন। ভক্তবশী শ্রীগৌরভগবান চিরদিন ভক্তির বশ। অবপট ভক্তিপুর্বাক তাঁহাকে

চৈ: চ: মফুভাব্য।

 ^{(&}gt;) দৃষ্ট্রা চিয়ং তংস নিজাবতায়ং পুনন মস্ত্রতা কৃত্তা কৃত্তয়:।
 তৎকর্মমাধ্যন্দিনমস্তমানং চকার শিক্ষাগুরুতায়ুলেতঃ।
 ঐতিত্তল্লেডায়য় মহাকাবা।

⁽১) কৃষিয়ান বেলল নাগপুর রেলের গঞ্জান জেলার চিকাকোল রোড রেলটেসন হইতে জাট মাইল পূর্বে। ছথার শ্রীভগবানের কৃষ্মুন্তি বিরাজমান আছেন। প্রপন্নামৃতে কথিত আছে, শ্রীরামামৃত্ত বে কালে একাদশ শক শতান্দীতে কৃষ্যিচলে লগনাথদেব কর্তৃক নিশিশ্ব হন, তখন এই কৃষ্মুন্তিকে শিবমুন্তি জানে তৎকালে তিনি উপবাদ ক্রেন, পরে বিজুমুন্তি জানিয়া কৃষ্যদেবের দেবা প্রভাশ করেন।

⁽৩) মন্তদিংছ আর প্রভু করিলা সমন। প্রেমাবেশে বার করি নাম স্কার্ত্তন এই লোক পথে পড়ি চলিলা পৌরছরি। লোক দেখি পথে কছে বল হরিছরি সেই লোক প্রেমে মন্ত বলে ছরি কুঞ। প্রভুর পাছে সঙ্গে বার দর্শন সভ্কার কভাপে রহি প্রভু তারে আলিসিয়া। বিধার করিল তাছে শক্তি স্কারিয়া সেই অন নিজ্পাবে করিয়া সমন। কুঞ্বোলে ছাসে কান্দে নাচে অক্সকণ। বারে দেখে তারে কছে কছ কুঞ্নাম।এইমত বৈশ্ব কৈল সব নিজ্পাম।

ডাকিলেই ভিনি পরমানন্দে ভক্তগৃহে গমন করেন।
ভক্তবিপ্র কৃষ্ প্রভুকে নিজগৃহে লইয়া গিয়া ভক্তিপূর্বক
মহন্তে তাঁহার শ্রীচরণকমলমূগল ধৌত করিয়া দিলেন (১)
প্রভুর পাদোদক সগোষ্ঠী পান করিয়া ক্বতার্থ হইলেন।
পাদধৌত করাইয়া দিব্যাসনে প্রভুকে উপবেশন করাইয়া
কৃষ্ কর্যোড়ে এইরূপে আত্মনিবেদন করিলেন—

যেই পাদপদ্ম তোমার একা। ধ্যান করে।
সেই পাদপদ্ম দাক্ষাৎ আইল মোর ঘরে॥
মোর ভাগ্যের সীমা না বায় কথন।
আজি মোর শ্লাঘ্য হইল জন্ম কুলধর্ম॥ চৈ: চ:

প্রভূ এই পরম ভাগ্যবান বিপ্রগৃহে আতিথ্য স্বীকার করিলেন। আদাণ অতিশয় শ্রন্ধান্তকি সহকাবে প্রভূকে ভিকা করাইয়া সগোষ্ঠী তাঁহার অধরায়ত প্রসাদায় ভোজন করিয়া কতার্থ ইলেন (২)। প্রভূ যথন বিদায় লইয়া সেথান হইছে চলিলেন, তথন সেই ভাগ্যবান বিপ্রকাশিতে কাঁন্দিতে তাঁহার চরণভলে নিপ্তিত হইয়া কহিলেন,—

"রুপা কর প্রান্ত মোরে ঘাও তোমা সজে।
সহিতে না পারোঁ ছঃথ বিষয়-তরক্ষে।" ৈটঃ চঃ
প্রান্ত রুপায় এই বিপ্রের মনে তৎক্ষণাং বিষয়বৈরাগ্য উপস্থিত হইয়াছে, তাঁহার সংসার বন্ধন ছিল্ল
হইয়াছে। তাই প্রভ্র চরণে ধরিয়া এইরূপ আত্মানিবেদন করিতে পারিলেন। শ্রীভগবানের সাক্ষাৎ দর্শনলাভে ঘদি এইরূপ সোভাগ্যোদয় না হইবে তবে আর
কিসে হইবে ৪ ক্যুপাসিদ্ধ বিপ্র প্রভ্র সঙ্গে যাইতে
চাহিলেন। আর তাঁহার ভিলার্ধকালও সংসারে মন

(১) স কুশ্বনাম। ছিলপুশ্বাত্যো বাহ থাকাৰ্জিক প্ৰাপ্তঃ।
 বিষ্তাপাদৌ বগৃহং নিনার প্ৰকালরামান চ তৌ পরে। ভিঃ।
 শিক্তজ্পচরিত কাব্য।

(২) ংরে আদি প্রভুর কৈল পদ প্রকালন। সেই জল সবংশ সহিত করিল ভক্ষণ।। খনেক প্রকারে রেহে ভিকা করাইল। গোসাঞির শেষায় সবংশে থাইল।। চৈঃ চঃ তিষ্ঠিতেছে না, তাহার মন গৃহসংশার ছাড়িয়া প্রভুর সংক্ষ যাইতে চাহিতেছে। গৃহত্যাগের কথা শুনিয়া ধর্ম-রক্ষক প্রভু বিপ্রকে উপদেশ দিলেন; যথা শ্রীচৈতক্স চরিতামৃতে—

প্রভু কহে ঐছে বাত কভু না কহিবা।

থূহৈ ব্রহি ক্বফনাম নিরস্তর নিবা।

যারে দেখ তারে কর ক্বফ উপদেশ।

আমার আজায় গুরু হঞা তার এই দেশ॥(১)
কভু না বানিবে তোমায় বিবয় তরঙ্গ।
পুনরপি এই ঠাই পাবে মোর সঙ্গ॥

এই গৃহস্থ বিপ্রকে প্রভু প্রকৃত গার্হস্থাংশ উপদেশ
দিলেন। বাঁহারা মনে করেন গৃহত্যাগেই প্রকৃত ধর্মাচরণ
দিল হয়, তাঁহারা প্রভুর এই উপদেশ স্মরণ রাখিবেন।
প্রভুব কুপায় এই ভাগাবান বিপ্র স্বাচার্য উপাধি লাভ
করিয়া কৃষ্ণ উপদেশ দিয়া বহু শিষ্য প্রশিষ্য করিলেন।
তাঁহার এবং তাঁহার শিষ্যের ঘারা দেই দেশ উদ্ধার হইল।
কবিরাক গোস্বামী লিখিয়াছেন.—

এই মত যার ঘবে করে প্রাভূ ভিক্ষা।
সেই ঐছে কহে তারে করায় এই শিক্ষা।
পথে যাইতে দেবালয়ে রহে যেই গ্রামে।
যার ঘরে ভিক্ষা করে সেই মহাজনে।
কুর্মে যৈতে রীভি তৈতে কৈল সর্কা ঠাঞি।

নীলাচলে পুন: যাবং না আইলা গোদাঞি । চৈ: চঃ
এইভাবে প্রভু দক্ষিণদেশে মোহান্ত গুক্রবংশ সৃষ্টি করিয়া
আদিয়াছিলেন। তাহার দাক্ষাৎ কুপাপ্রাপ্ত মহাক্ষনপণ

 ⁽২) বে সকল গৌরাক ভক্ত সর্বধর্ম পরিত্যাগ করির। একাস্তভাবে

ক্রীগৌরাক চরণ আশ্র করিয়া উহার দেবা করিতে কুতসংকর হন, বরং
ভগবান পরম নারায়ণ তাঁহাকিগের দেবা থীকার করিয়া এইরূপ , শিক্ষাই
দেন । গৃহবাস উৎকট শুক্তন নহে। গৃহবাদে ভগবতদেবাবৃদ্ধি
অধিকতর বলবতী হয়, এবং শিবাদি অমুগত জনের দীক্ষা শিক্ষাদি
কার্ব্যে সহায়তা করে। গৃহবাদে, ভক্তন বিল্ল হয়, শিব্য না করা, প্রভৃতি
ক্রেনাভিমান দুর করিয়া ওদ্ধ গৌরাক্ষাসগণ প্রভুর এই অমুল্য উপদেশ
স্বেশ রাধিবেন। গৃহত্ব ক্ষেবগণ প্রভুর বড় প্রিয়, ঠাকুর নরোত্তম বলিরাছিলেন,—

[&]quot;গৃহস্থ বৈশ্বের কথা শুনরে পামর। পল্পুশা ভালে বেন জলের উপর।।

আচার্যারূপে বিশুদ্ধ বৈষ্ণবধর্ম দক্ষিণ দেশে প্রচার করিয়া-ছিলেন। কিন্ধ কাহারও নিকট তিনি আতা পরিচয় व्यमान करत्र नाहे। विश्व कृष्यक विभाव मिया श्रञ् চলিলেন। कीम्रफ्त यारेमा প্রভু পুনরাম ফিরিলেন। कात्रन এই ভাগ্যবান विश्व कृत्मंत्र ग्रुट्ट वाश्वरति नामक একটি গলিত কুঠবোগগ্রন্থ আক্ষণ প্রভুর অফুদ্রানে অতি কটে নীলাচল হইতে এই দুর দেশে আদিয়া উপস্থিত হইয়াছেন: তিনি আসিয়াই ওনিলেন শ্রীশ্রীনবদীপচন্দ্র কুৰ্ম গ্ৰাম হইতে চলিয়া গিয়াছেন। ইহা ওনিয়া কুষ্ঠ বোগগ্ৰন্থ আহ্মণ মৃত্যিত হইয়া ভূমিতলে নিণ্তিত অমুর্ব্যামী শ্রীগৌরভগবান ভক্তবৎসল এই বিপ্রের মনোত্বংথ জানিতে পারিয়াই পুনরায় কুর্মগ্রামে ফিরিয়া আদিলেন। প্রভুর পুনর্কার ভূভাগমন দেখিয়া বিপ্র কৃষ্ আনন্দণাগরে মগ্ন হইলেন। ইহাকেই বলে অযাচিত কুপা।

এই গলিত কুষ্ঠগ্রন্থ বিশ্বের বিবরণ শ্রীচৈতন্মচরিতামতে এইরূপ দিখিত স্মাছে—

বাহ্নদেব নাম এক ছিজ মহাশয়।
সর্বাবে গলিতকুঠ তাতে কীড়াময়।
অক হৈতে যেই কীড়া ধনিয়া পড়য়।
উঠাইয়া সেই কীড়া রাখে সেই ঠাই।
স্থাজিতে শুনিলা ভিহো গোলাঞির আগমন।
দেখিবারে আইলা প্রভাতে কুর্মের ভবন॥

এই যে ঝান্ধণ কুঠরোগগ্রন্ত হইয়াছেন, ইহা তাঁহার পূর্ব্বন্ধনের কর্মকলে। ইনি একজন মহাশয় ব্যক্তি। কবিরাজগোন্ধামী এই বিপ্রকে "মহাশয়" আথাা দিয়াছেন। ইহার কারণ আছে,—গলিতকুঠব্যাধিতে ইনি আক্রান্ত হইয়াছেন, সর্ব্বান্দ ইহার কতময়। সেই কতের মধ্যে ২ অসংখ্য কীট হইয়াছে। যখন তাঁহার শরীর হইতে কীটগুলি ভূমিছলে শভিত হয়, তখন এই মহাত্মা জীব-হিংসাডয়ে তাঁহাদিগকে উঠাইয়া পুনরায় নিজদেহের কত-ত্মানে স্থাপনকরেন,—নিজদেহের রক্তমাংস দিয়া ইহাদিগকে পোষণ করেন। ইহাদিগের দংশন কইকে তিনি কঠ বলিয়া

মনে করেন না। শ্রীগৌরভগবান এই মহাপুরুষকে এই খণেই কুপা করিলেন। দরাময় প্রাকৃ পুনরায় কুর্মাগৃহে ফিরিয়া আাসিয়াই একেবারে তাঁহার হ্বকোমল-বাহ্যুগল মারা এই মহাভাগ্যবান বিপ্রকে গাঢ় প্রেমালিকন দান করিলেন। শ্রীভগবানের শ্রীশ্রক ম্পর্শে বিপ্র তৎক্ষণাৎ দিব্য দেহপ্রাপ্ত হইলেন, এবং সঙ্গে সংক্ষেতিত হইরা নিয়লিগিত শ্রীমন্ত্রাগবভের শ্লোক পাঠ করিয়া তাঁহার স্তব করিলেন (১)।

কাহং দরিত্রং পাপীয়ান্ ক রুঞ্চ: শ্রীনিকেতন: १
ব্রহ্মবন্ধুরিতিস্মাহং বাছভ্যাং পরিরভিত: (২) ॥
তথাত্তে এই ভাগ্যবান বিপ্র কান্দিতে কান্দিতে
প্রভুর চরণে কিরপ দৈল্পপূর্ণ আত্মনিবেদন করিলেন, ভাহা
ভুহন। বাহুদেব কর্যোড়ে কহিলেন,—

————"শুন দ্যাম্য।
জীবে এই গুণ নাহি,— তোমাতেই হয়।
মোরে দেখি মোর গদ্ধে প্লায় পামর।
হেন মোরে প্রশি তুমি স্বতম্ম ঈশ্বর।
কিন্তু আছিলাম ভাল অধম হইয়া।
এবে অহঙ্কার মোর জন্মিবে আসিয়া। চৈঃ চঃ
বাস্থনেরের শেষকথাটি প্রকৃত বৈঞ্বের কথা, বড়

- (১) বিজেন শ্বন্ধনদক্ষান্ত মহাশ্রোহনৌ স্মহাত্রোছণি। তৎকুর্ম নামে। বিজপুক্বত জগাম গেহং মহিভাস্ভাব: ।। গলা চ পঞ্চল মহাশহার ভগৈ সমন্তং ক্রণানান্দ্পত্য ধীর:। নোপ্যেভ্যুতে স্মহাশহার ভগৈ সমন্তং করণালয়ত ।। ইটের দের: সম্বাদ ভিকাং চকার মাদৃত্য করোবকুপাক। যন্ত্যাগিষ্য: ক্রমান শীলং তদাবলোক্যা ইটের নামং ।। নিশ্ম্য সোহর: সকলং মহাস্থা গলঃ স ইত্যাকুল্যেব ভূমো। প্রশাত মৃত্রে মিধ্বম্য তল নির্ভ্যু ভূম: প্রভ্রাল্পাম। আগত্য দোর্ভাং পরিরভা বিপ্রং ক্টেঃ: সমং মোহম্পাচকার। স্তেভ্যাং চারভ্রাং তত্ক প্রাণ্যান্যতং শৃত্র্বিশেক: ॥
- (২) লোকার্থ। ক্রদানা বিপ্র জীকুককে কহিলেন "আছা। কোথার আমি এই নীচ দরিজ, আর কোথার সেই জীনিকেডন জীকুক। আদি ব্যাবস্থাবা তিনি আনাকে বাত্বারা আলিকন করিলেন।

শ্ৰী চৈত্ত ক্লচরিত গহাকাবা।

মধুর। উত্তম দেহপ্রাপ্তে তাঁহাব মনে দেহাভিমান জ্বনিবে এই ভয়েই ভক্তবর বাস্থদেব অভির ইইলেন। ভক্ত শরীরের ব্যাধিকে ভদ করেন না। দেহ অভিমানের সামগ্রী, স্থানর দেহ, কম্যীয়কান্তি, স্থার্কা, এদকলকে ভক্তগণ অভিমানের ঝুলি মনে করেন; কিন্তু ক্রপানিধিগ্রন্থ ভক্তের মনোভাব বৃঝিদাই হাসিয়া উত্তর ক্রিলেন,—

অচিরাতে রুফ তোমা করিবেন অদীকার।" চৈ: চ:
এই কথা বলিয়াই প্রভু দে স্থান হইতে পুনরায় চলিলেন। কুর্ম ও বাস্থানেব হই ব্রাক্ষণে মিলিয়া প্রভুর রূপ
গুণ স্মরণ করিয়া গলা জড়াজড়ি করিয়া উচ্চে: বরে
কান্দিতে লাগিলেন (১)। প্রভুবিরহে হুই জনেই বিশেষ
কাতর হইলেন। কুর্চ রোগগ্রন্থ বাস্থানেব বিপকে এই
রূপে উদ্ধাব করিয়া প্রভুর নাম হইল "বাস্থানেবামৃত পদ"।
দক্ষিণ যাত্রায় প্রভুর প্রথম কার্গ্য কুর্মানেব দর্শন আর বাস্থদেবোদ্ধার। কবিরাজ গোস্থামী শ্রীপৌরাস্প্রভুর এই
অপুর্ব নীলাকথা উদ্ধেশ করিয়া তাঁহাকে ন্তব করিয়াছেন,—

श्काः তং নৌমি চৈতক্তং বাস্থাবং দয়াজ্বণী:। নাষ্ট্রকাঃ রূপপুষ্টং ভক্তিপুষ্টং চকার য়:॥

এই লীল। রক্ষটিতে প্রস্থা কিছু এখর্য্য দেখাইলেন।
তিনি কুষ্ঠ গাণি গ্রন্থ বিপ্র বাস্থদেবকে দিবা দেহ দান
করিলেন, ইহা অলৌকিক লীলা হইলেও আশ্চর্যের বিষয়
কিছুই নহে। কাবণ বোগীগণও যোগবলে এরূপ অধ্যত কার্য্য করিতে পারেন; কিন্তু প্রস্থালিত কুষ্ঠ গ্রন্থ রোগীকে নিজ বংক্ষ ধারণ করিয়া আলিক্ষন দান করিলেন, ইহাতে ব্যাধিকিষ্ট জীবের প্রতি গ্রাহার অপার
দ্যার পূর্ণ পরিচয় পাওয়া গেল। মাহুষে ইহা করিতে

পারে না। যোগাগণও এরপ করেন না। বাস্থদেবের মৃধ দিয়া প্রভূ এই কথা বলাইয়াছিলেন (১)। মহারাজ গজণতি প্রতাপরুদ্ধ প্রভূর এই অপূর্ব লীলাকণাটি শুনিয়া সার্বভৌম ভট্টাচার্যাকে কহিয়াছিলেন,—
'ভট্টাচার্যা! যথার্থই ইনি ঈশর। নতুনা জীবগণের প্রতি
তাঁহার এত করুণা কেন ? তিনি ন্ট বোগ দ্ব করিয়াক্ছেন, ইহা বিছু আক্রেণের বিষয় নহে, যেহেতু যোগাগণও
ইহা করিতে পারেন; কিন্তু কুট রোগগ্রন্থ বিজকে আলিজন
করিয়াছেন ইহাই পরম বিস্মান্তর কথা। (২)

পথে প্রভূ চলিয়াছেন; তাঁধার সঙ্গে রুঞ্চনাস এবং গোবিন্দ। প্রভূর শ্রীবদনে কেবল,—

कुक कुक जब कुक (र कुक कुक जब कुक का कि है। कुक कुक जब कुक (र कुक कुक जब कुक लोह नै:॥

বজ্ঞগন্তীর মেঘনানে প্রত্ নিরম্বর এই শ্লোক পাঠ
করিতে করিতে পথে নৃত্যাবেশে চলিয়াছেন। ঘাঁহার কর্শে
প্রভুর এই প্রীবননিংস্ত মধুর কুফনাম প্রবেশ করিতেছে
তাঁহারই মনপ্রাণ ও চিত্ত অপন্ধত হইতেছে (৩)। তিনিই
প্রভুর নিকট কুফনাম উপদেশ পাইঘা কুপাসিক সাধুপ্দ
বাচ্য হইতেছেন। তাঁহার দ্বারা অক্যাক্স বহুলোক উদ্ধার
হইতেছে।

এইরূপে দক্ষিণ দেশবাদী দর্কা জীবকে উদ্ধার করিতে করিতে প্রভু জিম্বড় নৃদিংহ ক্ষেত্রে (৪) আদিয়া উপস্থিত

- বৃহ প্ততি করে করে শুন দয়ায়য়।
 জীবে এই গুণ নাহি ভোষাতেই হয়।।তৈঃ চঃ
- (২) রাজা। ভটাচার্যা । সভাসেবারমাবর: অভ্যথা ঈপুক্রণা জীবস্থ ন ঘটতে কুঠহারিছয় বোগীল্রস্তাপি সংগচহতে । চৈঃ চঃ নাটক।
 - (৩) ইথারসুদ বিক্ষর স্বর লিগা মুগা বচনামূতল বৈ:।

 আবাদয়ন অভতিষতাং আপ্তিৰলং চিত্তমপাপত্রণ সাঞ্জিমি বান্।

 চৈ: চ: নাট্ৰা।
- (s) জিল্প নৃষ্ণিংহ ক্ষেত্র । ভিজিপাপটন বা বিশাখাপতাৰের নিকট নোইল মধ্যে সিংহাচল নামক ছান । এথানে রেলওয়ে ষ্টেশন আছে। নৃষ্ণিংহদেবের শ্রীমন্দির পর্বতের উচ্চ প্রদেশ । বিজ্ঞান মৃত্তি আলোকে এবং মূল নৃষ্ণিংহ মূর্তি মন্দিরাভাগতের বিরাজমান । রামান্দ্র স্প্রেশারের বৈক্ষপণ এই নৃষ্ণিংহদেবের সেবাইত ।

⁽১) এতেক কহিয়া প্রস্তু কৈল অন্তর্জানে।
ছুই ৰিপ্র গলাগলি কালে প্রস্তুর গুণে।।
ৰাম্বদেৰোদ্ধার এই কহিল আখ্যান।
ৰাম্বদেৰায়ত পদ হৈল প্রস্তুর নাম।। ১১: ১ঃ

হইলেন। এথানে আসিয়া তিনি নৃসিংহদেবকে দণ্ডবত স্ততিনতি করিয়া বহুক্ণ প্রেমানন্দে নৃত্যকীর্ত্তন করি-লেন। আজাত্মলম্বিত শ্রীভূজ্যুগল উর্ফে উত্তোলন করিয়া তিনি নৃসিংহদেবের স্তব করিলেন,—

উগ্রোহপ্যন্ত্র এবায়ং স্বভক্তানাং নৃকেশরী।
কেশরীব স্বপোতানামন্তোষামূগ্রবিক্রম: ॥ ভাগবত।
শ্রীনৃসিংহ জয় নৃসিংহ জয় জয় নৃসিংহ।
প্রহলাদেশ। জয় পদামুধ পদাভৃত্ব ॥

নুসিংহদেবের দেবকরুক্ত প্রভুর গলদেকে মালাপ্রসাদ পরাইয়া দিলেন। এক সৌভাগ্যবান্ বিপ্র তাঁহাকে ভিক্ষা করাইলেন। সে রাত্তিতে প্রভু দেখানে রহিলেন। মুসিংছ দেবের সেবকরুল প্রভুকে বেষ্টন করিয়া বসিলেন। গোবিন্দ ও কৃষ্ণদাস তাঁহার সঙ্গেই আছে। প্রেমাবেশে এছ জীয়ড়নৃসিংহদেবের পুর্বকাহিনী সকল বলিতে লাগি-লেন। এই ভক্তি কাহিনীর বক্তা স্বয়ং ভগবান শ্রীপৌরাস্ক-হুন্দর, আব শ্রোতা নৃসিংহদেবের দেবকরুন্দ (১)। প্রভূ কাহিনী বলিতে আরম্ভ করিলেন আর খ্রোতাবর্গ নিবিষ্ট-চিত্তে শুনিতে লাগিলেন। প্রভূ হাসিয়া কহিলেন,—"এই গ্রামে পূর্বকালে পঁড়া নামে এক গোপ বাস করিত। ভাহার জাতি ব্যবসা ছিল কৃষিকশ্ব। ভাহার গৃহের নিকট একখণ্ড ভূমিতে স্সার চাষ করিয়াছিল। সেই ক্ষেত্রে পর্যাপ্ত পরিমানে সদা উৎপন্ন ইইয়াছিল। পুঁড়া রাতি দিন আহার নিজা বন্ধ করিয়া তাহার ক্ষেতের স্পা রক্ষা করিত। গ্রে যাইবার আর অবসর পায় না। কাহার উপর রক্ষণাবেক্ষণের ভার দিয়া সে গৃহে ঘাইতে পারে, এই চিস্তায় ব্যাকুল হইল। কারণ গৃহে তাহার चन्नान কাজকর্মও আছে। একদিন মনে মনে বিচার করিল এই কার্য্যের ভার শ্রীকৃষ্ণকে দিব। এই বলিয়া পুঁড়া শ্রীকৃষ্ণ ভগবানের নাম ধরিয়া ভাকিয়া কহিল "হে

(>) গ্ৰন্থ হইল পূৰ্ব্ব ব্ৰহস্ত-কাহিনী।
প্ৰেনাৰ বিহল কথা কহনে আপনি।।
শুন শুন দৰ্চলোক ব্ৰহস্ত আনন্দ।
বেদ মতে অবভার জীনড় নুনিংহ।। চৈঃ মঃ

কৃষণ! তুমি আমার এই স্পার ক্ষেত্ত রক্ষা করিবে। তোমার নামে আমি বৈষ্ণবিদিগকে কিছু ফল দিব"। এই রুপে জীকুন্ফের উপর ভার দিয়া ক্ষেত্রজামী নিশ্চিন্ত আছে; একদিন পুঁড়া ক্ষেত্তে আসিয়া দেখিল কিসে তাহার ক্ষেত্রের স্পা থাইয়া গিয়াছে। ইহাতে তাহার মনে বড় হংশ হইল। সে তথন জীকুষ্ণকে তাকিয়া কহিল ''কৃষ্ণ! তুমি থন্দ মোর সব নষ্ট কৈলা''। এই বলিয়া সে কান্দিতে লাগিল। কান্দিতে কান্দিতে পুনরায় কহিল,—

—————"ওন নারায়ণ।

কে মোর খাইল থকা দেখিব নয়ন''।। চৈ: ম:

এই বলিয়া দে ভাহার পর্বক্টীরে দমন্ত রাত্রি জাগিয়া রহিল। তিন প্রহর রাত্তিতে দে দেখিল, এক প্রকাণ্ড ব্রাহ আদিয়া তাহার ক্ষেত্রে গাছ পাতা ছিছিতে লাগিল এবং ফ**ল খাইতে** লাগিল। ইহা দেখিয়া পু^{*}ডা তাহার ধ্মুকে বাণ দিয়া লক্ষ্য করিয়া তাহাকে বাণবিদ্ধ করিল। বরাহ বাণবিদ্ধ হইবা মাত্র "রাম রাম" শব্দ ক্রিয়া কাতর ডাকে পর্বত গহারে প্রবেশ করিল। পুঁড়া এই প্তর মূপে রাম নাম তানিয়া বিস্মিত হইয়া মনে করিল ''ইহা ভ বরাহ নহে, ইনিই সেই ভগবান"। এই ভাবিয়। তাহার মনে অবতায়ত হংধ হইল। সে সেই পর্বত গহবরের নিকট গিয়া তিন দিন উপবাস করিয়া পড়িয়া রহিল। কেবল দে বলে "কে তুমি ? কে তুমি"। কিছ কোন উত্তর না পাইয়া বড় কাতর হইল। তথন ভক্ত বংসল শ্রীভগবানের মনে দয়ার উদ্রেক হইল। তিনি আকাশবাণী দারা কহিলেন ''আমিই ভগবান! তোমার ক্ষেত্রফল নষ্ট করিয়াছিলাম বলিয়া তুমি আমাকে বাণ-বিদ্ধ করিয়াছিলে। তাহাতে কোন চিন্তা নাই। তুমি গৃহে আগমন কর" (১)। পুঁড়াভক্ত। শ্রীভগবানের এই কথা ভনিয়া তাহার মনে দারুণ ব্যথা লাগিল। সে অধিক-

⁽২) বরা উপজিল প্রভু করণ নিধান। আকাশে কছেন কথা আমি ভগবান।। আমারে মারিলি ভোর কৈরু অপচর। চিন্তানা করিছবাছ আপন আলর।। চৈঃ মঃ

তর কাতর হইয়া মনে মনে স্থির করিল "আমি বড় পাপী। আমি ভগবানকে বাণবিদ্ধ করিয়াছি। আর এ পাপদেহ রাখিব না। উপবাস করিয়া গ্রাণত্যাগ করিব।"

"উপবাদে উপবাদে দিমু কলেবর"।
এই বলিয়া দে সেই নির্জ্জন পর্বত-গহরের অনাহারে
পিড়িয়া রহিল। সে অনেক উপবাদ করিল। তাহার দেহ
ক্ষীণ হইল। এই রূপে কয়েকদিন গেল। হঠাৎ পুনরায
দৈববাণী ভূনিতে গাইল,—

"কেন বে অবোধ পুঁড়া মব অকারণ।
অপরাধ নাহি যাহ আপন ভবন "" চৈ: ম:
পুঁড়া কান্দিতে কান্দিতে উত্তর করিল,—
"তোমারে মারিলুঁ বাণ কি কাজ জীবনে ?
মরিলেহ নাহি ঘুচে এ দোয আমার।
এ দোষ উচিত হয় যমের প্রহার।
তদ্ধ হৈব আর আমি কোন প্রতিকারে।
সবে একমাত্র বাণ মারিল ভোমারে॥
এ কোমল গায়ে ভোর ব্যথা এত দিল।
ধিক্ ধিক্ প্রাণ মোর তোমারে কহিল।
মোর পিতৃলোক প্রভু গেল নরকেরে।
আর লোক নবক যাবে দেখিবে বে মোরে।" চৈ: ম:
ভক্তবংসল শ্রীভগবান হু:পার্ল্ড ভক্তেব মনব্যথা ব্রিয়া
পুনরায় দৈববাণী ঘারা উত্তর দিলেন,—

"নাহি অপরাধ তুষ্ট হইল অপাব।
পূর্বজন্মে যত অপরাধ কৈলে তুমি।
এহো কালে তোর পাপ দব লৈলাও আমি॥
তোর দেহে মোর দেহ জানিহ দর্বথা।
নিশ্চয় আমারে তুমি নাহি দেহ ব্যথা"॥ চৈঃ মঃ
পূঁড়ার মন একেবারে গলিয়া গোল। দে ফুপানিধি
শীভগবানের ফুপার কথা স্মরণ করিয়া কান্দিয়া আরুল
হইল। তাহার মনের মধ্যে কত ভাবের যে উদয় হই-

তেছে তাহা ভগবানই জানেন। সে হই হাত জুড়িয়।

फावादनव हवरन कान्मिरक कान्मिरक श्रान थुलिया निरवमन

করিল 'প্রভৃ। তুমি অভয় দিয়াছ বলিয়াই বলিভেছি, আমি কি করিয়া জানিব তুমি আমার দোষ ক্ষমা করিলে? তুমি যদি সাক্ষাৎ দর্শন দান কর তবে বুঝিতে পারি। তুমি যদি বল, আমি একথা রাজার গোচব করি। আমাকে তুমি যাহা বলিলে, তুমি যদি তাহা রাজার নিকটে বল, ভাহা হইলে আমি বড় হুখী হুটব"। পুঁড়ার এই কথা ভনিয়া প্রীভগবান আকাশবাণী বারা কহিলেন,—

''যে বলিলা সেই হ'বে পাইলে ভূমি বব''।

পুঁড়া মহা আনন্দিত হইয়া একেবারে রাজবাড়ী গিয়া হাজিব হইল। ঘারবানকে বলিয়া বাজাব সহিত সাক্ষাৎ করিল। কবণোড়ে দরিজ ভক্ত গোপ পুঁড়া রাজাকে আতোপান্ত সকল কথা নিবেদন করিল। রাজাকুরড় ধর্ম-প্রাণ ছিলেন। পুঁড়ার কথা শুনিয়া ডিনি বিশ্বিত হইয়া কহিলেন "এসকল কথা সত্য ত"? পুঁড়া উত্তর করিল "মহারাজ! আপনি আমার সঙ্গে চলুন, ঠাকুর আমাকে যাহা আজ্ঞা করিয়াছেন, আপনাকেও সেই আজ্ঞা করিববন"। রাজা মহা সন্তই চিত্তে সগোগ্রী পদরজে সেই পর্বত গহরের নিকট গিয়া ভূমিবিন্টিত হইয়া ভক্তিভরে ঠাকু-রের নিকট আত্মনিবেদন করিলেন। অম্নি দৈববাণী হইল,—

''মিথ্যা নহে শুন রাজা পুঁড়ার বচনে। তুমি সাক্ষী হইলে পুঁড়া হইল আমার। ইহা সনে নাহি আরে যম অধিকার "॥ চৈঃ মঃ

শীভগবানের শীম্থের মধুময় বাণী শ্রবণ করিয়া রাজা প্রেমানন্দে অধীর হইয়া নৃত্য কবিতে করিতে সেই ভাগ্য-বান গোপনকনের চরণে পতিত হইলেন। তাঁহার মহিষী গণও পুঁড়ার চরণতলে পতিত হইয়া প্রেমানন্দে কান্দিতে লাগিলেন। রাজা পুঁড়াকে কান্দিতে কান্দিতে কহিলেন,

তুমি মোর শুক হঞা রুফ মিলাইলা।
কুম্থের প্রীম্থ-কথা তুমি শুনাইলা। চৈ: ম:
বাজার ঈদৃশ আর্থিও বৈদ্য দেখিয়া প্রীকুফের মনে
তাঁহার প্রতি দয়া উদয় হইল। পুনরায় তিনি দৈৰবাণী
বাবা রাজাকে কচিলেন,—

''মোর ভক্তে জাতিবৃদ্ধি না করিলে তুমি।
তোরে দেখা দিব রাজা কহিলা ত আমি।
ত্থা সেচন তুমি কর এই স্থানে।
ত্থেব সেচনে আমা পাবে বিভ্যানে। চৈ: মঃ

রাজা শীভগবানের এই আদেশবাণী শুনিয়া তৎক্ষণাৎ নগরে ঘোষণা করিয়া কলদে কলদে এল আনাইয়া সেই পর্বতগহবরে ঢালাইতে লাগিলেন। দেখানে ছথের নদী প্রবাহিত হইল। ক্রমে সেই স্থানে শ্রীক্রফের ময়রপুচ্ছ চুড়া দৃষ্ট হইল। মহানদে রাজা হরিধ্বনি করিয়া নৃত্য করিতে লাগিলেন। তথন দেখানে অনেক লোক সংঘট হট্যাছে। নানাবিধ মঞ্চল বাছ বাজিতে আরম্ভ করিল। চতুদিকে উচ্চ হরিধানিতে মুখরিত হইল। সর্বলোক ছুই বাছ তুলিয়া আনন্দে নৃত্য করিতে লাগিল। যত ছুগ্ধ ঢালিতে লাগিল, ততই শ্রীকৃষ্ণ ভগবানের অপুর্ব সৌন্দর্য্য শালা শ্রীঅঙ্গ উপরে উঠিতে লাগিল। জাতুদেশ পর্যায় উঠিলে পুনরায় আকাশবাণী হইল, "আর ত্থা ঢালিও না। আমি আর উঠিব না, আমার চরণ দর্শন হইবে না"। (১) ইহা শুনিয়া রাজার হরিষে বিষাদ উপস্থিত হইল। তিনি সেধানে ঠাকুব মন্দির গ্রস্তত করাইয়া দিলেন, মহোৎস্ব ও সেবা-ভোগের বন্দোবস্ত কবিয়া দিলেন। এক দিন রাজ। পুঁড়াকে কহিলেন "পুঁড়া! তুমি রাজা হও, আমার শার রাজ্যে প্রয়োজন নাই। তোমার এই কুফমুতিটি আমাকে দাও। আমি ইহার দেবা করিয়া জীবন সার্থক করি' পুঁড়া রাজাকে বলিল "রাজা! তুমি অজ্ঞানের মত

(১) বত হ্বক ঢালে তত উঠরে শবীর।

উঠিল শরীর দেবে এনাভি গভীর।।

অধিক ঢালবে হুক্ক অস্তর হরিবে।

প্রাড় সব অবরব দেবিবার আলো।।

উঠিল শরীর জালু দেবে বিজ্ঞান।

না ঢালিহ হুক্ক আলো ভেল পরিমান।।

তবঁত্ত ঢালরে হুক্ক মনের হরিবে।

পদতল হুই ধানি না উঠিল শেবে।।

বেন কালে আলোবাণী উঠিল গপনে।

না উঠিবে পদ আর না কর বতনে।। চৈঃ মং

কথা কহিতেছে। আমি তোমার রাজ্য চাহি না। আমরা ছইজনে মিলিয়া প্রেমানন্দে কৃষ্ণদেবা করিব"। রাজা ইহাতে সমত হইয়া পুঁড়ার সঙ্গে একত্তে ত্রীবিগ্রহদেবা করিতে লাগিলেন। এইরপে কিছুদিন গেল।

শ্রীকৃষ্ণ ভগবান এখানে প্রকট ইইয়াছেন. এসংবাদ রাজ্যের সর্ব্বর প্রচার ইলা। সকলেই শ্রীবিগ্রহ দর্শন করিতে আসিতেছে। বহুলোক নিত্য সেখানে আসিয়া থাকে। একদিন নৌকা করিয়া এক গৃহস্থ সাধু তুই পরমা- স্বন্ধী স্ত্রী সঙ্গে লইয়া শ্রীবিগ্রহ-দর্শনে আসিলেন। লক্ষায় সাধু স্ত্রী সঙ্গে করিয়া বিগ্রহ দর্শন করিতে ঘাইতে অনিক্ষা প্রকাশ করিলে, তাঁহার তুই ভক্তিমতি স্ত্রী কান্দিতে লাগিলেন। তাঁহারা পতির চবণ ধরিয়া কহিলেন,—

তুমি গুরু সঙ্গে করি কুফেবে দেখাও। মোসভার ভাগাত্ত তুমি না ঘুচাও॥ চৈঃ মঃ

সাধু বলিলেন "তাহা হইবে না, তোমাদের জন্ম প্রসাদ আনিব"। তাঁহার স্ত্রীষ্য কিছুতেই ছাড়িতে চাহিলেন না। তথন সাধুর মনে কোধ হইল। তিনি কোধ ভরে কহিলেন,→

''তোরা কৃষ্ণ দেখ গিয়া আমি থাকি ঘরে"।

ইহা শুনিয়া হুই রমণীতে যুক্তি করিলেন "পতিদেবভাকে ত্যাগ করিয়াই আমরা ক্লফ দর্শনে ঘাইব। ক্লফ
ভজনে পতিত্যাগ দৃষ্ণীয় নহে"। এইরপ দৃচ্প্রতিক্র
হইয়া ছুই রমণীতে একজে শ্রীবিগ্রহ দর্শনে গেলেন। পতি
গৃহে রহিলেন। কিল্ক তাঁহার মনে বড় ধিকার হইল।
ভিনি তাঁহার স্ত্রীপ্রের নিক। স্তিক ক্লফার্ডরাগ দেখিয়া
আপনাকে শত শত ধিকার দিতে লাগিলেন। তখন
ভাঁহার মনে বিষম অন্তর্গ হইল "কেন আমি ইহাদিগকে অস্মান করিয়। শ্রীবিগ্রহ দর্শনে বাধা দিয়াছিলাম"?
সাধু তখন তাঁহার পরমা ভাগ্যবভী পদ্ধীব্যকে নিকটে
ভাকিয়। কহিলেন "তোমরা ধ্রা। ভোমাদের ক্লফভকি
ও ক্লফার্ডরাগ জগতে অত্ননীয়। আমি তোমাদিগকে
সক্লে লইয়া যাইতেছি চল"। রমণীব্য মহানন্দে আমীদলে
শ্রীক্লফ দর্শনে চলিলেন। এই গৃহস্থ সাধু সওদাগ্রের

ষাবসা করিতেন। শ্রীমন্দিরে গিয়া শ্রীবিগ্রন্থ দর্শন করিয়া সন্ত্রীক পূজা ভোগ দিয়া তিনি মন্দিরের বাহিরে আদিয়া **८**मरथन, छाँदात मरक शत्तीवर नाहे, आत श्रीमनित्तत पात বন্ধ হইয়া গিয়ছে। তিনি বিস্মিত হইয়া এদিক ওদিক দেখিতে লাগিলেন। এমন সময় শুনিতে পাইলেন জীবি-এতের মন্দিরাভাস্তরে জাঁহারা শ্রীভগবানের সহিত কথা কহিতেছেন। তিনি সাধু, ভগবদ্ধক্ত, তাঁহার আর বুঝিতে কিছু বাকি রহিল না ৷ তিনি তাঁহার ভাগ্যবতী পত্নীপ্রয়ের প্রতি শ্রীক্ষের এই অন্তুত কুপার কথা স্মবণ করিয়া আমানন্দে গদ-গদ হইয়া উচ্চৈঃস্বরে স্তব করিতে লাপি-**ल्ला अ** जिल्लान माधुत छत्व मस्बद्ध इटेल्ला ट्रेश জীমন্দির ছার আপনা আপনিই থুলিয়া গেল। সাধু দেখি-লেন অপুর্বে দৃশ্য: তাঁহার হই পর্মা ভাগ্যবতী পদ্মী পাষাণ হইয়া শীক্লফচরণ প্রাপ্ত হইয়াছেন (১)। সাধু তাঁহার পত্নী ছয়ের সেঁচাগা দেখিয়া প্রেমাননে অধীর হইয়া কান্দিতে লাগিলেন, আরু মনে মনে ভাবিতে লাগিলেন.—

> পতি ছাড়ি কুফ-পতি দেখিবাবে গেল। তে কারণে কুফ পতি স্বৃদ্ন গাইল॥ চৈঃ মঃ

সাধু শ্রীবিগ্রহ-চরণে পতিত হইষা বছ নিওপ্ততি করিলেন। শ্রীকৃষ্ণ ভগবান তাহার তবে তৃষ্ট ইইয়া উাহাকে বর দিতে চাহিলেন। সাধুকবগেড়ে কহিলেন "প্রস্তু! আমার পিতা মাতা আমাব নাম বাথিয়াছিলেন

"कीयज्"। कामात वह आर्थना, त्यन कामात नात्म काणनात वहे श्रीविश्राह्त नामकत्रण इश्या श्रीकृष्णकश्चान शांतिया वनित्तन "ख्यांत्र"। वहे कन्न श्रीविश्राह्त नाम इहेन "कीयज मृतिःह", ।

চরণে পড়িয়া সাধু করে পরণাম।
বর মার্গে। মোর নামে হউ তেরে নাম।
মা বাণে থুইল মোর এ নাম জীয়ড়।
জ্ঞাপনার নামে প্রভু নাম মাগে বর।
জীয়ড় নৃসিংহ নাম তেঞি পরকাশ।
জানন্দ কহয়ে গুণ এ লোচনদাদ।

ৈ মা

এই ভক্তি-কাহিনীটির বক্তা মহাপ্রভু ময়ং। তিনি (श्रमात्राम व्याविष्टे जात्व (श्रमा अर्थातावात स्राप्तिक स्राप्ति দেবের দেবকরুন্দ পরিবেষ্টিত হইয়া এই কাহিনীটি কীর্ত্তন করিতেছিলেন, তথন শ্রোভাগণের আনন্দের পরিসীমা ছিল না। তাঁহাদিগের নেতা প্রভুর জীবদনচক্র হইতে আব উঠাইতে পারিতেছিলেন না। তাঁহারা দেহধর্ম ভলিয়া আত্মহারা হইয়া প্রভুর শ্রীমুধনি:ফত স্থামাধা কুফুকথা শুনিতেছিলেন। কথা শেষ হইবামাত্র প্রভু গাকোখান করিলেন। "কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ ং" শব্দে দিগন্ত কম্পিত ব্রিয়া তিনি পথে বাহির হই-লেন। গ্রামবাসী লোকবৃন্দ হরিধ্বনি করিতে করিতে তাহার পশ্চাৎ ছটিল। মত্ত সিংহগতিতে প্রভূ নিমেধের মধ্যে তাহাদের চক্ষর অন্তরাল হইলেন। কৃষ্ণদাস ও গোবিন বছ কটে দৌড়িয়া छाँशांत्र नाग भारेलन। अञ् প্রভাতে জীয়ড় নৃসিংহক্ষেত্র হইতে যাত্রা করিলেন। তাঁহার রাজি দিন জ্ঞান নাই, দিকবিদিক আমান নাই। প্রভাতে উঠিয়া চলিলা প্রেমাবেশে।

দিগ্বিদিগ্নাহি জ্ঞান রাত্তি আব দিবসে। হৈঃ চঃ
প্রেমোরত হইরা প্রভুপথ চলিতেছেন। বে দেশ
যে গ্রামেব মধ্য দিয়া তিনি চলিতেছেন, সে সকল দেশের
লোককেই পূর্ববং বৈঞ্ব করিতেছেন। এইভাবে
দক্ষিণ দেশবাসীদিগকে উদ্ধার করিতে করিতে জ্বাতগুক
শ্রীদোরাকপ্রভু গোদাবরীনদী তীরে আদিয়া উপস্থিত

⁽১) ঠাকুর দেখিতে দেই আইলা সভদাগর।
ছই নারী লঞা পেলা মন্দির ভিছর।
প্রভু নমন্ত্রির সাধু ভৈগেল বাহিরে।
সাধু বাহির হৈলা বাব লাগিল মন্দির।।
কেউটিরা দেশে ছই মারী নাই পাশে।
মন্দির ভিতরে তার। প্রভুকে সম্ভাবে।।
ব্ঝিরা সে সাধু তার করে উচ্চনাদে।
জবিলা ঠাকুর তারে কৈলা পরসাদে।।
ঘুচিল মন্দির ঘার দেখে ছইজন।
পাবাণ হইলা প্রভুর পাঞাছে চরণ।। চৈঃ ম

হইলেন। পবিঅসলিলা গোদাবরীকে দেখিয়া প্রভুর প্রীযমনা মনে পড়িল। নদী তীরস্থ স্থরমা কানন দেখিয়া তাঁহার মনে পীরন্দাবনের স্মতি উদয় হইল (১)। ভিনি वहका ८ भानत्म नुष्य की र्वन कतिया नहीं भाव श्रेया आन করিলেন। স্থানাস্থে নদীতীরে কিছু দূরে বসিয়া ৫ মা-বেশে কৃষ্ণনাম সংকীর্ত্তন করিতে লাগিলেন। সময়ে বিদ্যানগরের রাজপ্রতিনিধি রামানন্দ রায় বাদ্যভাও-সহ মহয় যানে আবোহণ করিয়া বছ লোকজন সংখ নদী-স্থান করিতে সেখানে আসিয়া উপস্থিত ইইলেন। রাজা ক বাজ প্রতিনিধিদিগের রাজ্পথে বাহির ই**ইবার** সময় বাদ্যাদির অমুষ্ঠান করা রীতি তৎকালে প্রচলিত ছিল (২) রামানন রায়ের সঙ্গে সহস্রাধিক বেদজ্ঞ আক্ষণ ছিলেন। তাঁহারা নদীতীরে বদিয়া যথাবিধি পুজা পাঠ তর্পনাদি করিতে লাগিলেন। সর্বজ্ঞ প্রভু চিনিলেন ইনিই রাম রায়। রাম রায়ের সহিত মিলিবার জক্ত প্রভুর মন উং-ক্ষ্তিত হইল: কিন্তু তিনি ধৈর্য্য ধারণ করিয়া বসিগা রুফ নাম করিতে লাগিলেন। এগীরাকপ্রভুর অপরপ রূপ-রাশি এবং অপূর্কা শ্রীঅক্সজ্যোতিতে আরুট হইয়া রামা-নল রায় আপনা আপনিই প্রভুর সন্ধিকটে আসিয়া काँहोरक मध्य अभाग कतिराम । तामानम ताम अहे নবীন সন্মাদীর অপূর্ব্ব রূপলাবণ্য দেখিয়া চমৎকৃত হইলেন। শ্রীচৈতক্স চরিতামৃতকার লিখিয়াছেন,—

স্থাশত সম কাস্তি অরুণ বসন।
স্বলিত প্রকাণ্ড দেহ কমল লোচন।
দেখিয়া তাঁহার মনে হৈল চমৎকার।
আদিয়া করিল দণ্ডবত নমস্কার॥

প্রাভূ প্রেমানন্দে বিভোর হইয়া নদীজীরে বসিয়া ছিলেন। রামানন্দ রায়কে দেখিয়া প্রেমভরে উঠিয়া দাঁডাইলেন। প্রেমাঞ্বিগলিত নয়নে কহিলেন "উঠ,

- (১) গোদাৰরী দেখি হৈল যম্নামরণ। তীবে বন দেখি মৃতি হৈল কুমাৰন।। চৈঃ চঃ
- (১) হেন কালে দোলার চড়ি রামানন্দ রায়। নান করিবারে আইলা বাজনা বাজার ॥ চৈ: চ:

কুষ্ণ কহ কুষ্ণ কহ''। তাঁহাকে আপিলন করিতে সমৃৎস্থক হইয়। জিজ্ঞাসা করিলেন "তুমি কি রামান স রাষ ?" बामानम ताब कंबरगाएं अञ्चत हत्रां निर्वान क्रिलन, ''আমিই শুক্রাধম তোমার চরণের দাস রামানন্দ।'' অম্নি প্রভু প্রেমানন্দে অধীর হইয়া ভাগ্যবান্ ভক্ত-প্রবর রামানন্দ রায়কে ছই বাছ্ছারা স্থান্ডাবে প্রেমা-নিক্ষে আবিদ্ধ করিলেন। প্রেমাবেশে প্রভু ও দাসে উভয়েই মৃট্ছিত হইয়া ভূমিতে পড়িলেন (১)। ভক্ত ও ভগবানের এই মধুমিলনে উভয়েরই আনন্দ। উভয়েরই नशरन **चानका**क्ष विश्वित हरेता छेल्छात्रहे **घटक घ**रे-সাত্ত্বিক ভাবের লক্ষণ সকল দৃষ্ট হইল। উভয়েরই উভয়ের প্রতি স্বাভাবিক প্রেমভাব উদয় হইল। উভয়েই প্রেমানন্দে গদগদ হইয়া কৃষ্ণনাম উচ্চারণ করিতেছেন। বেদজ্ঞ বিপ্রগণ স্থানাহ্নিক তর্পনাদি করিতেছিলেন। সন্মাসী ও রাজপ্রতিনিধি রামানন্দ রায়ের এইরূপ অভত প্রীতি-মিলন দেখিয়া তাঁহারা বিশ্বিত হইয়া বিচার করিতে লাগি-লেন "এই নবীন সম্যাসী চির অপুর্ব্ব ব্রহ্মতেজ দেখিতেছি, তিনি শুত্রকে আলিন্ধন করিয়া এত কান্দেন কেন? এই যে রাজপ্রতিনিধি রামানন্দ রায়, ইনিও পরম গন্তীর স্বভাব। এই নবীন সন্নাসীর অঙ্গম্পর্ণে এমন উন্নস্ত হইলেন কেন ?" বিপ্রগণ এইরূপ মনে মনে বিচার করিতে লাগিলেন এবং তীক্ষ দৃষ্টিমারা উভয়ের প্রতি স্বিশেষ লক্ষ্য করিতে লাগিলেন। প্রভু দেখিলেন ইহারা বহিরশ লোক, অমনি নিজভাব সম্বরণ করিলেন।

এই মত বিপ্ৰগণ ভাবে মনে মন। বিজ্ঞাতীয় লোক দেখি প্ৰভূ কৈল সম্বন। চৈ: চ: পুৰ্কে বলিয়াছি প্ৰভূ ও ৱামানশ-মিলনে উভয়েৱই

(>) উঠি প্রভুক্তে উঠ ক্ছ কুক কুক।

উারে আলিলিতে প্রভুর লগর সত্ক।।
ভথাপি পুছিল তুমি রার রামানন্দ।
ভিত্ততে সেই মুক্তি দাস শুদ্র মন্দ।।
ভবে উারে কৈল প্রভুক্তের দৌতে অচেতন।। চৈঃ চঃ

প্রতি স্বাভাবিক প্রেমভাব দৃষ্ট হইল। ইহার একটু ব্যাথা। প্রয়োজন। রায় রামানন্দ পৃর্বাবভারে এজের বিশাপা স্থি এবং প্রভু সাক্ষাৎ ব্রজেক্সনন্দন। উভয়ের মিলনে ব্রজস্থন্দরীগণের ব্রজেক্সনন্দন শ্রীক্রফে যে স্বাভাবিক প্রেম এবং শ্রীক্কঞ্চের ব্রজ্বনিতাগণে যে সহজ্ব প্রেম,কলিমুগে তাহা ভক্তভাব অঙ্গীকার বশত: উভয়ের মধ্যে প্রচ্ছন্ত ভাবে নিহিত থাকিলেও, এই মধু মিলনকালে সেই পূর্ব च ভাবসিদ্ধ ভাবের পুনরুদয় হইল। বহিরঞ্চ লোকের নিকট প্রেমভাব স্বত:ই সঙ্কৃচিত হয়। প্রভু দেখি-লেন এই সকল পণ্ডিতাভিমানী বেদজ্ঞ বিপ্রগণ বিজাতীয় ।লোক, অর্থাৎ এজপ্রেমভাব-বিরুদ্ধ লোক। অতএব ইহাদিগের নিকট ভাব সম্বরণ করাই বিধেয়। এই ভাবিয়া অনিচ্ছা সত্তেও তুই জনেই প্রেমালিকন-বন্ধন বিচ্ছিন্ন করিয়া চিত্ত স্থির করিলেন। উভয়ে তথন নদী-তীরে একটি নির্জন স্থানে উপবেশন করিলেন। প্রভূ হাসিতে হাসিতে রায় রামানন্দকে কহিলেন.—

নার্ব্বভৌম ভট্টাচার্য্য কহিলেন ভোমার গুণে। ভোমারে মিলিতে মোরে কহিল যতনে॥ ভোমা মিলিবারে মোর হেথা আগমন। ভাল হৈল অনায়াদে পাইল দরশন॥ চৈঃ চঃ

রায় রামানক করবোড়ে প্রেমানকে গদগদ হইয়া প্রেমাশ্রনয়নে প্রভুর স্থক্র বদনচন্ত্রের প্রতি চাহিয়। কহিলেন—

"মোরে সার্বভৌম করেন ভ্ত্যজ্ঞান।
পরোক্ষেও মোর হিতে হন সাবধান॥
তাঁর রুপায় পাইলু তোমার দরশন।
আজি সফল হইল মোর মছয় জনম॥
সার্বভৌমে তোমার রুপা ত'র এই চিহু।
অপ্শু স্পর্শিলে হঞা রুপায় অধীন॥
কাঁহা তৃমি সাক্ষাৎ ঈশ্বর নারায়ণ।
কাঁহা মুঞি রাজসেবী বিষয়ী শুলাধম॥
মোর স্পর্শে না করিলে ঘ্রণা বেদভ্য।
মোর দরশন তোমা বেদে নিষ্ধেয়॥

ভোমার রুপায় ভোমায় করায় নিন্দ্যকর্ম।
সাক্ষাৎ ঈশ্বর তৃমি কে জানে ভোমার মর্ম্ম ॥
আমা নিন্তারিতে ভোমার ইইা আগমন।
পরম দ্যালু তৃমি পতিত পাবন ॥
মহান্ত শভাব এই ভারিতে পামর।
নিজ কার্যা নাহি তবু যান ভাব ঘর ॥ (১)
আমার সব্দে রাজাগাদি সহস্রেক জন।
ভোমার দর্শনে স্বার ক্রবীভূত মন ॥
কৃষ্ণ হরিনাম শুনি স্বার বদনে।
স্বার অন্ধ পুলকিত অঞ্চ নয়নে।
আরতে ক্রতে ভোমার ঈশ্বর লক্ষণ॥
জীবে না সম্ভবে এই অপ্রাক্ত গুণ॥ টেঃ চঃ

রামানন্দ রায় প্রভুব তথ ব্রিয়াছেন, তাই তাঁচার মনের কথা গুলি খুলিয়া বলিলেন। তিনি প্রভুকে স্পষ্টই বলিলেন "তুমিই সাক্ষাৎ ঈশ্ব। জীবে এত রূপ ও গুণ সম্ভবে না।" রামানন্দ বায় একটি বিষয় বভ আশ্চর্য্য দেখিলেন। তাঁহার সহিত পণ্ডিতাভিমানী বেদজ্ঞ কর্ম-জড় প্রায় সহস্র বিপ্র ছিলেন। তাঁহারা প্রথমে প্রভর কার্য্যে কটাক্ষ করিয়াছিলেন। তর্ক বিচার করিয়া তাঁহার এই অন্তকার কাণ্ড-কার্যানা পর্যালোচনা করিতেছিলেন। এই দকল বিপ্র প্রভুর ক্লায় মকস্মাৎ ভক্তিপথের পথিক হইলেন। স্বয়ং ভগবানের দাক্ষাথ দর্শনে তাঁহার শ্রীমুখ-নি:মত হরিনাম মহাময়ে দীক্ষিত হইয়া তাঁহাদিগের শুদ হৃদয় সরস হইল, তর্কনিষ্ঠ মন দ্রাব হইল, নয়নে প্রেমাঞা-धाता विश्विष्ठ रहेन ; अप्त्र भूनकावनी पृष्ठे रहेन । मकत्नहे ক্লফ ক্লফ বলিয়া কান্দিতেছেন। উপস্থিত সর্বলোক এক তিলাইকাল মধ্যে বৈষ্ণব হইল। এ সকল বড চক্লহ कार्य। माकूरबंद बाजा हेश कथनहे हहेट পाद्र ना। তাই রায় রামানন্দ প্রভুকে কহিলেন—

''নীবে না সম্ভবে এই অপ্রাকৃত গুণ' তিনি আরও দেখিলেন প্রভু বিরক্ত সন্ধ্যাসী। তাঁহার

^{(&}gt;) মহ্দিচলং নৃনাং গৃহিনাং দীনচেতদাং। নিঃশ্রেদার ভগবন্ করতে নাঞ্ধা কচিং।। শ্রীমন্তাগবত ১০।৮।৫।

পক্ষে বিষয়ী লোকের সংস্থাব একেবারে নিষিদ্ধ। ইছ বেদাজ্ঞা। প্রান্থ বেদাজ্ঞায় ভয় না করিয়া সর্বসমক্ষে উাহাকে গ্রেমানিক্ষন দানে ক্লতার্থ করিলেন। ইহা সাধারণ সন্ন্যাসীর কার্য্য নহে। এই সকল বিচার করিয়া পর্ম পণ্ডিত এবং পর্ম ভাগবত রায় রামানক্ষ প্রভুকে সাক্ষাৎ ঈশার মনে করিলেন; কিন্তু প্রভুক্তির প্রান্ত্রের অবতার এবং চতুর চূড়ামণি। তিনি সত্তই আল্মান্তাপন করিতে তৎপর। আল্মপ্রকাশ করিয়াও তিনি আল্মগোপনে তৎপর হইতেন। প্রভু রামানক্ষ রায়ের কথা শুনিয়া ঈশাৎ হাগিয়া উত্তর করিলেন.—

ত্যামার দর্শনে সবার জব হৈল মন ॥
আন্তের কি কথা আমি নায়াবাদী সন্ন্যাসী।
আমিহ তোমার স্পর্দে কৃষ্ণপ্রেমে ভাসি॥
এই জানি কঠিন মোর হৃদয় শোধিতে।
সার্কভোম কহিলেন তোমারে মিলিতে॥" চৈঃ ভাঃ

চতুর চ্ডামণি প্রীগৌরভগবান ভক্তের মান বাড়াইতে
চিরদিন তৎপর। তিনি রায় রামানক্ষের কথা উল্টাইয়া
লইয়া তাঁহাকে যাহা বলিলেন তাহাতে ভক্তচ্ডামণি
রায় মহাশয়ের আর কথা কহিবার সামর্থ্য রহিল না।
প্রীভগবানের স্তবস্তুতি করিয়া ভক্তের যে আনন্দ, ভক্তের
গুণাইবাদ করিয়া ভগবানেরও তদ্ধা আনন্দ বোধ হয়।
ভগবানের গুণকার্তন ভক্তের পক্ষে যেমন প্রীতিপ্রাদ,—
ভক্তের সম্মানবর্ধন প্রীভগবানের পক্ষে তদপেলা প্রীতিজনক। কবিরাজ গোফামী তাই লিবিয়াছেন——

এই মত ছ'হে স্ততি করে দুহার গুণ। ছ'হে হুইার দরশনে আনন্দিত মন ॥

ইতি মধ্যে এক বিষ্ণুভক্ত বেদক্ত বিশ্র আদিয়া প্রভুকে
নিমন্ত্রণ করিলেন। প্রভু তাঁহাকে বৈষ্ণব জানিয়া নিমন্ত্রণ
গ্রহণ করিলেন। ক্রমে বেলা অধিক হইতে লাগিল
দেখিয়া প্রাভু রামানন্দ রায়ের প্রতি কর্মণন্যনে চাহিয়া
হাসিয়া কহিলেন—

ভোমার মুধে কৃষ্ণকথা শুনিতে হয় মন।
পুনরপি ভোমার যেন পাই দরশন । চৈ: চ:
রামানন্দ রায় অতিশয় লজ্জিত হইয়া করযোড়ে প্রাক্তর চরণতলে নিপত্তিত হইয়া কান্দিতে কান্দিতে কহিলেন—

এই কথা ভূনিয়া করুণাময় প্রভু ঈষং হাসিলেন। সে হাসির মর্ম রামানল রায় ব্ঝিছে পারিলেন না। তাঁহার দারা জীগোরভগবান নিজ কার্যা সাধিবেন, এই আমনের প্রভুহাসিলেন ৷ রামানক রায় নিতান্ত অনিজ্ঞা সত্তে তথনকার মত প্রভুকে দণ্ডবৎ প্রণাম করিয়া তাঁহার নিকট বিদায় গ্রহণ করিলেন। উভয়েই উভরের দর্শনা-কাজকায় নিতান্ত উৎকণ্ঠিত হইয়া আছেন। দিবা অবসান হইল। সংগ্রাদেবী আসিয়া উপস্থিত হই বেন। প্রভূ গোদাবরীতটে একটী নিভূত স্থানে আসিয়। ব্যাল্ডন, স্থান্থির সাদ্ধ্যস্থারণ মুত্যুন্দ প্রবাহিত হইতেছে, স্বাচ্ছদলিলা গোদাবরী কুল কুলনিনাদে প্রভুর গুণ গাহিতে-ছেন। আৰু তাঁহার মনে বড় আননদ। তিনি আবজ শ্রীষ্মনার ভাগ্য পাইয়া থেমানন্দে তরক্তকী করিয়া নৃত্য করিতেছেন। প্রভুর শ্রীবৃন্দাবনের স্মৃতির উদয় হইয়াছে। তিনি নদীতীরস্থ স্থর্ম্য উপবনের শোভা সন্দর্শন করিয়া প্রেমানন্দে বিভোর হইয়া উচ্চৈ:স্বরে ক্লফনান করিতেছেন। এমন সময়ে একটি মাত্র ভত্য সঙ্গে করিয়া রায় রামানশ প্রচ্চরবেশে প্রভুর নিকটে আসিয়া তাঁহার চরণ বন্দনা করিলেন। এভ গালোখান করিয়া তাঁহাকে গাঢ় ce मानिकन मान कुछार्थ कतिलन। ইहात अत e खुत সহিত রামানন্দ রায়ের যে সকল তত্ত্ব-কথা হইল, তাহা মতন্ত্র ও বিভাবিতভাবে পর অধ্যায়ে বর্ণিত হইবে।

বিদ্যানগরে রায় রামানন্দকে রূপা করিয়া প্রস্থ গোদাবরাতীরস্থ পঞ্চবটী বনে প্রবেশ করিলেন। তাঁহাব শ্রীবদননিঃস্তত— রাম রাঘব রাম রাঘব, রাম রাঘব রক্ষ মাম্।
ক্রম্ণ কেশব ক্রম্ণ কেশব, ক্রম্ণ কেশব পাহি মাম্॥
শ্লোকের উচ্চববে পঞ্চবটীবন প্রকম্পিত হইল। পশুপক্ষী
কীটপতক্ষ পর্যান্ত রামনামে উন্মন্ত হইল। প্রভুর মনে
পূর্বেম্তি উন্ম হইল। প্রেমানন্দে বাহ্যজ্ঞান শৃত্য হইয়া
তিনি শ্রীরাম লক্ষণেব নাম কবিলা উঠিক: স্ববে ঘন ঘন
ভাকিতে লাগিলেন, আর এই বলিয়া কাঁদিতে লাগিলেন,—
এইশানে কুঁড়ে ঘব বাধিলা লক্ষণ।

এইখানে কুঁড়ে ঘৰ বাধিলা লক্ষণ।
ফুগী মারিবাবে বাম করিলা গমন॥
শ্রীবাম উদ্দেশে পাছে চলিলা লক্ষণ।
এইখানে সীতা হবি লইল রাবণ॥ হৈ: ম:

তাহাব পব হুলার গজ্জন করিয়া দিংহনাদে "মার মার ধর ধব" শক্ষ করিতে কবিতে উদ্ধাদে দৌড়িতে লাগিলেন। কথন তিনি উঠিচঃ দেবে "লক্ষণ লক্ষণ" বলিয়া ডাকেন, কথনও বা সাতাব নাম করিয়া অঝোরন্মনে মুরেন (১)। তাঁহার দক্ষে কুফ্লাদ ও গোবিন্দ। উাহারা প্রভুর অবস্থা দেখিয়া ভীত হইলেন। ভক্তমু:খহারী প্রভু কিছুক্ষণ পবে আত্মসংবল করিলেন।

দক্ষিণদেশবাসী লোক সকল নানামতাবলম্বী। বাঁহার।
বৈষ্ণব তাঁহারা শ্রীরাম উপাসক। কেহ কর্মপ্রভু, কেহ বা
তত্ত্ববাদী, বছ লোক শ্রীসম্প্রদায়ভুক্ত বৈষ্ণব। জ্ঞানমার্গাবলম্বী বিভাভিমানী প্তিত্ত অনেক আছেন।
উপধর্ম্যাঙ্গী পাষণ্ডী অসংখ্য। জগত্ত্তক শ্রীগৌরাদ গভ্কে
দর্শন করিয়া,—তাঁহার শ্রীমুখনি: হত হরিনাম মহাময় শ্রবণ
করিয়া, এই সকল ভিন্নমতাবলম্বী লোকসকল শ্রীক্ষোপাসক
পরম বৈষ্ণব হইল এবং সকলেই কৃষ্ণনাম লইতে
লাগিলেন (২)।

- (>) ইছা বলি কালে প্রভু প্রেমার বিহলে। মার মার বোলে প্রভু বোলে ধর ধর। লক্ষণ লক্ষণ বলি ভাকে উভরার। সীতা বাভরিয়া কালে অবশ হিয়ায়। বৈঃ মঃ
- (*) দক্ষিণ দেশের লোক অনেক প্রকার।
 কেহ কথা কৈহ জানী পাবঙা মুপার।

বঞ্বটীবন দর্শন কবিয়া প্রভু গে^১০-ী গঞ্চারণ করিলেন। ভাহার ও মল্লিফাডুন বাতে মলেশ তশন করিলেন। দেখানে দাসরাম মহাদেব আছেন। প্রভু তাঁহাকেও দর্শন করিলেন। ইহার পর অতোবল নুসিংহ पर्मात गमन कविलान। धीविश्रह पर्मात वड **धानम** পাইলেন। শ্রীমন্দিরে আনন্দ-নৃত্যু করিলেন। তৎপরে সিন্ধবটে যাইয়া সাভাপতি ত্রীবঘুনাথের ত্রীবিগ্রহ দর্শন করিয়া তিনি প্রানন্দে এর ১ইলেন। এইস্থানে রামভক্ত এক বিপ্র প্রভুকে নিমন্ত্রণ করিলে তিনি তাহার গ্রহে ভিকা করিলেন। এই বিপ্র রাম নাম ভিন্ন ধবে মন্ত কথা কহেন না। নিবস্তব হাঁহাৰ বলনে বাম নাম। প্ৰভু এই রামভক বিপ্রকে কুশা করিয়া স্বন্দক্তে ১) যাইয়া শ্রীকার্তিকের মুর্ত্তি দর্শন কবিলেন। জাতার পর তিনি াত্রমল্লনগরে আসিয়া ত্রিবিক্রম্মতি দর্শন কবিলেন। এই সকল তীর্থ-ক্ষেত্র দর্শন কবিয়। প্রভু নিশ্ধবটে ,সই বামভক বিপ্লের গুহে মাদিলেন। কবিবাজগোপানা লিখিয়াছেন.--

> তীর্থাজায় তার্থক্রন কহিতে না পারি। দক্ষিণধানে হয় তীর্থ গমন ক্ষেরাফেরি। অতএব নামমাত্র করিয়ে লিখন। কহিতে না পারি তার যথা অস্কুক্রম (২)॥

সেই সব লোক প্রভুর দর্শন প্রভাবে।
নিজ নিজ মত ছাড়ে হৈলা বেকবে।
বৈক্ষবের মধ্যে রাম উপাসক সব।
কেহ তর্বাদী কেহ হয় গ্রীবৈক্ষব।।
সে সব বৈক্ষব মহাপ্রভুর দর্শনে।
কুক্ষ উপাসক হঞা লয় কুক্ষ নামে।। হৈ: চঃ

- (১) क्रांत्रज्ञांवारमञ्ज भरवा ।
- (২) কবিরাল গোপামী শ্রীমন্মধাপ্রসুর বে তীর্থবাঝা বর্ণনা করিয়াছেন, ভাহাতে ভৌগলিক ক্রম নাই, ভাহা তিনি শরং বীকার করিয়াছেন। শ্রীগোবিশ কর্মকার কুও করচায় বে বর্ণনা আছে ভাহাতে কিছু কিছু ভৌগলিক ক্রম নির্দেশ পৃষ্ট হর। কুপামর পাঠকবর্গকে এই করচাঝানি পাঠ করিতে ক্রমুরোধ করি। এই গ্রন্থ মতে রাজ্মাছেন্দ্রী হুইতে মহাপ্রস্থা কিন্তুলি ক্রমন্দ্র গিয়াছিলেন, এবং সেথান হুইতে মুখিরাম ভীর্থ গিয়াছিলেন।

প্রীভগবানের লীলাগ্রন্থ ইতিহাস নহে। লীলাকথার ক্রম অফুক্রম নাই। প্রীল বৃন্ধাবনদাস ঠাকুরও লিথিয়াছেন,—

এসৰ কথার অফুক্রম নাহি জানি। যে তে মতে চৈতন্যের যশ সে বাথানি॥

প্রাকৃ কেন দেই রামতক বিপ্রের গৃহে ফিরিয়া আবাদিলেন ? ইহাব কিছু রহজ আছে। প্রভূ আদিয়া দেখিলেন দেই ামতক বিপ্র নিবস্তব ক্ষানাম লইতেছেন, আর রাম নাম করেন না। দর্কজ্ঞ প্রভূ দকলি জানেন. তথাপি দেই ভাগাবান বিপ্রকে জিজ্ঞাদা করিলেন,—

কহ বিপ্র এই তোমার কোন দশা হৈল। পুর্বের তৃমি নিবস্তর কহিতে রাম নাম। এবে কেন নিরস্তর কহ ক্রফানাম॥ হৈঃ চঃ

এই বিপ্রের অক্সাং অ'জনাকালের স্বভাব পরিবর্তনের কারণ, তাঁহারই মুখ দিয়া প্রভু প্রকাশ করিলেন। বিপ্র করবোড়ে প্রভুর প্রশ্নে নিম্লিখিত শাস্ত্রসমত উত্তর দিলেন যথা জীঠৈতনাচরিতামতে,—

বিশ্র কহে এই তোমার দর্শন প্রভাব।
তোমা দেখি গেল মোর আজন্ম স্বভাব।
বাল্যাবিধি রাম নাম গ্রহণ আমার।
তোমা দেখি কৃষ্ণনাম আইল একবার॥
সেই হৈতে কৃষ্ণনাম জিলাতে বিদিল।
কৃষ্ণনাম কুরে রামনাম দূরে গেল॥
বাল্যকাল হইতে মোর স্বভাব এক হয়।
নামের মহিমা শাব্র করিয়ে সঞ্চয়॥

এই বলিয়া রামভক্ত বিপ্র প্রথমে পদ্মপুরাণের একটি শ্লোক পাঠ করিলেন। সেটি এই,---

রমত্বে যোগিনোং নতে সত্যানলেচিদাত্মনি।
ইতি রাম পদে নাদৌ পরং ব্রহ্মাভিণীয়তে॥ (১)
পরে মহাভারতের নিম্নলিধিত ল্লোকটি পাঠ
করিলেন,—

কৃষিভূবিচক: শদ্যে। নশ্চ নির্বতিবাচক: ।
ত্যোবৈরক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে (২) ॥
ইহার পর পদ্মপুরাণের আব একটি শ্লোক পাঠ করি- বিলন। পার্কভীর প্রতি মহাদেবের উক্তি—
রামে রামেতি রামেতি রমে! রামে। মনোরমে!
সহত্র নামভিস্তলাং রাম নাম বরাননে (৩) ॥
সর্বাশেষে ব্রহ্মাগুপুরাণাস্তর্গত একটি শ্লোক পাঠ করিয়া
কৃষ্ণনামের মহাত্ম্য বাধ্যা করিয়া প্রভূবে শুনাইলেন। সে
উত্তম শ্লোকটি এই, —

সহস্থনামাং পুণানাং ত্রিরার নাতু যথ ফলং।

একার্ত্তা তু কৃষ্ণস্ত নামেকং তথ প্রয়ন্থতি (৪) ॥
রামভক্ত বিপ্র শাস্ত্রজ্ঞ। তিনি প্রভুকে কহিলেন,—

এই বাক্যে কৃষ্ণনামের ন'হ্মা অপাব।

তথাপি লইতে নারি শুন হেতু তার॥

ইইদেব রাম তাঁর নামে স্কর্থ পাই।

স্কর্থ পাঞা সেই নাম রাত্রিনিন গাই॥

তোমার দর্শনে যবে কৃষ্ণনাম আইল।

তাহার মহিমা এই মনেতে লাগিল।

সেই কৃষ্ণ তুমি সাক্ষাৎ ইহা নিদ্ধারিল॥

এই বলিগা দেই ভাগ্যবান বিপ্র প্রভুর চরণতদে প্রিত হইলেন। প্রভু তাঁহাকে উঠাইয়া প্রেমালিক্সন দানে ক্রতার্থ করিলেন। দেদিন তাহার গৃহে প্রভু ভিক্ষা করিলেন। বিপ্র স্গোষ্ঠি গ্রভুর অধ্রামৃত প্রাণাদ পাইয়া মানবজীবন স্ফল করিলেন।

প্রভূ এই নীলারকস্থলে বুঝাইলেন, "কৃষ্ণস্ত ভগবান স্বয়ং", স্থাব অন্যান্য অবতার সকল তাঁহার স্থাণ-

- (২) কুবি ভূ বাচক অর্থাৎ সভাবাচক শব্দ ণ নির্ভিবাক্শব্দ কুব ধাতুর উত্তর ন প্রভার বোগে কুক হছ, ইহাই পরম একা বাচক বলিরা অভিহিত হয়েন।
- (০) মহাদেব পাৰ্বিটীকে কছিলেন হে মনোরমে। তুমি রাম এই নাম অবণ কর। হে বরাননে। সহত্র নামের তুল্য এক রাম নাম।
- (a) প্ৰিত্ৰ সহস্ৰ নামের তিন বার পাঠে বে ফল হর, কুকাবৈভার সম্বন্ধীর বে কোন নাম একবার মাত্র পাঠে সেই কল প্রদান করে।।

 ^{(&}gt;) লোকার্থ। সভা আনন্দ ও চিৎবরপ আস্তায় বোগারণ রমণ করেন, এই হেছু বাম পদে পরম ব্রলা বলিয়া কার্ত্তন করাবায়।

কলা। আর সেই স্বয়ং ভগবান এক্সই এগীগোরাক।
নাম ও নামী অভেদতত্ত্ব। প্রভুর প্রীম্থে কৃষ্ণনাম শুনিরা
রামভক্ত বিপ্রের মনে এক্সফ ক্রি হইল, প্রভুর প্রীম্রি দর্শন
করিয়া তাঁহাকে সাক্ষাং প্রীকৃষ্ণ বলিয়া জ্ঞান হইল।
বিপ্রের ইইদেব প্রীরামচন্দ্র প্রীকৃষ্ণের অংশাবতার (১)।
যখন প্রক্রাসনাতন স্বয়ং ভগবানের প্রীমৃর্তি ও নাম
রামভক্ত বিপ্রের মনে কর্তি হইল, তখন তাঁহার জিহ্নায়
রাম নামের পরিবর্তে প্রীকৃষ্ণ নামের অধিষ্ঠান হইল।
তিনি তাহার ইইদেব প্রীরামচন্দ্রের কৃপায় স্বয়ং ভগবান
প্রক্ষচন্দ্রকে প্রাপ্ত ইইলেন এবং প্রীকৃষ্ণনামের গুণে
পবম কৃষ্ণ প্রীরোরাক দর্শন পাইয়া ধন্য হইলেন।
ভাহা তিনি প্রভুর চবণে অকপটে নিবেদন করিলেন,—

"সেই কৃষ্ণ তুমি সাক্ষাৎ ইহা নির্দ্ধারিল।"

পর দিন প্রভাতে প্রভু দিদ্ধবই হইতে যাত্রা করিয়া বৃদ্ধকাশী (২) আদিয়া শিবদর্শন করিলেন। দেখানে হইতে বছ রাদ্ধণের বাস একটি গ্রামে আসিলেন। দেখানে বছ লোকের সংঘট হইল। চতুদ্দিকের গ্রামস্থ লোক আসিয়া প্রভুর সঙ্গ লইল। তাঁগের অপরূপ রূপ সর্বাচিত্তা-কর্মক, তাঁগার প্রামৃত্তিব প্রভাব অতিশয় বিশায়জনক। ক্রিরাক্ত গোসামী লিখিয়াছেন,—

> প্রভুর প্রভাবে লোক আইল দরশনে। লক্ষার্কাদ লোক আইসে নাহিক গণনে॥

তার্কিক, মীমাংসক, মায়াবাদী সন্ত্রাদীগণ, সকলেই
আমাদিলেন। বেদবেদান্ত, সাংখ্যাদর্শন পাতঞ্জল, স্মৃতি,
পুরাণ প্রভৃতি সকল শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণ প্রভৃর সহিত তর্ক
বিচারে পরাস্ত হইয়া তাঁহার মত গ্রহণ করিয়া বৈফ্রব
ংইলেন।

সর্ববি স্থাপথে প্রভূ বৈশ্বৰ সিদ্ধান্তে।
প্রভূব সিদ্ধান্ত কেহে না পারে ধ'ণ্ড: • দ
হারি হারি পভূ মতে করেন বৈশ
এই মত বৈশ্বৰ প্রভা কৈল দক্ষিণদেশ দ চৈ: চঃ

এই প্রকারে জীবোদ্ধার করিতে করিতে পভূ দক্ষিণ পথে চলিয়াছেন। তাঁহার শ্রীয়্রথের এবটি বাণীতে, তাঁহার কমলনয়নের একটি শুভদৃষ্টিতে. তাঁহার শ্রীক্রম্পের বাতাসে সর্বাজীর উদ্ধার হটল। তাঁহার শ্রীম্থনিঃস্ত ক্রম্থনামে সর্বালোক উন্মত্ত হইল। তাঁহার অপুরূপ রূপবাশি দেখিয়া, তাঁহার অপুরূপ প্রেমাবিষ্ট ভাব দেখিয়া দক্ষিণ দেশবাসী নরনারীর্দ্দ একেবারে ছগ্ধ হইয়। তাঁহার সক লইল। সকলেই বৈষ্ণ্য হইয়া ক্রম্থনাম করিতে লাগিল। কবিরাজ গোসামী লিখিয়াছেন—

র্গোসাঞির সৌন্দর্যা দেখি তাতে প্রেমাবেশ। সবে রুষ্ণ কহে বৈষ্ণব হৈল সর্বদেশ।

প্রভু একণে ত্রিমন্দ নগবে মানিয়া উপস্থিত হইলেন। ত্রিমন্দ নগরের রাজ: বৌদ্ধর্থাবল্দী। এখানে বভবেীক ৰাস করেন। বৌদ্ধাচ'গ্য মহা মহা পণ্ডিতগণ আছেন। রাজসভার পণ্ডিতগণ এক**তা** হইয়া **স্থির করিলেন প্রাভ্র** সহিত বিচার করিতে হইবে। রাজা মধ্যস্থ হইলেন। প্রচণ্ড তর্কবিচার-যুদ্ধ চলিল। বৌদ্ধাচার্য্যগণ নব প্রস্থা-নের তর্ক উঠাইলেন। বৌদ্ধশান্ত তর্কপ্রধান শাক্ত। বৃদ্ধদেবের প্রবচনই বৌদ্ধদিগের প্রস্থান মর্থাৎ মতনিরূপক গ্রন্থ। বৃদ্ধদেবের শ্রীমুখনি: মত বাণীগুলি তাঁহার শিষাগুল ভালপত্তে লিখেন,ভাহার দারা তিনটি পোটিক। অর্থাৎ সিন্দুক পূর্ণ হইয়াছিল। এই জন্ম ইহার নাম "ত্রিপেকেট"। টেগ সংস্কৃত ভাষায় লিখিত। এই সকল শাস্ত্রবিং বৌদ্ধাচার্যাগ্র প্রধান দার্শনিক পণ্ডিত। তাঁহারা সকলেই ভুর নিকট তর্ক্যুকে পরাপ্ত হইলেন। বৌদ্ধ রাজা মহ। লজিক ড হইলেন। সকল লেঁকে বৌদ্ধদিগকে দেখিয়া উপহাস করিতে লাগিল। প্রভুর উপর তাঁহাদিগের কোধ হ**ইল**। গতে যাইয়া এই সকল পাৰণ্ডী পণ্ডিতগণ কুমন্ত্ৰণা করিয়া এক থাল অপবিত্ৰ অন্ন বিষ্ণুপ্ৰদাদ বলিয়া লোক দাবা

⁽১) রামাণি মুর্স্তির্ কলা নিরমেন তিউন্। নানাবতার মকরোড়্বনের্ কিন্ত। কুঞ্চ বল্প সমস্থান বো গোবিন্দমাণিপুক্ষণ তবহং ভলামি।। এক্ষদংকিডা

⁽२) (कह (कह कांजहिंछ भूत्र क वृक्ष कांगी वरणन ।

পভুর ভিকার জন্ম পাঠাইয়া দিল। কারণ ভাহারা প্রভুকে বৈশ্বব সন্ধানী বলিয়া ব্রিভে পারিল। প্রভুর সমূথে যথন অন্ধ্রনাদের বালা বর্থাতে পারিল। প্রভুর সমূথে যথন অন্ধ্রনাদের বালা বর্থা হইল, এক মহাকায় পক্ষী অকস্মাৎ দেখানে আদিয়া এন্ধ্রনাদদহ থালি ভাহার চকুপুটে উঠাইয়া লইয়া কুমন্ত্রণাকারী বৌদ্ধালিগের মধ্যে অনভ্রলাছড়াইয়া দিল এবং থালিগানি বৌদ্ধালাগ্য বামগিরির মন্তকে নিম্পে করিল। তারভাবে পড়িয়া থালিথানি দারা ভাহার মাথা কাটিয়া রক্তপাত হইল। তিনি অটৈভক্ত হইয়া ভূমিতে মৃদ্ধিত হইয়া পড়িলেন। ভাহার শিষ্যাণ হাহাকার কবিয়া কালিতে লাগিল (১)। তথন সকলে মিলিয়া পরামর্শ করিয়া প্রভুব নিকটে আসিয়া ভাহাদের আচার্যাকে অটেভন্যাবন্ধায় ভাঁহার চরণকমলে সম্পূর্ণ করিয়া কহিল—

"তুমিই ঈশর সাক্ষাং ক্ষম অপবাধ।
জীয়াই আমার গুক কবই প্রসাদ" ॥ হৈ: চ:
প্রভু হাদিয়া উত্তব করিলেন —
দবে কদ কুফ কুফ হবি।
গুরুকরেণি কহ কুফনাম উচ্চ বি।
তোমা স্বাব গুল বে াহাবে চেতন।
সর্বব বৌদ্ধ মিলি কর কুফ ম্থীপ্রন।" হৈ: চ:

বৌদ্ধগণ সকলে মিলিয়া হরিধ্বনি করিতে লাগিলেন।
উটাহারা সকলে প্রেমোনতে ইইয়া বৌদ্ধাহার্য রামগিরির
কর্ণের নিকট ঘাইয়া মধুব ''হরে ক্লফ রাম'' নাম শুনাইলেন। রাম্গিরি চেতনা পাইয়া হরি নাম করিতে

(>) প্রভুকে বৈক্ষৰ জানি বৌদ্ধ ঘরে গেলা।
সর্কবৌদ্ধ মিলি তবে কুমন্ত্রণা কৈলা।।
অপবিত্র অন্ধ এক থালিতে করিয়া।
এত্ আগে আনিল বিফুপ্রসাদ বলিয়া।
হেন কালে মহাকার এক পক্ষী আইলা।
ঠোটে করি অন্ননহ থালি লয়ে গেলা।।
বৌদ্ধগরের উপর অন্ন পড়ে অমেধ্য হইরা।
বৌদ্ধগরের মাধার থালি পড়িল বাজিরা।।
তেরছে পড়িল খালি মাধা কাটা গেল।
মুর্জিতে হইরা আচাগ্য ভূমিতে পড়িল।। চৈঃ চঃ

করিতে উঠিয়া বদিলেন। প্রভুকে সন্মুখে দেখিয়া করযোড়ে কান্দিতে লাগিলেন। তাঁহার হাদয় অন্তাপানলে
দগ্ধ হইতেছে, কারণ তিনি প্রভুর সহিত কপট ও কুবাবহার
করিয়াছেন। লজ্জায় তিনি প্রভুর শ্রীবদনের প্রতি চক্ষ্
ভূলিয়া চাহিতে পারিতেছেন না। অতিশয় আর্ত্তি সহকারে
বিনয়নম্বচনে তিনি কিছুশণ পরে প্রভুর চরণে দণ্ডবৎ
প্রণাম করিয়া নিবেদন করিলেন—

তুমি ত মামুষ নহ নবীন গ্র্যাসী। থাকিতে তোমার গহ বড় ভালবাসি। পাষণ্ডের শিরোমণি ছিলাম সংসারে। কুপা করি ভক্তিমার্গ দেখাও আমারে। গোঃ করচা

প্রভূ দৈ তোর অবতার। তাঁধার দৈত শক্তমিত সকলের
নিকট সমান। তিনি রামগিরিকে হল্ডে ধরিয়া উঠাইয়া
কহিলেন "রামগিরি রায়! তুনি আমার মাথার ঠাকুর।
বিনি একবার মাত্র হরিনাম লন, আমি তাঁহাকে মাথায়
করিয়া রাখি তুমি হরিনাম এইণ করিয়াই, অতএব
তুমি আমার মাথার ঠাকুব" (১ । প্রভূব শ্রীম্পের এই
সকলণ মধুময় দৈত্রবাণা শ্রবণ করিয়া বৌকাচাণ্য রামগিরি
অক আছাড়িয়া ভূমিতে পঞ্জিয়া শ্রীগোরভগবানের ওই
ধানি রাক্ষা চরণকমল গৃই হল্ডে জড়াইয়া ধরিয়া কান্দিতে
কহিলেন—

''নরাধমে কি বলিলে তুমি দ্যাময়। সর্বাঞ্জীবে থাকি তুমি দেখিছ সকল।'' কুপা করি রাঙ্গা পায় দেহ মোরে স্থল॥" গোঃ কঃ

করণানিধি শ্রীপৌরাম্বপ্রভূরামগিরিকে পুনরায় উঠা। ইয়া গড়প্রেমালিকন দানে কুভার্থ করিলেন। সেই দিন হইতে কুভর্কপরায়ণ কর্কশ হদয় বৌদ্ধাচাণ্য রামগিরি ভক্তি পথের পথিক হইলেন; প্রভূর কুপায় ভক্তির্বদে তাঁহার

(১) হাসিয়া চৈতক্তপ্রত্কুপা করি কয়।
মাধার ঠাকুর ভূমি রামগিরি য়ায়।।
হরি বলি পুলকিত হয় বেই জন।
মাধার ঠাকুর দেই এইত সাধন।। গোঃ কয়চা।

কঠিন হৃদয় সরস হইল। ইহাতে প্রভুর মনে বড় আনন্দ হইল।

রামগিরি পাষণ্ডের ভক্তি উপদ্বিল।

ইহা হেরি প্রভু মোর আনন্দে পুরিল। গো: क:

বৌদ্ধাচাষ্য রামগিরি যে পথে গমন করিলেন তাঁহার শিষ্যগণও সেই পথাত্থগমন করিল। বৌদ্ধরাজা প্রভুর কুপায় ক্রফভক্ত বৈষ্ণব হইলেন। ত্রিমন্দ নগরের সর্ধ লোককে এইভাবে বৈষ্ণব করিয়া প্রভু সেখান হইতে যাত্রা করিলেন। রামগিরি তাঁহার সঙ্গে যাইতে চাহি-লেন, প্রভু তাঁহাকে সঙ্গে লইলেন না।

ত্তিনন্দ ইইতে প্রভ্ তিমল্ল নপব ইইয়া তিগেদী (১)
তীর্থে আদিয়া পৌছিলেন। এই ছই স্থানে চতুভূ জি বিষ্
এবং শ্রীরামচন্দ্রের মৃতি দর্শন করিলেন। ভাষার পব
পানা-নরসিংহ (২) তীর্থে আদিয়া প্রেমাবেশে নৃসিংই
দেবকে বহু স্ততিনতি করিলেন। সেখান ইইতে শিবকাঞ্চী (৩) তীর্থে আদিয়া প্রভূ শিবদর্শন করিলেন। তাহাব
পর প্রভূ বিষ্কৃকাঞ্চী (৪) তীর্থে গমন করিলেন। এই
তীর্থে শ্রীশ্রীলক্ষ্মীনালায়ণের মৃত্তি আছেন। প্রভূ এই পরম
ফুলর মৃত্তি দেখিয়াপ্রেমানশে বছকণ নৃত্যকীর্ত্তন করিলেন।
এই স্থানে প্রভূ ইই দিন ছিলেন। প্রভূর কুপায় বহু শৈব
সন্ধাসী বৈষ্কুব ইইলেন। দে প্রদেশের সর্ব্ধ লোককে
বৈষ্কুব করিয়া তিনি ত্রিমল্ল নগর (৫) নিমা ত্রিকালতন্তি
গমন করিলেন। এই তীর্থে এসিদ্ধ মহাদেব মৃত্তি আহেন।
প্রভূ মহাদেবকে স্ততিনতি করিয়া পফ্টাতার্থে আদিলেন।
এখানেও শিবমৃত্তি আছেন। শিবদর্শন করিয়া তিনি

বৃক্ষকোল (২) তীর্থে গমন করিলেন। বৃক্ষকোলতীর্থে খেতববাহ মৃত্তি আছেন। প্রীভগবানের বরাহমৃত্তিকে স্থাতিনতি করিষা প্রভু পীতাঘব শিবলিঙ্গ দর্শনে যাইলেন। সেথানে শিয়ালী (৩) ভৈরবী দেবীব শ্রীমন্দির আছে। প্রস্থাবিক দর্শন কবিলেন। তাহার পর কাবেরী নদীতীরে আসিয়া গো-সমাজ শিবলিঙ্গ দর্শন কবিলেন। পরে বেদা বনে আসিয়া মমৃতলিঙ্গ শিব্যুত্তি দর্শন করিলেন। প্রভু বে যে শিবালয়ে গমন করিলেন সেই সেই স্থানে শৈবদিগকে বৈফ্ব কবিলেন। কবিরাজ গোস্বামী িথিয়া- ভেন—

''স্ব শিবালয়ে শৈব করিল বৈফ্ব"।

হবিনাম মহানরের প্রভাবে শৈব, শাক্ত, গাণপত্য, সৌর সকলেই পরম বৈষ্ণ্য হইলেন। ইহার পর প্রভ্ দেবস্থানে আসিয়া শ্রীবিষ্ণুম্ঠি দশন করিয়া আনন্দে নৃত্য ক্রিল করিলেন। এইস্থানে শ্রীসম্প্রদায়ের বৈষ্ণবগণের সহিত ইইগোষ্টা করিলেন। এখানে কুন্তুকর্ণ কপালের (৪) মনোবর দেখিলেন। পাশনাশন তীর্থে আসিয়া স্নান করেয়া শ্রীবিষ্ণুম্তি দর্শন করিয়া শ্রীরক্ষ্ণেত্রে (৫) রক্ষনাথ দর্শন করিলেন। সেখানে গ্রন্থু পরমানন্দে প্রেমাবেশে নৃত্যুকীর্ত্তন করিলেন। প্রভূ বেখানেই যান তাঁহার সক্ষেব্রুলাক উদ্ধে উথিত করিয়া যথন প্রভূ "কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ, কৃষ্ণ ক্রিয়া উন্নালের স্থায় স্বর্ধানি ক্রিয়া উন্নালের স্থায় স্বর্ধানি ক্রিয়া উন্নালের স্থায়া স্বর্ধানি ক্রিয়া উন্নালের স্থায়া স্বর্ধানিক ক্রিয়া উন্নালের স্থায়া স্বর্ধানিক ক্রিয়া উন্নালিক ক্রিয়া ক্রিয়া স্বর্ধানিক ক্রিয়া স্বর্ধানিক ক্রিয়া ক্রেয়া ক্রিয়া ক্রিয়া ক্রিয়া ক্রিয়া ক্রিয়া ক্রিয়া ক্রিয়া ক্রেয়া ক্রিয়া ক্রেয়া ক্রিয়া ক্রিয়া ক্রিয়া ক্রিয়া ক্রিয়া ক্রিয়া ক্রেয়া ক্রেয়া ক্রিয়া ক্রেয়া ক্রিয়া ক্রিয়া ক্রেয়া ক্রেয়া ক্রেয়া ক্র

 ⁽১) ত্রিপদী == উত্তর আর্কিট। এখানে রেলওয়ে ঔেসন আছে।
 (১৯৯৮) ত্রিক প্রতির উপত্যকার অবস্থিত। তিক্ষলর ত্রিপদীর নামান্তর।

⁽২) পানা নৃদিংহ = কুঞাজিলায় অবস্থিত।

⁽৩) শিবকাঞী — কপ্লিভিরাম। এগানে অনেক শিবমন্দির আছেন, কৈলাশনাধের মন্দির অতি প্রাচীন।

⁽৪) বিকুকাঞী — কল্লিভিরাম। এখানে বরোদারাজেব প্রতিষ্ঠিত শ্রীবিকুবিগ্রহ আচেন। অনস্ত সরোবর আছেন।

⁽e) তিমল=ভাঞোর।

⁽২) ত্রিকাল হস্তা, পঞ্চীর্থ, বুক্ষকোল, চিক্সলীপট্ট জ্লেলায় অবস্থিত।

 ⁽৩) শিয়ালি = ভে\ভীর জেলায়। তথা হইতে তিচিনপ্রী জিলায় কাবেরী নদীভীয়ে আফিলেন।

⁽৪) কৃত্তকর্ণ কলালে অব্ধাৎ কৃত্তকর্ণের মত্তকের খুলিতে যে সরোবর হইয়াছিল, তাহা দর্শন ক্রিলেন। কৃত্তকর্ণ পাল, অবর্ত্তমান ক্সাকোনান জিলা।

 ⁽৫) শ্রীরক্ষেত্র = ত্রিনিপল্লীর নিকট কাবেরী বা কেলিরণ নদীর উপর শ্রীরক্ষন্ অবহিত। শ্রীরক্ষনাথের শ্রীমন্দির ভারতীর বাবতীর মন্দির অপেকা বৃহৎ।

লোক তাঁহার সকে "ক্লফ হে!" করিতে করিতে করিতে
ছুটিয়া চলে। সে দৃষ্ঠ অতি মনোরম। যুগধর্ম প্রবর্ত্তক
শ্রীগোরাকপ্রভু ক্ঞনামের প্রবলতরকে দক্ষিণ দেশ ভাসাইয়া দিয়া চলিয়াছেন। হরিনামের অভ্তপুর্ব বক্তা
আহিয়া যেন অক্সাং সমগ্র দক্ষিণ দেশকে একেবাবে
পাবিত করিল। এই প্রবল বক্তার স্রোতে না ভ্রিল
এমন লোক নাই। সাধ করিয়া কি প্রজ্ঞাপাদ করিরাদ্ধ

"मृद्य कुछ करह देवछव देशन मृद (एन"।

এইরপে দক্ষিণ দেশে জীবোদ্ধার করিতে করিতে জগত-গুক শ্রীগৌরাকপ্রভু তুক ভন্তার নিকট ঢুণ্ডিরাম তীর্ণে আদি-লেন। এখানে চুণ্ডিরাম স্বামী নামে এক দিখিজ্ঞা পণ্ডিত বাস করিতেন। তাঁহার পাণ্ডিত্যপ্রতিভায় সম্প্র দাকিণাতা প্রদেশ আলোকিত ছিল। তিনি জ্ঞানমার্গ অবলম্বন করিয়া শুষ্ক তর্কবিচারে সমস্ত জীবন অভিবাহিত কবিষাছিলেন। তিনি অতিশয় পাণ্ডিত্যাভিমানী ছিলেন। প্রভূমধন তৃত্বভন্তায় ঘাইলেন, চণ্ডিরাম গোস্বামী তাঁহার স্থিত তর্ক্যন্দে পরাজয় স্বীকার করিয়া জগতগুরু শ্রীগৌরাঙ্গ পদে আলুদমর্পণ করিলেন। প্রভুর পাণ্ডিতাপ্রতিভা ও দীনতা দেখিয়া এই পণ্ডিতশিরোমণি বিশেদ লজ্জিত হইয়া তাঁহার চরণতলে পতিত হইয়া কুপা ভিকাকরিলেন। কুপানিধি শ্রীগোরাক প্রভু কুপা করিয়া তাঁহার নাম রাখি-লেন "হরিদাদ"(১)। দেই হইতে চুণ্ডিগাম স্বামী ভক্তি পথের পথিক হইলেন এবং প্রভূদত্ত ''হরিদাস" নামের সার্থকতা করিলেন।

ইহার পর প্রাভূ অক্ষরবর্ট নামক তীর্ষস্থানে আসিয়। বটেশ্বর নিবলিঙ্গ দর্শন করিয়া প্রেমানন্দে নৃত্যকীর্ত্তন করিলেন। দেদিন অনাহারে সেধানে শিবমন্দিরে রজনী যাপন কবিলেন। এই স্থানে তীর্থরাম নামে এক ধনী সত্যবাঈ ও লক্ষ্মীবাঈ নামে ছই ফুলব্মী বেশ্যা লইয়। আসিয়াউপস্থিত হইল। প্রভুর অপরূপ রূপলাবণা এবং উংকট বৈরাগ্য দর্শনে তীর্থরামের মনে তাঁহাকে পরীক্ষা করিবার বাসনা প্রভৃষ্ট উদয় করিয়া দিলেন। তীর্থরাম তুই বেশ্যাকে দিয়া প্রভুকে নানাভাবে পরীক্ষা করিলেন। দে দকল কথা গোবিন্দ দাদ তাঁহার করচায় বিস্তারিত লিখিয়াছেন। নির্বিকার প্রভুর অপূর্ব প্রেমচেষ্টাতে তাহাদিগের সকল ভ্রম দর হইল। প্রভূ বেশ্যান্বয়কে জননী বলিয়া সম্বোধন করিয়া তাহাদিগের স্থান্য শোধিত করি-লেন। ভাহাদিগের সর্ব্রপাপ বিধৌত হইয়া গেল, — হৃদয় নির্মাণ হইল। তথন তাহারা অন্ত্তাপানলে দগ্ধ হইয়া কুপাম্য জগত ওক শ্রীগৌরাঙ্গ-পদাশ্রয় কবিলা। প্রেনাবেশে প্রভু সেখানে নৃত্যকার্ত্তন করিতে লাগিলেন। হঙ্কার গর্ছন করিয়া উচ্চ হরি সভীর্তন করিতে লাগিলেন। উদত্ত নৃত্যু করিতে করিতে তাঁহার পরিধানের কৌপীন ও বৃহিবাদ খদিয়া পড়িল। কীর্ত্তনানন্দে উন্মন্ত হইয়া প্রতু ঘনঘন ভূমিতলে আছাড় খাইয়। পড়িতে লাগিলেন। ঙাঁহার শীম্প হইতে অত্ত তেজ নির্গত হইতেছে। ধনী তীর্থরাম চমংকৃত হট্যা প্রভুর চবণতলে নিপতিত হুইলে ক্লপাময় প্রভু তাঁহাকে চরণে দলিত করিয়া কুণা করিলেন।

ইহা দেখি দেই ধনী মনে চমকিল।
চরণ তলেতে পড়ি আশ্র লইল।
চরণে দলেন তাঁরে নাহি বাহজান।
হরি বলে বাহুতুলে নাচে আগুয়ান।বাাঃ করচা।

এরপ সৌভাগ্য আর কাহার হয় ? তীর্থরাম প্রভুর চরণতলে পতিত ইইরা বহু আর্থ্যি করিয়া কান্দিতে লাগিলেন। বেশ্যাদ্বরের বিষম আত্ময়ানি উপস্থিত হইল। তাহারাও প্রভুর চরণে শরণ লইল। ভাবনিধি প্রভুর কমল নয়নদ্বয় দিয়া পিচ্কারীর স্থায় জল ছুটিতেছে। তাঁহার সর্বাঙ্গ প্রেমভরে থবথর কাঁপিতেছে। তার্থরাম ইহা দেখিয়া কান্দিয়া আকুল হইয়া ছই হত্তে প্রভুর চরণ বয় দৃঢ় ধারণ করিয়া কহিল,—

⁽১) চুণ্ডিরাম হরিদাস নামে খ্যাত হর। কানাকানি পাবতেরা কত কথা কর।। গোঃ করচা।

বড়ই পাষণ্ড মুক্রি পাণী ভীর্থরাম। কপ। করি মোরে প্রভু দেহ হরিনাম ॥ গো: कः। করুণাময় প্রভু তাহাকে হত্ত ধরিষা উঠাইয়া গাঢ় প্রেমালিকন দানে ক্রতার্থ করিলেন। দৈঞাবভাব শ্রীগৌর-ভগবান ভীর্থরামকে কহিলেন "তীর্থরাম! তুমি সাধু পুরুষ। তোমাকে স্পর্শ করিয়া আমি আজু প্রিত্ত হইলাম। তুমি ভজোত্তম" (১)। তীর্থরামের হৃদয়ে **অম্তাপানল ধৃধু জ**লিতেছে। তাহাব উপর প্রভুর এই কুপা-বাক্যবান শেলেব মত বিদ্ধ হইয়া তাহার হৃদ্ধ একে-বারে গলিয়া গেল। তাঁহাব সর্বাপাপ ভদ্মীভূত হইস। হদয়ে নির্মাল প্রেমভক্তি উদয় হইল। তিনি কাঁনিয়ে। আকুল হইষ। প্রভূব চরণতলে পুনঃপুন: পড়িতে লাগিলেন। প্রভূও তাঁহাকে প্রেমভবে হত্ত ধরিয়া উঠাইয়া পুন:পুন: প্রেমালিক্সন দানে কুতার্থ করিতে লাগিলেন। তীর্থরাম প্রভুর কুপায় স্থান্থির হইলে শ্রীগৌরভগ্রান তাঁহাকে বছ উপদেশপূর্ণ কথা বলিলেন। বৈরাগ্য শিক্ষা দিলেন। প্রভুব কয়েকটি উপদেশমাত্র এম্বে উদ্ভ হইল।

প্রভু কহে তৃণ সম গণহ বৈভবে।
ভক্তিধন অমূল্য রতন পাবে তবে॥
ঈশবে বিশাস ঈশব আনিয়া মিলায়।
আব কিছু প্রমাণ ত কহনে না ধায়॥
বহু শাস্ত্র আলাপনে কিবা প্রয়োজন।
বিশাস কবিয়া কৃষ্ণ করহ ভজন॥ গোঃ কঃ

প্রভুর উপদেশে তীর্থরামের তৎক্ষণাথ বিষয়-বৈরাগ্য জন্মিল। তিনি বসন সূষণ ত্যাগ কবিয়া ছিল্ল কৌপীন পরিধান করিয়। তিলক মালা গ্রহণ করিলেন। প্রভুর নিকট হরিনাম মহামন্ত্র গ্রহণ করিয়া হরিনাম গানে উন্মন্ত ইইলেন। অতি দীনহীন কান্দালের ক্যায় ভিধারীর বেশে

(১) তীর্থনান পারতেরে করি আলিক্সন। প্রস্তু বোলে তীর্থরাম তুমি দংধুলন।। পবিত্র হইফু আমি পরণি হোমারে। তুমিত প্রধান ভক্ত কহে বারে বারে।। গোঃ করচা। তিনি ছই বাছ উদ্ধে তুলিয়া প্রমানন্দে উচ্চ হরিস্কীর্ত্তন করিতে লাগিলেন (১)। ইহা দেখিয়া তাঁহার প্রমা স্বন্ধরী স্ত্রী কনলকুমানী স্বামীর চবণ ধ্বেণ করিয়া কান্দিতে লাগিলেন। তীর্থরাম হাসিয়া গৃহিণীকে কহিলেন—

নরক হইতে ত্রাণ পাইয়াছি আমি।

বিষয় বৈভব সব ভোগ কর তুমি॥ গোঃ করচা।
ক্ষলকুমারী এই কথা শুনিয়া মৃচ্ছিতা হইয়া পড়িলেন। তিনি পতিবতা বমণী। পতি-পদে আত্মসমর্পণ করিতে কুঠিতা ইইলেন না। ভক্তিমান স্থামীও তাঁহার ভক্তিমতী স্ত্রীকে কণা করিতে কুপণতা করিলেন না।
তীর্থরাম ক্মলকুমারীকে হরিনাম মহামন্ত্র দান করিয়া
বৈরাগ্য শিক্ষা কবিতে উপদেশ দিলেন। ক্মল কুমারী তীর্থ
ইইতে দেশে প্রত্যাবর্ত্তন কবিয়া স্থামীর বিষয় সম্পত্তি
সকল দান করিয়া ভিখারিণীর বেশে হবিনাম ভঙ্গন করিতে
লাগিলেন (২)। বটেশ্বরে প্রভু সাগ্রদিন থাকিয়া এই ক্রশে
সক্ষলোক উদ্ধার কবিয়া দশক্রেশেব্যাণী এক ভীষণ হিংল্পসক্ষলোক উদ্ধার কবিয়া দশক্রেশেব্যাণী এক ভীষণ হিংল্পসক্ষেদ্যালিত বিশাল অবণ্য মধ্যে প্রবেশ করিলেন।
প্রভুর শ্রীমুথে কেবল দেই উত্তম শ্লোক—

कुमा कुमा कुमा कमा कमा कमा कमा (ह। कमा कमा कमा कमा कमा कमा कमा माम्।

ভীষণ অবণ্যানীব জীবজন্ত, কীটপতক বৃক্ষকত।
প্রভৃতি সকলেই প্রভৃত্ত শ্রীমুখের মধুব রুফা নাম প্রবণ করিষা উদ্ধার হইল। গৌবিন্দ ও কুফ্গাস প্রভৃত্তর সঙ্গে আছেন। ভীষণ অরণ্য দেখিয়া তীহারা ভয় পাইলেন। প্রভৃত্ত রুপায় কিন্তু একটা হিংল জন্তুও তাঁহাদেব সমুধে

- (১) ভীর্বরাম তৃণসম বিষয় ছাড়িয়।
 ছবি বলি নাচে ছই বাত্পণারিয়।।
 সর্বালে তিলক ধরে পরবে কৌপীন।
 ভক্তিতে তরিল। তারে অভি দীনহীন।। গোঃ করচা
- কমলের মারাজাল দেপে ভার্যরাষ।
 ঈবৎ হাসিয়া বোলে কর হরি নাম।।
 কান্দিতে কান্দিতে তবে কমলকুমার।।
 কিরে পিয়া ভার্ব হলে। পথের ভিবারা।। গোঃ কয়চা

পড়িল না। প্রভুর পশ্চাৎ পশ্চাৎ তাঁহারা নির্ভয়ে এই বৃহৎ অরণা পার হইয়া মুদ্রা নগরে আসিয়া পৌছিলেন। এই মুল্লা নগবে অনেক লোকের বাস। প্রভূ একটি বুজ-তলে বসিয়া বিশ্রাম করিলেন। নগরের লক্ষ লক্ষ লোক আসিয়া প্রভকে দর্শন করিয়া ক্বতার্থ মনে করিল। এমন অপর্প রূপবান ন্বীন সন্ন্যাদী তাহারা ক্থনও চকে দেখে নাই। কুলনারীবৃন্দ পর্যাস্ত প্রভুর অপরূপ রূপ-রাশিতে মগ্ধ হইয়া বৃক্ষতলে আসিয়া তাঁহাকে দর্শন করিয়া হানয় ও মন নির্মাল করিল। প্রাভু এইস্থানে অস্কৃত নুত্যকীর্ত্তন করিলেন। ইহা দেখিতে বছলোকের সংঘট হইল। সমগ্র নগরবাধীকে হরিনামে মত্ত করিয়া তিনি দে স্থান হইতে যাতা করিলেন। বিদায় কালীন নগর বাদী বছলোক ভোজা বস্ত্র প্রভৃতি রাশীকৃত করিয়া প্রভুর সেবার জন্ম দিতে আদিলেন, প্রভু বুক্ষতলবাদিনী একটি বৃদ্ধা ভিথাবিণীকে দে সকল দিতে বলিয়া দেস্থান ত্যাগ করিলেন (১)। মুম্মাবাদী নরনারীবুন্দ প্রভুর দ্যা দেখিয়া বিন্মিত হইল। তাঁহার সঙ্গে অনেক লোক গেল, কিছ জাঁহার লাগ পাইল না।

প্রভূ প্রীরঙ্গক্ষেত্রের (২) কিছুদিন ছিলেন। শ্রীৎঙ্গ-

(২) প্রভুক্তে শুন শুন মুরাবাসীগণ। তোমাদের ভিকা আমি করিফু এইণ।। বুক্তলে এই বে ছঃখিনী বদে আহিছ। এই দব কার বল্ল দাও তার কাছে।। গোঃ করচা

(২) খ্রীরক্ষেত্র ত্রিচিনপারীর নিকট কাবেরী নদীর তীরে হাত্ত। ভারতবর্ধের মধ্যে এত বড় স্তৃহৎ মন্দির আর কোথাও না.া চোলরাজ আদি কুলোত কের পূর্কেরালা মহেক্র রাজ্য করেন। যান্নাচার্থ্য, প্রভৃত্তি খ্রীরক্ষনাথের সেনার প্রধান অধ্যক্ষতা করেন। স্বদর্শনাচার্থ্যে অধ্যক্ষতা করেন। স্বদর্শনাচার্থ্যে অধ্যক্ষতাকালে মুসন্মানগর্গ খ্রীরক্ষনাথ মন্দির আক্রমণ করিয়া ঘাদশসহস্র বৈক্ষরকে হত্যা করে। খ্রীরক্ষনাথকে তিরুপতিতে সানাস্থরিত করিতে হয়। বিজ্ঞানগর রাজ্যেক্র শাসনকর্তা গোপ্পানার্থ্য বৈক্ষরগণের প্রার্থনা মতে খ্রীরক্ষনাথকেকে ভিরুপিত হইতে আনম্বন করিয়া ভিনৰণসর্কাল নিজ অধিকারে রক্ষা করেন পরে ১২৯০ শকালে খ্রীরক্ষক্ষেত্র পুনঃ প্রতিষ্ঠিত করেন।

ক্ষেত্রে কাবেরী নদীতীরে অবস্থিত স্থন্দর নগর। এখানে ঐরস্থনাথের মন্দির আছে. এইজন্মই ইহার নাম ঐরস্থ-ক্ষেত্র। দক্ষিণ প্রনেশে ইঠা একটি প্রধান তীর্থস্থান। প্রীরঙ্গদেবকে দর্শন করিয়। গ্রন্থ প্রেমানন্দে অধীর ক্ইয়া বহুক্ষণ নৃত্যকীর্ত্তন করিলেন। শ্রীরঙ্গক্ষেত্রবাসী সর্কা-লোক প্রভুর অপরূপ রূপ দেখিয়া এবং তাঁহার শ্রীমধে মধর হরিনাম কীর্ত্তন শুনিয়া অতিশয় মুগ্ধ হইল। এই গ্রামে এক গৃহস্থ ব্রাহ্মণ বাদ কবিতেন। তাঁহার তিন পুত্র ছিল, জ্যেষ্টের নাম বেন্ধট ভট্ট, মধ্যমের নাম ত্রিমল ভট্ট, কনিষ্ঠের নাম প্রকাশ নাই। কথিত আছে এই ক্রিষ্ঠ পুত্রই কাশীর প্রকাশানন্দ সরস্বতী। শ্রীসম্প্রদায়ের আচার্যা স্বরূপ ছিলেন। মন্দিরে প্রভুব সহিত গ্রথমে এই ভট্টবংশের জিমল ভটের সহিত সাক্ষাং হয়। ত্রিমল ভট্ট প্রভুকে কিরুপ দেখিলেন ঠাকুর লোচন দাস তাহা ঐীচৈতক্সমঙ্গলে লিখিয়া গিয়াছেন যথা---

তথার ত্রিমন্থ ভট্ট ঠাকুব দেখিয়া।
নিরীখরে গৌবদেহ বিস্মিত হইয়া।
দেহের কিরণ আর প্রেমার আরম্ভ।
কদম্ব কেশর জিনি পুলক কদম্ব।
স্কালোক জিনি ভত্ম যেনক স্কমেক।
প্রেম ফল ফুলে ভরিয়াছে কল্পতক।
ধরি হরি বলি ডাকে অভি উচ্চনাদে।
দেখিয়া চৌদিক ভরি দব লোক কাঁদে।
কৈছিন দেখিয়া সে ত্রিমন্ন ভট্টাচার্য্য।
কেই ভগবান কভুনহে আন।
নিশ্চয় জানিল এই স্কাজন প্রাণ।
এতেক জানিঞা সে ত্রিমন্ন ভট্ট রায়।
আপন আশ্রমে দে প্রভুবে লঞা বায়॥

এই ভটুগোস্বামী পরম বৈফব। তাঁহারা **এত্রীল**ক্ষী-নারায়ণ উপাদক। বেকট ভট় এই ভক্তগোষ্ঠার কর্তা। ত্রিমল ভট্ট তাঁহার মধ্যম লাতা। ত্রিমলভট্ট প্রকৃকে মহা সমাদরের সহিত নিমন্ত্রণ করিয়া গৃহে আনিলেন। বেছট-ভট প্রভুকে দর্শন করিয়া স্তুতি বন্দনা করিয়া শ্বয়ং তাঁহার 🕮 চরণ ধৌত করিয়া দিলেন । এবং সেই অঙ্কভববাস্থিত পালোদক সর্বগোষ্ঠা মিলিয়া পান করিলেন (১)। পবে महामभाषतः श्रञ्हाक (म पिन गृहर जिका कत्राहेलन। ভোজনাত্তে প্রভু হৃত্তিব হইষ। বদিলে, বেষটভট্ট করযোড়ে নিবেদন করিলেন, "ঠাকুব ু চাতুর্মাঞেব শুভকাল উপস্থিত। কুপা করিয়া আঘার এই কুটারে আপনি চাতৃশান্ত করুন, আর ক্ষকণ কহিয়া আমাদের কুতার্থ করুন (২)। প্রতু ভট্রগোষ্ঠার এই প্রীতি-নিমন্ত্রণ অঙ্গীকার করিয়া ত্রীরক্ষেত্রে চারি মাস রহিলেন। প্রতিদিন প্রত্ন কাবেবী স্নান করিয়া শীরঙ্গনাথ দর্শন কবেন এবং প্রেমানন্দে নৃত্য-কীর্ত্তন করেন। এীবঙ্গক্ষেত্রবাদী দর্কলোক প্রভূব একান্ত অন্তবক্ত হইল। চতুর্দ্ধিকের লোক এই অপুর্ব্ব নবীন-সন্ন্যাসীব ষত্ত প্রেমচেষ্টার কথা শুনিল। লক্ষ কক্ষ লোক আসিয়া প্রভূকে দর্শন কবিয়া দর্ব্ব হুঃথ শোক জ্বালা ভূলিয়া হরিনাম গানে মত্ত হইল। সকলেই কৃষ্ণভক্ত হইল। কবিরাজ-(शास्त्रामी निश्चियारहन,-

> লক্ষ লক্ষ লোক আইদে নানা দেশ হৈতে। সবে কৃষ্ণনাম কহে প্রভুৱে দেখিতে॥ কৃষ্ণনাম বিনে কেহো নাহি বোলে আর। সবে কৃষ্ণভক্ত হৈল লোকে চমৎকার॥

রঙ্গক্ষেত্রের যত বিপ্র সকলেই প্রভূকে এক একদিন করিয়া নিমন্ত্রণ করিলেন। এইরণে তাঁহার চাতৃশান্ত পূর্ণ হইল। অনেকে প্রভূকে নিমন্ত্রণ করিবার আর সময় না পাইয় মহা তৃঃথিত হইলেন। প্রভূবেকটভট্টের গৃহে থাকিয়া এইরণে চাতৃশান্ত কবিলেন। বেকটভট্টের

> (১) নিজ ঘরে লৈঞা কৈল পাদগ্রকালন। সেই কল সবংশেতে করিল ভফণ।। চৈঃ চঃ

(২) ভিক্ষা করাইথা কিছু কৈল নিবেদন।
চাতুর্বান্ত আদি এডু হৈল উপপন্ন।।
চাতুর্বান্ত কুণা করি বছ মোর ঘলে।
কুঞ্কথা কছে কুপাল নিআরে লামারে।। টেঃ চঃ

দশম বর্ষীয় পুত্র গোপালভট্ট প্রভ্র নিকটে সর্বাদা থাকিতেন এবং তাঁহার সেবা করিতেন। প্রভৃ তাঁহাকে বিশেষ কপা করিতেন। এই অনবগ্ধন্ধ বালক গোপাল প্রম বিনয়ী ছিলেন, এবং শাস্ত্রপাঠে অন্তর্যুক্ত ছিলেন। কুপানিধি প্রভৃ তাঁহাকে কিরপ ভাবে কুপা করিয়া ছয় গোস্বামীর এক গোস্বামী নিদ্ধিই করিয়া প্রীবৃন্দাবনে আনিয়াছিলেন,—সে দকল কথা পবে বলিব।

শ্রিবঙ্গক্তে থাকিতে **অনেক লীলারঙ্গ** ক্ৰিয়াছিলেন। এক্দিৰ্বস প্ৰভূ দেখিলেন দেবালয়ে বসিয়া একটি ব্রাহ্মণ আশন মনে গীতা পাঠ করিতেছেন। গীতার অস্তাদশ অধায় পাঠ করিতেছিলেন। প্রেমাবেশে তিনি গীতা পাঠ কবিতেছেন, – শ্লোক সকল অণ্ডন্ধ উচ্চারণ হইতেছিল। লোকে তাহা শুনিয়া উপহাস করিতেছিল। কেহ হাসিতেছিল, কেহ নিন্দা করিতেছিল। কিছ ব্ৰাদ্ধণেৰ ভাগতে ক্ৰফেপ নাই। ভিনি প্ৰেমাৰিষ্ট **ংইয়া** গীতা পাঠ করিতেছিলেন। তাহার **অঞ্চে অই**সা**ত্ত্বিকভাবের** উপান দেখিয়া প্রভুর মনে বড় স্থানন্দ হইল। প্রভু**সেই** দেবালয়ে বসিয়া গাঁতা-পাঠ শুনিতেছিলেন। বিপ্রের পাঠ শেষ হইলে সৰ্বজ প্ৰভু তাঁহাকে বিনীতভাবে **জিজ্ঞাসা** করিলেন, ''মহাশ্য! আপনি গীতা পাঠ করিতেছিলেন, আর প্রেমানন্দে কান্দিতেছিলেন। আমি জানিতে **ইজ্ঞা** করি, কোন্ লোকার্থ জানিয়া আপনার মনে এত আনন্দ হয়। কুশা কৰিয়া তাহা স্থামাকে বলিয়া কুতাৰ্থ কৰুন।" কুঞ্ভক্ত বিপ্র প্রভুর বিনয়ন্ম-্বচনে প্রম-প্রিতুট হইয়া মনের কথাটি তাঁহাকে প্রকাশ করিয়া বলিলেন। **মথা** গ্রীচৈতমুচরিতামুতে---

> বিপ্র কং মুর্থ আমি শক্ষার্থ না জানি। শুদ্ধাশুদ্ধ গীতা পড়ি গুরু আজ্ঞা মানি। অর্জ্জুনের রথে কৃষ্ণ হক্রা রজ্জুধর। বসিয়াছে হাতে তোতা (১) খামল ফুলর॥

⁽১) ভোজ-চাবুক।

অর্জ্নে কহিতে আছেন হিত উপদেশ।
তাহা দেখি হয় মোর আনন্দ আবেশ।
যাবং পড়োঁ তাবং পাঙ তার দরশন।
এই লাগি গীতা পাঠ না ছাড়ে মোর মন।

বিথের সরল কথায় প্রভূ আনন্দে গদগদ হইয়া তাঁহাকে গাঢ় প্রেমালিঙ্গন দানে কুতার্থ করিয়। কহিলেন—''তুমিই যথার্থ গীতাপাঠের অধিকারী। গীতার দার মর্ম ও অর্থ তুমিই ব্রিয়াছ' (১)।

গ্রুর খ্রীষদ স্পর্ণে বিপ্রের সর্বসিদ্ধি লাভ হইস।
তিনি প্রভুব ধুনাবলে তাঁহার বন্ধণতত্ত্ব ব্ঝিতে পারিলেন।
প্রভুকে দোখনা তাঁহার মনে খ্রীকৃষ্ণ ক্রি ইইল। তিনি
প্রভুব চরণতলে নিপ্তিত হইনা প্রেমানন্দে কান্দিতে
কান্দিতে নিবেদন ক্রিলেন—

"তোমা দেখি তাহা হৈতে বিগুণ স্থ হয়। দেই কৃষ্ণ তুমি হেন মোর মনে লয়॥" চৈ: চ:

প্রস্কুতথন সেই ভাগ্যবান বিপ্রকে নিভ্তে লইয়া মাইয়। নিজ ময় ভজ্নোপদেশ দিয়। কহিলেন ''এসকল কথা গোপন রাখিবে"।

তবে মহাপ্রভু তাঁবে করাইল শিক্ষণ।
এই বাত কাঁথা না করিবে প্রকাশন। হৈচ চঃ
সেই দিন হইতে সেই ভাগ্যবান বিপ্র প্রভুর পরম
ভক্ত হইলেন। এক তিলার্দ্ধিকালও তাঁথার সঙ্গ ছাড়িলেন
না। চারি মাস কাল প্রভুর সেবাকার্য করিয়া তাঁথার
নিক্ট ভক্ষন তব্ব শিথিলেন।

প্রভ্র এই লীলারহস্টার কিছু ব্যাখ্যা প্রয়োজন।

পণ্ডিভাভিমানী সুলদশী ব্যক্তিগণ শ্রীভগবানের লীলাগ্রন্থবর্ণিত লীলারহস্তের মর্শোদ্যাটন করিতে অসমর্থ। তাঁহারা
ক্লোকার্থ, অন্ধ্য, ব্যাখ্যা, টীকা, শুদ্ধাশ্বর, উচ্চারণ এই সকল
বহিরঙ্গ ভাব লইয়াই ব্যস্ত। লীলাগ্রন্থের অন্ধরক্ ভাবটি
বড় মধুর। সেই ভাবটিই প্রকৃত ভক্ত গ্রহণ করিবেন।

প্ৰভুক্তে গীতা পাঠে তোমার অধিকার।
 ভুমি সে জানহ এই গীতার অর্থ পার।। চৈঃ ১ঃ

পণ্ডিতগণের ইহা বৃঝিবার অধিকার ভগবানই দেন নাই।
বিদ্যাগর্ম্ম,পাণ্ডিত্যাভিমান এইতি প্রকৃত ভক্তিলাভের প্রধান
অস্তরায়। প্রীভগবান ভাবগ্রাহী। "নম বিষ্ণায়" বলিয়া
তাঁহার চরণকমলে গদাজল ও তুলসী দিলে তিনি যেরপ
তুই হইয়া গ্রহণ করেন "শ্রীবিষ্ণবে নম" বলিয়া দিলেও
সেই ফল হয় (১)। এই যে বিপ্র কর্তৃক অশুদ্ধভাবে গীতা
পাঠ এবং অশুদ্ধভাবে প্লোক উচ্চারণ, ইহাতে প্রকৃত
ভজনের কোন বিম্নই হয় না। মূল ভজন ভাব লইয়া।
ভাবগ্রাহী প্রীগৌরভগবান স্বয়ং ভাবনিধি। ভাবসম্প্রে
তিনি দিন রাত তুবিয়া আছেন। গাঁতা-পাঠক বিপ্রের
মনের ভাব ব্ঝিয়াই তিনি তাঁহার প্রতি তুই হইয়া
তাঁহাকে কুপা করিয়া নিজ্বত্ব জানিতে দিলেন। ভাবের
ঠাকুর প্রীগৌরাক্সক্রমর ভাবাবিই গাঁতা-পাঠক ভাগ্যবান
মূর্থ বিপ্রকে বেরপ ভাবে কুপা করিলেন, শাল্পব্যন্মায়ী
সদাচারনিষ্ঠ পণ্ডিতকে তিনি শেরপ কুপা করেন নাই।

প্রভূ এখনও বেকট ভট্টের গৃহে আছেন। বেকট ভট্ট শ্রীশ্রীলক্ষীনারায়ণ-উপাসক, সে কথা পূর্ব্বে বলিয়ছি। উহার ঐশ্বর্যভাব। পরকীয়া ভাবে মধুর ভজন প্রভূর নিজস্ব ধন। বেকট ভট্টের সহিত প্রভূর স্থ্যভাব। উহার সহিত ক্রম্ফকথারঙ্গে প্রভূ আননন্দ আছেন। শ্রীশ্রীলক্ষীনারায়ণে বেকট ভট্টের প্রগাঢ় ভক্তিনিষ্ঠা দেখিয়া প্রভূর মনে বড় আনন্দ। একদিন হাত্রপরিহাদ করিতে রিদ্যা রসিক চুড়ানিণি প্রভূ বেকট ভট্টকে জিজ্ঞাদা করি-লেম——

শস্ত ! তোমার লক্ষী ঠাকুরাণী।
কান্ত বক্ষ:ছিতা পতিব্রতা শিরোমণি॥
আমার ঠাকুর ক্রম্ফ গোপ গোচারণ।
সাধ্বী হঞা কেনে চাহে তাঁহার সক্ষম।
এই লাগি স্থভোগ ছাড়ি চিরকাল।
ব্রতনিয়ম করি তপ করিল অপার॥" হৈঃ চঃ

মূর্থো বদতি বিকার ধীরো বদতি বিকরে।
 উক্তরোত সমং পুণ্যং ভাবপ্রাহী জনার্দনঃ।। প্রাচীন রোক।

এই বলিয়া প্রভু শ্রীমন্তাগবতের নিম্নলিখিত শ্লোকটি পাঠ করিলেন—

ক্ষাহভাবোংশু ন দেব। বিদ্মহে তবাংদ্রিরেণুস্পর্শাধিকার:। যদ্বাঞ্যা শ্রীল লনাচরত্তপো বিহায় কামানু স্থচিরং ধৃতত্তত। (১)

বেষট ভট্টও পরম শাস্ত্রজ্ঞ; তিনি প্রভূর এই উপহাস-বাণী শুনিয়া উত্তর দিলেন; যথা গ্রীচৈতক্সচরিতামতে—

ভট্ট কহে কৃষ্ণ নারায়ণ একই স্বরূপ।
কৃষ্ণেতে অধিক লীলা বৈদগ্ধাদি রূপ॥
তাঁর স্পর্দেশ নাহি যায় পতিত্রতা-ধর্ম।
কৌতৃকে লক্ষ্মী চাহেন কৃষ্ণের সম্পন্ম।
কৃষ্ণদলে পতিত্রতা-ধর্ম নহে নাশ।
অধিক লাভ পাইয়ে আব রাসবিদাদ॥
বিনোদিনী লক্ষ্মীর হয়ে কৃষ্ণে অভিলাব।
ইহাতে কি দোষ কেন কর পরিহাদ॥

প্রভূ হাসিয়া উত্তর করিলেন "ইহাতে দোষ নাই, তাহা আমি বুঝি, কিন্তু শাস্ত্রে যে বলে লক্ষীদেবী রাসলীলা দেখিতে পান নাই, রাসোৎসবে যোগ দিতে পারেন নাই, ইহার কারণ কি বল দেখি? শুতিগণই বা কি তপস্যা করিয়া রাসবিহারী শীক্তফের অকসক পাইলেন?" এই বলিষা প্রভূ শীম্দ্রাগবতের নিম্নলিখিত ছুইটি শ্লোক পাঠ করিলেন—

নায়ং শ্রিয়োহঙ্গ উ নিতান্তরতে: প্রদাদ:
স্বর্গোসিতাং নলিন গদ্ধকটাং কুতোহস্তা:।
রাসোৎসবেহস্ত ভূজদওগৃহীতকণ্ঠ
লকাশিষাং য উদগাদ্বজস্বন্দরীণাম॥ (২)

(১) লোকার্থ। নাগণভাগণ শ্রীকৃক্তকে কহিলেন ''হে দেব! এই মহা নীচ কালীয় নাগের নন্দপ্তারূপ ভোমার চরণ রেণ্র স্পর্লে অধিকার দেখিতেছি,ভাহা তপঃ প্রভৃতি সর্ব্ধ ক্ষুভি ছুল ছি; শেংহতু অন্ধাদি সকল ভক্ত হহৈতে অধিক প্রিমত্মা লক্ষ্মী, নারারণকপ ভোমার ললনা হইরাও পোপালক্ষপ ভোমার চরণ স্পর্শ কামনার তপন্তা করিয়াছেন; কিন্ত ভাহা প্রাপ্ত হন নাই। আর এই নীচ কালীয় নাগ নিজ্প মতকে ভোমার চরণম্বর কর্তৃক নিভ্যানন্দ স্পর্শাস্থ্য করিতেছে, ইহার সহিমা আর কি বলিব ?

(२) রোকার্থ। রাদোৎসবে বাঁহাদিগের কণ্ঠ প্রীভগবানের ভুজদও-

নিভৃতমক্রনাথেক দৃঢ়যোগযুজো কদি যনুন্য উপাদতে তদরয়োথপি যয়: শ্বরণাথ
ক্রিয় উরগেল্র-ভোগ-ভূজদগু-বিষক্তধিয়ো
বয়মপি তে সমা: সমদৃশোথজিযুসবোজক্থা: ॥ (১)

বেকট ভট্ট প্রভুব শ্রীবদনের প্রতি চাহিয়া রহিলেন।

ত্যার কোন উত্তর দিতে পাবিলেন না। তিনি কর্যোড়ে
প্রভুর চরণে নিবেদন করিলেন ''আমি ক্ষুদ্রবৃদ্ধি জীব।
এই সকল কোটীসমুদ্রগন্তীর শ্রীভগবানের লীলারহক্ষে

ভামার মন প্রবেশ করিতে পাবে না। তুমি সাক্ষাং
কৃষ্ণ। তোমার লীলারহক্ষ তুমিই জান, এবং কৃপা
ক্রিয়া যাহাকে জানাও দেই ইহা জানিতে পারে''।

ভূমি সেই সাক্ষাৎ ক্লফ জান নিজ কর্ম। যাবে জানাহ সেই জানে ভোমার লীলা মর্মা। হৈঃ চঃ

ভটেব কথা শুনিয়া প্রভূ ঈষং মধুব হাদিলেন। ভটি সে হাসির মর্ম ব্রিলেন না। কারণ তিনি ব্রজরসের বসিক নহেন, ব্রজভাবের ভাবক নহেন। প্রভূ রূপা কবিয়া এক্ষণে ভটুকে ব্রজের মধুব ভঙ্গনতক্ত কহিতে লাগিলেন। শ্রীভগবানের ঐশ্ব্য-মৃত্রি শ্রীপ্রীলক্ষ্মীনারায়ণ-উপাসক বেক্ষট ভটুকে প্রভূ ব্রজেব মাধুব্য-ভঙ্গনতক্ত শিক্ষা দিলেন। প্রভূ বলিলেন যথা শ্রীচৈত্রভাচিরিতামূতে—

বারা গৃহীত হইয়াছিল, দেই ব্রহ্মন্দরীগণের প্রজি বে প্রকার ভগবৎপ্রদাদ উদিত ইইয়াছিল, তাদৃদ প্রেম-প্রদাদ শীনারারণদেবের বক্ষ: ছলবিভা নিতান্তরতি লক্ষ্যাদেবী প্রতিও উদয় হয় নাই। তথন স্বর্যাধিত
অর্থাৎ উপেক্রাদি পত্নীগগের প্রতি কিরুপে হইবে । স্প্তরাং অক্সাবতার
পত্নীগগের কা কথা।

(১) প্রতিগণ কহিলেন প্রাণ মন ও ইন্দ্রির সংখ্য পূর্বক স্থান্ত বোগযুক্ত মূণিগণ যাহা কদরে উপাদনা করেন, শক্তেগণ অনিপ্র চেইার তোমাকে পারত করিবাও ভাষাই প্রাপ্ত হর এবং অপরিচিছর ভোমাকে পরিচিছরকাপে দর্শনপূর্বক ভূজদত্তে বিদক্ত বৃদ্ধি বজন্দরীগণ ভোমার শীচরণের স্পর্ণ মাধুবী প্রাপ্ত হইরাছেন এবং প্রভাজিমানিনী দেবতাক্রণ আমরা কার ব্যহ্বারা তৎ সদৃশ হইরা ভাষাবিশের আন্দণত্য লাভ করিবা ভোমার শীচরণস্পর্ণমাধুবী প্রাপ্ত হইব।

প্রভুক্ত ক্ষেত্র এক সভাব বিলক্ষণ।
স্বামাধুর্য্যে করে সদা সর্ব্ব আকর্ষণ ॥
ব্রজনোকে গ ভাবে পাই তাঁহার চরণ।
তাঁরে ঈশার করি নাহি জানে ব্রজজন ॥
কেহ তাঁরে পু্রজ্ঞানে উদ্ধলে বান্ধে।
কেহ স্থাজ্ঞানে জিনি চড়ে তাঁর কানে ॥
ব্রজ্জনন্দন তাবে জানে ব্রজজন।
বার্থ্য জ্ঞানে নাহি নিজ সংখ মনন ॥
ব্রজলোকের ভাবে যেই করয়ে ভজন।
সেই জন পায় ব্রজে ব্রজ্জেনন্দন ॥
এই বলিয়া প্রভু ভাগবতের একটি শ্লোক পাঠ করি-

নায়ং হথাপো ভগবান্ দেহিনাং গোপিকাহত:।
জ্ঞানিনাং চাত্মভূতানাং যথা ভক্তিমতামিহ॥ (১)
পরে প্রভূ ভট্টকে গোপীভদ্ধন ব্যাইতে লাগিলেন—
শ্রুতি সব গোপীগণের অন্নগত হঞা।
বাহ্যান্তরে গোপীদেহ ব্রজে যবে পাইল।
সেই দেহে কুফ্মকে রাসক্রীড়া কৈল॥
গোপ জাতি কুফ গোপী প্রেয়সী গাহার।
দেবী বা অক্স ত্রী কুফ না করে অস্পীকার॥
শন্ধী চাহে সেই দেহে কুফ্মের সন্ধন।
গোপিকা অকুসা হঞানা কৈল ভদ্ধন॥
অক্স দেহে না পাইয়ে রাসবিলাস।
অত্যবং "নায়ং" শ্লোক কহে বেদব্যাস॥ তৈ চঃ

গোপীদেহ ব্যতিত অন্ত দেহে রাদবিলাস অর্থাৎ রাস-বিলাসোপলক্ষিত অন্ধামের মধুর রসময়ী লীলা প্রাপ্ত হওয়া যায় মা, অর্থাৎ অন্ধলীলা পরিকলত লাভ হয় না। অন্ধ-গোপীরন্দের অনুগা ইইয়া অংক্রমন্দন শ্রীক্ষের ভন্তন

করিলে তবে রাদবিহারী শ্রীক্ষের অঙ্গসঙ্গ লাভ হয়। লক্ষীদেবী ব্রজগোপিকাগণের অমুগা হইয়া ব্রজেন্দ্রনদেনকে ভঙ্গনা করিতে চান নাই, ভাই তাঁধার ভাগ্যে রাগেৎসবে যোগদান ঘটিয়া উঠে নাই। তিনি বাসবিহারী ব্রচ্ছে নন্দনের অঙ্গসঙ্গলাভে বঞ্চিত হইয়াছিলেন। প্রভূ এই সকল নিগত **ব্ৰ**জ্বসতত্ত্বকথা বেশ্বট ভট্টকে বুঝাইয়া দিলেন। ভটের মনে বড় অভিমান ছিল শ্রীশ্রীনারায়ণদেব স্বয়ং ভগবান. তিনি শ্রীশ্রীলক্ষীনারায়ণ-উপাদক, অতএব তাঁহার এই যে সনাতন বৈষ্ণবীয় ভন্ধন, ইহাই সর্বশ্রেষ্ঠ। বেল্কট ভট্টের এই ভদ্দনাভিমান এবং সাধনগর্ব ধর্বে করিবার জন্ম সর্বদর্শ হারা শ্রীগোরভগবান উপহাসচ্চলে এই সকল নিগৃত তত্তকথা উঠাইলেন। প্রভুর শ্রীমূথে এই সকল নিগৃঢ় ভজনভত্বকথা শুনিয়া ভট্ট বিস্মিত হইয়া তাঁহার বনন-চক্রের প্রতি নিনিমিষ নয়নে চাহিয়া আছেন। তাঁহার দৃষ্টিতে সর্বাজ্ঞ প্রভু ম্পাইই দেখিলেন, যেন তাঁহার মনে এখনও কিছু সংশয় রহিয়াছে। তথন তিনি পুনরায় ভট্টকে বুঝাইতে লাগিলেন। যথা শ্রীচৈতক্সচরিতাগতে —

প্রভূ কহে ভট্ট তুমি না কর সংশয়।
শামং ভগবান ক্লেফের এই সভাব ২য় ॥
ক্লেফের বিলাসম্ভি শীনারামণ।
অতএব লক্ষী আদির হবে তেইং মন॥

এই বলিয়া প্রভু ভাগবতেব নিম্নিধিত শ্লোকটি আবৃত্তি ক্রিনেন।

এতে চাংশকলাঃ পুংদঃ ক্লম্বস্ত ভগবান স্বয়ং।
ইন্দ্রারি ব্যাকুলং লোকং মৃদ্য়ন্তি যুগে যুগে ॥ (১)
পরে পুনরায় বলিতে লাগিলেন –
নারায়ণ হৈতে ক্লেন্ব অন্যাধাবণ গুণ।
অত এব লক্ষীর ক্লেন্ব ত্রা অন্ত্রুণ।

⁽১) গোপীকানন্দন শ্রুকৃষ্ণভগবান ভক্তিমান্ জনগণের বেরূপ কুখ-লভা, দেহাভিমানী তাপসাদির এবং নিবৃত্তাভিমানী আবাস্তৃত জ্ঞানী-দিপেরও সেরূপ স্লভ নহেন।

⁽১) শ্রী স্ত কহিলেন পূলে যে সকল ক্ষরতারের নামোল্লেথ হইরাছে, এবং যাঁহাদের হর নাই উহোরা পরম প্রথের কেই অংশ কেই কলা, কিন্ত এই দকল অ্যাতার মধ্যে বিংশতি ভ্রম অ্যাতারক্ষণে কথিত হইলাছেন যে শ্রীকৃষ ভিনি শুলং ভগবান। অ্যাতারগণ অ্যু-রোণক্ষত লোক দকলকে মুগো গুগো সুখী করেন।

তুমি যে পজিলে শ্লোক দেই প্রমাণ। (১)
সেই শ্লোকে আইসে কৃষ্ণ স্বয়ং ভগবান।
স্বয়ং ভগবান কৃষ্ণ হরে লক্ষীর মন।
গোপিকার মন হরিতে নারে নারায়ণ।
নারায়ণের কা কথা শ্রীকৃষ্ণ আপনে।
গোপীকারে হাস্ত করি হয় নারায়ণে।
চতুত্তি মৃত্তি দেখায় গোপীগণ আগে।
সেই কৃষ্ণে গোপীকার নহে অন্বাগে।

মাধব নাটকেব নিম্নলিখিত শ্লোকটি উদ্ধৃত ক বিয়াছেন—
গোপীনাং পশুপেজ্ঞনন্দনজ্যো ভাবক্ত কতাং কৃতী
বিজ্ঞাত্যুং ক্ষমতে ত্ত্ত্তপদবীদঞ্চারিণঃ প্রক্রিয়াং।
আবিস্কৃতি বৈফ্বীমপিতত্ত্বং তিআন্ ভূজৈদ্বি ফুভিবাঁদাং হস্ত চতুর্ভিবভূতক্চিং রাগোদয়ঃ কুঞ্তি॥ (২)

প্রভুর এই কথার পোষকতায় কবিরাজ গোস্বামীও ললিত-

প্রাস্থ্য বেশ্ব উট্রে ব্রেরসত্ত্ব উপহাসজলে ব্রাই-লেন। তাঁহার অভিমান থকা করিলেন। ভট্ট শাস্ত্রেতা। তিনি গোপীতত্ব ব্রিয়াও ব্রিভেছেন না। তাঁহার সম্প্রদায়ের ইষ্ট্রেরের ভজনন্যন্তাব কথা শুনিয়া মনে তাঁহার স্থা হইল না। সক্ষেত্র প্রস্কৃত্য হাহা ব্রিভে

(>) সিল্পান্তভব্তেদেহপি শ্রীশকৃষ্ণ স্বরূপযো:।
রূদেনোহ কুষাতে কৃষ্ণরূপমেধা রুদস্থিত।। ভঃ রঃ

রোকার্থ। যদিও শীন্ধ এবং শীক্ষ স্কলেড: কোনে প্রভেদ নাই কিন্তু কেবল প্রেমময় রগনিবিজান শীক্ষায়ের উৎকণ লিফিড হট্যা থাকে। বাতাৰিক প্রেমেরেও এটকাপ স্থচার যে ভাচা শ্বন্থনকে (সাাশার্কে) উৎক্ষাকাপে প্রাণশিন করে।

(২) শ্লোকার্থ। মাথুর-বিশ্বহ-ব্যাক্লা শ্রীরাধা মোহ প্রাপ্ত হইর।
শ্রীবমুনার থেলা তীর্থে আয় নিক্ষেপ করিয়া স্থ্যমণ্ডলে গমন করিলেন।
তথন জাহাকে অভ্যন্ত বিরহবিধুবা দেখিয়া দাখনা করিবার জন্ত স্থা
পত্নী সংজ্ঞা শ্রীকৃঞ্জের বর্ণাদি সমতা নিমিত্ত স্থামণ্ডলহ শ্রীবিধুন্ত্তি
বেধাইতে উদ্ভাত হইলে বিশাধা বলিলেন 'হে দেবি। গোপিকাগণের
শ্রীনন্দনন্দননিষ্ঠ এবং ফুক্রপ্থসঞ্চারি ভাবের প্রক্রিয়া কোন্ কৃতি
অবগত হইতে সমর্থ হয় ? বেহেতু শ্রীনন্দনন্দনই;বনি শ্রীনারায়ণ তম্
আবিকার করেন, তবে দেই ভুক্তে চতুকুলি দেখিয়া ব'হাদের রাগোলয়

` ৬ত হয়।

পারিয়া তাঁহার সিহ্ধান্ত ফিরাইয়া লইয়া হাসিয়া ভট্টকে পুনরায় কহিলেন—

ছ:খ না মানিহ ভট্ট ! কৈল পরিহাস।
শাস্ত্রসিদ্ধান্ত শুন যাতে বৈষ্ণব বিশাস॥
কৃষ্ণ নারায়ণ থৈছে একই স্থন্ধপ।
গোপী লক্ষী ভেল নাহি হয় একরপ॥
গোপী থাবে লক্ষ্মী করে কৃষ্ণসম্পাধান।
কৃষ্ণরত্বে ভেল মানিলে হয় অপরাধ॥
একই ঈ্ষার ভক্তের ধ্যান অফুরূপ।
একই বিগ্রহে করে নানাকাব রূপ॥ (১)

বেকটভট প্রভ্ব কপায় একণে স্বয়:ভগবান জীক্ষতস্ত্ব সম্পূর্ণরূপে ব্রিলেন। ইহাতে তাঁহাব মনে বড় অনান্দ হইল। তিনি কব্যোড়ে প্রভ্র চবণে নিবেদন করিলেন,—

অগাধ ঈশ্বলীলা কিছু নাহি জানি।
তুমি থেই কহ দেই সত্য করি মানি ॥
মোরে পূর্ণ রূপা কৈল লক্ষ্মীনারায়ণ।
তাঁব রূপায় পাইল তোমার চরণ দর্শন॥
রূপা করি কহিলে মোবে রুফের মহিমা।
বাঁর রূপগুণৈশ্বোৰ কেহো না পায় সীমা॥
এবে সে জানিল রুফ্ভক্তি সর্কোপরি।
কৃত্যার্থ করিলে মোরে কহিয়া রূপা করি॥

প্রভু তাঁহাব কথায় পরম পরিতৃষ্ট হইয়া প্রেমানন্দে তাঁহাকে গাঢ় প্রেমানিজনদানে কতার্থ করিলেন। বেকট ভট্ট শ্রিক্সক্তের মধাে শ্রীসম্প্রদায়ের প্রান বৈক্ষবাচার্যা। তাঁহার ভজনাভিমান বড় ছিল, তাহা প্রভু কুপা করিয়া নষ্ট করিয়া দিলেন। তিনি এক্ষণে পরম কৃষ্ণভক্ত হইলেন, এবং বজরদানন্দে বিভার হইলেন। তাঁহার বছ শিশ্ব ছিল। তাঁহাদিগকে প্রভুৱ উপদেশ বুঝাইয়া দিলেন।

রূপভেদমবাপ্লোতি ধ্যান ভেদা তথাচ্তি:।। লস্ভাগৰ ভায়ুত লোকার্থা নানা ছবিবিশিষ্ট অর্থাং বহুরূপ বৈদুর্ব্য মণি বেমন রূপান্তর ধারণ করিলেও মণিকে ন্যুন করেনা, এইরূপ ভড়ের ধ্যান ভেদে রূপ্ভেদে প্রাথ হইলেও অচ্যুত আঁকুফ আপনাকে ন্যুন করেন মা।

^{(&}gt;) মনির্ধণা বিভাগেন নীল পীতাদিভির্কুত:।

তাঁহারাও এই পরম নিগৃত ব্রজরণতত্ত বিচারে নিপৃণ হইলেন। প্রভুর কুপায় সকলেই উচ্চাধিকারী কুফাভক হইলেন।

বেশ্বট ভট্টের পুত্র গোপাল ভট্ট তথন শ্রীমন্তাগবত পড়েন। এই পর্ম ক্তিবান বালককেও প্রভু সর্ক্ষপ্রের্চ ব্রন্থরসভ্রেষ্ড্রপেন্শে দিলেন। যথা প্রেমবিলাসে—

> গোপাল ভট্ট পড়ে তখন শ্রীভাগবত। প্রভু তাঁরে কহিলেন নিজ অভিমত।

গোপাল ভট্ট প্রভুর দেবা করিয়া তাঁহার অভিশয় প্রিয়পাত্র হইগছিলেন। চাতৃশাত্র পূর্ণ হইলে প্রস্থু যথন ভট্টগোষ্ঠার নিকট বিদায় গ্রহণ করিলেন সকলেই প্রভু-বিরহে বিষম কাতব হইলেন। বেকটভট্ট মৃচ্ছিত হইযা ভ্রিলেল পড়িলেন। প্রভুব রূপায় কিছুক্ষণ পরে তাঁহার চেতনা হইল। তিনি প্রভুব সক্ষে যাইতে প্রস্তুত হইলেন। অনেক কট্টে প্রভু তাঁহাকে নির্ত্তি করিলেন। বালক গোপালও প্রভুর সঙ্গে যাইতে প্রস্তুত হইল। সে কান্দিয়া আকুল হইল। তাহাকে প্রভু নিকটে ডাকিয়া স্বেহভবে কহিলেন, "ভুমি গৃহে থাকিয়া কিছুদিন পিতামাতার সেবা স্থাইবে। নেথানে তুমি বিমলানন্দ পাইবে" (১)।

প্রভ্ শ্রীরক্ষেত্র তীর্থ ইইতে যাত্র। করিয়া ঋষভ পর্বতে (২) আদিয়া শ্রীনাবায়ণ মৃত্তি দর্শন কবিয়া স্থাতিনতি করিলেন। এইস্থানে শ্রীপাদ প্রমানন্দপুরীগোসাঞির সহিত তাঁহার সাক্ষাত হইল। তিনিও স্থোনে চাতৃশাস্ত করিতেভিলেন। প্রভু পুরীগোসাঞিকে পাইয়া আনন্দ্রনাগরে ভাগিলেন। প্রেম্ভবে তাঁহার চবণবন্দন করিলেন; তিনি প্রভ্কে গাঢ় প্রেমালিক্ষনদানে স্বধী করিলেন (৩)।

- ডায়ে কহে গৃহে তুমি রহিবে কথোদিন।
 মাতাপিতা বিয়োগে বাইবা কুলাবন।।
 ডাছা বহু কুথ পারে কহিল ভোমারে। প্রেমাবিলাদ
- (২) ধ্ৰম্ভ পৰ্ব্যত=দক্ষিণ কৰ্ণাটে কুটকাচলের উপবনে, ৰেস্থানে প্ৰয়ন্ত্ৰমেৰ দাবানল ধারা ভত্মীগুজ হইৱাছিলেন।
 - (৩) পুরী গোদাঞির প্রভূ কৈল চরণ বন্দন। প্রেমে পুরী গোদাঞি ভারে কৈল আলিকন।। চৈঃ চঃ

নীলাচল হইতে প্রস্কু দক্ষিণদেশ যাত্রা করিলে পুরীগোসাঞিও ভীর্থযাত্রায় বহির্গত হন। তীর্থপর্যটন
করিয়া তিনি এই ঋষভ পর্বগতে আদিয়া উপস্থিত
হইয়াছেন। তিন দিবস প্রভু ঋষভ পর্বতে পরমানন
পুরীগোসাঞির সহিত ক্ষঞ্চথা-রসরক্ষে অতিবাহিত
করিলেন। পুরীগোসাঞি প্রভুকে কহিলেন তিনি পুনবার
শ্রীপ্রক্ষোস্তম যাইবেন এবং তথা হইতে তিনি একবার
গৌড়দেশে যাইবেন। প্রভু বলিলেন, "আমিও সেতুবদ্ধ
হইতে নীলাচলে ফিরিব, সেধানে যাইয়া যেন আপনাকে
দেখিতে পাই। আপনার সঙ্গায় আমি স্নাস্ক্রদা বাঞ্ছা
করি; ক্লপা করিয়া আপনি অবশ্য অবশ্য নীলাচলে
আদিবেন।"

এই বলিয়া প্রান্থ পুরী গোদাঞিব নিকট বিদায় লাই য় প্রীশৈলে (১) আদিলেন। এখানে ব্রাহ্মণ ব্রাহ্মণীর বেশে শিবত্ন্যা অধিষ্ঠান করিতেছেন। প্রভুকে দেখিয়া তাঁহালের আনন্দের অবধি রহিল না। তিন দিন প্রভুকে এই শিবত্ন্যার কার্তার্গ ইলেন। নিভূতে বিদিয়া তুইজনে প্রভুর সহিত অনেক শুপ্ত কথা কহিলেন, তাহা গ্রন্থে প্রকাশ নাই। প্রীগৌরভারান শিবত্ন্যার সহিত ইইগোষ্ঠা কবিয়া তাঁহাদেব আজ্ঞা লাইয়া কামকোষ্ঠা পুরী হইয়া দক্ষিণ মথ্রাতে আদিলেন (২)। এই ছানে এক রামভক্ত বিবক্ত বিপ্রের সহিত প্রভুর সাক্ষাং হইল। তিনি প্রভুকে নিমন্ত্রণ করিয়া নিজ আপ্রমে লাইয়া যাইলেন। এই বিপ্রের নাম রামদাদ। বিপ্র কিছুই পাকের আয়োজন করিলেন না দেখিয়া প্রভু তাঁহাকে জিজ্ঞাদা করিলেন "মধ্যায়কাল

- (১) খ্রীপর্কান্তে মহাদেবো দেব্যা: সহ মহাত্যুতি:।
 স্থান্থ প্রম প্রম প্রান্থ প্রান্থ কা চ ত্রিবলৈ: সহ।। মহাভারত।
- (২) দক্ষিণ মধুরা = বর্ত্তমানে ইহাকে মাজ্রা বলে। এথানে রামেশ্বর, ফ্লারেশ্বর মহাদের ও মানাকী দেবী আছেন। ইহা শৈবক্ষেত্র বলিরা প্রসিদ্ধ। এইছানে স্বুহৎ মন্দির আছে। পাণ্ডাবংশীর রাজাগণের শাসনাধীনে এই নগরী বহুকাল ছিল। রাজা কুলশেধর এই পুরী বিশ্বণি করেন।

উত্তীর্ণ হইতে চলিল, আপনি পাক করিতেছেন না কেন ?" রামভক্ত বিপ্র উত্তর করিলেন,—

পাকের সামগ্রী বনে না মিলে সম্প্রতি।
পাকের সামগ্রী বনে না মিলে সম্প্রতি।
বন্ধ জন দল শাক আনিবে লক্ষণ।
তবে সীতা করিবেন পাক প্রয়োজন। হৈ: চঃ
প্রভূ তাঁহার ভজন-তক্ব ব্রিয়া পরম তুই ইইলেন।
পবে সেই রামভক্ত বিপ্র যণাকালে বনের শাক ফলমূল
আনিয়া পাক করিয়া প্রভূকে ভক্ষণ করাইলেন। দেদিন
প্রভূ বেলা তৃতীয় প্রহরে ভেজন করিলেন। বিপ্র কিছ
উপবাস করিয়া রহিলেন। ইহা দেখিয়া প্রভূ তাঁহাকে
বিন্য বচনে জিজ্ঞাসা করিলেন "বিপ্র! তুমি উপবাস
কর কেন ?" বিপ্র বিষ্ম উত্তেজিত ইইয়া উন্নাদের ভাষ

—— "এ জীবনে মোব নাহি প্রয়োজন।

অগ্নি জলে প্রবেশিয়া ছাড়িব জীবন ॥

জগনাতা মহালক্ষী দীতা ঠাকুবাণী ।

রাক্ষদে স্পর্শিল। তাঁরে ইহা কর্ণে শুনি।

এশরীর ধরিবারে কভু না জ্যায়।

এই গ্রংথে জলে দেহ প্রাণ নাহি যায় ॥" চৈ: চ:

সর্বজ্ঞ প্রভু রামভক্ত বিপ্রের মনের হৃংথ বুঝিলেন।

হৃথহারী শ্রীগোরগভবান ভক্তহ্ংথ দ্র করিতে তখন বদ্ধপরিকর হইলেন। প্রভু গাঁহাকে বুঝাইয়া বলিলেন; যথা

শ্রীচৈতক্ত চরিতামৃতে,—

প্রভু কহে এ ভাবনা না করিহ আর।
পণ্ডিত হইয়া কেন না কর বিচার ॥
ঈশার-প্রেয়নী সীতা চিদানন্দ মৃত্তি।
প্রাক্তত ইন্দ্রিয় তাঁরে দেখিতে নাহি শক্তি॥
স্পর্নিবারে কার্য্য আছুক না পায় দর্শন।
সীতার আকৃতি মায়া হরিল রাবণ॥
রাবণ আসিতে সীতা শক্তর্মান কৈল।
রাবণের আগের মায়াসীতা পাঠাইল।
অথাকৃত বস্তু নহে প্রাকৃত গোচর।
বেদ পুরাণেতে এই কহে নিরস্তর॥

বিশাস করহ তুমি আমার বচনে। পুনরপি কুভাবনা না করিছ মনে॥

প্রভূব কথায় রামভক্ত বিপ্রের বিশাস হইল। তাঁহার আশান্ত মনে শান্তি আদিল। তিনি তথন ভোজন করিলেন। প্রভূ তাঁহাকে আখাস দিয়া দেখান হইতে ক্রতমালায় স্নান করিয়া ছক্ষেদন তাঁ.থ (১) আদিলেন। এখানে শ্রীরঘুনাথ বিগ্রহ দর্শন করিয়া মহেন্দ্র শৈলে যাইয়া পরশুরাম বিগ্রহ দর্শন করিয়া প্রভূ স্তুতি বন্দনা করিলেন। প্রভূ থেখানে যাইতেছেন, তাঁহার সঙ্গে লক্ষ লক্ষ লোক উচ্চ হরিনাম স্কীর্ত্তন করিতে করিতে ছুটিভেছে। কৃষ্ণনামে স্ক্রলোককে উন্তর্ভ করিয়া প্রভূ দক্ষিণদেশবাসীদিগকে উদ্ধাব করিতেছেন। এই জ্লাই হাঁহার দক্ষিণদেশ যাত্রা। সমগ্র দক্ষিণদেশ তিনি এইকপে কৃষ্ণনামে বিজ্ঞয় করিলেন।

এতদিন পরে তিনি সেতুবদে আদিয়া পৌছিলেন।
ধুমুন্তীথে সান কবিয়া প্রভু শ্রীবামেশর বিগ্রহ দুর্শন করিয়া
বহুজণ প্রেমানন্দে নৃত্যকীর্ত্তন করিলেন। এখানে
অনেক রান্ধণের বাদ। সকলেই রামভক্ত বৈষ্ণব।
দেবালয়ে একদিন কুম্মপুরাণ পাঠ হইতেছিল; প্রভু
ভানিতেছিলেন। সেদিন পতিবতার উপাধ্যানে মায়াদীতাহরণলীলাকথা ব্যাধ্যা হইতেছিল। কুম্ম পুরাণের নিমলিধিত প্রোক কয়টির ব্যাধ্যা শুনিয়া
প্রভুর মনে বড় আনন্দ হইল। বামদাস বিপ্রের
কথা তাঁহার মনে পড়িল। সেই শ্লোক কয়টি এই—

সীতয়ারাধিতো বহ্নিছায়াসীতামজীজনং।
তাং জহার দশগ্রীবং সীতা বহ্নিপুরং গতা॥
পরীক্ষা সময়ে বহ্নিং ছায়াসীতা বিবেশ সা।
বহ্নিং সীতাং সমানীয় তৎপুরস্তাদনীনয়ং॥ (২)

 ⁽১) ছুর্বেশন = তিনিভেলির নিকট এই পর্ব্বতের প্রান্তে ত্রিচেন শুডিড নগর। রামারণে মহেন্দ্রশৈলের উলেথ আছে।

⁽২) সোকার্থ। প্রাসীতাদেরী ক্ষায়িদেবের আরাধনা করিলে অধি-দেব এক ছারাসীভা নিশ্মাণ করিরাছিলেন, রাবণ ভাছাই হরণ করিরা-ছিলেন। প্রকৃত সীতা বৃদ্ধিপুরে গমন করিয়াছিলেন। প্রীক্ষা গ্রহণ সমরে ছারাসীভা অধি প্রবেশ করিলে অধি বীর ধাম হইতে সীভা দেবীকে আনম্বন করিয়া শ্রীরামচন্দ্রকে প্রভাপণ করিলেন।

প্রভু পুরাণপাঠক বিপ্রের নিকট ঘাইয়া পুঁথির এই পত থানি ভিকা করিলেন। তাঁহার উদেশ্য প্রকাশ করিয়া বলিলেন: নুত্র একগানি পাতা লিখাইয়া দিয়া প্রভু দেই পুরাতন পাতা খানি লইয়া দেখান হইতে চলিলেন। দক্ষিণ মথুরার দেই রামভক্ত বিপ্রের বিশ্বাস উৎপাদনের জন্য ভক্তবংদল প্রভু এত কট্ট করিলেন। নুত্তন পাতা লেখার পুঁথিতে তাঁহার যদি প্রতীতি না হয়, এই জন্ম দয়াময় প্রাকৃ এত কট স্বীকার করিয়া আক্ষণের প্রতীতির জন্য এইরপ করিলেন। প্রভু পুনরায় কাম-কোষী হইয়া দকিণ মথুরায় আদিয়া দেই ভাগাবান বিপ্রের গ্রহে আতিথ্য স্বীকার করিলেন। বিপ্র প্রভুকে পাইয়া যেন আকাশের চাঁদ হাতে পাইলেন। প্রভু হাসিগ বিপ্রের হত্তে সেই পুঁথির পাতাথানি দিয়া শ্লোক ছইটি পাঠ করিতে বলিলেন। বামভক্ত বিপ্র শ্লোকপাঠে আনন্দে বিহল হইয়া প্রভুর চরণতলে নিপতিত হইয়া কান্তর কঠে কান্দিতে কান্দিতে নিবেদন করিলেন।

শক্ষা সাক্ষাং শ্রীরখুনকন।
সন্ধানীর বেশে মোরে দিলে দরশন॥
মহাত্বংথ হৈতে মোরে করিলে নিন্তার।
আজি মোর ঘরে কর ভিক্ষা অঙ্গীকার॥
মনোত্বংথে ভাল ভিক্ষা না দিলা সে দিনে।
মোর ভাগ্যে পুনরশি পাইল দরশনে॥

\$5: 5: I

বিপ্র প্রমানন্দে সে দিন উত্তম করিয়া রন্ধন করিয়া মনের সাধে প্রভূকে ভিক্ষা কবাইলেন। প্রভূ সে দিন রাত্রিতে সেখানে রহিলেন।

ইহার পর প্রভুবেকট নগরে যাইয়া ঘরে ঘরে ঘাচিয়।
যাচিয়। হরিনাম মহাময় প্রাদান করিয়া সে দেশের সর্বাবাক উদ্ধার করিলেন। এখানে প্রভু শুনিলেন নিকটয়
বনে পয়ভীল নামে এক পাপাচারী দয়া আছে। তাহারা
দলে আনেক অত্যাচারী লোক আছে। তাহারা না
করে এমন পাপ নাই। পতিতপাবন প্রভু এই পয়ভীলকে
উদ্ধার করিতে চলিলেন। সকল লোকে নিবেধ করিল:

--- - পন্ত । তুমি দাধু মহাশ্য। তোমারে দেখিয়া সব পাপ হৈল ক্ষয়॥ গৃহত্বের ন্থায় তুমি নহ গৃহবাদী। তুমি ত প্রম শাধু বিরক্ত সন্মাদী। বিষয়ের কীট নহ গৃহত্ত্বের তায়। যাতে ভাতে তুষ্ট দেখি ভোমার হৃদয় ॥ পত্ৰ নাই কলা নাই নাহি তব জাযা। বিষয়েতে মন্ত নহ নাহি কোন মায়া। ধন্য পদ্ধরাজ তুমি সাধু শিরোমণি। ভোমারে দেখিয়া স্থা হইল পরাণি। তৃণ্তুল্য জ্ঞান করি বিষয় বিভব। এখনি ত্যব্জিতে পার যত আছে সব॥ রমণীর সঙ্গে তুমি নাহি কর বাস। তাই আইলাম এখন মিটাইতে আশ। শিশ্বগণে থাক ওমি সদাই বেষ্টিত। তোমাকে দেখিলে চিত্ত হয় পুলকিত। মাধা মোহে বন্ধ তুমি নহ মহাশয়। তুমিই সাধুর শ্রেষ্ঠ এই মনে লয়। গো: করচা চতুরচুড়ামণি প্রভুর শ্রীমৃথে আত্মপ্রশংসা ভনিয়া দস্থা-পত্তি পছভীলের মনে দারুণ আত্মগানির উদয় হইল। আত্ম-গ্লানি যে কি বন্ধ, ভাহা সে উত্তম করিয়া জ্লানে। এ পর্যান্ত

একাতে কেহ তাঁহাকে একটি ভাল কথা বলে নাই,
একটি প্রদংশাবাদও করে নাই। প্রভুর শ্রীমুথে এই
সর্বপ্রথম দক্ষাপতি পছভীল ভাল কথা শুনিল। ইহাতে
তাহার মন দ্রব হইল। নবীন সন্ন্যাদীকে দেখিয়া পর্যন্ত
তাহার মনে এক নব ভাবের উদয় হইয়াছিল। দেই
ভাবতরক দে মনের মধ্যে চাপিয়া রাথিযাছিল। এথন
তাঁহার কদি সমুল্ল উথলিয়া উঠিল, তাহাতে ভাবতরক
উচ্ছিসিত হইল। দফ্যপতি কান্দিতে কান্দিতে অকপটে
নিক্কত সমস্ত পাপ স্বীকার করিয়া পতিতপাবন
শ্রীগৌরাকপ্রভুর অভয় চরণকমলে শরণ লইল। অম্নি
প্রম্ভুরপা করিয়া তাহাকে কোলে তুলিয়া হরিনাম মহামন্ত্র দান করিলেন।

লোটায়ে পড়িল ভীল প্রভূব চরণে। কোলে করি প্রভূ নাম দিলেন শ্রবংগ ॥ গোঃ কঃ

পছভীলের দলস্থ সকল লোককে প্রাভূ হরিনামে মন্ত করিলেন। ভীষণ দস্থাকুল একদণ্ডের মধ্যে আভুর রুপায় সাধু হইল, তাহারা সকলে মিলিয়া প্রভূর সহিত হরিনাম সন্ধীর্ত্তনে যোগ দিল। দস্থাভয়-পূর্ণ ভীষণ কানন, আনন্দ-কাননে পরিণত হইল। পস্থভীল সেই দিনই কৌপীন পরিধান করিল, হরিনামের জপমালা লইল, প্রেমানন্দে হরিনাম কীর্ত্তন করিতে লাগিল। মধুর হরিনাম একটি বার উচ্চারণ মাত্রে তাহার নয়নে দরদরিত প্রেমাশ্রধারা বিগলিত হইতে লাগিল (১) এইরূপে পতিত্বাবন শ্রীগোর-ভগ্রান দস্থাপতি পন্থভীলকে উদ্ধার করিয়া বনপ্রদেশ হইতে পুনরায় পথে চলিলেন। পথশাস্ত হইয়া প্রভূর

(১) সেইদিন হৈতে পছ পরিল কেপীন।

ছইল সাধুর শ্রেষ্ট জ্ঞানেতে প্রাধীণ।

পাপ কর্ম ছাড়ি পন্থ প্রভুর কুপার।

ছরিনাম করি সদা নাচিরা বেড়ার।।

লইতে হরির নাম অশ্রুপড়ে আসি।

আানন্দে মাভিল সেই নবীন সন্ন্যামী।।

যত দ্যু হিল্বনে সকলে মিলিয়া।

ছরিছবি ধ্বনি করে কুক্র ছাড়িয়া।। গো: করচা।

শরীর শীর্ণ হইয়াছে, পথ চলিতে দারুণ কট্ট বোধ হইতেছে তথাপিও পত্তিত পাবন প্রভূ পতিতোদ্ধার কার্য্য ছাড়িবেন না। গোবিন্দ্দাস তাঁহার করচায় লিথিয়াছেন,—

> পছভীলে এইরূপে পবিত্র করিয়া। চলে মোর ধর্মধীর আনন্দে ভাসিয়া। অনাহারে শীর্ণ দেহ চলিতে না পারে। তবুপ্রভূ হরিনাম দেন ঘরে ঘরে॥

ত্রি রাত্রি চলিয়া গেল বৃক্তের তলায়।
অনাহারে উপবাদে কিছু নাহি ধায়।
বহিছে হৃদয়ে দঃদর অশ্রুণারা।
শত ভাকে কথা নাই পাগলের পারা॥
কতু গড়াগড়ি দেন উলক হইয়া।
কোলে তুলি লই মৃঞি যান করিয়া॥

কলিজীব-উদ্ধার-কাষ্যে নদীয়ার অবতার প্রীশ্রীগৌরাক্ষ
প্রস্থ যেরপ কইবাকার করিয়াছিলেন কোন অবতারে
প্রীভগবান এরপ করেন নাই। জাবের মঙ্গল কামনায়
যতেশ্ব্যপূর্ণ পূর্রক্ষ সনাতন স্বয়ং ভগবান প্রীগৌরাক্ষস্থলর
কাকালের বেশে পথে পথে ধূলি ধূসরিও অক্ষে যাচিয়া
যাচিয়া পতিত অধমকে কোলে করিয়া মধুর হরিনামামৃত
পান করাইয়া তাহাদের নারস হলয় সরস করাইয়াছিলেন,
তাহাদের পাপনিষ্ঠ মনকে ভক্তিনিষ্ঠ করিয়াছিলেন।
এমন দয়ার অবতার, করুণার অবতার, অধমতারণ
দীনশরণ, পতিতপাবন মহাপ্রভুর নামে জীবাধ্ম গ্রন্থকারের কচি হইল না, এই ছ্বে মরনে মারয়া আছি।
বহু স্কৃতিফলে শ্রীগৌরাক্ষ-নামে রতি মতি হয়। কাটির
মধ্যে একজন গৌরভক্ত দেখা য়য়। এক এক জন গৌরভক্ত এক একটি জ্বব প্রস্কলাদ। সাধ করিয়া কি
প্রপ্রবাধানক্ষ সরস্বতী ঠাকুর লিখিয়াছেন—

অবে মৃঢ়াগুঢ়াংবিচিয়ত হরিওজিক পদবীং দ্বীমুক্তা দুৱাপ্য পরিচিত পূর্বাং মুনিবরৈঃ। ন বিশ্রম্ভশ্চিত্তে যদি যদি চ দৌলভ্যমিব তৎ
পরিত্যজ্য শেষং ব্রজত শরণং গৌরচরণং॥ (১)
প্রভূ তিনদিন উপবাদের পর চতুর্থ দিবদে কিছু হুয় ও
আটা ভিকা করিলেন।

চতুর্থ দিবসে এক রমণী আসিয়া। আতিথ্য করিলা তবে আটা চুনা দিয়া॥ আর এক বৃদ্ধানারী হ্রশ্ব আনি দিল। আটাছ্যে গুলি প্রভূতভাগলাগাইল॥ গো: কঃ

এইরপে ভিক্ষা করিয়া প্রভু পুনরায় পথে চলিলেন। এখান হইতে তিন ক্রোশ দুরে গিরীশ্বর শিবমন্দির! প্রস্তু দেখানে আদিয়া উপস্থিত হইলেন। এই শিবমন্দির লোকে বিশ্বকর্মার নিম্মিত বলিত, কারণ এরপ কারুকার্য্য-প্রচিত মন্দির দক্ষিণপ্রদেশে আর ছিল ন।। মন্দিরের निकर्छ अविष वस विवर्क अकरलाया नथ विखीर कृमि লইয়া শাখা প্রশাখা বিস্তার করিয়া শোভা পাইতেছিল। সেখানকার লোকে প্রভুকে বলিল এই বুক্ষে কথন ফল হয় না। শিবমন্দিরের তিন দিক পর্বত শোভা পাইতেছিল। প্রভ স্বহত্তে বিলপত চয়ন করিয়া প্রেমানন্দে বিভোর হইয়া नित्री चत्र निवित्र विश्व विश्व नित्ति । तथ्य भारतरम मिन्दत বছখণ নৃত্যকীর্ত্তন করিলেন। প্রভূ দেখানে তুইদিন বাস করিলেন। তৃতীয় দিবদে পর্বতশিপরে প্রত্নু এক মৌনী সন্ধানীর সহিত সাক্ষাৎ করিতে ষাইলেন। এই সন্ধানী ধ্যানমগ্ন ছিলেন। প্রাভূ তাঁহাকে স্বাতিনতি করিয়া তাঁহার ধ্যানভঙ্গ করিলেন। আরও ছইজন বিরক্ত সন্মাসী আসিয়া প্রভুর সহিত মিলিত হইলেন। প্রভুকে তাঁহারা পরচা নামক এক অত্যুৎকৃষ্ট রসাল বনফল দারা ভিকা করাইলেন। প্রভু হরিনামসংকীর্ত্তনে এই ভদ্মপ্রাণ বিরক্ত সয়্যাসীদিগকে একেবারে মন্ত করিয়া তুলিলেন। মৌনীসয়্যাসীর মৌন ভক করিলেন। ভক্তিরণে সকলেই আয়ৃত
হইলেন। তাঁহারা প্রভুর চরণ ধরিয়া প্রেমানন্দে কান্দিতে
লাগিলেন। প্রভুবে তাঁহারা সাক্ষাৎ ঈশর বলিয়া খীকার
করিলেন(১) প্রেমাবতার শ্রীগোরভগবান এইসকল শুদ্দজ্ঞানী সয়াসীদিগকে প্রেমভক্তি দান করিয়া সেথান হইতে
বিপদীনগরে আদিলেন। এই বিপদীনগরে শ্রীরামচক্রের
পরমন্থন্দর এক শ্রীমৃত্তি আছেন। প্রভু তাহা দর্শন
করিলেন। এখানে বহু রামাইত বৈফ্বের বাস।
মথ্রানামে এক তাকিক রামাইত পণ্ডিত প্রভুর সম্পে
তর্কবিচার করিতে আদিলেন। প্রভু তাহাকে
কহিলেন:

মথ্রাঠাকুর ! মৃঞি বিচার না জানি।
তোমার নিকটে শতবার হারি মানি॥
শ্রীরামের ভক্ত তুমি বৈক্ষব গোসাঞি।
তোমারে ভজিলে কত তত্ত্বকথা পাই॥ গোঃ কঃ

এইকথা বলিতে বলিতে প্রভূ প্রেমাবিট্ট হইয়া হরিনাম কীর্ত্তনে মন্ত হইলেন। প্রেমানন্দে তিনি বিহরল হইয়া বঙ্কুল নৃত্যকীর্ত্তন করিলেন। তাঁহার প্রেমামন্তভাব দেখিয়া রামাইত বৈষ্ণবগণ, তাঁহাকে সাক্ষাই ঈশ্বর বলিয়া বিশাস করিলেন। মথুরাপণ্ডিতের তর্কবিচার বৃদ্ধি লোপ পাইল। তিনি সশিষ্যগণ প্রভূর চরণে আত্মসমর্পণ করিলেন। এই পণ্ডিতশিরোমণি প্রভূর সঙ্গে ঘাইতে চাহিলেন। ঈষং হাসিয়া প্রভূ তাঁহাকে বিদায় দিয়া পানা নরসিংহতীর্থাভিম্পে ছুটলেন।

> পিছে পিছে কতদ্র মথ্রা ধাইল। । হাসিয়া মথুরানাথে বিদায় করিলা। গোঃ কঃ

পানা নরসিংহতীর্থে শ্রীনৃসিংহদেবের মূর্ত্তি আছেন। তাঁহার ভোগে নিত্য চিনিরপানা দেওয়া হয়। এইজয় তাঁহার নাম পানানরসিংহ। এধানকার প্রধান পাণ্ডা

⁽১) প্লোকার্থ। এবে মৃত্ দকল! অতিপুত এবং দুবওরী অদৃষ্ট-ধণত: ব্যানাদি মূনিজন কর্ম্বক পূর্বেক অপরিচিত ছরির বে ভক্তিমার্গ ডোমর। তাহা অনুসকান কর। সেই তুল ত বস্ত কি প্রকারে লাভ ছইবে ? একপ যদি ভোমাদের চিত্তে অবিধান হয়, ভাহার উপায় বলি শ্রবণ কর। সর্ব্বে পরিত্যাপ করিয়া সেই আমাধণরণ শ্রীপৌর ছরিয় শ্রীচরণাগ্রয় কয়।

প্ৰভুকে নেহারি বলে ভুমি সে ঈবর।
 সল্লাসীর বাকের প্রভু কর্ণে দিলা হাত।
 বার বার বলে ভানী হাড় ইং বাত।। গোঃ করচা।

মাধ্বেক্সভুজা প্রভুকে মাল্যচন্দনে ভূষিত করিয়া প্রসাদী চিনিপানা আনিয়া গুভুর গ্রীহত্তে দিলেন। প্রসাদীমালা ও প্রসাদ পাইয়া প্রভু প্রেমানন্দে বস্তুকণ নৃত্যকীর্ত্তন করিলেন। সে স্থানের সর্কলোক প্রভুর শ্রীমৃথে মধুর হরিনামকীর্ত্তন ভ্রিয়া বৈষ্ণব হইলেন।

তাহার পর প্রভু বিষ্ণুকাঞ্চীবামে আসিয়া শ্রীশ্রীলক্ষী-নারায়ণ দর্শন করিলেন। এথানকার প্রধান সেবাইড ভবভৃতি নামে এক শেঠী বড়ই লক্ষ্মীনারায়ণসেবাপ্রিয় ছিলেন। তাঁহার সাধবী স্ত্রী সহস্তে নিত্য শ্রীমন্দির মার্জনা করিতেন। নিত্য তুই মন হুঞ্জের পাম্সার ঠাকুরের ভোগ হইত। বহু অতিথিভোজন হইত। প্রভু শ্রীবিগ্রহ দেখিয়া মহানন্দে বছ স্থাতিনতি করিলেন। এম্বান হইতে ছয়কোশ দরে একটি নির্জ্জন প্রান্তরে ত্রিকালেশর শিবলিঙ্গ আছেন। তাঁহার চারি হন্ত পরিমিত গৌরীপট। গুড় সেখানে যাইয়া এই অপুর্ব্ব শিবলিক দর্শন করিলেন। ভাহার পর তিনি ভদ্রান্দীতীবস্থ পক্ষগিরি তীর্থে আদিলেন। দেখানে একবাত্রি প্রভু বুক্ষতলে বাস্করিলেন। রাত্রিকালে এক ভীষণ শার্দ্দল আদিল। প্রভু হরিনাম করিতেছেন; তাঁহার ক্রক্ষেপও নাই। বাগ্র প্রভুকে একবার দর্শন করিয়া লেজগুটাইয়া প্রণামছেলে মস্তক নত করিল। পবে কিছুক্ষণ দেখানে বসিয়া থাকিয়া, লক্ষ্য দিয়া বনে প্রবেশ कविन। आविक्रमात्र निथियाद्य--

আশ্চর্যা প্রভাব মৃত্তি স্বচক্ষে হেরিয়া। দেই পদরজ মাথে লইস্থ তুলিয়া।

সেখান হইতে পঞ্চ কোশ দ্বে কালতীর্থে যাইয়া প্রভ্ বরাহদেবের মৃত্তি দর্শন করিলেন। ইহাব পর তিনি সন্ধিতীর্থে গমন করিলেন। এখানে নন্দা ও ভুলা নদীর সক্ষম স্থল। গ্রভু এই পুণা তীর্থে স্নান করিলেন। এই ভীথ্সামীর নাম সদানন্দ পুরী। তিনি অবৈতবাদী। তাঁহাকে প্রভু তর্কে পরাজ্য করিয়া প্রেমভক্তি দানে কৃতার্থ করিলেন। সেই দিন হইতে সদানন্দ পুরী ভক্তি-মার্গের পথিক হইলেন এবং প্রভুর পরম ভক্ত হইলেন।

ইহার পর প্রভূ চাঁইপন্দী তীর্থে গমন করিলেন। এই

তীর্থবাসী সোকেরা বড় সদাচারী। এই স্থানে এক শভ ব্যন্ত অতি তেজ্বিনী সিদ্ধেশ্নী নামে এক ভৈরবী বিৰ ৰক্ষমলে বসিহা জপ করিতেভিলেন। **তাঁহার অস্থি** চর্ম মাত্র অবশিষ্ঠ অংছে। তিনি জপে দিদ্ধা ইইয়াছেন। বহুলোক তাঁলার দর্শনে সেখানে যায়। প্রভু 🕊 হাকে দর্শন করিলেন। ভাষার সন্নিকটে নদী ভীরে শুগালী ভৈরবী নামে এক প্রচণ্ডা দেবী মর্তি আছেন। প্রস্তু ভক্তি পুর্বাক এই দেবীমূর্ত্তি দর্শন করিলেন। ভাহার পর নাগর নগরে আসিয়া প্রভূ শ্রীরামলকণ মূর্ত্তি দর্শন করিলেন। এই নাগর নগরে বছ লোকেব বাস। এই স্থানে প্রাভূ তিন দিন থাকিয়া হরিনাম প্রচাব করিলেন হবিনাম সংকীর্ত্তন রকে প্রভু এখানে দিবানিশি মত্ত হইলেন। নগরবাসী আবালবুদ্ধবনিতা প্রভুর শ্রীমুখের হরিনাম ভ্রনিয়। প্রেমোরত হইল। সমগ্র ক্লারে মধ্ব হরিনাম প্রচার হইল। চতুৰ্দিকেব গ্ৰাম হইতে অসংখ্য লোক আসিয়া প্রভূব নিকট হবিনাম মহামন্ত্র গ্রহণ করিল।

দশ ক্রোশ হৈতে লোক আদিয়া জুটিল। একে একে দৰে প্রভু হরিনাম দিল। গো: কঃ

এই নাগর নগবে এক হরিনামছেবী হরাত্মা আহ্মণ বাদ করিত। তাহার একটি দল ছিল। দেই দলবল লইয়া প্রভুকে এক দিন আক্রমণ করিতে আদিল। তাহারা প্রভুকে কপট সন্মাদী বলিয়া বছ নিন্দাবাদ করিল; কুবাকা বলিয়া গালি দিল। প্রভুসকলি হাদিয়া উড়াইয়া দিলেন। তিনি এই আহ্মণকে নিকটে ডাকাইলেন। হুরাত্মা বিপ্র প্রভুকে প্রহার করিতে উন্মত হইলে দয়াময় প্রভু তাঁহার হস্ত ধারণ করিয়া মধুর বিনীত বচনে কহিলেন, "ভাই! আমাকে তুমি মার, তাহাতে কোন ক্ষতি নাই, কিছ একবার ম্থে মধুর হরিনাম করিয়া আমাকে চিরদিনের জন্ম কিনিয়া নহ (১)। হুবাত্মা বিপ্রের প্রভুৱ প্রতি এই কদাচার দেখিয়া সকল লোকে তাহাকে মারিতে

⁽১) আক্ষণে ভাকিয়া শেষে চৈতক্ত গোদাঞি। বলে মোরে মেরে তুমি হরি বল ভাই।। গো: क:

উদাত হইলে প্রভৃ তাহাদিগকে নিরস্ত করিলেন। পরে বিবের প্রভি করুণনয়নে চাহিয়া মধুবভাবে উপদেশ-বাণী কহিলেন। যথা—

ভন ওহে দয়াময় ব্রাহ্মণ ঠাকুর। र्ति रति वल स्थ भारेत अहूत ॥ অনিত্য দেহেতে আর কোন স্থথ নাই। হরিনামে মজিয়া আনেন্দ কর ভাই॥ জড়পিও এই দেহ মরণ সময়। কেহ নাহি সঙ্গে যাবে এই ত নিশ্চয়। ভাই বন্ধ দারা স্থত কেহ কার নয়। সবে বস্তু অল্কার অর্থদাস হয়। শুগাল কুকুরে থাবে অনিত্য শরীর। পচিয়া গলিয়া যাবে এই কর স্কির॥ হরি বলি বাহু তুলি নাচ মোর সনে। ষাইতে হবে ন। আর সমন সদনে॥ माता वन भूख वन (विभाव (धना। দিন ছুই তরে করে সংসারেতে মেলা। থাবার লাগিয়া ছল করে পরিবার। ভাব দেখি ভাই তুমি কে হয় তোমার। গলে দিয়া প্রেম ফাঁসী নারী জোরে টানে। সেই টানে বোকা কর্তা মরেন পরাণে ॥ মুখেতে মধুর ভাষা অন্তরেতে বিষ। অর্থ না পাইলে হাতে করে থিশ্থিশ। থেতে নাহি দেয় কদাচন তত্ত্বপথে। বন্ধনে ফেলিয়া ধ্বংস করে মনোরথে। র্মণীর প্রেম হয় গরল সমান। অমৃত বলিয়া তাহা মূর্থ করে পান॥ মৃত্যুকালে পুত্ৰকন্তা নিকটে আদিয়া। বলে বাবা মোর তরে গেলা কি করিয়া। এই সৰ মনে করি সাধু বিপ্র ভাই। ভক্তিভরে ২রি বল এই ভিক্ষা চাই॥ আমারে আঘাত কর তাতে ত্বং নাই। প্রাণ ভরে হরি বল এই ভিক্ষা চাই।

ভক্তিভরে হরি বন নাম সলে যাবে। তাহাতে অনম্ভ কাল নিত্যস্থ পাবে॥ গো: করচা প্রভুর এই উপদেশবাণী শ্রবণ করিয়া উপস্থিত লোক-বুন্দ উচ্চৈঃম্বরে হরিধ্বনি করিতে লাগিল এবং সেই পাষ্ত বিপ্রকে বছবিধ তিরস্কার ও লাগুনা করিতে লাগিল। প্রভার ক্রপায় বিপ্রের মনে আতাগ্লানি উদয় হইয়া তৎক্ষণাৎ তাঁহার চিত্তভূদ্ধি হইল। তিনিও সকলের সঙ্গে উচ্চৈঃম্বরে হরিধ্বনি করিয়া প্রেমানন্দে নৃত্য করিতে লাগিলেন। তাঁহার তুই নয়ন দিয়া দরদ্রিত প্রেমাশ্রধারা প্রবাহিত হইল, তিনি কান্দিতে কান্দিতে প্রভুর চরণতলে নিপতিত হইয়া ছই হল্ডে তাঁহার রাতুল পাদপদ্ম ছু'থানি ধারণ করিয়াক্ষমাও রুপা ভিক্ষা করিলেন। রুপানিধি প্রভু তাঁহাকে প্রেমালিকন দানে কুতার্থ করিয়া সেস্থান হইতে যাতা করিলেন। তাঁহার বদনের উচ্চ হরিনাম সংকীর্ত্তন শ্বেণে সর্বে জীব উদ্ধার হইল। এখান হইতে সাত কোশ দুরবর্ত্তী তাঞ্জৌর নগরে আসিয়া প্রভু একটি ক্বফভক্ত বিপ্রের গ্রহে অতিথি হইলেন। ইহার নাম ধনেশর। ইহার গুহে শ্রীশীরাধাক্বফের শ্রীমৃর্ত্তি নিতা প্রক্রিত, ও দেবিত হইতেন। বছ লোক দেখানে যাতায়াত করিত। মন্দিরের আদিনায় একটি প্রকাণ্ড বকুল বুক্ষ ছিল; ভাহার তলে প্রভু প্রেমানন্দে নৃত্যকীর্ত্তন করিলেন। তৎপরে প্রভু চণ্ডাদু গিরি প্রদেশে গমন করিলেন। এখানে বছ সন্মানী যোগী তপতা করেন। প্রতি গোফফায় প্রভূ ভশ্মাথা সন্মানী দেখিতে পাইলেন। তাঁহারা চকু মুক্তিত করিয়া ধ্যানমগ্ন। এই রম্যস্থানে ভট্টনামক এক বিপ্রগৃহে প্রভু ভিক্ষা করিলেন। প্রভু এই বিপ্রবরকে রূপা করিয়া হরিনাম মহামন্ত্র দান করিলেন। ভট্ট হরিনামে মত श्रहान ।

হরিনামে সদা মন্ত ভট্ট মহাশয়।
লইতে ক্বফের নাম অঞ্চণাত হয় ॥ গো: ক:
প্রেমাবেশে প্রভু এই ভাগ্যবান বিপ্রগৃহে বছক্ষণ
নৃত্যকীর্ত্তন করিলেন। বিপ্র মানন্দে অধীর হইয়া প্রভুর
চরণতলে পতিত হইয়া কান্দিয়া আকুল ইইলেন।

এই স্থানটি অভি মনোরম দেখিয়া প্রভু কমেকদিন এখানে রহিলেন। প্রধান সন্ন্যাসী স্থরেশর পুরী এখানকার সন্মানীর রাজা। তিনি বৈষ্ণব-সন্মানী এবং হরিসেবা-পরায়ণ। প্রভু ভাঁহার সহিত মিলিত হইলেন। প্রভুর অপুর্ব্ধ প্রেমচেষ্টা ও নৃত্যকীর্ত্তন দেখিয়া এই ক্রাসী শিরো-মণি জাঁহার সহিত প্রেমানন্দে হরিনাম কীর্ত্তন করিতে লাগিলেন। তাঁহাকে কেহ কথন নৃত্য করিতে দেখে নাই। প্রভুর দকে তিনি একণে অপুর্বর অজভদী করিয়া প্রেমনৃত্য করিতে লাগিলেন (১)। সকলে ইহা **८मिश्रा व्याम्ठ**र्या २२म । श्रेष्ट्र ठाँशिक त्थ्रमान क्रिया তাঁহার দ্বারা সেই স্থানের সন্ন্যাদীদিগকে প্রেমভক্তি বিতরণ করিলেন। সেই দিন হইতে চণ্ডালু গিরি প্রদেশস্থ সন্ন্যাসাশ্রমে কুফ্ডক্তির তরঙ্গ উঠিল। মধুর হরিনামে গিরিকন্দর সমূহ মুখরিত হইল। এই মনোরম পুণাস্থানটি মহারাজ জয়সিংহের অধিকারভুক্ত ছিল। তিনি সন্ন্যাসী-দিগের নিকট কোন কর লইতেন না।

ইহার পর প্রভূ পদ্মকোট তীর্থে গমন করিলেন।
এখানে অন্তভ্জা ভগবতী মৃত্তি দর্শন করিয়া প্রভূ বহু
স্বাকিলেক তত্ব উপদেশ দিলেন। সহস্র সহস্র
লোক আসিয়া প্রভূকে বেইন করিয়া বসিল। প্রভূত্ব
উপদেশবাণী আকাশভেদ করিয়া স্বর্গে উঠিল। অন্তভ্জা
দেবীপ্রভিমা যেন কাঁপিতে লাগিলেন। বালর্দ্ধ মুবা
সকলেই প্রভূর শ্রীমুখের হরিনামগানে উন্মন্ত ইইয়া উঠিল।
চতুদ্দিকে পদ্মগদ্ধ বায়্ বহিতে লাগিল। স্বর্গ ইইতে
দেবগণ প্রভ্র শ্রীমন্তকে পুপার্ট করিতে লাগিলেন (২)।

আশ্চর্য মানিয়া ছবে স্বেশর ক্সাসী।
 প্রভুর সহিতে নাচে প্রেমনীরে ভাসি।। গোঃ কঃ

(২) হৈতক্ত প্রভ্র মুখে শুনি হরিধনি।
চারিদিকে প্রতিধনি হইল অমনি।।
বালক বালিকা বুবা কেপিরা উঠিল।
অপ্রভুজা দেবী যেন ছলিতে লাগিল।।
প্রথানে পুলা হলিকে লাগিলা বহিতে।
দেইখানে পুলা হৃতি হৈলা আচাধিতে। গোঃ কবচা।

কুলনারীবৃন্দও প্রভূব শ্রীত্মঙ্গে পুপাবৃষ্টি করিতে লাগিলেন। দেৰীমন্দিরে বৈকুঠের পতির আবির্ডাব হইয়াছে। দেবীর আজ আনন্দের অবধি নাই। এখানে শক্তি-উপাদক সকলেই বৈষ্ণব হইলেন। এগোরভগবান এখানে কিছু এখর্যা দেখাইয়াছিলেন। এই আনন্দোৎসব দেখিতে একটি জন্মান্ধ বিপ্র আসিয়াছিলেন। দেখিতে তাঁহার বড় সাধ হইল। রাত্রিতে দেবী জাঁহাকে স্বপ্লাদেশ দিয়াছেন. "অভ জগতপতি সন্নাসীবেশে এখানে আসিবেন, তিনি তোমাকে চক্ষ্দান করিবেন।" এই আসায় বুক বাঁধিয়া অন্ধ ভ্ৰাহ্মণ প্ৰভুৱ চরণকমলে শরণ প্রভু তাঁহাকে কুপা করিয়া দিব্যচক্ষু দান করিলেন। ভাগাবান জন্মান্ধ বিপ্র কিন্তু 🖺 গৌবাক মৃতি দর্শনমাজেই অনিতাদেহ ত্যাগ করিয়৷ নিত্যধামে গমন করিলেন। ৫ জু এই মহাভাগাবান বিখের মৃতদেহ বেষ্টন করিয়া হরিনামকীর্ত্তন করিতে করিতে তাঁহাকে अब्दु दम्हें दमवीयन्मिद्वत आक्रिनाय यहामयाद्वादक সমাধি দিলেন।

বাহু পাশরিষা গোবা অন্ধে আলি বিলা।
প্রভুর প্রশে অন্ধ শিহরি উঠিল।
বিহাতের ক্রায় শীঘ্র নয়ন মেলিয়া।
কুতার্থ হইল অন্ধ প্রভুকে দেখিয়া।
যেই দণ্ডে হেরিলেক মোর ধর্মবীর।
অমনি পড়িল অন্ধ ড্যঙ্গিল শরীর।
হরিবোল বলি প্রভু অন্ধকে বেড়িয়া।
নাচিতে লাগিলা প্রেমে উন্মন্ত হইয়া।
অন্ধের সমাধি সেই আবিনাতে দিয়া।

চলিলা গৌরাঙ্গ পদ্মকোট ভোয়াগিয়া। গোঃ করচা।
ইহার পর প্রভু ত্রিপাত্তনগরে আদিলেন। এখানে
চণ্ডেশ্বর শিবমূর্ত্তি দর্শন কবিলেন। এখানে একজন
বিখ্যাত দার্শনিক পণ্ডিত ছিলেন। তিনি বৃদ্ধ ও অদ্ধ।
উহার নাম ভর্গদেব। প্রভু এই অদ্ধ ভর্গদেব পণ্ডিতকে
বিশেষভাবে কুপা করিলেন। ভর্গদেব প্রভুর কুপায় অন্তদৃ ষ্টি
দ্বাবা তাঁহার সাক্ষাৎ ব্রেজেক্সনন্দন শ্যামস্ক্রের মদনমোহন

ী শীমশাহাপ্রভুর নীলাচল-লীলা।

ক্ষণ দেখিলেন। তিনি প্রেমাবেগে কান্দিতে কান্দিতে প্রভুর চরণ ধরিয়া নিবেদন করিলেন—

বৃদ্ধ ভার্গবের বড় ইচ্ছা প্রীশ্রীরাধারুফ্মিলিত তমু বেদোক্ত রুলাকপুক্ষ পরম নারায়ণ শ্রীগৌরাক্ষ মৃতি দর্শন করিয়া জীবন সার্থক করিবেন। কিছা তিনি অক; অন্ত-দৃষ্টিতে প্রীগৌরাক্ষমৃত্তি দেখিতে পাইলেন না। তাই বহিদ্ভির জন্ম প্রভুর চরণে আর্তিপূর্বক কান্দিতে কান্দিতে নিবেদন করিলেন,—

কুপা করি দেহ প্রভু মোরে চকুদান।
দয়া করি কর তুমি মোরে ভাগ্যবান॥
কুপা করি যদি দেখা দিলে অধ্যেরে।
চরণ ভূলিয়া দেহ মাথার উপরে॥ গোঃকঃ

প্রভুদশনে জিহ্বা কাটিয়া দশ হাত দ্বে পলায়ন করি-করিলেন। বহু ভাগে। প্রীগোরগোবিন্দ মৃর্তির দর্শন লাভ হয়। প্রভুতাহাকে বাহাদৃষ্টি দিলেন না, বৃদ্ধ আদ্ধণের মনের সাধ মনেই রহিয়া গেল। সাত দিন প্রভু এখানে রহিলেন। তাহার শ্রীম্বে হরিনামগান শ্রবণ করিয়া সর্কলোক বৈঞ্ব হইল(১)। সে দেশ উদ্ধার করিয়া প্রভু

পুনরায় এক গভীর বনে প্রবেশ করিলেন। তাহার নাম ঝারিবন। পঞ্চাশৎ ঘোজন বিস্তুত সেই প্রকাণ্ড বনস্থলী, প্রাক্ত এক পক্ষ কালের মধ্যে পার হইলেন। তাহার পর 🕮রক্ষণাম। এখানে অতি স্থন্দর নরসিংহ দেবের শীবিগ্রহ আছেন। ভক্তরাজ প্রহলাদ শীবিগ্রহের সম্মুখে কর্যোড়ে দাড়াইয়া আছেন। নরসিংহ দেব দৈতারাজ হিরণাকশিপুকে বধ করিতেছেন। প্রভু এই শ্রীবিগ্রহ দর্শনে প্রেমানন্দে অধীর হইয়া পাগলের ক্যায় নৃত্যকীর্ত্তন করিতে লাগিলেন। সর্বলোক প্রভুর অন্তত নৃতাবিলাদ দর্শন করিয়া, তাঁহার জীগুথে মধুর হরিনাম কীর্ত্তন আবণ করিয়া, হরিহরি ধ্বনি করিতে লাগিল। ভাহার পর তিনি রামনাথ নগরে আদিলেন। এখানে রাদেশব শিবলিক দর্শন করিলেন। প্রভর পথশ্রান্তি নাই। তিনি হরিনাম গানে মতা হইয়া পথে চলিয়াছেন। সহস্ৰ সহস্ৰ লোক তাঁহার দকে চলিয়াছে। সর্বব জীবকে উদ্ধার করিয়া প্রভু মনের আনন্দে পথে চলিতেছেন। তিন দিন পরে সাধবীবন নামক স্থানে এক মৌনী সন্ম্যাসীকে কুপা কবিয়া প্রস্ক পাণ্ডাদেশে তাম্রপর্ণী (১) নদী তীরে উপস্থিত হইলেন। এক পক্ষ পরে মাঘী পূর্ণিমা (২) পবিত্র সলিলা তাম্রপর্ণী নদীতে মাঘীপূর্ণিমা দিবসে প্রভু স্নান করিতে বাসনা করিয়া সেখানে এক পক্ষ রহিলেন। পরে সমুক্ত পথ ধরিয়া ক্লাকুমারী প্রনেশাভিমুখে চলিলেন। পথে নয়ত্ত্ৰিপদী তীৰ্থ দেখিলেন; চিয়ড়ভালা ভীৰ্থে

⁽২) সাভদিন করে অভু হরিসকীর্ত্তন। হরিনামে মাতিরা উঠিল সর্বজ্ঞন। সেই হানে বহু লোক বৈক্ষব হইল। কঠে সবে ভুলসির মালা হুলাইল। বোঃ কঃ

⁽১) পাণ্ডাদেশ = দাহ্দিণান্ডো কেবল ও চোল রাজ্যের সধ্যবর্জী প্রদেশ। এখানে অনেকগুলি পাণ্ডা উপাধিধারী রাজা মাচ্রান্তেও রাবেশরে রাজ্য করেন।

ভাত্ৰপৰ্ণী = ভিনি ভেলিজেলার ভাত্ৰপৰ্ণী নদী। ইহাকে পক্তৰ বলে। পশ্চিম ঘাট গিরি হইতে বাহির হইনা বলেগেলাগরে পড়িরাছে। "ভাত্ৰপৰ্ণী নদী বত্ত কুডমালা প্রথিনী" ভাগবত।

 ⁽২) সেই থানে এক পক অপেকা করিয়া।
 মাখী প্ৰিমার দিনে লান করি গিয়া।।
 ডাল্লপা পার হঞা সমূদের ধারে।
 চলিলা অভু কলাক্রারী দেখিবারে।) গো: করচা

🕮 রামলক্ষণের মৃত্তি দর্শন করিলেন। তাহার পর তিনি কাঞ্চী তীর্থক্ষেত্রে **আ**সিয়া শিবমূর্ত্তি দশন করিলেন। গজেন্দ্রমোক্ষণ তীর্থে বিষ্ণুমৃতি দর্শন করিয়া প্রভু (धम छरत वहका नृज्यकी र्खन कतिला। বসিয়া পাঞাদিগের নিকট শ্রীভগবানের গ্ৰেন্দ্ৰ-লীলাকথা শ্রবণ করিয়া বিপুল পুলকাল হইলেন। পানাগড়ি তীর্থে ঘাইয়া তৎপরে সীতাপতি মূর্ত্তি দর্শন করিলেন। এখান হইতে চামতামুর নামক এক গ্রামে আসিয়া শ্রীরামলকণের युर्व দর্শন করিলেন। মলয় পর্বতোপরি উঠিয়া প্রাভূ অগন্ত্য-বন্দনা করিয়া এবৈকুঠে এবিফুম্নি দর্শন করিয়া প্রেমানন্দে অভিভূত হইলেন। ইহার পর প্রভু ক্রাকুমারী তীর্ধে যাইয়া সমুদ্র স্থান করিলেন। এই ক্সাকুমারী হইতে প্রভু পুনরায় ফিরিলেন। পার্বতীয় পথে একেবারে মলারদেশে (মালাবারে) আদিয়া পৌছিলেন। এই মলারনগরের একপ্রান্তে বেতাপানীনামক মঠে বছ বামাচারী সল্লাদীদিগের বাস। কামিনীকাঞ্চন ভজনে এবং লোক প্রভারণায় ভাহার। নিরত। ইহাদিগকে দে প্রদেশে ভট্টমারী বলে (১)। প্রভুর সঙ্গে শ্রীনিত্যানন্ত্রভু বে একটা সরল বিপ্রকে দিয়াছিলেন,—তাঁহার নাম कृष्णनाम, তिनि এথানে আमिया এই বামাচারী কপট मधानी फिर्शत क् मधनाय व्यनुक इटेरनन। लाज प्रथारेया এই मत्रन विश्वत्क जिप्नातीयन जुनारेया निक्रग्रंट नहेशा (शन (२)। मर्बक जक्रवरमन अंजू हेश

জানিয়া এই বামাচারী স্ক্রাসীদিগের গৃহে নিজ ভৃত্যাটকে

অহসন্তান করিতে জাসিলেন। প্রভু ভট্টমারীদিগকে

সংবাধন করিয়া কহিলেন;—

''আমার ত্রান্ধণ তুমি রাথ কি কারণে। আমিহ সন্ন্যাসী দেখ তুমিহ সন্ন্যাসী।''

মোরে ছংখ দেহ তোমার ন্যায় নাহি বাসি॥ চৈ: চঃ
প্রভুর এই কথা শুনিষা ভট্টমারীপণ অত্ম শক্ষ লইয়া
উাহাকে মারিতে উপ্পত হইল। প্রভুর বেফ্নবীমায়ায়
অভিভূত হইয়া তাহারা আপনার অক্সে আপনারা
কাটাকাটি করিয়া মরিল। তাহাদের স্কাক কতবিকত
হইল। এইভাবে তাহারা ভয়ে অনেকে প্লায়ন করিল।
ভট্টমারীদিগের গৃহে ক্লেন্রে মহারোল উঠিল। এই
অবসরে ভক্তবংসল প্রভূ নিজভৃত্য কৃষ্ণাদকে কেশে
ধরিয়া এই নরককুণ্ড হইতে উদ্ধার করিয়া লইয়া চলিলেন।

"কেশে ধরি বিপ্ল লঞা করিলা গমন"।

এই লীলারক্টির ধারা শ্রীগৌরভগবান দেখাইলেন যে সম্প্রদায়ের উচ্চাধিকারী বিরক্ত বৈষ্ণবন্ধ কামিশীকাঞ্চনের লোভ সম্বরণ করিতে পারেন না। কামিনিকাঞ্চনের সংশ্রবে শাস্ত্রজ্ঞ ও সংস্কী মহত ব্যক্তিরও পতন হয়। স্বয়ং গুগবান কলা করিয়া কেশে ধরিয়া তাঁহার ভক্তগণকে উদ্ধার না করিলে তাঁহাদের আর উদ্ধারের সম্বাবনা নাই। এ ফলে পরম বৈষ্ণব প্রাভ্তক কৃষ্ণদাস সাক্ষাং শ্রীগৌরভগ্রানের সম্বাভ্তেও কৃষঙ্গে পড়িয়া কামিনীকাঞ্চনের লোভ ভ্যাগ করিতে পারিলেন না। ভক্তবংসল প্রভু কিন্তু তাই বলিয়া নিজ দাসকে বর্জন করিলেন না। তাঁহাকে কেশে ধরিয়া নরকক্ত হইতে স্বহত্তে তুলিলেন এবং এই লীলা ধারা জগক্ষীবকে দেখাইলেন, তাঁহার কৃপায় কাহারও বঞ্চিত ইইবার কোন কারণ নাই। প্রভু ছোট হরিদাসের প্রতি যেরপ কঠোর আদেশ করিয়াছিলেন; তাঁহার

^{(&}gt;) ভট্টমারি — ভাষার কোন কোন দেশে ইছাদিগকে ভাইওয়ারী
বলে। ইথাদের বাসস্থানের নিদিপ্ত নাই। ইছারা বেখানে যথন খাকে
শিবিরে বাস করে। স্ত্রাপুত্র সঙ্গে থাকে। বাহিরে ইছাদের সম্মাসীর
বেশ, চৌর্যা প্রভারণা ইছাদের ব্যবসা। স্ত্রীলোকদিগকে জুলাইরা শিবিরে
রাখে। অপর লোককে এই সকল স্ত্রীলোক দেখাইয়া ভুলাইয়া ইছাদের দল বৃদ্ধি করে। আমাদের দেশে ঘেষন বেদের টোল, দাকিশাত্য
প্রদেশে তেমনি ভট্টওয়ারীর শির্কি।

 [ং]গাদাঝির দক্ষে রছে কুঞ্চাদ এক্ষিণ।
 ভট্টমারী দহিত তার হৈল দর্শন।।

স্ত্রীধন দেখাইরা ভার লোভ জন্মাইল। আর্থ্য সরল বিশ্রের বুদ্মিনাশ কৈল।। আনতে উঠি আইলা বিশ্র ভট্টমারি গরে। ভাষার উদ্দেশে শ্রন্থ আইলা স্থরে।। চৈঃ চঃ

অপরাধের সহিত তুলনা করিলে কৃষ্ণদাসের অপরাধ যে অভিশয় গুরুতর, তাহা কুপানয় পাঠকরন্দ অবশ্রাই বুরিতে পারিতেছেন। কিন্তু দণ্ড বিধানের এই বৈষম্য দেখিয়া কেহ যেন মনে না করেন প্রীভগবানের বিচার নিরপেক্ষনহে। কৃষ্ণদাসের যে দণ্ড হইল, তাহা কৃষ্ণ দাসই বুরিলনেন। ইহা অপেক্ষা তাঁহার মৃত্যুদণ্ডও ভাল ছিল। যদিও এক্ষণে প্রভু তাঁহাকে কিছু বলিলেন না, প্রীনীলাচল ধামে ফিরিয়া যাইয়া প্রভু একথা প্রীনিভাইটাদের নিকট প্রকাশ করিয়া কৃষ্ণদাসকে মরমে মারিয়াছিলেন এবং কৃপা করিয়া তাঁহাকেও তিনি দেন নাই। প্রভু কৃষ্ণদাসকে প্রীনবহীপে শচীবিষ্ণুপ্রিয়ার সেবাকার্য্যে নিয়োজিত করিয়া নীলাচল হইতে বিদায় করিয়া দিয়াছিলেন। সে সকল লীলাকথা যথা স্থানে বলিব।

বেতপানী হইতে প্রভূ সেই দিনই প্রস্থিনী নদী জীরে আদিয়া স্থান করিয়া আদিকেশব মুর্তি নর্শন করিলেন। এই আদি কেশবের শ্রীমন্দিরে প্রভূ ব্রহ্মসংহিতা পাঠ শুনিয়া এই প্রাচীন সিন্ধান্তপূর্ব শাস্ত্রগ্রন্থানি নকল করাইয়া লুইলেন। এই প্রস্থানি পাইয়া প্রভূর আর আনন্দের সীমারহিল না। কবিরাজ গোস্বামী নিধিয়াছেন,—

দিদ্ধান্ত শাত্রে নাহি ব্রহ্মসংহিতা সমান।
গোবিন্দ মহিমা জ্ঞানের পরম কারণ॥
অন্ধল্প অকরে কহে দিদ্ধান্ত অপার।
সকল বৈঞ্চৰ শাত্র মধ্যে অতি সার॥
জ্রীগোর ভগবান স্বয়ং এই শ্রীগ্রন্থথানি বছ্যত্বে নকল
করাইয়া বঙ্গদেশে অনিয়ন করিয়া স্বরূপ দামোদর
গোস্বামীকে দিয়াছেন। (১)

এখান হইতে প্রভূ পদ্মনাভতীর্থে আসিয়া পদ্মনাও

শ্রীক্ষনার্দ্ধনমূর্ত্তি দর্শন করিয়া প্রেমানন্দে বিভোর হইয়া

ফুই দিন নৃত্যকীর্ত্তন করিলেন। তাহার পরে প্রেমাফী
তীর্থে আসিয়া শক্ষরনারায়ণ দর্শন করিলেন। পরে

শক্ষরাচার্যের সিংহারি মঠে আসিলেন। এখানে মায়াবাদী

বহু সয়াাদীকে বৈষ্ণব করিয়া সাঁতন পর্বাত দিয়া প্রভূ

বিবাস্কর রাজ্যে গমন করিলেন।

ত্রিবাঙ্গুর রাজ্য স্বাধীন রাজ্য। রাজা কল্পতি এই রাজ্যের অধীশ্বর। তাঁহার প্রতাপে সকলেই সশস্কিত। তিনি কিন্তু পরম ভগবস্তক্ত। ত্রিবাঙ্গুর নগর অভিশয় সমৃদ্ধিশালী ও বহু জনাকীর জনপদ। এই নগরীর প্রান্তভাগে নদীয়ার অবতার একটি বৃক্ততলে আশ্রেম লইলেন। গোবিন্দদাস তাঁহার করচায় লিথিয়াছেন—

সন্ধ্যাকালে আসিলাম ত্রিবাস্কু নগরে। বুক্ষতলে বসে প্রভু প্রফুল্ল অন্তরে।

কনককান্তিবিশিষ্ট প্রম জ্যোতির্ময় স্থবলিত দেহ, नीर्घाकांत्र श्रक्षक्षतमन त्नवमृर्खि **एक नवीन मन्नामी** সন্ধাকালে নগরের প্রাস্তভাগে এক বৃক্ষতলে উপবিষ্ট হইয়া মধুর হরিনাম গান করিতেছেন, ইহা দেথিয়া নগরের বাল বৃদ্ধ যুবা সকলে আসিয়া একত্তিত হইল। প্রভুকে দর্শন করিয়া তাঁহারা সকলেই তাঁহার রূপে মুগ্র হ**ইল।** তাহারা নগরে ফিরিয়া যাইয়া সেই রাজিতেই সর্কক প্রভুর শুভাগমন সংবাদ গুচার করিল। প্রভু সে রাত্তিতে বৃক্ষতলেই অতিবাহিত করিলেন। সৌভাগ্যবান একজন গ্রাম্য লোক তাহাকে আটা ভিক্ষা আনিয়া দিলেন। কৃষ্ণদাস ও গোবিন্দদাস প্রভুর সঙ্গে আছেন। প্রদিন প্রভাতে ত্রিবাস্ক্র সহরের সমস্ত লোক দলে দলে আসিয়া প্রভুকে দর্শন করিয়া ধন্ত হইল। সকলেই প্রভুর অপরূপ রূপরাশি দেখিয়া বলাবলি করিতে লাগিল "এমন রূপের ব্ৰকার বীকা, ভক্তি, চকু, মন, মহাবিঞ্, যোগনিদ্রা, হমা, মাগৰাসীর ভক্ত, রামাণি অবভার, লিকাণি শব্দ তাৎপর্য্য, বন্ধ জীব, ভাহার সাধন, ৰিকুডৰ, পতু, শ্ৰুভি, বুকীর, পারকীর, সদাচার পূর্ব্য প্রভৃতি বিব্য বৰ্ণিক হইরাছে।

⁽১) ব্রহ্মসংহিতা গ্রন্থের পঞ্চম অধ্যার মাত্র প্রভু নকল করাইরা আনাইরা ছিলেন। সমগ্র গ্রন্থ আবেন নাই। এই অধ্যারে অভিন্তা ভেলাভেনছিতি, অভ্যান, অভানশক্ষির মন্ত্র, আআ, আআরাম, কর্ম, কামপারতী, কামবীজ, কারবাহিলারী, কুকধামের চিহিলেন, গণেষ, গর্ভেদিকপামী, পারত্রু পেন্তি, গোক্ল, গোলোক, গোবিক্ষরণ, ব্রপ্রতার, ৠধাম, জীবতব, জীবের প্রাপার্বরণ, প্রেম, ছুর্গা, ভুপা, ওপ, পঞ্জুত, ব্রহ্ম,

সন্ধানী ঠাকুর ত কখন দেখি নাই"। সকলেই ঘোড়হন্তে প্রভুর সন্মুখে দাঁড়োইয়া বহিল।

প্রক্ষতলে বিদিয়া মৃদ্রিত নয়নে ধ্যানমগ্ন যোগীর ভাগ হরিনাম জপ করিতেছেন। তাঁহার প্রীমকে কদম্ব কেশরের মত পুলকাবলী দৃষ্ট হইতেছে, তাঁহার কনক-কেতকী সদৃশ শৃষ্ট নয়নের কোনে অবিরল প্রেমাঞ্চবারা প্রবাহিত হইতেছে। এরপ অপূর্দ্ধ প্রেমিক নবীন সন্মাদী দেখিয়া কেন। কর্যোড়ে তাঁহাব রুপাতিকা করিয়া থাকিতে পারে? প্রভু কিন্তু ধ্যানমগ্ন ঋষির ভাগ বিদ্যা আছেন,— নয়ন মেলিয়া কাহারও প্রতি চাহিতেছেনও না।

ধরিনাম করে গোরা মুক্তিত নয়ন।
দাঁড়াইয়া স্তব করে দবে শুদ্ধ মন ॥
বিদিয়া আছেন প্রস্থ অঞ্চনাধি নড়ে।
নয়নের কোন বহি অঞ্চনাবা পড়ে॥
রোমান্তিত কলেবর পূলক অন্তরে।
ভাব দেখি গ্রামা লোক কত স্তব করে॥
কেহ বোলে মোর গৃহে চলহ সন্ন্যাসী।
কেহ বোলে তোমারে দেখিতে ভালবাদি॥
কেহ কেহ ফলমূল আনিয়া যোগায়।
নয়ন খুলিয়া মোর প্রস্থ নাহি চায়। গোঃ ক্রচাঃ

ইহার মধ্যে একজন অতি বৃদ্ধ অতি কঠে যৃষ্টি হত্তে ধরিষা সেই লোকের ভিছ ঠেলিয়া আদিয়া, হাঁপাইতে ইাঁপাইতে অতিশয় ভক্তিদহকাবে অপর একজনকে কিজ্ঞানা করিল, "হাগা। সন্নাদীঠাকুর কোথায়? তিনি কি একবার আমাকে দর্শন দিবেন না?" ভক্তবংসল প্রভু ভক্তের আর্ত্তি দেখিয়া আর স্থির থাকিতে পারিলেন না। তাঁহার জপ ভঙ্গ হইল, তিনি তাড়াতাড়ি মুক্তেল হইতে গাত্রোখান করিয়া স্বয়ং বৃদ্ধের নিকটে আাসিয়া তাহাকে দর্শনদানে ত্তার্থ করিলেন (১:।

দয়ানিধি প্রাভূ স্বহত্তে এই বৃদ্ধের নিকট ফলমূল স্বাটা ভিক্ষা করিলেন।

প্রভ্র শুভাগমন-বার্তা, রাজা কন্ত্রপতির কর্ণে গেল।
তিনি স্বধর্মান্থরাগী হিন্দু রাজা। সাধু-সন্থ্যাসীর প্রতিপালক। তিনি আগ্রহ করিয়া প্রভূকে নিজ-রাজভবনে লইয়া বাইবার জন্ম লোক পাঠাইলেন। তাঁহার লোক আসিয়া প্রভূকে রাজাদেশ জ্ঞাপন করিল। প্রভূ হাসিয়া কহিলেন, 'বিষয়ার নিকট আমি ঘাই না, বিষয়ার দান আমি গ্রহণ করি না। রাজদ্ত তব্ও প্রভূকে লোভ দেশাইতে ছাজিল না।

রাজদৃত আসি বলে সম্যাদী ঠাকুর।
কেন নাহি যাবে, পাবে সম্পত্তি এচুর।
বস্ত্র অলকার আদি যাহ। তুমি চাবে।
তথা তুমি অনায়াদে দেই ধন পাবে॥ গো: কঃ

প্রভূ পুনরায় হাসিয়া কহিলেন, ''যাহারা বিষয়ের কীট তাহারাই ধনে অভিলাধ করে,—আমি বিরক্ত সন্মাসী,— ধনে আমার প্রয়োজন কি?" বাজদৃত রাজাক্তরেপতির নিকট যাইয়া প্রাকুর বিরুদ্ধে অনেক কথা কহিল। তিনি রাজাকে নরকের কীট বলিয়া অগ্রাহ্য করিয়াছেন ইত্যাদি অতিরঞ্চিত মিথ্যাকথা বলিলেন। রাজা রুম্রপতি ভক্তিমান, সাধু-সন্মাণীপ্রিয়। তিনি দৃতের কথা ভনিয়া কিছুই বলিলেন না। এই নবীন সন্ধানীটিকে দেখিতে তাঁহার বড় ইচ্ছা হইল। তিনি দূতকে বিদায় দিয়া স্বয়ং সাধুদৰ্শনে বহির্গত হইলেন। তাঁহার দঙ্গে হন্তী অশ্ব পদাতিক প্রভৃতি সকলে চলিল। রাজা রুজ্রপতি নগরের মধ্য দিয়া প্রভুর নিকট দেই বৃক্ষতলে আদিয়া উপস্থিত হইলেন। দুরে বাঙ্গসজ্ঞা রাবিয়া আদিলেন। ভাবনিধি শ্রীগৌরাঞ্ক-প্রভুর অপূর্ক প্রেমাবিষ্টভাবময় মধুর শ্রীমৃতি দর্শন করিয়া রাজা কজেপতি আনন্দে গ্লগদ হইয়া তাঁহোব চরণ্ডলে নিপতিত হইয়া কর্যোড়ে নিবেদন করিলেন —

> ''দয়া করি অপরাধ ক্ষমত আমার। না বুঝিয়া ডাতিয়াছিলাম আপনারে॥ দেই অপরাধ মোর ক্ষম এইবাবে॥" গো: ক: চা:

⁽১) একজন বৃদ্ধ অসি কহে ভব্তিভরে।
কোথার সম্যাসী আছে দেখাও আমারে।।
তাহার আগ্রহ দেখি মেরে গোরারার।
তাড়াভাড়ি উঠিয়া তাহার কাছে যার।। গোঃ কঃ

রাজার দৈন্য দেখিয়া প্রভু তাঁহাকে ক্লপা করিলেন। তিনি রাজার হস্তধারণ করিয়া উঠাইলেন। তাঁহার নিকটে খুসাইয়া তাঁহাকে মধুর বচনে কহিলেন —

> ————''রাজা তুমি বড় ভাগ।বান্। ভাগবত জান তুমি কি কহিব আন॥ নানাশান্তে স্থপণ্ডিত তুমি বড় জ্ঞানী। রাধাকৃষ্ণ বিনা আমি কিছুই না জানি॥" গোঃ কঃ

প্রভুর শ্রীমুথে "রাধা কৃষ্ণ" এই তুইটি নাম আসিবামাত্ত তাঁহার কমলন্যনন্বয়ে পিচ কারী দিয়া যেন প্রেমাঞ্রধারা ছুটিতে লাগিল। কৃষ্পপ্রেমে তিনি উন্মত্ত হইয়া উঠিলেন। তাঁহার দার্দ্ধ চতুর্হপ্ত পরিমিত দ্বাঙ্গস্থলর দেহষ্টিথানি টলটলায়মান হইল। তিনিপ্রেমানন্দে বিভোর হইয়া আজাত্রপিত হুবলিত বাহ্যুগল উর্দ্ধে উত্তোলন করিয়। মধুর নয়নরঞ্জন নৃত্য আরেও করিলেন। হুফার গর্জন করিয়া ঘনঘন উচ্চ হরিধ্বনি করিতে করিতে প্রেমানন্দে আত্মহারা হইয়া উঠিলেন। আর দেই সোনার অঙ্গ আছাড়িয়া আছাড়িয়া ভূমিতলে লুঠিত হইতে লাগিল। লোকে দেখিতেছে যেন তাঁহার শ্রীঅঙ্গথানি চুর্ণ বিচুর্ণ হুইয়া গেল। ইহা দেখিয়া রাজা কন্ত্রপতি আর স্থির থাকিতে পারিলেন না। তাঁহার বৈষ্ট্রাতি হইল, তিনি ছুটিয়া গিয়া প্রভুকে ক্রোড়ে তুলিলেন। প্রভুর শ্রীকক-স্পর্শে রাজার সর্বাঞ্চ পুলকপূর্ণ হইল। তিনিও প্রেমানন্দে উন্মত্ত হইয়া প্রভুর সহিত নৃত্য করিতে লাগিলেন। তাঁহারও নয়ন্দ্রে দর্দ্রিত প্রেমাশ্রণারা বিগলিত হইল। উভয়ের অঙ্গ ধুলায় ধুসরিত হইল। রাজার এইরূপ প্রেমোরতভাব দেখিয়া প্রভু আনন্দে গদগদ হইয়া তাঁহাকে গাঢ় প্রেমালিকনদানে কুতার্থ করিলেন। তাঁহাকে ভাই বলিয়া সম্বোধন করিলেন। গোবিন্দদাস তাঁহার করচায় লিথিয়াছেন.-

দেখিয়া রাজাব ভক্তি আমার নিমাই।
কোল দিয়া রাজারে বলেন এস ভাই।
প্রস্তু প্রেমাবেশে গদগদ ভাবে রাজাকে বলিলেন,—

হরিনামে যার চক্ষে বহে অঞ্চধারা। সেইজন হয় মোর নয়নের তারা। দেখিয়া তোমার ভক্তি রাজা মহাশয়। জড়াল আমার প্রাণ জানিও নিশ্চয়। গোঃ কঃ

প্রভুর এইকথা শুনিয়ারাজা ক্রমণতি মনে বড় লজ্জা পাইলেন। তিনি প্রভুর চরণতলে পতিত হইয়া আকুল-ভাবে কান্দিতে লাগিলেন। দয়ানিধি প্রভৃ তাঁহাকে পুনরায় প্রেমালিক্সদানে ক্রতার্থ করিয়া বিদায় দিলেন। রাজা গুহে ফিরিয়া যাইয়া প্রভুর ভিক্ষার জন্য নানাবিধ ফলমূল তাঁহার লোক দারা পাঠাইয়া দিলেন। করুণাময় শ্রীগৌরভগবান ভক্ত রাজা কন্ত্রপতির ভক্তি-উপচার গ্রহণ করিলেন। প্রভু একদিন একরাত্তি ত্রিবাঙ্কর নগরে ছিলেন। তাহাতেই দক্ষ তিবালৰ রাজ্যে হরিনাম প্রচার হইণ। প্রভুর শ্রীমুথে হরিনামানৃত পান করিয়া বহুলোক ক্লম্ভক্ত विकाद इंडेन। ত্রিবান্ধর রাজ্যমধ্যে রাম্গিরিনামক পর্ব্বডেব উপরিভাগে একটী স্থর্ম্য স্থান বনবাসকালে শ্রীরামচন্দ্র জানকীসহ এখানে তিন দিন বাদ করিয়াছিলেন। এই পরম পবিত স্থানের মহিমা অতি আশ্চর্যা। প্রভু এই পুণাস্থান দর্শন করিতে পর্বতে উঠিলেন। রাজ। রুত্রপতি প্রভুর সঙ্গে অনেক লোক দিলেন। পর্বতের উপরিভাগে বিস্তীর্ণ বনভূমি। এক পক্ষ কাল প্রভু এই স্থরমা প্রতির বনভূমিতে বাস করিয়া তিবাঙ্গুর রাজ্য ত্যাগ করিলেন। রাজা রুম্রপতি প্রভূর পকে বছদুর চলিলেন। স্বতন্ত্র ঈশ্বর প্রভু আমার আর তাঁহাব প্রতি ফিরিয়াও চাহিলেন না।

ইহার পর প্রভু মংশুতীর্থে আদিলেন। সেথান

হইতে নাগ পঞ্চনদী, চিতোল প্রভৃতি তীর্থস্থান দর্শন করিয়া

তুক্ষভন্তা নদীতে আদিয়া স্থান করিলেন। তৎপরে প্রভু

মধ্বাচার্গ্য আশ্রমে আদিয়া উপস্থিত হইলেন। এই

আশ্রমে বহু বৈতবাদী সন্মাদী থাকেন। তাঁহাদিগকে

তত্ত্ববাদী কহে। ইহারা অবৈতবাদী সন্মাদীদিগের মুধ

দেখিলে সবস্ত্রে স্থান করেন। এই তীথাশ্রমে উদ্পুপ কৃষ্ণ

এবং গোপালক্ষেক্তর মূর্ত্তি আছেন। শ্রীমধ্বাচার্য্য মূণ্

(১) স্বপ্নাদেশে এই ক্লফ্ম্স্তি পাইয়াছিলেন। কিখদন্তী আছে দ্বারকা হইতে এক বণিক নৌকা করিয়া গোপীচন্দন আনিতেছিলেন; হঠাৎ তাঁহার নৌকা জলমগ্ন হয়। পরে শ্রীমধ্বাচার্য্য মৃণি স্বপ্নাদেশ পাইয়া সেই জলমগ্ন নৌকা তুলিয়া গোপীচন্দন মধ্য হইতে পরম স্থন্দর শ্রীকৃষ্ণমৃতি প্রাপ্ত হন। তত্ত্বাদীগণ সেই শ্রীকৃষ্ণমৃত্তির সেবা করেন (২)। প্রস্থ এই অপরপ সৃত্তি দর্শন করিয়া প্রেমানন্দে

মধ্বাচার্যা ছানে জাইলা বাঁহা ভত্বাদী।
 উদ্পুকুক হরপ দেখি হৈলা প্রেমোয়াদী।।
 নর্ভক গোপালকুক পরম মোহনে।
 মধ্বাচার্য্যে বয় দিয়া আইলা তাঁর ছানে।।

বহুক্ষণ নৃত্যকীর্ত্তন করিলেন। সেবাইত তত্ত্বাদীগণ প্রথমে প্রভুকে মায়াবাদী সন্ত্রাদীজ্ঞানে ভাল করিয়া সম্ভাষণ কবিলেন না। তাঁহার অপূর্ব্ব প্রেম-ভক্তিভাব দেখিয়া তাঁহাকে বহু সন্মান করিয়া দেখানে রাখিলেন। এই তত্ত্বাদীদিগের অস্তবের গর্ব্ব জানিয়া সর্ব্বজ্ঞ প্রভু তাঁহাদিগের আচার্য্যগুরুর শহিত ইইগোষ্টা কবিতে আরম্ভ করিলেন। অতি দীনভাবে প্রভু তাঁহাদিগের আচার্য্যগুরুরে জিপ্তামা করিলেন—

সাধা সাধন আমি না জানি ভাল মতে।
সাধ্য সাধন শ্রেষ্ঠ জানাহ আমাতে ॥ চৈ: চ:
তত্ত্বাদী আচাৰ্য্যগুক শাস্ত্ৰতত্ত্বপ্ৰবীণ এবং বৃদ্ধিমান।
তিনি প্রভূকে বুঝাইলেন—

——— "বর্ণাশ্রম ধর্ম ক্রফে সমর্পন।

এই হয় কৃষ্ণভক্তের শ্রেষ্ঠ সাধন॥

পঞ্বিধ মৃক্তি পাঞা বৈকুঠ সমন।

সাধ্যশ্রেষ্ঠ হয় এই শাস্ত্র-নিরূপণ''॥ হৈ: চ:

চতুরচ্ডামণি প্রভু স্থযোগ বৃকিয়া আচার্যাগুরুকে

প্রকৃত সাধ্যসাধনতত্ত উপদেশ দিলেন। যথা শ্রীতৈত্ত্য

চরিতামৃতে—
প্রভু কহে "শাস্ত্রে কহে শ্রবণ কীর্ত্তন।
কৃষ্ণপ্রেম্য করে শ্রবণ কীর্ত্তন।
কৃষ্ণপ্রেম্য পরম ফলের সাধন॥
শ্রবণ কীর্ত্তন হৈতে ক্রুফো হয় প্রেমা।
দেই পঞ্চম পুক্ষার্থ, পুরুষার্থ সীমা॥
কর্মাত্যাগ কর্মানন্দা সর্বাশাস্ত্রে কহে।
কর্মা হৈতে কৃষ্ণপ্রেম ভক্তি কভু নহে।
পঞ্চবিধ মৃক্তি ত্যাগ করে ভক্তগণ।
ক্রেম্ব করি মৃক্তি দেখে নরকেব সম ॥
কর্মা মৃক্তি গুই বস্তু ভ্যুগে ভক্তগণ।
দেই গুই স্থাপ তুমি সাধ্য সাধন॥
গোপীচন্দন ভিত্তর আছিল ভিন্নাতে।
মধ্যাচার্যা সোনি ভারে করিল স্থান।

অভ্যাপি তাঁর দেবা করে তত্ত্বাদীগণ ।। চৈ: চ:

⁽১) শ্রীনধ্বাচাণ্য। = দাকিণাত্যে স্কৃতিরে পশ্চিমে কানারা। দক্ষিণ কানারা জিলার অধান নগর মাসলোর, ভাহার উত্তে উড়্ণী। এই উড়্পী আমে পাজকা কেত্রে শিবালী বিপ্রকৃলে মধ্যগেহ ভটের উর্সে বেদ্বিস্তার গর্ভে ১০৪০ শকাব্দে মন্তান্তরে ১১৬০ শকাব্দে 🔊 মঙ্বাচার্য মনি জন্মগ্রহণ করেন। বাল্যে মধ্বাচার্য্য বাস্থাবে নামে খ্যাভ ছিলেন। তাঁহার সম্বন্ধে বছবিধ অলৌকিক বাল্যলীলা কাহিনী বর্ণিত আছে। পঞ্চম বর্ষে ডিনি উপনয়ন সংক্ষার লাভ করেন। মহা-ভারত-ক্ষিত মণিমান নামক অমুর সর্গাকার লাভ করিয়া নেরাম্পলী গ্রামে বাস করিত। উপন্যনের পর বাহুদেব পদাকুষ্ট দারা সেই সর্পের সংহার করেন। পি হার সম্পূর্ণ অসম্মতিতে তিনি অচ্যুত প্রেকের নিকট খাদশবর্ধ বর:ক্রম কালে সন্ত্রাস গ্রহণ করেন। তাঁহার সন্ত্যাসের নাম হর পূর্ণপ্রজ্ঞতীর্থ। তিনি সন্তাস গ্রহণ করিরা দক্ষিণ দেশের নানা তীর্থ ভ্রমণ করেন। তাৎকালিক শৃক্তেরী মঠ।ধিপতি বিভ্যাশকর।-চার্ষ্যের সহিত্ত তাঁহার বিচারবৃদ্ধ হর। এই বিচারবৃদ্ধে শীমধ্বাচার্য্য বিজয়ী হন। তাহার পর তিনি সভাতীর্থ নামক এক ধতিরাজের স্থিত বদ্ধিকাশ্রম গমন করেন। এইখানে শ্রীৰ্চাদদেবের নিকট অল্লকালমধ্যে নানা বিধরে শিক্ষালাভ করেন। বদরিকাশ্রম হইতে আনন্দ মঠে প্রভাবিত্তন কালে শ্রীমধ্বের প্রভাষ্য রচনা শেব হয়। ৰ্ভিরাজ সভাতীর্থ ইহা লিখিয়াদেন। তাহার পর তিনি গোদাব্রী অংদেশে গঞ্জামে গমন করেন। তথার তাঁহার সহিত শোভন ভট্ট 🏂 ৰামীশাস্ত্ৰী নামক পণ্ডিভৰ্যের সহিত মিলন হয়। উঠাৱাই শীমধ্য সম্প্রদারের পরস্পরার প্রনাভতীর্থ বরহরিতীর্থ নাম প্রাপ্ হন। তিনি অংশীতবৰ্ধ বয়ংক্ৰমকালে মাঘী শুকু। নৰমী তিখিতে ঐত-বের উপনিবদন্তাব্য ব্যাপা। করিতে করিতে দেহত্যাগ করেন।

এই ত বৈহৃত্বের নহে সাধ্য সাধন। সন্ন্যাসী দেখিয়া আমা করহ বঞ্চন॥"

প্রত্ত প্রীমন্তাগতত, গাতা প্রাণ প্রভৃতি শাস্ত্রস্থ ইইতে
উাহার এই মতের পোষকতার জন্ম বছ শোক(১) আর্ত্তি
করিয়া ব্যাখ্যা করিলেন। তত্ত্বাদী আচাধ্যপ্তরু প্রভূর
অপূর্ব বৈষ্ণবতা দেখিয়া আশ্চর্য্য ইইলেন, তাঁহার বৈষ্ণবশাস্ত্রে গভীর তত্ত্ত্তান দেখিয়া লচ্ছিত ইইলেন। প্রভূ
পুনশ্চ কহিলেন—

———"কণ্মী জ্ঞানী হুই গুক্তিহীন।
তোমার সম্প্রদায় দেখি এই হুই চিহ্ন॥
সবে এক শুণ দেখি তোমাব সম্প্রদায।
সতাবিগ্রহ করি ঈশ্বে করহ নিশ্চয়॥" চৈঃ চঃ

তত্ত্বাদী আচার্য। ওক্স সেই হইতে প্রাভুর মত অবলম্বন করিলেন। দর্পহারী প্রীগৌরভগবান এইরপে তত্ত্বাদী-দিগের গর্কা চূর্ণ করিয়া সেখান হইতে ফল্পভীর্থে আদিলেন। পথে ত্রিতকুপ ও বিশালার তীর্থ দর্শন করিয়া পঞ্চাপারা

- (২) প্রবাং কার্দ্রনং বিজ্ঞো; শ্ররণং পাদদেবনং।
 কর্চনং বন্দনং লাস্তং স্থামক্ষেনিবেদনং।।
 ইতি পুংসার্পিত। বিজ্ঞো ভক্তিকেরবলক্ষণং।
 ক্রিছভতগ্রতাদ্ধাতর্মধ্যেংধীতমূত্তমং।। ভাগবৃত।
- (৩) আজ্ঞাবৈৰংগুণান্দোবানায়াদিষ্টানপি স্বকান্। ধর্মান সম্ভাজ্যং সর্কান্যায়ং ভজেৎ স চ সত্তম:।। গীভা
- (a) সর্ববর্ণান্ পরিত্যজ্যমামেকং শরণং ব্রন্ধ।
 ক্ষমং কাং সর্ববর্ণাপেকো। মোক্ষরিবামি মা ক্ষম: ॥ ঐ
- (৫) তাবৎ কৰ্মণি কুকাঁত ন নিৰ্কিছ্যেত বাৰতা। মংকথা শ্ৰবণাদো বা শ্ৰদ্ধা যাব্যুজায়তে ॥ ভাগৰত
- (৬) সালোক্যদান্তি সামীপ্যদাক্সপ্যক্ষমণ্যত। দীন্নমানং ন গৃহতি বিনা মংদেৰনং জনাঃ।। ঐ
- (৭) নারারণ পরা: সর্কেন কুতক্ত ন বিভাজি। স্বর্গাপ্রক্ নরকেম্পি তুল্যার্থন্দিন:।। ভাগর্ভ

তীর্থে (১) উপস্থিত হইলেন। দেখানে গোকর্ণ শিবলিক্ষ
আছেন। প্রভু তাঁহাকে দর্শন করিয়া আর্থ্যা বৈপায়নী
হইয়া স্পারক তীর্থে আদিলেন। তাহার পরে কোলা
পুরে (২) আদিয়া লক্ষ্মীদেবী, ক্ষীর ভগবতী, লাক্ষা গণেশ,
চোরা ভগবতী প্রভৃতি বছ দেবদেবীর মৃত্তি দর্শন
করিলেন।

অতঃপর প্রভু পুনা নগবের নিকট পাণ্ডুপুর (৩) তীর্থে আসিয়া পৌছিলেন। এখানে বিঠ্ ঠলদেবের প্রীমন্দির আছে। প্রভু প্রীবিগ্রহ দর্শন কবিয়া বছক্ষণ প্রীমন্দিরে থেমাবেশে নৃত্যকীর্ত্তন করিলেন। একটি ভাগ্যবান বিপ্রা তাঁহাকে নিমন্ত্রণ করিয়া নিজগৃহে লইয়া যাইয়া ভিক্ষা করাইলেন। এখানে প্রভু গুনিলেন প্রীপাদ মাধ্বেক্সপুরী গোসাঞ্জির শিষ্য প্রীরক্ষপুরী অন্ত এক বিপ্রগৃহে অবস্থান করিতেছেন। এই শুভ সংবাদে প্রভুর মন প্রেমানন্দে নাচিয়া উঠিল। তিনি তৎক্ষণাৎ সেই বিপ্রগৃহে যাইয়া প্রীপাদ রক্ষপুরী গোসাঞ্জির সহিত সাক্ষাৎ করিলেন। প্রী গোসাঞ্জির সহিত সাক্ষাৎ করিলেন। প্রী গোসাঞ্জি প্রভু তাঁহাকে বহু দণ্ড পর্বাম কবিলেন। পুরী গোসাঞ্জি প্রভুব অপরূপ রূপকাবলী, দেখিয়া এবং তাঁহার প্রীমন্ধে প্রেমচিছ অপূর্ব পুলকাবলী,

- (১) পঞ্চাব্দরাতীর্থ—শাতকণি মতাত্বরে অচ্যুত ক্ষির তপ্রভাভজোলদশে ইক্রপ্রেরিত লতা, ব্রুদা, সমটী, সোরতেরী, ও বর্ণীনাম্মী পঞ্চাব্দরা অভিশ্বা হইরা কুতীররূপে সরোবরে বাদ করে; রামচন্দ্র এই সরোবর দর্শন করেন। নারদবাকে; জানা বায় যে অর্জ্জুন তীর্থানাম আগমন করিলা কুতীর বোনি হইতে অব্দরা পাঁচটিকে মোচন করেন। এই ক্ষক্ত এই সরোবরে তীর্থলণে পরিণত হইলাতে।
- (२) কোলাপুর = বোখাই প্রদেশের দেশীয় রাজ্য। উত্তরে সাভারা, পূর্ব ও দক্ষিণে বেলাগাঁও, পশ্চিমে রম্বগিরি। এথানে উর্ণা নদী আছে।
- (৩) পাওবপুর = বোদাই প্রদেশের শোলাপুর জিলার অন্তর্গক একটি মহকুমা। এখানে বিঠ্ঠলদেব ঠাকুর আছেন। তিনি চতুতুক্ত নারাফা মুর্জি। এই নগর জীমা নদীতীরে অবস্থিত। পঞাদশশক
 শতাকীতে এখানে তুকারাম নামে বৈক্ষর সাধু ছিলেন। প্রভু তাঁহাকে
 কুপা করিয়াছিলেন। তুকারাম কুজ অভকে তিনি বয়ং ইহা দীকারকরিয়াছেন। তুকারাম মহারাষ্ট্রদিপের ওজ। তিনি সে প্রদেশে মুদক্ষ
 বাজ্যের সহিত কীর্তনের প্রচার করেন।

নয়নে পুলকাশ্রধারা দেখিয়া বিস্মিত হইয়া কহিলেন, "শ্রীপাদ! উঠ, নিশ্চয় তুমি আমার শ্রীগুরু গোসাঞিজির সম্বন্ধ রাথ। তাঁহার রূপ। ভিন্ন এমত প্রেম্ভাব অব্যক্ত সম্ভবে না" (১)। এই বলিয়া তিনি প্রেমোনত এভর হস্তধারণ করিয়া উঠাইয়া গাঢ় প্রেমালিঞ্চন দান করিলেন। ছুই জ্বনে গলাগলি করিয়া বহুক্ষণ প্রেমভরে ক্রন্ন করি-লেন। উভয়ের প্রেমাশ্রনীবে উভয়ের অঞ্চ সিক্ত হইল (২)। প্রভূতখন ধৈষ্য ধারণ করিয়া শ্রীপাদ রঙ্গ পুরী গোসাঞিকে শ্রীপাদ ঈশ্বরপুবী গোসাঞির সম্বন্ধ জানাই-লেন। পুৰী গোষাঞি এবং প্ৰভূ একতে পাঁচ সাত দিন দিবানিশি কুফকথারঙ্গে অভিবাহিত করিলেন। সন্মাসী-দিগের পুর্বাশ্রমের কথা জিজ্ঞাদা করিতে নাই; কিন্তু জীরলপুরী গোসাঞি কোতৃক করিয়া একদিন প্রভূকে তাঁহার জন্মস্থানের কথা জিজ্ঞাস। করিলেন। কৌতুক করিয়া হাসিতে হাসিতে শ্রীধাম নবদ্বীপের নাম করিলেন। নবদ্বীপের নাম কবিতেই পুবী গোসাঞির নবদ্বীপের কথা মনে প্রভিল। কারণ তিনি শ্রীপাদ মাধ-বেক্সপুরীর সহিত পুর্দের একবার নবন্ধীপে গিয়াছিলেন। তিনি প্রসঙ্গক্রমে গ্রন্থা কহিলেন; বলিলেন---

জগরাথ মিশ্র ঘরে ভিক্ষা যে করিল।
অপুর্ব মোচার ঘণ্ট উাহা যে গাইল।
জগরাথের ব্রাহ্মণী মহা পতিব্রতা।
বাৎসল্যে হয় তেঁহ ষেন জগরাতা।
রঞ্চনে নিপুণা নাহি তা সম জিভ্রনে।
পুত্রসম স্বেহ করায় সন্মাসী ভোজনে।
ভার এক পুত্র যোগ্য করিয়া সন্মাস।
শহরারণ্য নাম ভার অন্ন বযস।
এই তীর্থে শহরারণ্যের সিদ্ধিপ্রাপ্ত হৈলা।
প্রাধে শ্রীরহৃপুরী এতেক কহিলা। চৈঃ চঃ

সর্বজ্ঞ প্রভুনীরবে সকলি শুনিলেন। কিছুক্ষণ তিনি নিজকভাবে কি ভাবিতে লাগিলেন। পরে ছলছল প্রেমাশ্রনয়নে পুরী গোদাঞিকে কহিলেন—

> ———প্রবাশ্রমে তেঁহো মোর ভাতা। জগলাথ মিশ্র মোর পুরবাশ্রমের পিতা। চৈঃ চঃ

প্রভুব মনে পুর্বাম্বতির উদয় হইয়াছে,—ভাতৃশোক জাগিয়া উঠিয়াছে। তাই এই কথা কঞ্টি বলিতে বলিতে তাঁহার নয়নজলে বক্ষভাসিয়া গেল। স্বেহময়ী জননীর কথা মনে পড়িল, গুহস্থা এমের কথা স্মরণ হইল, আরু মনে পড়িল সেই নবদীপময়ী নববালা বিরহিনী জীবিষ্ণুপ্রিয়ার কথা। সে সকল মনবাথা প্রভু মনে চাপিয়া রাখিয়া পুরী গোসাঞির সহিত অক্সান্য কথা কহিতে লাগিলেন। শ্রীপাদ রঙ্গপরী গোসাঞি যখন নবদীপে গিয়াছিলেন, তখন প্রভ নিতান্ত বালক। তাঁহার কথা পুরীগোসাঞিব মনে নাই। তিনি প্রভুর সর্বা অঙ্গের প্রতি বিশায়ের সহিত পুঝা**মপু**ঝারূপে দৃষ্টিপাত করিতে লাগিলেন। প্রভুর পরিচয় পাইয়া তিনি প্রমানন্দ লাভ করিলেন। প্রভূকে তিনি তাঁহার পূজাপাদ অগ্নজের দিদ্ধি প্রাপ্তির স্থান দর্শন করাইলেন। প্রাভু প্রেমাবেশে দেখানে যে অত্ত প্রেমনৃত্য করিলেন এবং অপুর্বে হরিসংকার্ত্তণ করি-লেন তাহ। দেখিয়া পাঙুপুর ভীর্থবাসী দর্ব লোক বিস্মিত হইলেন। কুপাসিক্স প্রভুর প্রেম্ফিক্স সেথানে একেবারে উথলিয়াউঠিল। তিনিপ্রেম ক্রন্দনে দেশ ভাসাইলেন। ভবরোগের পরমৌষধি হরিনামামৃতদানে প্রভু সে দেশ-বাদী সর্ব্ব লোককে উদ্ধার করিলেন। সেথান হইতে শ্রীরঙ্গপুরী গোসাঞি ছারকা যাতা করিলেন। যে ভাগ্য-বান বিপ্রগৃহে শ্রীরক্ষপুরী ও শ্রীগৌরাক্ষ গভুর মিলন रहेल, त्मरे विश्व श्राकृतक **ठाँ**शांत गृहर आति जातिनिन রাখিলেন। প্রভূ এখানে যে কয় দিন ছিলেন, তিনি নিত্য ভীমরথি নদীস্নান করিয়া এীবিঠ্ঠল দেব দর্শন করিতেন।

ইহার পর প্রভু কৃষ্ণবেশ্বা (১) নদী তীরে নানা তীর্থ

⁽১) দেখিরা বিশ্বিত হইল প্রীরকপ্রীর মন। উঠ উঠ প্রীপাদ বলি বলিল বচন।। প্রীপাদ ধরহ আমার গোদাঞির দক্ষ। তাঁহা বিনা অক্তর নাহি প্রেমার গদা। চৈঃ চঃ

এত বলি প্রভুকে উঠাইরা কৈল আংলিকন।
 গলাগলি করি হুহে করেন ক্রন্দন।। ঐ

কৃষ্ণবেদা = মহাবলেশর স্থান্তি গিরি হইতে কৃষ্ণাধারাদ্বরের উৎপত্তি। এই কৃষ্ণবেদা নদীতীয়েই বিঅমলল ঠাকুরের বদতি ছিল।

দর্শন করিয়া একটী গ্রামে আসিয়া উপস্থিত হ'লেন। এই স্থানে বছ বিপ্রের বাস, সকলেই পরম বৈষ্ণব। এখানে অনেকগুলি দেনমন্দির আছে। প্রভু একটি দেবমন্দিরে যাইয়া বসিলেন। সেখানে কৃষ্ণকর্ণামৃত শ্রীগ্রন্থ পাঠ হইতেছিল। প্রভু প্রেমাবিষ্ট হইয়া পাঠ শুনিতেছিলেন। শ্রীকৃষ্ণকর্ণামৃত শ্রীকৃষ্ণকর্ণামৃত শ্রীকৃষ্ণকর্ণামৃত শ্রীকৃষ্ণকর্ণামৃত শ্রীকৃষ্ণকর্ণামৃত শ্রীকৃষ্ণকর্ণাবিষয়ক রুসাত্মিক। শ্রীগ্রন্থ। প্রভু পাঠ শুনিয়া কৃষ্ণপ্রেম বিভোর হইলেন। তাঁনার আনন্দের আর অবধি রহিল না। তিনি অতিশয় আগ্রহ সহকারে সেথানে বসিয়া দেই পুঁথি নকল করাইয়া লইলেন(১)। প্রভুর সঙ্গী বিপ্রা কৃষ্ণদাস এই পুঁথি ও ব্রহ্মদাহিত। নকল করিবার সৌভাগ্য পাইয়াছিলেন। ক্বিরাজ গোস্থামী কৃষ্ণকর্ণামৃত শ্রীগ্রন্থ সম্বন্ধে লিথিয়াত্দেন.—

প্রভ্রহ্ম পহিছা ও কৃষ্ণকর্ণামৃত শ্রীগ্রন্থয় পাইয়া ছাতিশার জানন্দিত চিত্তে সঙ্গে লইলেন। প্রভূ পুনরায় প্রেমানন্দে পথে চলিয়াছেন, প্রেমাবেশে তাঁহার দিক্-বিদিক্ জ্ঞান নাই। তাপ্তী নদী স্নান করিয়া তিনি মাহিয়তীপুরে (২) জাদিলেন। পরে নর্মদা নদীর তীরে জীরে নানা তীর্থ স্থান দর্শন করিয়া ধম্ম তীর্থে আদিয়া পৌছিলেন। সেধান হইতে চণ্ডপুর নগরে ঈশ্বর ভারতী নামক এক জ্ঞানমার্গী সম্মানীকে কুপা করিয়া প্রেমদান করিয়া তাঁহার নাম রাগিলেন "কৃষ্ণদাদ"।

প্ৰভু বোলে কৃষ্ণে তুমি করহ বিশ্বাস। আজি হৈতে নাম তব হৈল কৃষ্ণদান । গোঃ কঃ

ইহার পর প্রস্থা ছই দিন ছুর্গম বনপথে চলিলেন। পরে একটা ক্ষুপ্র পলীগ্রামে অতিথিদেবাপরায়ণ এক গৃহস্থ রাহ্মণ রাহ্মণীর গৃহে যাইয়া দর্শন দানে তাঁহাদিগকে কুতার্থ করিলেন। এই বিপ্র পরিবার অভিশয় দরিস্তা। প্রস্তুকে বিদিবার আদান দিতে না পারিয়া ছুঃথিত হওয়ায় ভক্তিমতি রাহ্মণ রাহ্মণকে কহিলেন "তুমি মাথা পাতিয়া দাও। দেথিতেছ না এই অতিথির অক্ষে বিহাৎ ধেলিতেছে। ইনি সাক্ষাৎ নারায়ণ। ইহার চরণে তুলসী দিয়া পূজা কর (১)। এই পরম সোভাগ্যবান রাহ্মণের গৃহে প্রস্থ প্রেমাবেশে,—

"হরেক্লফ হরেক্লফ ক্লফ ক্লফ হরে হরে। হরে রাম হরে রাম হবে বাম হরে হরে ॥"

এই হরিনাম মহামন্ত্র সাজি কীর্ত্তন করিলেন।
সেই গ্রামের সর্ব্রেলাক প্রভুর শ্রীমুথে মধুর হরিনাম শুনিয়া
প্রেমানন্দে উন্মন্ত হটল। প্রাতঃকালে প্রভু সেম্থান হইতে
যাত্রা করিয়া ঋষ্টমুথ পর্ব্বত দিয়া দণ্ডকারণাে প্রেশেশ করি-লেন। এই স্থানে প্রভু একটী প্রশ্বা লীলারক দেখাই-লেন। শাপগ্রন্থ সাত জন গর্ব্বর এই স্থানে ভালরক
রূপে অবস্থিতি করিতেছিলেন। তাঁহাদিগকে দণ্ডকারণাবাসী সপ্রতাল বলিত। প্রভু তাঁহাদিগকে শালকন দানে
শাপম্ক্ত করিয়া বৈকুঠে পাঠাইলেন। সে স্থান শ্রা
পিড়িয়া রহিল। সর্বলাকে স্বচক্ষে ইহা দেখিয়া প্রভুকে
সাক্ষাৎ রামাবভার বলিয়া তাঁহার চরণতলে পতিত
হইল (২)।

^{(&}gt;) তবে মহাপ্রভু আইলা কুঞ্বেছাভীর।
নানাতীর্থ দেখে উছো দেবতা মন্দির।।
ব্রাহ্মণ সমাজ সব বৈফাব চবিত।
বৈকাৰ সকলে পড়ে কুঞ্চক্শিমৃত।।
কর্ণামৃত গুনি প্রভুর আনন্দ হহল।
আরহ করিয়া পুঁথি লেখাইরা নিল।। চৈঃ চঃ

⁽২) কার্তবীধার্জ্নের ছান। "ভতো রজাত্মপাদার পুরীর মহিষ্ঠীং ববৌ"। মহাভারত

⁽১) আসন নাছিক বোর কি দিব বসিতে। ব্রান্ধণী বলিকা বিশ্ব মাথা দাও পেতে।। বিহুতে খেলিছে দেখ অতিথির গায়। তুল্লী আনিয়া দেছ অতিথির পায়।। গোঃ কঃ

⁽২) সপ্ততাল বৃক্ষ ভাঁছা কানন ভিতর। অতি বৃদ্ধ অতিষ্কুল অভি উচ্চতর।। সপ্তভাল দেখি প্রভু আলিকন কৈল। সদারীরে সপ্রভাল বৈকুঠে চলিল।।

প্রস্থ এক্ষণে নীলগিরি প্রদেশে তীর্থ জমণ করিতেছেন। নীলগিরির নিকট কান্তারী নামক এক গ্রামে বছ
সন্ধানীকে কৃষ্পপ্রেমে উন্মত্ত করিয়া গুর্জন্বী নগরে আদিয়া
উপস্থিত হইলেন। এখানে অগন্তাকুণ্ড আছেন। প্রভূ
তাহাতে স্থান করিলেন। কুণ্ডভীরে বিদিয়া প্রভূ মধুর
হরিনামের কীর্ত্তনত্বকে সমগ্র নগর ভাসাইলেন।
গুজ্জরী নগর বছ সমৃদ্ধিশালী জনপদ। বছ লোক প্রভূকে
দর্শন করিতে আদিল। এই স্থানে প্রেমময় প্রভূ প্রেমানন্দে মত্ত হইয়া কৃষ্ণপ্রেমের উৎস খুলিলেন। সর্ব্বলোক
হরিনামায়ত পানে মত্ত হইয়া প্রভূর সহিত আনন্দে নৃত্যকীর্ত্তন করিতে লাগিল। এখানে অর্জ্জুন নামে এক মহা
তথবাদী জ্ঞানমার্গী পণ্ডিত ছিলেন। তাহাকে প্রভূ বিচারে
পরাস্থ করিয়া কুপা করিলেন।

বেদান্তের স্ক্ষ কথা তুলি পোরা রায়।
তম তম করি সব অর্জুনে ব্ঝায় ॥ গোঃ কঃ
গোবিল দাস লিখিয়াছেন,—
উপদেশে এই দেশ মাতাইলা প্রাভূ।
এমন প্রভাব ম্ঞি দেখি নাই কভূ॥
কখন তামিল বুলি বলে গোরা রায়।
কভূবা সংস্কৃত বলি শ্রোতারে মাতায় ॥
প্রভূর অচিস্তা শক্তি প্রভাবে সে প্রদেশের স্কালোক
বৈষ্ণব হইল।

প্রভুগুর্জ্বরী নগর হইতে বিক্লাপুর পার্স্বত্য প্রদেশ দিয়া সফ্রুলাচল ও মহেন্দ্র মলয় তীর্থ দর্শন করিয়া পূর্ণ নগরে আসিয়া পৌছিলেন। এখানে অনেক পণ্ডিতের বাস। অনেক চতুপ্পাটি আছে। প্রভু রুফ্টবিরহে ক্ষুক্তরিত। তচ্ছর নামক এক সরোবরের তীরে বসিয়া প্রভু রুফ্টবিরহে কান্দিতেছেন আর বলিতেছেন,—

শৃভ্জান দেখি লোকের হৈল চমৎকার। লোকে কছে এ সন্ন্যাসী রাম অবতার।। ১৮: চঃ বিলোক্যতাংস্তালভরূণকুপ'লু: প্রত্যেক মেবারিধদাত্ত্থ:। অত্যান্তরে তে দিবমীবিবাং স. শৃত্যাস্থলী সা সহদৈব বা ডা।।

জী চৈতক্ষচরিত

প্রাণ মোর মুকুন্দ মুরারি।
আদিয়ে উদয় হও হদয়ে আমারি ॥
রাধাক্রফ সর্কশক্তিময় বিশাধার।
কৃষ্ণ বিনা এ বিশ্বের কেবা লয় ভার ॥
কোটি কোটি ব্রহ্মাণ্ড গাঁর লোমকুপে।
সেই প্রাণক্ত্যে মৃতি হেরিব কিরপে ॥
মাটি বেয়ে মাভ্কোলে মুথ বিভারিল।
অমনি জননী মূধে ব্রহ্মাণ্ড দেখিল ॥
সেই কৃষ্ণ লাগি মোর ব্যাকুল শুন্তর।
কৃষ্ণ বিনা প্রাণ মোর হয়েছে কাত্র ''॥ গো: কঃ

এক জন পাষণ্ডী পণ্ডিত প্রভূকে পরিহাস করিয়া বলিলেন ''তোমার কৃষ্ণ ঐ জলাশয়ের মধ্যে আছেন "। প্রভূ তংক্ষণাং শ্রীকৃষ্ণারেষণে দেই সমূধস্থ জলাশয়ে ঝম্প প্রদান করিয়া জলমগ্ন ইইলেন। গ্রামের লোক সকল বছ কট্নে তাঁহাকে জল ইইতে উঠাইল। প্রভূ প্রাণে বাঁচিলেন। সর্বলোকে সেই পণ্ডিতকে নিন্দা করিতে লাগিল।

এখান হইতে প্রভু ভোলেশ্ব ভীর্থে গমন করিলেন। পাটদ গ্রামের নিকট গোরঘাটে মহাদেব ভোলেখরের মহাপীঠ। এখানে একটি বিশ্বকূপ আছে। প্রভু সেই কুপের জল তুলিয়া মান করিলেন। তাহার পর ভো**লেখ**র শিবলিঙ্গ দর্শন করিয়া প্রেমানন্দে বছ স্কৃতিন্তি করিলেন। ইহার নিকটেই দেবলেশ্বর। উচ্চ পর্বতোপরি তিনি বিরাজ করিতেছেন। প্রভু প্রেমভরে পর্বতে উঠিয়া দেবলেশ্বর শিবলিক দর্শন করিলেন। ইহার অনতিদুরে জিজ্রী নগর শোভা পাইতেছে। এখানে খাওবাদেব আছেন। এখানকার দেশাচার এই, যে কন্তার বিবাহ না হয় ভাহাকে ভাহার পিভামাতা খাওবাদেবের সহিত •বিবাহ निया (नवनाभी कतिया ब्राट्य। এই मक्न (नवनाभीरक দে দেশে "মুরারি" বলে। এই সকল দেবদাসীর মধ্যে অনেকেই হুশ্চরিত্রা এবং ব্যক্তিচারিণী। ইচ্ছাময় পতিত-পাবন প্রভু এখানে এই কথা শুনিয়া এই অভাগিনী নারী-রুন্দের প্রতি ক্নপাদৃষ্টিপাত করিতে ইচ্ছা করিলেন। তিনি স্বয়ং খাওবা দেবের মন্দিরে যাইয়া এই সকল পতিতা

জভাগিনী স্ত্রীলোকদিগকে দর্শন দিলেন। তাহাদিগকে হরিনাম করিতে উপদেশ দিলেন। প্রভৃ এই সকল স্ত্রী-লোকদিগকে । স্থোধন করিয়া বলিলেন,—

বড়ই দয়াল হরি অগতির গতি।
তাঁহাকে ভাবহ সবে নিজ নিজ পতি॥
কফকে পাইতে পতি যত গোপীগণ।
কাতাাগনী বাত করে হ'য়ে শুদ্ধ মন॥
কফপতি হৈলে না রবে ভবভয়।
কফ সকলের পতি জানিহ নিশ্চয়॥
কফ কফ বলি দদা ডাক ভক্তিভরে।
সর্বাণ বোলহ মুখে হরে কৃষ্ণ হরে॥ গো: ক:

এই কথা বলিয়া প্রেমময় প্রভু সেখানে প্রেমানন্দে মধ্র হরিনাম সংকীর্ত্তন আরম্ভ করিলেন। তাঁহার সর্ক্র অঞ্চ পুলকে পূর্ণ হইল। প্রেমাবেশে তিনি থাণ্ডবাদেবের সম্মুখে সেদিন যে হরিনাম সংকীর্ত্তন-তরক্ষ উঠাইলেন, তাহা শ্রবণ করিয়া এই সকল পতি তা নারীর্দের সর্ক্র পাপ বিণৌত হইয়া গেল, তাহাদের মন নির্মাল হইল। সকলেই হরিনাম মহামন্ত্র গ্রহণ করিল। ইহাদিগের প্রধানা দেব-দাসা ইন্দিরা প্রভুর চরণে নিপতিতা হইয়া কান্দিতে কান্দিতে কাতরবচনে এইরূপে আআন্নিবেদন করিল, —

''বৃদ্ধা হইয়াছি মৃঞি কুকশ কেরিয়া। উদ্ধার করহ মোরে পদধ্লি দিয়া॥'' এত বলি ইন্দিরা ধুলায় লুটি যায়। নাম দিয়া প্রভু উদ্ধারিল ইন্দিরায়॥ গো: ক:

গুড়র নিকট হরিনাম মহামন্ত্র পাইয়। ইন্দিরা সেই দিন
হইতে ভিথারিণীবেশে মন্দিরের বাহির হইল। মহা
বৈষ্ণবা হইলা দিবানিশি হরিনাম জপে দিনাতিবাহিত
করিতে লাগিল। দেবদাসী অনেকেই এই ভাগাবতী
ইন্দিরাব ভজনপথা অন্নরন করিল। পতিতপাবন প্রভ্ এইরপে পতিতোজার করিয়া দেখান হইতে চোবানন্দী
বনে প্রবেশ করিলেন। এই বনে বছ দক্ষা বাস করে।
সকল লোকে প্রভূকে সেখানে যাইতে নিষেধ করিল।
সতত্ত্ব স্বাহারও নিষেধ মানিলেন না। সেই

বনে নারোজি নামে এক মহা বলবান তুরাচার দফা বাস করিত। তাহার দলে অনেক ছুষ্ট ছিল। প্রভু এই বনমধ্যে ঘাইয়া একটি বুক্ষতলে উপবেশন করিয়া প্রেমানন্দে রুফ্ট নাম কীর্ত্তন করিতে লাগিলেন। দ্যাপতি নারোজি দল বল সহ প্রভুর নিকটে আপিয়া তাঁহাকে নিমন্ত্রন করিলেন। প্রভ কহিলেন "মত রজনী এই রুক্ষতলেই অতিবাহিত করিব_া" তথন দম্যপতির আদেশে তাহার লোক জন প্রচুর পরিমানে ভিক্ষার নানাবিধ দ্রব্যসামগ্রী আনিয়া প্রভুর সম্মুধে রাখিল। তাহারা সকলে প্রভুকে বেষ্টন করিয়া দাঁড়াইয়া রহিল। প্রভুপ্রেমানন্দে তথন মধুর হরি সংকীর্ত্তন **আর্ড** করিলেন। তাঁহার উদ্বন্ধ নুষ্ঠো ভিক্ষা দ্রব্যাদি চতুর্দ্ধিকে প্রক্রিপ ও বিক্ষিপ্ত হইয়া পড়িল। প্রভুব একেবারে বাহ-জ্ঞান নাই। দম্বাণতি নারোজী প্রভুর শ্রীমুথে মধুর হরি। নামামৃত পান করিয়া অতিশ্য মুগ্ধ ইইল। তাহার কঠিন कार प्रतिनागगान खबीज् ठ इटेन। नाता जी तुक हरे-য়াছে, তাহার বয়ঃক্রম যাট বংসর। আক্রণ বংশে জন্ম গ্রহণ করিল এই দম্বাপতি আজন পাপাচারে রত ছিল। প্রভুর রূপায় এক দণ্ডের মাধ্য তাহার মনে তীব্র বৈরাগ্য উপস্থিত হইল। সে মনে মনে বলিতে লাগিল,—

কত পাপ করিয়াছি কে পারে বলিতে ।

আজি কেন ইচ্ছা হয় কোপীন পরিতে ॥ গোঃ কঃ
কিছুক্ষণ পরে নারোজী মনের কথা প্রকাশ করিয়া
প্রস্তুর চরণে কান্দিতে কান্দিতে নিবেদন করিল যথা,—
কান্দিয়া নারোজী বলে শুনহ সন্ন্যাসী।
কি মন্ত্র পড়িলে তুমি বলহ প্রকাশি ॥
দেখিয়া তোমার ভাব হয় মোর মনে।
আর না করিব পাশ থাকি এই বনে ॥

যাটি বর্ষ বয়ংক্রম হৈয়াছে আমার।
পাপ কার্য্য না কবিব ছাড়িব সংসার ॥
অতি ত্রাচার আমি ব্রাহ্মণ তনয়।
মোরে পদধ্লি দিতে না কর সংশয় ॥ গোঃ কঃ
এই বলিয়া দহ্যপতি নারোজী অন্ত্র শক্তা দুরে নিক্ষেপ

করিয়া ভাহার সমস্ত অহুগত লোকদিগের প্রতি একবার कक्र । इल इल नगरन ठाटिया हित विनाय भातिल । मया-নিধি প্রভু তাহার প্রতি কুপা করিয়া বৈরাগ্য শিক্ষা দিলেন। নারোজী কৌপীন পবিধান করিয়া প্রভার চরণ-তলে নিপতিত হই। কহিল—"প্রতু! আমি তোমাব সঙ্গে যাইখা তোমাকে দকল তীর্থ দেখাইব। রুপা করিয়া এই হতভাগাকে সঙ্গে লহ।" প্রভু তাঁহাকে হরিনাম মহামন্ত্র দান করিয়া দক্ষে লইলেন। এপর্যান্ত প্রভু কাহাকেও সঙ্গে লয়েন-নাই। এই কার্য্যে তিনি দম্ব্যুপতি নারোজীর প্রতি বিশেষ রুপা দেখাইলেন। পতিত অধ্যের প্রতি পতিতপাবন অবমতাবণ খ্রীগোরাক্পপ্রভুব বড়ই কুপা। বুদ্ধ নাবোজী প্রভুব সঙ্গে সঙ্গে গেলেন। তাঁহার দল ছিন্ন ভিন্ন হইয়া গেল। দলস্থ অনেকেই সংপ্রথের পথিক হইল। প্রাকৃ চোরানদী বন হইতে মুনান্ট তীরস্থ খণ্ডল। তীর্থে व्यात्रितन । मन्नामी नार्याकी श्रञ्ज-तमया नियुक्त इहे-दलन। (शाविक्तनाम ठाँशांक नारताक्षी ठाकूत विनया সম্মান করিয়াছেন। তিনি লিখিয়াছেন—

"নারোজী ঠাকুব মোর পিছে পিছে যায়"।

থগুলা অধিবাসীগণ অভিশয় অভিথিসংকারপরায়ণ।
প্রভ্বেক ভিক্ষা কবাইবার জন্ত শত শত লোক মারামারি
খুনাখুনি করিতে আরম্ভ লাগিল। কেই বলে ''আমি
সন্ধানী ঠাকুরকে আগে দেখিয়াছি, আমি আগে ভিক্ষা
দিব,'' কেই বলে ''আমি উত্তম ভিক্ষার ক্রব্য আনিয়াছি,
আমি আগে ভিক্ষা দিব''। এইরূপ ব্যাকুলভাবে সকলে
বিবাদ করিতে লাগিল। প্রভূ ইহা দেখিয়া প্রেমানন্দে
হাসিতে লাগিলেন এবং সকলকেই মিষ্ট কথায় তৃষ্ট করেলেন। এই জন্ত এখানে ভক্তবংসল প্রভূ কয়েক দিন
রহিলেন। এখান হইতে তিনি নাসিক নগরে আসিলেন।
পঞ্চবটি বনে বৃক্ষভলে উপবেশন করিয়া প্রভূ হরিনামগানে মন্ত হইলেন। সমন্ত রাত্রি প্রভূ কীর্ত্তনানন্দে মগ্র
রহিলেন। নারোজীঠাকুর প্রভূর শ্রীজন্তের স্বেদবারি
মৃছাইয়া দিতেছের্ন এবং তাঁহার নিকটে বিস্মা তাঁহার পদ
দেবা করিতেছেন।

হরিনাম করি রাত্তি বসিধা কাটায়। কাছে বসি স্বেদ বারি নারোজী মুছায়॥ গোঃ কঃ.

ধয় নারোজী ঠাকুর! তোমার চরণে কোটি কোটি
নমস্বার। তোমার তুল্য দৌভাগ্যবান জিজগতে কেহ নাই।
তুমি প্রভুর চরণ সেবা লাভ করিয়াছ। গৌরবক্ষবিলাসিনী
শ্রীবিষ্ণুপ্রিয়াদেবীকে প্রভু জাঁহার চরণদেবায় বঞ্চিত করিয়া
ভিধারীবেশে দেশে দেশে কলিহত জীবের মঙ্গল কামনায়
ভ্রমণ করিতেছেন। তুমি প্রভুর বিশেষ রূপাপার। তাই
তিনি তোমাকে রূপা করিয়া পদদেবার অধিকার দিয়াছেন। তোমার ভাগ্য শিবিবিরিঞ্চিবাঞ্চিত। তোমার
চরণের ধূলিকণা পাইলে জীবাধম গ্রন্থকার রুভক্ত তার্থ মনে
করিবে। নাবোজী ঠাকুব! তোমার চরণে ধরি, ইহাতে
রূপণতা করিও না। তোমার চরণে মাথা পাতিয়া দিয়াছি,
চরণরেণু দিয়া কুতার্থ কর!

পঞ্বটি বন ছাড়িয়া প্রভু দমন নগবে আসিলেন।
সেখান হইতে উত্তর দিক দিয়া এক পক্ষ কাল নানা স্থান
ভ্রমণ করিয়া তিনি স্থরটে নগরে আসিয়া উপস্থিত হইলেন। এখানে প্রভু তিন দিন বাস করিলেন। এই
স্থানে অইভুজা ভগবতীর মন্দির আছে। এখানে পশু
বলিদান হয়। প্রভু দেবীর মন্দিরে বসিয়া আছেন;
এমন সময় এক বিপ্রপৃষ্ধার স্রব্য লইয়া ছাগ-বলি দিতে
সেখানে আদিলেন। প্রভু সেই বিপ্রকে উপলক্ষ্য করিয়া
দেবালয়ে পশুবলি সম্বন্ধে যে উপদেশবালী বলিয়াছিলেন
ভাহা এস্থলে গোবিন্দের করচ। ইইতে উদ্ধৃত হইল —

প্রভূ বলে বলি দাও ভক্ষণের তরে।
নাহি জান কোথায় হইবে গতি পরে ॥
পবিত্র মূরতি দেবী শাল্পের বচন।
কেমনে করেন তিনি অভক্ষ্য ভক্ষণ॥
লক্ষ বলি দিয়াছিল হ্মরথ জ্পতি।
প্রেতপুরে লক্ষ আদি পড়ে তার প্রতি॥
আলোচনা নাহি কর শাল্পের বচন।
গশুহংসা করি কর ধর্ম আচরণ॥

মাংসাশী রাক্ষ্পর্য থাইবার তরে। ব্যবস্থা দিয়াছে পশুহিংসা করিবারে। ° অহিংসা 'রেমধর্ম্ম সর্কাশাস্ত্রে কয়। জীবে দয়া কর হবে আনন্দ উদয়॥ আঁটি সাঁটি করি মায়া করেছে বন্ধন। বিনা অস্ত্রে কিরুপেতে করিবে ছেদন। ভামস আহারে রতি তাই মেষ ছাপ। কাটিতে দেবীর কাছে কর অমুরাগ॥ প্রভিংসা করিয়া পাইবে পরিতাণ। সেই লাগি আসিয়াছ করিতে বলিদান। আত্মারে বাহির কর শরীর হৈতে। মুতদেহ মধ্যে আত্ম। পার কি পুরিতে॥ দেবীর সম্মধে যদি কেহ ভক্তিভরে। নববাল রূপে তব শিরশ্রেদ করে॥ কেমন তোমার চিত্ত করে বল ভাই। পভ ছাড়ি দেহ মুঞি চক্ষে দেখে যাই॥ আইড়জা ভগবতী মন্য মাংদ থাবে। একথা ভনিলে সাধু হাসিয়া উড়াবে॥ সনাতন ধর্মে দেহ নিজ নিজ মন। শাক্ত অফুগারে ছাড মন্দ আচরণ। প্ৰমা বৈষ্ণবী দেবী মাংদ নাহি খায়। ডবে কেন বলিদানে ভূগাও তাঁহায়॥ করিলে জীবের হিংসাযদি ধর্ম হয়। তবে কেন দহাগণে সাধু নাহি কয়। প্রতিদিন মৎসাজীবি বছ মৎস্য মারে। তবে কেন ধাৰ্ম্মিক না কহিব তাহারে॥ নর্বহত্যা প্রহত্যা হয় মহা পাপ। এই পাপ আচরিলে বাড়িবে ত্রিভাপ।।

প্রভূর শ্রীমুথে এই উপদেশপূর্ণ ওল্পকথা শুনিয়া সেই স্বাহ্মণের মনে বৈরাগ্যের উদয় হইল। তিনি আর দেবীকে ছাগবলি দিলেন না। সাল্বিকভাবে দেবীপূজা করিয়া প্রভূর চরণে দণ্ডবং প্রণাম করিয়া বিপ্র গৃহে কিরিলেন। সেধানে বছলোক উপস্থিত ছিল। সকলেই প্রভূ উপন্ন - দেশের মর্ম বুঝিয়া সেই দিন হইতে পশুহিংসা হইতে
নির্ত্ত হইল। প্রভু করবোড়ে দেবদেবীর ন্তবন্ততি করিয়া
সেথান হইতে পুনরায় যাতা করিলেন। তাহার পর
তাগু নদীতে স্থান করিয়া বরোচ নগরে যজ্ঞকুও দর্শন
করিয়া বরোদা রাজ্যে আসিলেন। বলিরাজা এই বরোচ
নগরে যজ্ঞকুও করিয়াছিলেন। এই যজ্ঞকুও নর্মদা নদীতীরে অবস্থিত।

বরোদার তাৎকালিক রাজ। অত পুণ্যবান ছিলেন। তিনি রুফভক্ত বৈষ্ণব ছিলেন। তাঁহার রাজধানীতে প্রীণোবিন্দদেবের বিখ্যাত শ্রীমন্দির ছিল। রাজা স্বহস্তে নিত্য সেই শ্রীগোবিন্দমন্দির মার্জ্জনা করিতেন। শ্রীবিগ্রহ-সেবার জন্ম তিনি বহু বায় করিতেন। স্বহস্তে তুলদী চয়ন করিয়া অভীষ্ট দেব শ্রীগোবিন্দের অর্চনা করিতেন। তিনি একজন অন্তরাগী রুফভক্ত রাজা ছিলেন। লোকে তাঁহাকে অস্বরীয় রাজার দ্বিতীয় অবতার বলিত।

"অম্বরীষ সম রাজা ঘোষে পরস্পরে"

প্রভু বিষয়ীর সংস্রব রাথেন না, কারণ তিনি বিরক্ত সয়গাসী। কিন্তু কৃষণ্ডজ বিষয়ী রাজ্ঞাকে তিনি কুপা করিয়াছিলেন। উড়িফার রাজা গঙ্গপতি প্রতাপক্ষর, ও ত্রিবাঙ্করের রাজা রুত্রপতিকে তিনি রূপা দানে বঞ্চিত করেন নাই। এক্ষণে পরম ভাগবত বরোদীর রাজাকে ক্রপ। করিতে প্রভু বরোদায় পদার্পণ করিয়াছেন। বরোদা রাজে।র পূর্বভাগে তাকোরজি ঠাকুরের এক স্থবৃহৎ মন্দির ছিল। তাহার মধ্যভাগে একটি প্রকাণ্ড তমাল বৃক্ষ ছিল। প্রভু শ্রীবিগ্রহ দর্শন করিয়া সেই বৃক্ষতলে বছক্ষণ নৃত্য-कीर्खन कतिरानन। भारत मक्तानारान প্রভু श्रीतारिक मिलाद शिशा अतम अन्तर औश्रीविन्तम् कि नर्गन कविशा वफ আনন্দ পাইলেন। বছকণ এমন্দিরের আক্রিনায় দাঁডাইয়া नुका कीर्जन कतिरामन। त्थामानरम जेनाक रहेगा वहवात ভূমিতলে মুর্চ্ছিত হইয়া পড়িলেন। তিনি উন্নত্তের স্থায় স্কালে খুলি মাখিয়া স্কা অঙ্গিনায় প্রেমানন্দে নাচিয়া **(वज्राहेत्नम। बर्त्वामायामी नव्रनावी है** जिश्रद्य अभन ক্রণের মাতৃত কেহ কখন দেখে নাই। তাহারা দেখিল

এবং ব্ঝিল এই নবীন সন্ত্রাসীটি সামাত্ত মানব নংগন। এমন ক্লফপ্রেমোনাদী প্রেমময় পুক্ষরত্ব কেহ কথন। দেখেন নাই। রাজা সেথানে মন্দিরে উপস্থিত ছিলেন। তিনি দেখিলেন—

ছিম এক বহিৰ্বাদ পাগলের বেশ।
সদ। উত্থাত প্ৰভু কুফেতে আবেশ।
দৰ্বব অংক ধুলি মাথা মৃদ্ৰিত নয়ন।
গোবিন্দ দেখিয়া অশ্ৰু কবে ব্ৰিষ্বা। গোঃ কঃ

প্রস্থার শ্রীবদনচন্দ্র হইতে বাজা আর নয়ন উঠাইতে পারিতেছেন না। দলে দলে নগরবাঁদী সর্বলোক আদিয়া প্রভূকে দর্শন করিল শ্রীমন্দিরে বছলোক সংঘট্ট হইল। প্রভুর শ্রীবদনে কেবল মাত্র "কৃষ্ণ কহ কৃষ্ণ কহ" এই বাণী। তাঁহার একমাত্র কার্য্য আজাতুলম্বিত স্থবলিত ছুইটি বাহু তুলিয়া অঙ্গভঙ্গী করিয়া মধুর নৃত্যবিলাস। ইহাতেই বরোদাবাদী দর্মলোক উন্মন্ত হইল। দকলেই এই অপুর্ব সন্ন্যাসীটিকে সাক্ষাৎ ঈশ্বর বলিয়া দণ্ডবং প্রণাম ও বন্দনা করিতে লাগিল। রাজা প্রভুর চরণে আত্মসমর্পণ করিলেন। প্রভ তাঁহাকে রুপ। করিয়া প্রেমালিম্বন দানে কুতার্থ করিলেন। প্রভু তিন দিন বরোদা নগরে ছিলেন। তাঁহার সঙ্গে সঙ্গে নারোজী ঠাকুর আছেন। তিন দিন পরে জার রোগে এইস্থানে নারোজী ঠাকুরের দেহ ত্যাগ হইল। এই মহাপুরুষের সৌভাগ্যের কথা আর কি বলিব / হরিদাস ঠাকুরের নির্যানকালে নীলাচলে প্রভু যাহা করিয়াছিলেন, নারোজী ঠাকুবের দেহত্যাগে বরোদায় প্রভু তাহাই করিলেন। মৃত্যুকালে প্রভু নাবোজী ঠাকুরের দশুথে ্বদিয়া আঁহার পদাহন্ত গাত্রে বুলাইতে লাগিলেন। নারোজী ঠাকুর করযোড়ে প্রভুর শ্রীবদনের প্রতি স্থির-ভাবে দৃষ্টিপাত করিয়া মধ্ব হবিনাম কীর্ত্তন করিতে করিতে নিতা ধামে গমন করিলেন। প্রভুম্মঃ তাঁহার কর্ণে কৃষ্ণনাম শুনাইলেন (১)। তমাল বৃক্ষতলে নারোজীব

(১) বেই কালে নারোজীর নয়ন মৃদিল।
 আংশিনি শ্রীমুবে কর্ণে কুঞ্চনাম দিল।।

দেহত্যাগ হইয়াছিল। প্রভূম্বয়ং মৃতদেহ ক্রোড়ে করিয় মে**খান হইতে স্থানা**ধর করিয়া ভিক্ষা করিয়া সেখানে নারোজীঠাকুরের মহাসমারোহে সমাধি দিলেন। সমাধি স্থানে প্রভ হারিসংকীর্ত্তন মহাযজ্ঞের অফুষ্ঠান করিলেন। স্বয়ং সমাধি বেষ্টন করিয়া প্রেমানন্দে নৃত্যকীর্ত্তন করিলেন (২)। দেখানে অদংখ্য নরনারী এক ত্রিত হইল। রাজাও আসিলেন। সকলেই এই সংকীর্ত্তন মহাযজ্ঞে যোগদান করিলেন। প্রভু কিঞ্চিৎ স্বস্থ হইলে রাজা প্রভুকে নিজগুহে ভিক্ষা করিবার জন্ম অমুরোধ করিলেন। প্রভ বিনীত-ভাবে উত্তর করিলেন "আমি বিবক্ত সন্থাসী বাজভাবে ভিক্ষা **আ**মার পকে নিষেধ''। বাজা অহতিশয় ছঃখিত হইলা কববোড়ে প্রভুর সন্মুখে দাঁড়াইয়া রহিলেন। তিনি আব কিছু বলিতে সাহস করিলেন না। ভক্তবৎসন প্রভু ভক্তের মনোবেদনা ব্রিয়া গোবিনদাসকে রাজার নিকট মুষ্টভিক্ষা লইতে ই'ঞ্চত করিলেন। গোবিন্দ দাস তাঁহার করচায় লিথিয়াছেন.--

হাত্যুজি রাজা কহে ভিক্ষা লইবাবে। অগত্যা লইতে ভিক্ষা কহিলা আমারে॥ প্রভুর ইঙ্গিতে তবে ভূপতির ঠাই। সামাশ্য লোকের ক্যায় মৃষ্টিভিক্ষা চাই॥

রাজ। প্রভ্কে মৃষ্টিভিক্ষা দিতে সংকাচ বোধ করিতে লাগিলেন। কি করিবেন প্রভ্ব আদেশ! তাঁহাকে মৃষ্টি-ভিক্ষা দিলেন। প্রভ্ ইহা গ্রহণ করিলেন, ইহাতে রাজা আপনাকে ধন্ম মনে কবিলেন।

নদীয়ার অবতার শ্রীগৌরাঙ্গপ্রভূ অ্দূর বরোদা রাজ্যে

নারোজী ঠাকুর হর বড় ভাগ্যবান।
ভার কারণ কৃষ্ণনান দিলা ভগবান॥
নারোজী মরণ কালে ঘোড় হাত করি।
চাহিরাছে প্রভুর দিকে বোলে হরি হরি। গোঃ কঃ

নারোজীকে কোলে করি প্রভূবিখন্তর।
 ত্যালের তল হইতে করে স্থানাল্তর।
 ভিক্ষা করি নারোজীর সমাধি হইল।
 সমাধি বেডিয়। প্রভূকীর্তন করিল।। গোঃ কঃ

পদার্পণ কবিয়াছিলেন, রাজাকে দর্শন দানে কুডার্থ করিয়া-हिल्लन. वरवण्यांकांकी नवनावीवुक्टक कृष्णनारम **उ**न्म छ কবিয়াছিলেন. প্ৰাক্ত কিঞ্চিদিধিক চারিশত বংসরের কথা মাত্র। এই ববোদা রাজ্যে নদীয়াব ত্রাহ্মণ কুমারটির পদবন্ধ পডিয়াছিল বলিয়াই সেখানে গৌড়ীয় বৈষ্ণবধ্ৰ্ম প্রচাবের স্বয়েশ ও স্থারিধ। হইয়াছে। বাঙ্গালী শ্রীর পরম গৌরভক্ত মহাত্ম। প্রমহংদ শ্রীমাধ্বদাদ বাবাজি বরোদা রাজ্যের অন্তর্গত মালসর মঠে শ্রীগৌরাঙ্গমুর্ত্তি প্রতিষ্ঠা করিয়া সহস্র সহস্র গুজরাট ও বরোদাবাসীকে গৌন্তীয় বৈষ্ণবধর্মে দীক্ষিত করিয়াছেন। ভাষায় শ্রীগৌরাঙ্গচরিত প্রকাশ কবিয়া বরোদাবাদীর প্রাণে পর্বস্থতি জাগবিত করিয়াছেন। শ্রীগৌবাঙ্গপ্রভুর প্রবর্ত্তিত বিশুদ্ধ বৈফ্বধর্ম আজ ভারতের সর্বত্ত প্রচারিত হুইয়া শিক্ষিত ভারতবাসীর প্রাণে অতুল আনন্দ প্রদান করি-কেছে। ব্রোদাব বর্ত্তমান মহারাজা প্রমহংস মাধ্বদাস বাৰাজীকে বিশেষরূপে জানেন। মহাত্মা মাধ্বদাস বাৰা-জীর একটি শিক্ষিত শিষ্য শ্রীধাম বন্দাবনে গোস্বামীপাদ-গণের নিকট শ্রীগোবাকধর্ম শিক্ষা করিতে আসিয়াছিলেন। তাঁহাৰ নাম গ্ৰীকৃষ্ণানন্দ স্বামী। তিনি নবদ্বীপে স্বাসিয়া কিছ-দিন জীবাধম গ্রন্থকারের আন্তগতা স্বীকার করিয়াছিলেন। তাঁহার মুখে মহাত্মা মাধবদাদ বাবাজীব শ্রীগৌরাক্সীতি এবং গৌরাজধর্ম প্রচাবকার্য্যের পরিচয় পাইয়া তথ্যান্ত্রসন্ধানে প্রবৃত্ত হই। প্রমহংস মহারাজ শ্রীমন্মহাপ্রভুর একজন অন্তরক্ষ ভক্ত, চিহ্নিত দাস। তাঁহার দারা প্রভু বহু কার্য্য করাইয়াছেন ও করাইবেন (১)। বরোদা হইতে প্রভু যাত্রা কবিয়া মহানদী পার হইয়া আমেদাবাদ নগরে উপনীত

হইলেন। সেধনে হইতে শুদ্রামতী নদীতীরে বছদ্র গমন করিয়া তুই জন গৌড়ীয় হাঙ্গালী বৈফ্বেব সাক্ষাৎ পাইলেন। এক স্থানের নাম রামানন্দ বস্তু অপরের নাম গোবিন্দচরণ (১)। রামানন্দের নিবাস কুলীন গ্রামে। প্রভূ ইইাদিগকে দেখিয়া পরম আনন্দিত হইলেন। তাঁহার মনে নবদীপের ভাব জাগিয়া উঠিল। দয়াময় প্রভূ তাঁহা-দিগকে মিট্ট কথায় তুট করিয়া তীর্থ ভ্রমণের কথা জিজ্ঞাসা করিলেন।

ইহার পর প্রভ্র ঘারকা-যাত্রার কথা গোবিন্দদাস তাঁহার করচায় লিথিয়াছেন। অফাক্ত গ্রন্থে প্রভ্র ঘারকা গমনের কথা দেখিতে পাওয়া যায় না। যাহা হউক প্রভ্ এই সময়ে শুলামতী নদী পার হইয়া যোগা নামক স্থানে বারমুখী নামক এক স্থান্ত বিখ্যাকে হরিনাম মহামন্ত্র পথের ভিশার করিলেন। সেই বেখা সর্কৃষ্ণ দান করিয়া পথের ভিশারিশী সাজিয়া হরিনামামৃত পানে বিভোর ১ইল (২)।

- (১) দেখিলাম তার মধ্যে বাঞালী হু'জনে।
 মহাভক্ত রামানন্দ গোলিন্দ চরণে।।
 বহুকাল পরে গৌড়বাদীরে দেখিলা।
 আানন্দে মানস যেন উঠিল নাচিয়া।। গোঃ কঃ
- (২) গোবিন্দ দাদের কবচায বেগা বারম্থীর উদ্ধারকাছিনী এইরূপ বিতি আছে,—
 বারম্থী মনেমনে কররে বিচার। আন্চগা প্রভুর কুপা দিখি যে অপায়।।
 আপনারে ধিক দের বিদ্যা নির্জনে। আন্চগাপ্রভুর দরা দেখিরা নরনে।।
 এই যে সম্যাসী হেরি ঈথর সমান। সব ছাড়ি বাই মৃক্তি এর বিভাষান।।
 জানালা হইন্ডে ইহা বারম্থী বলে। তার কথা শুনি হুথী হইলা সকলে।।
 ক্ষণকালপরে বেশ্যা নামিরা আসিল। মিরা নামে তার দাসী পিছনেচলিল।
 বারম্থী বলে তবে বিনয়ে মিরারে। আজহিত ত সর্বধন দিলাম ভোমারে।
 বহু অর্থ আছে মোর সব ভুছে করি। আজ হৈতে হৈলাম পথের ভিথারী।।
 এলাইরা দিলা কেশ বারম্থীদাসী। ত্রিরবিত্যুতের পালে বেন মেঘুরালি।।
 নিত্র ছাড়ারে পড়ে দীর্ঘ কেশজাল। নরন মুদিরা রহে শরীর তুলাল।।
 বারম্থী হাতমুড়ি কহে বারবার। বন্ধন কাটিরা দেহ সন্ন্যানী আমার।।
 দাসীরে বলিরা দেহ কিলে ত্রাণ পাব। মরণাস্তে যমন্তর কিরপে এড়াব।।
 এই পাপ দেহে আর কিবা প্রয়োজন। এতবলি দীর্গকেশ করিলা ছেনন।।

সামাক বদন পরি লজ্জা নিবারিস। ঘোড়হাতে প্রভুর সন্মুখে দাঁড়াইল।।

প্রভু বলে বারমুখী ছুই চারিকথা। ভোমারে কহিরা দেই করহ সর্বাধা।।

⁽১) প্রম ছঃখের বিষয় প্রমহংস মহারাজ সম্প্রতি দেহত্যাগ করিয়াছিলেন ! তাহার উপষ্কু শিষ্যগণ প্রম গোরভক্ত । নব্দীপের স্বনাম প্রানিদ্ধ রামদাস ধাবাজী মহাশ্রকে বললবলে তাহারা ব্রোদা রাজ্যে লইয়া গিয়াছিলেন । মধুর কীর্ত্তনানন্দে বাবাজী মহাশয় গুজরাট দেশ ভাষাইয়া আসিয়াছিলেন । প্রীগোরাক্সপ্রত্র পূর্বে লীলাভ্লী ব্রদা রাজ্যে তাহার প্রবৃত্তিত হৈক্ষ্ব ধর্ম প্রচার হইতেছে দেখিরা আমাদের মনে বড় আনন্দ হয়।

খারকার পথে প্রভূ সোমনাথের মন্দির দর্শন করিলেন। **ৰৰন কর্তৃক সোমনাথে**র মন্দিরের ত্র্দশার কথা স্বরণ করিয়া প্রভু মনত্বংপে কান্দিয়া আকুল হইলেন। এখান হইতে জুনা-গড় দিয়া গুণার পর্বতে আসিয়া শ্রীকৃষ্ণভগবানের চরণচিহ্ন দর্শন করিয়া ভাবনিধি প্রভু ভাবদাগরে মগ্ন হইলেন। এই স্থানে ভর্গদেব নামক অপর এক সন্ন্যাসীকে কিছু ঐশ্বর্য্য দেখাইয়া ব্যাধিমুক্ত করিয়া তাঁহাকে রূপা করিলেন। ভর্গদেব প্রভুর সঙ্গ ছাড়িলেন না। তৎপবে ভীষণ জঙ্গলময় পথ দিয়া ষোড়শ জন ভক্তসঙ্গে করিয়া প্রভুপ্রভাগ তীর্থে আদিয়া উপস্থিত হইলেন। এখানে আদিয়া প্রভুর মনে পূৰ্ববলীলা-স্মৃতি জাগিয়া উঠিল। তিনি আকুল প্রাণে কান্দিতে লাগিলেন, এবং ধুলায় গড়াগড়ি দিতে লাগি-লেন। আখিন মাদে প্রভু দারকাতীর্থে পৌছিলেন। এ শীবারকানাথের অপূর্ব্ব শ্রীমৃতি দর্শন কার্যা প্রভু প্রেমা-**८वटम** এতই अभीव इटेलन, य क्ह डाँहारक ध्रिया রাথিতে পারেন না। মধুর হরিনামগানে প্রেমোক্সত্ত হইয়া তিনি মন্দিরাঙ্গনে যে মধুব প্রেমনৃত্য-কীর্ত্তন করিলেন, তাহাতে আবালবুদ্ধবনিত। মুগ্ধ হইয়। প্রভুব চরণে স্মবণ লইল। প্রভু এক পক্ষকাল দারকাধামে বাদ করিয়া দারকাবাসী নরনারীকে প্রেমানন্দে ভাসাইলেন। তাহার পর তিনি শীনীলাচলাভিমুখে প্রত্যাগমন করি-লেন। পথে তিনি পুন্নায় একবাৰ বরোদা নগুরে পদার্পণ করেন। তথনও তাঁহার সঙ্গে ভর্গদেব আছেন। প্রভু নর্মদা নদীতীর ধরিয়া নদীপথে আদিতেছিলেন। কিছু দিন পরে পথিমধ্যেই প্রভু ভর্গদেবকে বিদায় দিলেন। প্রভূবিরহে তিনি কান্দিয়া আকুল হইলেন। . কালে তিনি প্রভুকে কহিলেন,—

এইস্থানে করি তুমি তুলনী কানন। তার মাঝে থাকি কর কুঞ্জের সাধন।।
তুমি কুঞ্চ ভূমি হক্তি বারমুণী বলে। এই মাত্র বলি পড়ে প্রস্তু পদতলে।
বারমুণী পদতলে বথন পড়িল। তিন চারি পদ প্রস্তু অমনি হটিল।
এতবলি বারমুণী লবে জপ মালা। তুলনী কানন করে ভূলি সব আলা।
বারমুণী কুলটারে প্রস্তু ভক্তি দিলা। সোমনাধ দেখিবারে চলিল ধাইবা।

ভর্গ বোলে তুমি রুক্ষ তুমি মোর হরি। ভিক্ষা দেহ চরণ স্মরিয়াযেন মরি॥ গোঃ কঃ

প্রভুর সঙ্গে কুলীন নগরের রামানন্দ বস্থ ও গোবিন্দ চরণ দাস আছেন, তাঁহাদিগকে এভু বলিলেন, ভিনি বিছা-নগর দিয়া রামানন্দ রায়কে দঙ্গে করিয়া শ্রীনীলাচলে যাইবেন। (১) অনেক দুর আসিয়া পথে কুক্ষি নগরে প্রভুবছ বৈফবের সঙ্গ করিলেন। জাঁহাদিগকে রূপা করিয়া প্রভুবিদ্যাচলে চলিলেন। মন্দরানগর হইয়া দেব-ঘর নামক স্থানে আদিয়া প্রভু একটি কুষ্ঠ রোগীকে রোগ-মক্ত করিলেন। এই কৃষ্ঠ রোগীর নাম আদিনারায়ণ। ইনি একজন ধনবান বনিক ছিলেন। ব্যাধিগ্রন্থ হইয়া বিশেষ মর্ম্মপীড়িত ছিলেন। প্রভুকে দর্শন করিয়া আদি নারায়ণ তাঁহার পদতলে পতিত হইয়া কান্দিতে কান্দিতে এই বিষম ব্যাধি হইতে মুক্তি প্রার্থনা করিল। প্রভু তখন ভোগ লাগাইয়া নামগান করিতেছিলেন। তিনি খহন্তে তাঁহাকে প্রদাদ দিলেন। আদিনারায়ণ ভক্তিভরে প্রসাদ গ্রাংণ করিলে তৎক্ষণাৎ বোগমক্ত হইলেন। এই সংবাদ শুনিয়া বছ লোক প্রভুর নিকটে আসিল। প্রভু প্রতিষ্ঠার বিপদ ব্রিয়া দে স্থান পরিত্যাগ করিলেন। প্রভুর উপ-দেশে আদিনারায়ণ তুল্দী কান্ন স্থাপন করিয়া দেখানে বসিয়া হরিনাম জ্বপ কবিতে লাগিলেন। প্রভুর কুপায় তিনি প্ৰম সাধু হইলেন।

"সাধু শ্রেষ্ঠ হৈল সেই আদিনারায়ণ"—

এখান হইতে ত্রিশ ক্রোশ দ্রে শিবানী নগরে প্রভূ ছই দিনে যাইয়া উপস্থিত হইলেন। ইহার পূর্বভাগে মহল পার্বত্য প্রদেশ। দেখান দিয়া প্রভূ চণ্ডীপুরে আসিয়া চণ্ডীদেবীকে দর্শন করিলেন। অতংপর রায়পুরে প্রভূপদার্পন করেন। অন্ধাগিরি প্রদেশ হইয়া গোদাবরীর উৎপত্তি স্থান কুশাবর্ত্ত তীর্থে আসিয়া প্রভূ গোদাবরী স্থান

প্ৰভূ বোলে এই বার নীলাচলে বাব।
নীলাচলে সবে মিলি আংনল করিব।।
চল বিভানপরে বাইব সবে মেলি।
একানা বাইব পুরী রামরায়ে কেলি।। গোঃ কল্কা

করিলেন। গোদাবরী তীরস্থ বছ তীর্থ দর্শন করিয়া প্রভূপুনরায় বিদ্যানগরে আদিয়া উপস্থিত হইলেন। রামানন্দ রায় প্রভূর শুলাগমন বার্ত্তা শ্রবণ করিয়া প্রেমানন্দে অধীর হইয়া তাঁহার সহিত মিলিত হইলেন। তিনি প্রভূর চরণ তলে দণ্ডবৎ ভূমিপ্ট হইয়া পড়িলেন। প্রভূ তাঁহাকে হস্ত ধারণ করিয়া উঠাইয়া প্রেমালিগন দানে নিজ বল্ফে আবন্ধ করিলেন। প্রেমাবেগে উভয়ে বছক্ষণ প্রেমজেন্দন করিলেন। উভয়ের অক উভয়ের নয়নজলে সিক্ত হইল। কিছুক্ষণ পরে উভয়েই ভাব সম্বরণ করিয়া স্থান্থির হইয়া বিদলেন। প্রভূ ধীরে ধীরে তখন তীর্থত্রমনের কাহিনী সকল একে একে বলিতে লাগিলেন। ক্রফ্কর্ণায়ত এবং ব্রহ্মাহিতা শ্রীগ্রহ্ম প্রভূ রায় বামানন্দের হস্তে দিয়া কহিলেন—

— তুমি থেই দিন্ধান্ত করিলে। এই চুই পুঁথি দেই দব দাক্ষী দিলে॥ চৈঃ চঃ

প্রীগ্রন্থর পাইয়া রায় রামানন্দের আনন্দের অবধি রহিল না। প্রভুর সহিত একত্রে বসিয়া তিনি এই গ্রন্থয় আস্বাদন করিতে লাগিলেন। সেই নবীন সম্বাদী পুনরায বিদ্যানগরে আদিয়াছেন, নগরেব সর্বত্ত এ সংবাদ প্রচা-বিত হইল। বহুলোক প্রভুকে দর্শন করিতে আসিল। ত্রখন রায় রামানন্দ গৃহে গমন করিলেন। রাত্রিকালে তিনি পুনরায় প্রভুর নিকটে আসিয়া ক্লফকথারকে রাত্রি কাটাইলেন। এইরপে পাঁচ সাত দিন প্রমানন্দে প্রভূ রামানন্দ রায়ের সহিত ক্ষঞ্কথারকে দিবারাত্তি অতি-বাহিত করিলেন। একদিন রামানন্দ রায় প্রভুকে কহিলেন "প্রভৃ! ভোমার আদেশ মত আমি রাজাকে লিথিয়া শ্রীনীলাচল যাইবার আজ্ঞা পাইয়াছি। আমি যাইবার সকল উল্যোগ করিয়াছি"। প্রতু হাসিয়া কহি-লেন ''এই জন্যই আমার এথানে আদা; তোমাকে দকে লইয়া আমি নীলাচলে ঘাইব"। রামানন্দ রায় উত্তর করিলেন "প্রভু হে! অ সকলি তোমার রূপা! আমি विषयी, आभात मत्त्र राजी त्याका लाकजन गरित। ইহাতে তোমার মনে হথ হইবে না। ভূমি আগে চল,

দশ দিনের মধ্যে আমামি সর্বর সমাধান করিয়। শ্রীনীলাচলে যাইতেছি"(১)। প্রাভূ ইবং হাসিয়া ইহাতে স্বীকৃত হইলেন।

এক্ষণে প্রভু বিদ্যানগর হইতে শ্রীনীলাচলের পথে চলিলেম। পণের মধ্যে রত্বপুর দিয়া মহানদীর পুর্বাপারে স্বর্ণাড়ে আদিয়া উপস্থিত হইলেন। রত্নপুরের রাজার নাম শাস্তিখর। তিনি পরম ধার্মিক। তিনি প্রভুর ভভাগমন বার্ত্তা প্রবণে পরম আনন্দিত হইয়া স্বয়ং আসিয়া শ্রীগৌরভগবানের পাদপদ্ম বন্দনা করিলেন। প্রভু তাঁহার প্রতি শুভ দৃষ্টিপাত করিয়া ক্নপা করিলেন। ভগবস্তুক্ত রাজ-দত্ত ভিক্ষা গ্রহ**ণ ক**রিয়া তিনি রাজাকে ক্বতার্থ করিলেন। সেদিন প্রান্থ এক বৃক্ষতলে রাত্রি যাপন করিলেন। প্রভাতে সম্বলপুর হইয়া দশ ক্রোশ দরে ভ্রমরা নগরে আসিয়া পৌছিলেন। এইস্থানে বহু বৈফবের বাস। প্রভু এখানে চারি দিন বাস করিলেন। বিষ্ণুক্ত নামক এক ক্বঞ্চভক্তের গুহে যাইয়া প্রভু জাঁহাকে অ্যাচিতভাবে রূপা করিয়া প্রতাপ নগরে আসিলেন। তাহার পরে দাস্পাল নগরে যাইছা হবিনাম গানে সর্বলোককে উন্মন্ত করিলেন। ইহার পর রসালকুতে ঘাইযা প্রভু কৃশ্বদেব দর্শন করিলেন। এখানকার লোক সকলকে ভক্তিহীন দেখিয়া প্রেমদাতা প্রভু এখানে তিন দিন বাদ করিলেন। "এই তিন দিনে তথাকার দর্ব্য লোককে প্রভু হরিনাম মহামন্ত্র দানে বৈষ্ণব করিলেন (২)। এই স্থানে প্রভূ একটা কৃষ্ণধেষী মাড়য়া বিপ্রকে তাঁহার কৃষ্ণভক্ত বালক-পুত্রের প্রার্থনায় কুপা করিলেন। এই পাষণ্ডীবিপ্র ভাবিল, প্রভূ তাহার পুরুকে

⁽১) রায় কহে প্রভু আপে চল নীলাচল। মোর সঙ্গে হাতি ঘোড়া সৈতে কোলাহল।। দিন দশে ইছা সহ করি সমাধান। ভোষার পাছে পাছে আমি করিব প্রধাণ।। চৈঃ চঃ

⁽২) রসাল ক্তের লোক বড় ভতিতীন।

ইহা দেবি প্রভু ভবা রহে ভিন দিন।

কিবা নর কিবা নারী সকলে ডাকিরা।

উদ্ধার করেব প্রভু হরিবাম দিরা।। গো; কঃ

জুলাইয়া লইয়া বৈষ্ণব করিয়া দিয়াছেন। সে মহা রাগান্ধ হ^ইয়া প্রভুকে প্রহার করিতে উদ্যত হইলে দ্যাময় প্রভু তাহাকে হাসিয়া কহিলেন—

> ''ভোমার কঠিন হিয়া মকস্থলী প্রায়। বসাল হউক আজি ক্ষেত্র কুপায়॥ মার মোরে তাহে বিপ্র কোন ক্ষতি নাই। একবার হরেক্ষ মুধে বল ভাই॥ গোঃ কঃ

পুত্রের বিশেষ আফিঞ্নে প্রভু এই বিপ্রকে হরিনাম মহামন্ত্র দিয়াউদ্ধার করিলেন।

ইহার পর প্রভু ঋষিকুল্যা নদীভীরে আসিলেন।
এখানে তিন দিন প্রভু থাকিলেন। প্রভু ঋষিকুল্যা আসিয়াছেন,—এই শুভদংবাদ শ্রীনীলাচলে পৌছিল। জগদানন্দ,
দামোদর পণ্ডিত, মুকুন্দ, গোপীনাথ আচার্য্য প্রভৃতি
ভক্তবৃন্দ আনন্দে নাচিয়া উঠিলেন। তাঁহারা শ্রীনিত্যানন্দ
প্রভুর সঙ্গে আলালনাথের পথে অগ্রসর হইলেন। ইতি
মধ্যে প্রভু আলাননাথে আসিয়াই কৃষ্ণদানক শ্রীনীলাচলের
ভক্তবৃন্দকে অগ্রে সংবাদ দিতে পাঠাইলেন। কৃষ্ণদাসের
সঙ্গে অগ্রান্ত ভক্তবন্দের পথে সাক্ষাৎ হইল।

আলালনাথে আসি কৃষ্ণদাসে পাঠাইলা।
নিত্যানন্দ আদি নিজগণে বোলাইলা॥ চৈঃ চঃ
কবিরাদ্ধ গোস্বামী প্রত্যু দক্ষিণদেশে তীর্থযাত্রা-কথা
শ্রুষণের ফলশ্রুতি লিখিতে যাইয়া একটি বড় স্থান্দর কথা
লিখিয়াছেন। সে কথাটী এই—

শানস্ত চৈতক্ত কথা কহিতে না জানি।
লোভে লজ্জা থাঞা তার করি টানাটানি॥
প্রভুর তীর্থাতা কথা তনে যেই জন।
চৈতক্ত চরণে পাম গাঢ় প্রেমবন॥
চৈতক্ত চরিত্র তন শ্রদ্ধা ভক্তি করি।
মাৎসর্য্য ছাড়িয়া মুখে বল হরি হরি॥

এই কলিকালে আর নাহি অন্য ধর্ম।
বৈষ্ণব বৈষ্ণবশাস্ত্রে এই করে মর্ম॥

ব্রীল ক্রফদাস কবিরাজ গোস্বামীর প্রথম কথাটি বড়ই মধুর। তিনি বলিলেন শ্রীগোরাগ্দ-লীলাকথার অস্ত নাই;

তিনি কি করিয়া জানিবেন এই অনস্ত অপার লীলাসমূজের কোথার কি রত্বাঞ্জি আছে? তবে প্রীগৌরাঙ্গ-শীলা-কথায় লোভ অভি প্রবল, সে লোভ সম্বরণ করা যায় না। লজ্জার মাথা থাইয়া লীলাবস-কথার প্রসঙ্গ লইয়া টানাটানি করিতে হয়। ইহাতে যে প্রাণে স্থ হয়, মনে আনন্দ হয়, তাহার তুলনা নাই। এই লীলাকথা বর্ণনে, মনে কত কথার উদয় হয়, কত শত ভাবতরক্ষে হাদয় সরোবর উদ্ধে-লিত হয়, তাহ। প্রকাশ করিতে লজ্জাও হয় না, লোক-নিন্দার ভয়ও করে না। খ্রীগোরাঙ্গলীলা রদোমত ভক্ত ভ্রমরাগণের লজ্জাদরম, মানাপমান, নিন্দাবাদের ভয় থাকে না। তাঁহারা মনের আনন্দে লীলারসাম্বাদন করেন। সেই র্পোচ্ছাসে কলিহত জীবের নীর্স কঠিন মন সর্স হয়. পাধাণ হানয় আচৰ হয়, শুক প্ৰাণে রস স্কার হয়। ক্ৰিরাজ গোসামী অতি বৃদ্ধ বয়দে প্রভুর লীলা বর্ণনা করেনা খীল বুন্দাবনদাস ঠাকুর প্রভুর যে সকল লীলাকথা বিস্তার করিয়া লিখেন নাই, কবিরাজ গোপামী তাহাই ঐীচৈতক্স চরিতামত গ্রন্থে লিখিয়া গিয়াছেন। কবিরাজ গোস্বামী যে স্পষ্টবক্তা লোক ছিলেন,তাঁহার শেষ কথাটিতে ভাহার বিশেষ পরিচয় পাওয়া গেল। তিনি তাঁহার মনের ভাব কিছুমাত্র গোপন না করিয়া কহিলেন 'এদ্ধা ও ভক্তি করিয়া শ্রীগৌরাক্টরণ আশ্রয় কর, মাৎসর্য্য ছাড়িয়া যুগধর্ম হরিনাম সঙ্কীর্ত্তন কর: কলিকালে ইহা ব্যতিত অন্ত ধর্ম নাই. আর ইহাই শান্ত্র বাক্য"। শ্রীগোরাক্ষজন যে যুগালুবর্ত্তী ভজন, খ্রীগৌরাক্সক্ররই যে কলিযুগের একমাত্র উপাস্য, তাহাই বলিলেন। জয় কবিরাজ গোপামীর জয়। ক্ম গৌরাক গ্রভুর জয়!!

গোরভক্তরন্দ! এখানে আন্তন, সকলে মিলিয়া প্রভুর নীলাচললীলা স্মরণ করিয়া তাঁহার নীলাচলের ভক্তর্নের জয় গান করিয়া আত্মশাধন করি.—

> কীর্ত্তন (মথারাগ) শ্রীক্লফটেডফ্র প্রভু জয় জয় জয়। অবধৃত নিত্যানন্দ দীন দ্যাময়॥ জয় জয় বাস্থদেব সার্ক্ষভৌম নাম। শ্রীক্লফটেডফ্র যার জপ তপ ধ্যান॥

......

জয় রায় রামানন্দ ব্রজ্বস ধাম। থার মুখে কৈলা প্রভু রুসের ব্যাখ্যান। জয় জয় দার্মোদর স্বরূপ উপাধি। ব্রজরদে টলমল ভক্ত গুণনিধি। জয় জয় কাশী মিশ্র জয় রাজ গুরু। গৃহে যার কৈলা বাদ গৌর কল্পতর ॥ জন শীপ্রতাপ কল জন্ম পুরীশার। যাঁরে কুপা কৈলা প্রভ গৌর বিশ্বস্তর ॥ জয় জয় পুরী গোসাঞি জয় শ্রীভারতি। নীলাচলে প্রভ সঙ্গে যে কৈলা বস্তি। জগদানকোর জয় দাকা অভিমানী। তৈলের কলদ ভাঙ্গি মান কৈলা যিনি॥ শ্রীঠাকুর হরিদাস জয় জয় জয়। যার গৃহে যান প্রভু স্নানের সময়। শঙ্কর পণ্ডিত জয় ''পাদ উপাধান''। জয় শ্রীগোবিন্দ দাস সেবক প্রধান । জয় গোপীনাথাচার্য। নবন্বীপবাদী। ক্ষেত্রে বাদ প্রভু দনে বিহে। কৈলা আসি॥ देवस्थव महाभीवत अध जन्मानमा । চর্মামর ছাড়াইলা বার পৌরচন্দ্র। अ की खनीया कर एकां हि इतिमान । প্রভুর বর্জনে যিহোঁ কৈল প্রাণনাশ। গোসাঞি ঠাকুর জয় রঘুনাথ দাস। বিকট বৈব্লাগ্য বার জগতে প্রকাশ ॥ পণ্ডিত ভকত জন্ম জন্ম কাশীশার। শরীর রক্ষক প্রভার যিছোঁ নিরস্কর। রায় রামানন্দ পিতা জয় ভবানন্দ। পাও বলি সমোধিলা বাঁরে গৌরচন্দ্র ॥ জয় নারী শিরোমনি ভবানন্দ পত্নী। নাম দিলা প্রভূ বারে পাণ্ড পত্নি কুন্তি। জয় হরি হৃদর রাজ মন্ত্রী পাতে। শীবাদের চড়ে যার শুদ্ধ হৈল গাতে। সার্কভৌম পুত্র জয় চন্দন ঈশ্বর। পৌর-দেবা কৈল যিহোঁ ক্লেভে নিরম্ভর ।

জন্ম অনোঘের জন্ন ভটের জামাতা। উদ্ধারিলা ক্ষেত্রে থারে গৌর প্রেমদাতা। জন্ম জন্ম বাটি দেবী সাক্তিনিম কলা। ভটাচাৰ্যা পত্নী জয় সাধনী মহা ধকা ॥ তুই ভাত। সঙ্গে জয় দাসী শ্ৰীমাধবী। শিবি ও মুরারি জয় মাহাতি উপাধি ॥ জয় এপ্রায় মিশ্র জয় জনার্দন। সেবেন অনবদরে বিহো ভগবান॥ জয় জায় প্রমাননদ জয় জয় সিংহেশর। জ্ঞ জ্গলাথ পাত্র মহা স্প্রার ॥ স্বর্ণ বেত্রধারী জয় জয় কৃষ্ণদাস। জয় নীলাচলবাদী জয় বিষ্ণুদাস ॥ জয় কালা ক্লফদাস দক্ষিণের সঙ্গী। যার সনে কৈল প্রভু ভটুমারী ভঙ্গি॥ জয় দিক বলভন্ত জয় বিপ্ৰদাস। বুন্দাবন সন্ধী প্রভুর শুদ্ধ ক্লফ্লাস। জয় দামে:দর জয় পণ্ডিত আখ্যান। প্ৰভূকে কৈল যিহো বাক্যদণ্ড দান ৷ ক্ষ গদাধৰ জয় পণ্ডিত গোসাতি। একনিষ্ঠ গোরভক্ত থার সম নাইশ জয় জয় জগয়াথ নীলাচলনাথ। জয় জয় বলরাম হভেদ্রার নাথ। জয় শ্রীমন্দির জয়ে জয় সিংহলার । জ্য জ্য শ্রীদম্ভা প্রেম পারাবার ॥ क्य नीलाठल व्यय व्यय व्यीत छीता। রাধা ভাবে কৈল লীলা যাঁহা মোর গোরা॥ জয় বলগঞ্জী জন্ম পর্বত চটক। আলালনাথের জয় জয় শ্রীকটক 🛭 জয় 🗃 নরেজ জয় সরোবর ওটে। প্ৰভ বাঁহা শুনিতেন ভাগবত পাঠ॥ জয় নীলাচলবাসী স্থাবর জঙ্গম। ক্সম প্ৰ পক্ষী কীট উত্তম অধন ॥ নিভাই গৌরাক পাদপত্ম করি আশ। নাম সন্ধীর্তন করে দীন হরিদাস।

